# বাংলার ইতিহাস
## History of Bangla

### ইতিহাসের উপাদান

**লিখিত উপাদান :** ইতিহাস রচনায় লিখিত উপাদানের মধ্যে রয়েছে সাহিত্য, বৈদেশিক বিবরণ, দলিলপত্র ইত্যাদি। যেমন- কৌটিল্যের 'অর্থশাস্ত্র', কলহনের 'রাজতরঙ্গিনী', মহিদাসের 'ঐতরেয় আরণ্যক', আবুল ফজলের 'আকবরনামা', গোলাম হোসেন সলিমের 'রিয়াজ আস সালাতিন' ইত্যাদি। 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে সর্বপ্রথম 'বঙ্গ' শব্দের উল্লেখ পাওয়া যায়। আকবরের সভাসদ আবুল ফজল 'আকবরনামা' নামে ৩ খণ্ডের বিশাল ইতিহাসগ্রন্থ রচনা করেছেন। আকবরনামার তৃতীয় খণ্ডের নামই আইন-ই-আকবরী। আইন-ই-আকবরী গ্রন্থে আবুল ফজল দেশবাচক বাংলা শব্দ ব্যবহার করেন। তিনি 'বাংলা' নামের উৎপত্তি সম্পর্কে দেখিয়েছেন যে, এদেশের প্রাচীন নাম 'বঙ্গ' এর সাথে বাধ বা জমির সীমানাসূচক 'আল' (-আলি, আইল) প্রত্যয়যোগে 'বাংলা' শব্দ গঠিত হয়।

বিভিন্ন বিদেশি সাহিত্যকর্মেও তৎকালীন সময়ের কিছু তথ্য পাওয়া যায়। যেমন- চৈনিক ইতিহাসের জনক সু-মা-কিয়েন সংকলিত 'ঐতিহাসিক দলিল' (খ্রিষ্টপূর্ব ৯৪ অব্দ) গ্রন্থে ভারতের কুষাণ সাম্রাজ্যের ইতিহাস পাওয়া যায়। ফারসি ভাষায় রচিত মিনহাজ-উস-সিরাজের 'তবকাত-ই-নাসিরী' বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠার ইতিহাস পুনর্গঠনের গুরুত্বপূর্ণ গ্রন্থ।

**অলিখিত উপাদান :** যেসব বস্তু বা উপাদান থেকে আমরা বিশেষ সময়, স্থান বা ব্যক্তি সম্পর্কে বিভিন্ন ধরনের তথ্য পাই তাকেই অলিখিত উপাদান বলে। যেমন মুদ্রা, শিলালিপি, স্তম্ভলিপি, তাম্রলিপি, ইমারত ইত্যাদি। তামার পাতের উপর লেখাই ইতিহাসে তাম্রলিপি নামে পরিচিত। প্রাচীনকালে রাজারা তামার পাতে খোদাই করে বিভিন্ন ঘোষণা বা নির্দেশ দিতেন। এগুলোকে তাম্রশাসন বলা হত। স্বাধীন বঙ্গ রাজ্য আমলের এ রকম ৭টি তাম্রশাসন পাওয়া গেছে।

### MCQ Solution

১. **নিচের কোন প্রাচীন গ্রন্থে বঙ্গ কথাটির উল্লেখ আছে?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ২৩]
ⓚ ঋগ্বেদ ⓚ চর্যাপদ
ⓖ মহাভারত ⓖ ক ও খ **উত্তর: ক,গ**

২. **ভারতীয় আর্য ভাষার নিদর্শন যে গ্রন্থে পাওয়া যায়, তার নাম-** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬]
ⓚ রামায়ণ ⓚ মহাভারত
ⓖ ঋগ্বেদ ⓖ চর্যাপদ **উত্তর: গ**

৩. **'রাজতরঙ্গিনী' ইতিহাস গ্রন্থের রচয়িতা কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৬ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ⓚ হিরোডোটাস ⓚ কলহন
ⓖ আবুল ফজল ⓖ জিয়াউদ্দিন **উত্তর: খ**

৪. **সর্বপ্রথম 'বঙ্গ'র উল্লেখ পাওয়া যায় -** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল ২) : ১৯]
ⓚ রামচরিত ⓚ চণ্ডীমঙ্গল
ⓖ ঐতরেয় আরণ্যক ⓖ করতোয়া মাহাত্ম্য **উত্তর: গ**

৫. **'আকবর নামা' গ্রন্থের লেখক কে?** [NSI এর অফিস সহায়ক : ২১]
ⓚ আবুল ফজল ⓚ জিয়াউদ্দীন বারানী
ⓖ আল বেরুনী ⓖ মিনহাজ সিরাজ **উত্তর: ক**

৬. **'রিয়াজ আস সালাতিন' এটা কি ধরনের গ্রন্থ?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৪]
ⓚ উপন্যাস ⓚ মহাকাব্য
ⓖ ঐতিহাসিক ⓖ প্রবন্ধ **উত্তর: গ**

৭. **'আইন-ই আকবরী' (Ain-i-Akbori) গ্রন্থের রচয়িতা-** [DLRS'র কপিস্ট কাম-বেঞ্চ সহকারী : ২৫/ CAAB'র সিনিয়র অফিসার : ২১]
ⓚ টোডরমল ⓚ বীরবল
ⓖ আবুল ফজল ⓖ তানসেন **উত্তর: গ**

৮. **দেশবাচক 'বাংলা' শব্দ সর্বপ্রথম ব্যবহৃত হয় কোন গ্রন্থে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ০৯-১০]
ⓚ তারিখ-ই-হামিদিয়া ⓚ অর্থশাস্ত্র ⓖ মহাভারত
ⓖ আইন-ই-আকবরী ⓤ রামায়ণ **উত্তর: ঘ**

৯. **বাংলা (দেশ ও ভাষা) নামের উৎপত্তির বিষয়টি কোন গ্রন্থে সর্বাধিক উল্লেখিত হয়েছে?** [৩৬তম বিসিএস]
ⓚ আলমগীর নামা ⓚ আইন-ই-আকবরী
ⓖ আকবর নামা ⓖ তুজুক-ই-আকবরী **উত্তর: খ**

১০. **চীন দেশীয় ইতিহাসের জনক সুমা-কিয়েন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেন -** [জাবি (আন্তর্জাতিক সম্পর্ক) : ১২-১৩]
ⓚ খ্রি. পূর্ব ৩য় শতকে ⓚ খ্রি. পূর্ব ৪র্থ শতকে
ⓖ খ্রি. পূর্ব ৫ম শতকে ⓖ খ্রি. পূর্ব ১ম শতকে **উত্তর: ঘ**

১১. **"তবকাত-ই-নাসিরী" রচনা করেন -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ মিনহাজ-ই-সিরাজ ⓚ আবুল ফজল
ⓖ শাহ-মুহাম্মদ সগীর ⓖ মির্জা নাথান **উত্তর: ক**

১২. **তাম্রলিপি কী?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট-এ : গ্রুপ-৩) : ২০-২১]
ⓚ তামার পাত্রে শাসনাদেশ ⓚ প্রাচীন জনগণ
ⓖ প্রাচীন গ্রন্থ ⓖ প্রাচীন ভাষা **উত্তর: ক**

১৩. **তামার পাত্রে খোদাই করা প্রাচীন কালের রাজাজ্ঞা হল -** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১২-১৩]
ⓚ তাম্রশাসন ⓚ তাম্রলিপি
ⓖ তাম্রফলক ⓖ প্রত্নতত্ত্ব **উত্তর: ক**

১৪. **ইতিহাসের উৎস নয় কোনটি?** [বেগম রোকেয়া বিশ্ব: (এ-ইউনিট) : ১৭-১৮]
ⓚ পাঠ্যবই ⓚ মুদ্রা
ⓖ শিলালিপি ⓖ দলিল **উত্তর: ক**

Scanned with CamScanner

## পরিব্রাজক

পরিব্রাজক হলো পর্যটক। বিদেশি পর্যটকদের বিবরণ সব সময়ই ইতিহাসের গুরুত্বপূর্ণ উপাদান বলে বিবেচিত হয়েছে। বাংলার ইতিহাস পুনর্গঠনে পরিব্রাজকদের বিবরণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যেমন-

***মেগাস্থিনিস*** ছিলেন প্রাচীন গ্রিসের একজন পরিব্রাজক। গ্রিক রাজা সেলিউকাস খ্রিষ্টপূর্ব ৩০২ অব্দে মেগাস্থিনিসকে দূত হিসেবে চন্দ্রগুপ্ত মৌর্যের রাজদরবারে প্রেরণ করেন। তিনি কয়েক বছর এদেশে অবস্থান করে মৌর্য শাসন সম্পর্কে তাঁর অভিজ্ঞতা 'ইন্ডিকা' নামক গ্রন্থে লিপিবদ্ধ করেন।

***ফা-হিয়েন*** ছিলেন একজন চৈনিক তীর্থযাত্রী। তিনি দ্বিতীয় চন্দ্রগুপ্তের শাসনামলে ভারতবর্ষে এসেছিলেন। চৈনিক পরিব্রাজকদের মধ্যে তিনিই প্রথম ভারতে আসেন। ফা-হিয়েন ৩৯৯ খ্রিষ্টাব্দে চীন থেকে যাত্রা শুরু করেন এবং ১৪ বছর পর আবার চীনে ফিরে যান। ভারত ভ্রমণের শেষ পর্যায়ে তিনি সীমান্ত রাজ্য চম্পার মধ্য দিয়ে বাংলায় প্রবেশ করেন। তাঁর ভ্রমণের অভিজ্ঞতা সম্পর্কে ৭টি গ্রন্থ রচনা করেন। এর মধ্যে 'ফো-কুয়ো-কিং' বিশেষ উল্লেখযোগ্য।

***হিউয়েন সাং*** ছিলেন একজন চৈনিক বৌদ্ধ তীর্থযাত্রী। তিনি ৬৩০ খ্রিষ্টাব্দে ভারত সফরে আসেন। তিনি দীর্ঘ প্রায় ১৪ বছর ভারতে অবস্থান করেন। হর্ষবর্ধনের দরবারে তিনি আট বছর (৬৩৫ - ৬৪৩ খ্রি.) কাটান। হিউয়েন সাং নালন্দা মহাবিহার বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ শীলভদ্রের কাছে বৌদ্ধ ধর্মশাস্ত্র অধ্যয়ন করেন। এরপর তিনি 'সিদ্ধি' নামক একটি গ্রন্থ রচনা করেন। হিউয়েন সাং বাংলার কর্ণসুবর্ণের নিকটবর্তী রক্তমৃত্তিকা, পুণ্ড্রনগর, সমতট, তাম্রলিপ্তি ও কামরূপ অঞ্চল ভ্রমণ করেন।

***ইবনে বতুতা*** ১৩০৪ খ্রি. মরক্কোয় জন্মগ্রহণ করেন। তিনি ১৩২৫ খ্রিষ্টাব্দে একুশ বছর বয়সে বিশ্ব সফরে বের হন। ১৩৩৩ খ্রিষ্টাব্দের ১২ সেপ্টেম্বর তিনি সিন্ধুর পাঞ্জাবে (ভারতবর্ষে) পৌছান। ১৩৩৪ খ্রিষ্টাব্দে তিনি দিল্লিতে আসেন। সুলতান মুহাম্মদ বিন তুগলক তাঁকে দিল্লির কাজী নিযুক্ত করেন। প্রায় আট বছর তিনি এ পদে বহাল ছিলেন। ইবনে বতুতা চতুর্দশ শতকে (১৩৪৫-৪৬ খ্রি.) ফখরউদ্দিন মুবারক শাহের রাজত্বকালে বাংলায় আসেন। তিনি বিখ্যাত সুফিসাধক হযরত শাহজালাল (রহ.) এর সাথে সাক্ষাৎ করতে সিলেটে যান। তিনি সিলেট থেকে নদী পথে সোনারগাঁও আসেন। ইবনে বতুতার 'সফরনামা' (আরবি- কিতাবুল রেহেলা) নামক গ্রন্থে বাংলার অপরূপ বর্ণনা পাওয়া যায়। প্রথম বিদেশি পর্যটক হিসাবে তিনি "বাঙ্গালা" শব্দ ব্যবহার করেন। জীবনের নিত্যনৈমিত্তিক দ্রব্যাদির প্রাচুর্য ও স্বল্পমূল্য আর মনোরম প্রাকৃতিক দৃশ্যাবলী ইবনে বতুতাকে আকৃষ্ট করলেও এদেশের আবহাওয়া তাঁর পছন্দ হয়নি। এজন্য তিনি বাংলাদেশের নামকরণ কে 'দোযখ ই পুর নিয়ামত' বা প্রাচুর্যপূর্ণ নরক।

***মা-হুয়ান*** ছিলেন একজন চৈনিক পরিব্রাজক। তিনি গিয়াসউদ্দি আজম শাহের রাজত্বকালে ১৪০৬ খ্রি. চৈনিক এক প্রতিনি দলের দোভাষী হিসেবে বাংলায় আসেন। মা হুয়ান সোনারগাঁও একটি বিরাট বাণিজ্যিক শহররূপে প্রত্যক্ষ করেন। বাং সম্পর্কে তাঁর গুরুত্বপূর্ণ বিবরণ 'ইং ইয়াই শেং লান' নামক গ্র লিপিবদ্ধ করেন।

**এক নজরে উপমহাদেশে পরিব্রাজকগণের আগমনকাল**

| পরিব্রাজকের নাম | দেশ | ভারতে আগমন | বাংলায় আগমন |
|---|---|---|---|
| মেগাস্থিনিস | গ্রিস | খ্রিষ্টপূর্ব ৩০২ | × |
| ফা-হিয়েন | চীন | পঞ্চম শতকের প্রথমার্ধে | |
| হিউয়েন সাং | | ৬৩০ খ্রি. | ৬৩৮ খ্রি. |
| ইবনে বতুতা | মরক্কো | ১৩৩৩ খ্রি. | ১৩৪৫-৪৬ খ্রি. |
| মা হুয়ান | চীন | | ১৪০৬ খ্রি. |

### MCQ Solution

১. **পরিব্রাজক কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ⓚ পর্যটক ⓚ পরিদর্শক
ⓖ পরিচালক ⓖ কোনোটাই নয় **উত্তর: ক**

২. **মেগাস্থিনিস ছিলেন একজন -** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৩-০
ⓚ শাসক ⓚ অর্থনীতিবিদ
ⓖ জাদুকর ⓖ রাষ্ট্রদূত **উত্তর: ঘ**

৩. **মেগাস্থিনিস কার রাজসভার গ্রিক দূত ছিলেন?** [বরিশা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ চন্দ্রগুপ্ত মৌর্য ⓚ অশোক
ⓖ ধর্মপাল ⓖ সমুদ্রগুপ্ত **উত্তর: ক**

৪. **মেগাস্থিনিস তার কোন গ্রন্থে ভারতীয় উপমহাদেশ সম্পর্কে মূল্যবান তথ্য লিপিবদ্ধ করেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ব: (আন্ত: সম্পর্ক) : ১২-১৩
ⓚ ইন্ডিয়া ⓚ ইন্ডিকা
ⓖ ইন্ডিয়ানা ⓖ ইন্ডাস **উত্তর: খ**

৫. **ফা-হিয়েন ছিলেন-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট; সেট ১) : ১৯-২০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ সম্রাট ⓚ সেনাপতি
ⓖ পরিব্রাজক ⓖ মন্ত্রী **উত্তর: গ**

৬. **চীন থেকে ভারতবর্ষে আসা প্রথম পর্যটকের নাম কি?** [প্রাথমিক সহকারী শিক্ষক (২য় ধাপ) : ২৪]
ⓚ মা হুয়ান ⓚ মেগাস্থিনিস
ⓖ ফা হিয়েন ⓖ হিউয়েন সাং **উত্তর: গ**

৭. **বাংলায় প্রথম চৈনিক পরিব্রাজক কে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ⓚ ই-সিং ⓚ ফা হিয়েন
ⓖ ইউয়েন সাং ⓖ জেন ডং **উত্তর: খ**

Scanned with CamScanner

৮. চীনা পরিব্রাজক ফা হিয়েন কখন ভারতবর্ষে অবস্থান করেন? [[illegible] : ১১]
ⓚ ২০১-২১০ খ্রিষ্টাব্দ ⓚ ৪০১-৪১০ খ্রিষ্টাব্দ
ⓖ ৭০২-৭০৮ খ্রিষ্টাব্দ ⓖ ৯০৫-৯১৪ খ্রিষ্টাব্দ উত্তর: খ

৯. চীন দেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশ আগমন করেন? [৪০তম বিসিএস/ সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ⓚ হিউয়েন সাং ⓚ ফা হিয়েন
ⓖ আই সিং ⓖ উপরের সবগুলোই উত্তর: খ

১০. চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন কার শাসনামলে বাংলায় আসেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ দ্বিতীয় চন্দ্রগুপ্ত ⓚ আলাউদ্দীন হোসেন শাহ
ⓖ প্রথম চন্দ্রগুপ্ত ⓖ হর্ষবর্ধন উত্তর: ক

১১. হিউয়েন সাং কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৮-১৯]
ⓚ মঙ্গোলীয় পরিব্রাজক ⓚ চীনা ব্যবসায়ী
ⓖ মঙ্গোলীয় লেখক ⓖ চীনা পরিব্রাজক উত্তর: ঘ

১২. হিউয়েন সাং বাংলায় (ভারতবর্ষে) এসেছিলেন যার আমলে- [বাংলাদেশ রেলওয়ে সহকারী স্টেশনমাস্টার : ২৪/ জাবি (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ সম্রাট অশোক ⓚ চন্দ্রগুপ্ত মৌর্য
ⓖ শশাঙ্ক ⓖ হর্ষবর্ধন উত্তর: ঘ

১৩. চীনা পরিব্রাজক হিউয়েন সাং কত সালে বাংলায় আসেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৭-১৮]
ⓚ ৫৩৪ সালে ⓚ ৬৩৪ সালে
ⓖ ৫৫০ সালে ⓖ ৬৫৮ সালে উত্তর:
ব্যাখ্যা: চীনা পরিব্রাজক হিউয়েন সাং ৬৩৮ সালে বাংলায় আসেন। [সূত্র : বাংলাপিডিয়া]

১৪. হিউয়েন সাং বাংলার যে অঞ্চলে ভ্রমণ করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ ১) : ১৯-২০]
ⓚ কামরূপ ⓚ সমতট
ⓖ তাম্রলিপ্তি ⓖ উপরের সবগুলো উত্তর: ঘ

১৫. চীনা পরিব্রাজক হিউয়েন সাং-এর দীক্ষাগুরু কে ছিলেন? [৪৬তম বিসিএস/ প্রাণিসম্পদ অধিদপ্তর এর ল্যাবরেটরি টেকনিশিয়ান : ২৫]
ⓚ অতীশ দীপঙ্কর ⓚ শীলভদ্র
ⓖ মহাযান ⓖ মেগাস্থিনিস উত্তর: খ

১৬. মহাস্থবির শীলভদ্র কোন মহাবিহারের আচার্য ছিলেন? [৪৫তম বিসিএস/ চার বিভাগের হিসাব সহকারী : ২২]
ⓚ আনন্দ বিহার ⓚ নালন্দা বিহার
ⓖ পোসিপো বিহার ⓖ সোমপুর বিহার উত্তর: খ

১৭. কোন বাঙালি ৭ম শতাব্দীতে নালন্দা বিশ্ববিদ্যালয়ে সর্বাধ্যক্ষের পদ অলংকৃত করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ⓚ শীলভদ্র ⓚ অতীশ দীপঙ্কর
ⓖ কাহ্নপা ⓖ জীমূতবাহন উত্তর: ক

১৮. Famous tourist Ibne Batuta was the citizen of- [Bangladesh Krishi Bank Senior Officer : 12]
Or,
ইবনে বতুতা কোন দেশের পর্যটক? [বিএডিসি'র সহ. হিসাবরক্ষণ কর্মকর্তা : ১১]
ⓐ Italy ⓑ Tibet
ⓒ Morocco ⓓ Greece Ans. c

১৯. কার রাজত্বকালে ইবনে বতুতা ভারতে এসেছিলেন? [BREB'র কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী : ২৩/ ঢাবি (ডি ইউনিট) : ০৯-১০]
ⓚ মুহম্মদ বিন কাসিম ⓚ মুহম্মদ বিন তুগলক
ⓖ সম্রাট হুমায়ুন ⓖ সম্রাট আকবর উত্তর: খ

২০. ইবনে বতুতা কার শাসনামলে বাংলায় আসেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ⓚ হুসাইন শাহ ⓚ হাজী ইলিয়াস শাহ
ⓖ শামসউদ্দিন ফিরোজ শাহ
ⓖ ফখরউদ্দিন মুবারক শাহ উত্তর: ঘ

২১. ইবনে বতুতা কোন শতকে বাংলাদেশে আসেন? [কর অঞ্চল ১ ঢাকা এর সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার : ২২/ প্রাথমিক সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১১]
ⓚ চতুর্দশ ⓚ সপ্তদশ
ⓖ অষ্টাদশ ⓖ ত্রয়োদশ উত্তর: ক

২২. বিখ্যাত পরিব্রাজক ইবনে বতুতা কত সালে বাংলাদেশ ভ্রমণ করেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]
ⓚ ৬০৫ সালে ⓚ ১১৪৫ সালে
ⓖ ১৩৪৫ সালে ⓖ ১২৪৫ সালে উত্তর: গ

২৩. নিম্নের কোন পর্যটক সোনারগাঁও এসেছিলেন? [২৫তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট :বিকাল) : ১৮-১৯]
ⓚ ফা-হিয়েন ⓚ ইবনে বতুতা
ⓖ মার্কো পোলো ⓖ হিউয়েন সাং উত্তর: খ

২৪. মধ্যযুগে কোন বিদেশি পরিব্রাজক প্রথম "বাঙ্গালা" শব্দ ব্যবহার করেন? [মেডিকেল অফিসার : ০৩]
ⓚ কলম্বাস ⓚ ইবনে বতুতা
ⓖ কালিদাস ⓖ বখতিয়ার খলজি উত্তর: খ

২৫. ইবনে বতুতার গ্রন্থের নাম - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ ইন্ডিকা ⓚ অর্থশাস্ত্র
ⓖ রেহেলা ⓖ তারিখ-ই-মুবারক শাহী উত্তর: গ

২৬. 'সফরনামা' গ্রন্থের রচয়িতা - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট) : ১১-১২]
ⓚ মালিক কাফুর ⓚ খসরু খান
ⓖ ইবনে বতুতা ⓖ সাদি খান উত্তর: গ

২৭. কে বাংলাকে 'দোযখপুর নিয়ামত' বলে অভিহিত করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ⓚ ইবনে বতুতা ⓚ কলন্দর শাহ
ⓖ হিউয়েন সাং ⓖ মা-হুয়ান উত্তর: ক

২৮. কোন ব্যক্তি বাংলাদেশকে 'ধনসম্পদপূর্ণ নরক' বলে অভিহিত করেন? [IBBPLC'র ফিল্ড অফিসার : ২৪/ সহকারী জজ : ০৯]
ⓚ ফা হিয়েন ⓚ ইবনে বতুতা
ⓖ হিউয়েন সাং ⓖ ইবনে খলদুন উত্তর: খ

Scanned with CamScanner

২৯. ইবনে বতুতা বাংলায় কার সাথে সাক্ষাতের উদ্দেশ্যে এসেছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ্রুপ) : ১২-১৩]
ক হযরত শাহ মখদুম খ হযরত শাহ পরাণ
গ হযরত শাহ সুলতান মাহিসওয়ার
ঘ হযরত শাহ জালাল উত্তর: ঘ

৩০. মা-হুয়ান কোন দেশি পর্যটক ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ক পারস্য খ কোরিয়া
গ চীন ঘ তাইওয়ান উত্তর: গ

৩১. চীনের পরিব্রাজক মা-হুয়ান সোনারগাঁও সফর করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক ১৩৪৬ খ ১৪০৬
গ ১৪৪৬ ঘ ১৫০৬ উত্তর: খ

## বাঙালি জাতির উৎপত্তি (Origin of Bengali Race)

সমগ্র বাঙালি জনগোষ্ঠীকে দুইভাগে ভাগ করা যায়। যথা- প্রাক-আর্য (অনার্য) জনগোষ্ঠী এবং আর্য জনগোষ্ঠী। আর্যপূর্ব জনগোষ্ঠী মূলত নেগ্রিটো, অস্ট্রিক, দ্রাবিড় ও ভোটচীনীয় এই চারটি শাখায় বিভক্ত ছিল। নিগ্রোদের মত দেহযুক্ত এক আদিম জাতি এদেশে বসবাস করত। এরাই কোল, ভিল, মুণ্ডা, সাঁওতাল, শবর, পুলিন্দ প্রভৃতি উপজাতির পূর্বপুরুষ। অস্ট্রিক জাতি থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে বলে মনে করা হয়। কেউ কেউ তাদের 'নিষাদ জাতি' বলে থাকেন। প্রায় পাঁচ হাজার বছর পূর্বে ইন্দোচীন থেকে আসাম হয়ে বাংলায় প্রবেশ করে অস্ট্রিক জাতি নেগ্রিটোদের উৎখাত করে।




অস্ট্রিক জাতির সমকালে বা কিছু পরে প্রায় পাঁচ হাজার বছর পূর্বে দ্রাবিড় জাতি (দক্ষিণ ভারতের আদি অধিবাসী) এদেশে আসে এবং সভ্যতায় উন্নততর বলে তাঁরা অস্ট্রিক জাতিকে গ্রাস করে। অস্ট্রিক-দ্রাবিড় জাতির সাথে মঙ্গোলীয় বা ভোটচীনীয় জাতির সংমিশ্রণ ঘটে। বাংলাদেশে আর্যকরণের পরেই এদের আগমন ঘটে বলে বাঙালির রক্তে এদের মিশ্রণ উল্লেখযোগ্য নয়। গারো, কোচ, ত্রিপুরা, চাকমা ইত্যাদি এই গোষ্ঠীভুক্ত। অস্ট্রিক-দ্রাবিড় জনগোষ্ঠীর মিশ্রণে যে জাতির প্রবাহ চলছিল, তার সাথে আর্য জাতি এসে সংযুক্ত হয়ে গড়ে তুলেছে বাঙালি জাতি। আর্যদের আদিনিবাস ছিল ইউরাল পর্বতের দক্ষিণে বর্তমান মধ্য এশিয়া-ইরানে। ভারতবর্ষে আর্যদের আগমন ঘটেছিল খ্রিস্টপূর্ব ২০০০ অব্দে। সম্ভবত খ্রিষ্টীয় প্রথম শতকে বা তার কিছু আগে আর্যরা বাংলায় আসতে শুরু করে।

খ্রিষ্টীয় অষ্টম শতাব্দীর দিকে সেমীয় গোত্রের আরবীয়রা ইসলাম ধর্ম প্রচার এবং ব্যবসা বাণিজ্যের মাধ্যমে বাঙালি জাতির সাথে সংমিশ্রিত হয়। তাদের অনুসরণে নেগ্রিটো রক্তবাহী হাবশিরা এদেশে আসে। এমনিভাবে অন্তত দেড় হাজার বছরের অনুশীলন, গ্রহণ, বর্জন এবং রূপান্তিকরণের মাধ্যমে বাঙালি জাতি গড়ে উঠে।

### MCQ Solution

১. কোন গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে? [৩৬তম বিসিএস/ ৯তম বিসিএস/ BBAL'র প্রতি শাখা কর্মকর্তা : ১...]
ক নেগ্রিটো খ ভোটচীন
গ দ্রাবিড় ঘ অস্ট্রিক উত্তর: ঘ

২. বাংলাদেশের প্রাচীন জাতি কোনটি? [প্রাথমিক ও গণশিক্ষা সেতু ব্যবস্থাপক : ১৪/ প্রাথমিক সহকারী শিক্ষক : ০১]
ক আর্য খ মোঙ্গল
গ পুণ্ড্র ঘ দ্রাবিড় উত্তর: ঘ

৩. বাংলার আদি জনপদের অধিবাসীরা কোন জাতির অন্তর্ভুক্ত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ০৮-০৯]
ক বাঙালি খ আর্য
গ নিষাদ ঘ আলপাইন উত্তর: গ

৪. 'আর্য' কীসের নাম? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২৪-২৫]
ক ভাষার নাম খ জাতিগোষ্ঠীর নাম
গ গ্রন্থপুস্তকের নাম ঘ স্থানের নাম উত্তর: খ

৫. আর্য জাতি কোন দেশ থেকে এসেছিল? [খাদ্য ও দুর্যোগ মন্ত্রণালয়ের প্রতিরক্ষা অফিসার : ০৩]
ক বাহরাইন খ ইরাক
গ মেক্সিকো ঘ ইরান উত্তর: ঘ

৬. আর্যদের আদি বাসস্থান কোথায় ছিল? [খাদ্য ও দুর্যোগ মন্ত্রণালয়ের প্রতিরক্ষা অফিসার : ০৩]
ক ইউরাল পর্বতের দক্ষিণে তৃণভূমি অঞ্চলে
খ হিমালয়ের পাদদেশে নেপালের দক্ষিণে
গ ভাগীরথী নদীর পশ্চিম তীরে
ঘ আফগানিস্তানের দক্ষিণ-পূর্ব পাহাড়ি এলাকায় উত্তর: ক

৭. বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিল? [১২তম বিসিএস (বিশেষ)/ তথ্য অধিদপ্তরের অফিস সহায়ক : ২০]
ক সংস্কৃত খ বাংলা
গ অস্ট্রিক ঘ হিন্দি উত্তর: গ

৮. দক্ষিণ ভারতের আদি অধিবাসীদের কী নামে অভিহিত করা হয়? [সমবায় অধিদপ্তর পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ক টোডা খ দ্রাবিড়
গ সুর ঘ আফ্রিদি উত্তর: খ

Scanned with CamScanner

# প্রাচীন যুগে বাংলা

## Bangla in the Ancient Period

### প্রাচীন বাংলার জনপদ

### Janapadas of ancient Bengal

বাংলা নামের একটি অখণ্ড দেশের জন্ম একবারে হয়নি। এর যাত্রা শুরু হয় জনপদগুলোর মধ্য দিয়ে। উৎকীর্ণ শিলালিপি ও বিভিন্ন সাহিত্যগ্রন্থে প্রায় ষোলোটি জনপদের কথা জানা যায়।

**পুণ্ড্র :** জনপদগুলোর মধ্য প্রাচীনতম হল পুণ্ড্র।

**বঙ্গ :** বর্তমান বাংলাদেশের দক্ষিণ ও দক্ষিণ-পূর্বাংশের একটি নির্দিষ্ট এলাকায় বঙ্গের অস্তিত্ব ছিল। মোটামুটিভাবে পশ্চিমে ভাগীরথী, উত্তরে পদ্মা, পূর্বে ব্রহ্মপুত্র ও দক্ষিণে সমুদ্র ছিল বঙ্গের সীমারেখা। তৎকালীন বঙ্গের রাজধানী ছিল অধুনা গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ায়। 'বঙ্গ' থেকে 'বাঙালি' জাতির উৎপত্তি ঘটেছিল। খ্রিষ্টপূর্ব ৩২৬ অব্দে (চতুর্থ শতকে) গ্রিক বীর আলেকজান্ডার যখন ভারত আক্রমণ করেন, তখন বাংলাদেশে 'গঙ্গারিডাই' নামক একটি পরাক্রান্ত রাজ্য ছিল। প্রাচীন গ্রিক ও ল্যাটিন ক্লাসিক্যাল লেখকগণ বঙ্গ অঞ্চলকেই গঙ্গারিডাই বলে অ্যাখ্যা দিয়েছেন।

**হরিকেল :** হরিকেল প্রাচীন পূর্ববঙ্গের একটি জনপদ। মনে করা হয়, আধুনিক সিলেট থেকে চট্টগ্রাম পর্যন্ত এই জনপদ বিস্তৃত ছিল।

**সমতট :** পূর্ব ও দক্ষিণ-পূর্ব বাংলায় বঙ্গের প্রতিবেশী জনপদ হিসেবে সমতটের অবস্থান। গঙ্গা-ভাগীরথীর পূর্ব তীর থেকে শুরু করে মেঘনার মোহনা পর্যন্ত সমুদ্রকূলবর্তী অঞ্চলকেই সম্ভবত বলা হয় সমতট। কুমিল্লা শহরের ১২ মাইল পশ্চিমে বড় কামতা এর রাজধানী ছিল। কুমিল্লার ময়নামতিতে কয়েকটি প্রাচীন নিদর্শনের সন্ধান পাওয়া গেছে। শালবন বিহার এদের অন্যতম।

**বরেন্দ্র** বা বরেন্দ্রী উত্তর বঙ্গের একটি জনপদ। সন্ধাকর নন্দীর রামচরিতে বলা হয়েছে, গঙ্গা আর করতোয়ার মধ্যে যে ভূখণ্ড, বরেন্দ্রী ছিল তারই নাম।

**তাম্রলিপ্ত :** হরিকেলের দক্ষিণে অবস্থিত ছিল তাম্রলিপ্ত বা তাম্রলিপ্তি জনপদ। গ্রিক পণ্ডিত টলেমির মানচিত্রে বাংলায় তমলিটিস নামে একটি বন্দরনগরীর উল্লেখ পাওয়া যায়, যেটি প্রাচীন বাংলার তাম্রলিপ্তি বন্দরেরই অন্য নাম বলে মনে করা হয়।

**চন্দ্রদ্বীপ :** বর্তমান বরিশাল জেলাই ছিল চন্দ্রদ্বীপের মূল ভূখণ্ড ও প্রাণকেন্দ্র। এ প্রাচীন জনপদটি বালেশ্বর ও মেঘনার মধ্যবর্তী স্থানে অবস্থিত ছিল।

এক নজরে প্রাচীন জনপদের বর্তমান অবস্থান

| প্রাচীন জনপদ | বর্তমান অবস্থান |
|---|---|
| পুণ্ড্র (Pundra) | বৃহত্তর বগুড়া (মহাস্থানগড়), রাজশাহী, রংপুর, দিনাজপুর |
| বঙ্গ (Vanga) | বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, কুষ্টিয়া, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী |
| সমতট (Samatata) | বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী |
| চন্দ্রদ্বীপ (Chandradvipa) | বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, মাদারীপুর, গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট |
| গৌড় (Gauda) | মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম, পশ্চিম বর্ধমান ও চাঁপাইনবাবগঞ্জ |
| রাঢ় (Radha2) | পশ্চিম বাংলার দক্ষিণাংশ (বর্ধমান জেলা) |
| হরিকেল (Harikela) | সিলেট, চট্টগ্রাম |

### MCQ Solution

১. **বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কি?** [৪৪তম বিসিএস/ ৪৩তম বিসিএস/ ৪১তম বিসিএস/ ৩৬তম বিসিএস/ NESCO'র সহকারী শিক্ষক (মাধ্যমিক) : ২৪]
ⓚ পুণ্ড্র ⓚ তাম্রলিপ্ত
ⓖ গৌড় ⓖ হরিকেল **উত্তর: ক**

২. **বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বসতি কোনটি?** [৪১তম বিসিএস]
ⓚ ময়নামতি ⓚ পুণ্ড্রবর্ধন
ⓖ পাহাড়পুর ⓖ সোনারগাঁ **উত্তর: খ**

৩. **বাংলাদেশের প্রাচীনতম জনপদ কোনটি?** [NSI এর অফিস সহায়ক : ২১/ চট্টগ্রাম বিশ্ব: (বি ইউনিট) : ১৭-১৮]
ⓚ মহাস্থানগড় ⓚ পাহাড়পুর
ⓖ ময়নামতি ⓖ উয়ারীবটেশ্বর **উত্তর: ক**

৪. **প্রাচীন বাংলায় পুণ্ড্র নামটি ছিল একটি –** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ জনপদের ⓚ প্রদেশের
ⓖ গ্রামের ⓖ নগরের **উত্তর: ক**

৫. **বগুড়া প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট : ২৩/ জাহাঙ্গীরনগর বিশ্ব: (ইতিহাস) : ১২-১৩]
ⓚ পুণ্ড্র ⓚ বরেন্দ্রী
ⓖ হরিকেল ⓖ গৌড় **উত্তর: ক**

৬. **কোন নদীটি বঙ্গ জনপদের উত্তরাঞ্চলের সীমানা ছিল?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক : ১৭]
ⓚ পদ্মা ⓚ মেঘনা
ⓖ যমুনা ⓖ সুরমা **উত্তর: ক**

Scanned with CamScanner

৭. **গঙ্গারিডাই রাজ্যের অস্তিত্বকাল** - [জাবি (সি ইউনিট) : ১৬-১৭]
ⓚ খ্রিষ্টপূর্ব ৯ম শতক ⓚ খ্রিষ্টপূর্ব ৮ম শতক
ⓖ খ্রিষ্টপূর্ব ৪র্থ শতক ⓖ খ্রিষ্টপূর্ব ৫ম শতক **উত্তর: গ**

৮. **গঙ্গারিডি সম্পর্কে জানার উৎস** - [জাবি (সি-৩ ইউনিট) : ১৫-১৬]
ক) হিন্দু ধর্মগ্রন্থ খ) বৌদ্ধ ধর্মগ্রন্থ
গ) চৈনিক পরিব্রাজকদের বিবরণ
ঘ) গ্রিক লেখকদের বিবরণ **উত্তর: ঘ**

৯. **গঙ্গারিডাই রাজ্যের অবস্থান ছিল?** [জাবি (সি ইউনিট) : ১৬-১৭]
ক) কণৌজ খ) কাশ্মীরে
গ) উড়িষ্যায় ঘ) বাংলায় **উত্তর: ঘ**

১০. **গঙ্গারিডাই রাজ্যের অস্তিত্বকালে গ্রিক সেনাপতি ছিলেন** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ক) ফিলিপ খ) নেপোলিয়ন
গ) আলেকজান্ডার ঘ) সিজার **উত্তর: গ**

১১. **বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীন কালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [৪৪তম বিসিএস/ ২৪তম বিসিএস (বাতিল)]
ক) সমতট খ) পুণ্ড্র
গ) বঙ্গ ঘ) হরিকেল **উত্তর: গ**

১২. **কুষ্টিয়া জেলা কোন জনপদে অবস্থিত** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৬ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ক) বঙ্গ খ) সমতট
গ) রাঢ় ঘ) পুণ্ড্র **উত্তর: ক**

১৩. **বর্তমান বৃহৎ বরিশাল ও ফরিদপুর এলাকা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক) সমতট খ) পুণ্ড্রবর্ধন
গ) বঙ্গ ঘ) রাঢ় **উত্তর: গ**

১৪. **প্রাচীনকালে 'সমতট' বলতে বাংলাদেশের কোন অংশকে বুঝানো হতো?** [৪৩তম বিসিএস/ নিপোর্ট এর কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩]
ক) বগুড়া ও দিনাজপুর অঞ্চল
খ) কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল
গ) ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল
ঘ) বৃহত্তম সিলেট অঞ্চল **উত্তর: খ**

১৫. **শালবন বিহার প্রত্নস্থলটি কোন জনপদে অবস্থিত** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৬ ইউনিট : সেট-২) : ১৫-১৬]
ক) বঙ্গ খ) সমতট
গ) রাঢ় ঘ) পুণ্ড্র **উত্তর: খ**

১৬. **প্রাচীন জনপদ সমতটের রাজধানী কোথায় ছিল?** [BIWTA'র গ্রিজার : ২৪]
ক) দাউদকান্দি খ) কামতা
গ) হোমনা ঘ) কৃষ্ণনগর **উত্তর: খ**

১৭. **পিরোজপুর জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ক) চন্দ্রদ্বীপ খ) হরিকেল
গ) বঙ্গ ঘ) সমতট **উত্তর: ক**

১৮. **গোপালগঞ্জ জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৬-১৭]
ক) সমতট খ) বরেন্দ্র
গ) চন্দ্রদ্বীপ ঘ) হরিকেল **উত্তর: গ**

১৯. **বাংলার প্রাচীন জনপদ হরিকেল এর বর্তমান নাম কি?** [৪৬তম বিসিএস/ মেডিকেল ভর্তি : ২৩-২৪]
ক) সিলেট ও চট্টগ্রাম
খ) ঢাকা ও ময়মনসিংহ
গ) কুমিল্লা ও নোয়াখালী
ঘ) রাজশাহী ও রংপুর **উত্তর: ক**

২০. **নিচের যেটি বাংলার প্রাচীন জনপদ**- [IBBPLC'র ফিল্ড অফিসার : ২৪]
ক) চন্দ্রদ্বীপ খ) ময়নামতি
গ) হরিকেল ঘ) পাটলীপুত্র **উত্তর: ক,গ**

২১. **প্রাচীন বাংলার কোন অঞ্চলটি পূর্বাংশে অবস্থিত ছিল?** [ত্রয়োদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায় ২) : ১৬]
ক) হরিকেল খ) সমতট
গ) বরেন্দ্র ঘ) রাঢ় **উত্তর: ক**

২২. **প্রাচীন বাংলার হরিকেল জনপদ অঞ্চলভুক্ত এলাকা**- [৩৮তম বিসিএস]
ক) রাজশাহী খ) দিনাজপুর
গ) খুলনা ঘ) চট্টগ্রাম **উত্তর: ঘ**

২৩. **প্রাচীন বাংলার ইতিহাসে গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চলের জনপদকে কী বলা হতো?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট : গ্রুপ ২) : ১৮-১৯]
ক) সমতট খ) হরিকেল
গ) বরেন্দ্র ঘ) পুণ্ড্র **উত্তর: গ**

২৪. **বাংলাদেশের একটি প্রাচীন জনপদের নাম**- [ইসলামী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৩-০৪]
ক) রাঢ় খ) চট্টলা
গ) শ্রীহট্ট ঘ) কোনোটিই নয় **উত্তর: ক**

২৫. **প্রাচীন রাঢ় জনপদ অবস্থিত** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ০৯-১০]
ক) বগুড়া খ) কুমিল্লা
গ) বর্ধমান ঘ) বরিশাল **উত্তর: গ**

২৬. **তাম্রলিপ্ত কি?** [BREB'র সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) : ১৭]
ক) প্রাচীন জনপদ খ) তামার পাতে শাসনাদেশ
গ) প্রাচীন গ্রন্থ ঘ) প্রাচীন ভাষা **উত্তর: ক**

২৭. **বাংলার প্রাচীনতম বন্দরের নাম কী?** [ঢাকা বিশ্ব: (ঘ ইউনিট) : ১৮-১৯]
ক) তাম্রলিপ্তি খ) চন্দ্রকেতুগড়
গ) গঙ্গারিডাই ঘ) সমন্দর **উত্তর: ক**

২৮. **কোনটি বাংলার প্রাচীন জনপদের নাম নয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক) মৌর্য খ) পুণ্ড্র
গ) গৌড় ঘ) রাঢ় **উত্তর: ক**

Scanned with CamScanner

## প্রাচীন ভারতে সাম্রাজ্য

### ক) মৌর্য সাম্রাজ্য

ভারতীয় উপমহাদেশের প্রথম সাম্রাজ্যের নাম মৌর্য সাম্রাজ্য।

**চন্দ্রগুপ্ত মৌর্য** (খ্রিষ্টপূর্ব ৩২৪ - ৩০০ অব্দ) মগধের সিংহাসনে আরোহণের মাধ্যমে ভারতে মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি ভারতের প্রথম সম্রাট। পাটলিপুত্র ছিল তাঁর রাজধানী। তিনি চাণক্য নামে তক্ষশীলার এক তীক্ষ্ম বুদ্ধিসম্পন্ন ব্রাহ্মণকে তাঁর প্রধানমন্ত্রী নিযুক্ত করেন। তক্ষশীলা নগরী ছিল অধুনা পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে অবস্থিত একটি প্রাচীন বিদ্যাচর্চার কেন্দ্র। চাণক্যের বিখ্যাত ছদ্মনাম কৌটিল্য, যা তিনি তাঁর বিখ্যাত সংস্কৃত গ্রন্থ 'অর্থশাস্ত্র' এ গ্রহণ করেন। রাষ্ট্রশাসন ও কূটনীতিকৌশলের সার সংক্ষেপ এই অর্থশাস্ত্র। চন্দ্রগুপ্ত মৌর্য আলেকজান্ডারের সেনাপতি সেলিউকাসকে পরাজিত করে উপমহাদেশ হতে গ্রিকদের তাড়িয়ে দেন।

**সম্রাট অশোক** (খ্রিষ্টপূর্ব ২৭৩- ২৩২ অব্দ) এর রাজত্বকালে উত্তর বাংলায় মৌর্য শাসন প্রতিষ্ঠিত হয়। অঞ্চলটি মৌর্যদের একটি প্রদেশে পরিণত হয়েছিল। প্রাচীন পুণ্ড্রনগর ছিল এ প্রদেশের রাজধানী। 'কলিঙ্গের যুদ্ধ' সম্রাট অশোকের জীবনে ছিল এক মাইলস্টোন। যুদ্ধে কলিঙ্গ রাজ সম্পূর্ণ পরাজিত হন এবং এক লক্ষ লোক নিহত হয়। কলিঙ্গ যুদ্ধের রক্তস্রোত অশোকের মনে গভীর বেদনার রেখাপাত করে। তখন কৃতকর্মের অনুশোচনায় মূহ্যমান অশোক বৌদ্ধ ধর্মে দীক্ষা গ্রহণ করেন। তাঁর শাসনামলে বৌদ্ধধর্ম রাজধর্ম হিসাবে স্বীকৃতি পায়। তাঁর চেষ্টায় বৌদ্ধধর্ম বিশ্বধর্মের মর্যাদা পায়। এজন্য তাঁকে 'বৌদ্ধধর্মের কনস্ট্যানটাইন' বলা হয়।

### খ) কুষাণ সাম্রাজ্য

**কনিষ্ক** ছিলেন কুষাণ রাজাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। তাঁর চিকিৎসক ছিলেন চরক। চরক আয়ুর্বেদ চিকিৎসা পদ্ধতির সর্বপ্রথম সংকলনগ্রন্থ রচনা করেন, যা 'চরক সংহিতা' নামে সমধিক পরিচিত।

### গ) গুপ্ত সাম্রাজ্য

ভারতের ইতিহাসে গুপ্তযুগ সামগ্রিকভাবে 'স্বর্ণযুগ' হিসেবে খ্যাত। এ যুগে ভারতের কলা, স্থাপত্য ও ভাস্কর্য এক অনন্য উচ্চতায় পৌঁছায়। এ যুগের ভাস্কর্যকে ধ্রুপদী ভাস্কর্য বলা হয়।

**প্রথম চন্দ্রগুপ্ত** (৩২০-৩৪০ খ্রি.) ছিলেন ভারতে গুপ্তবংশের প্রকৃত প্রতিষ্ঠাতা।

**সমুদ্রগুপ্ত** (৩৪০-৩৮০ খ্রি.) ছিলেন গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা। তাঁকে 'প্রাচীন ভারতের নেপোলিয়ন' বলা হয়। গুপ্ত অধিকৃত বাংলার রাজধানী ছিল পুণ্ড্রনগর।

**দ্বিতীয় চন্দ্রগুপ্ত** (৩৮০-৪১৫ খ্রি.) সমুদ্রগুপ্তের মৃত্যুর পর পাটলিপুত্রের সিংহাসনে বসেন। তিনি মালবের উজ্জয়িনীতে সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী স্থাপন করেন। 'বিক্রমাদিত্য' ছিল তাঁর উপাধি। তাঁর শাসনকালে গুপ্ত সাম্রাজ্য সর্বাধিক বিস্তৃত হয়। অনেক প্রতিভাবান ও গুণী ব্যক্তি বিক্রম দরবারে সমবেত হয়েছিলেন। এঁদের মধ্যে প্রধান নয়জনকে 'নবরত্ন' বলা হয়। যথা- কালিদাস, অমরসিংহ, বরাহমিহির প্রমুখ। মহাকবি কালিদাস সংস্কৃত ভাষার অন্যতম শ্রেষ্ঠ কবি ও নাট্যকার। তাঁর রচনাবলির মধ্যে মালবিকাগ্নিমিত্র, অভিজ্ঞানশকুন্তল নাটক, রঘুবংশ ও কুমারসম্ভব মহাকাব্য এবং মেঘদূত ও ঋতুসংহার গীতিকাব্য সাহিত্যমাধুর্যে অতুলনীয়। অমরসিংহ ছিলেন সংস্কৃত কবি, ব্যাকরণবিদ এবং প্রাচীন ভারতের সর্বশ্রেষ্ঠ অভিধান প্রণেতা। তাঁর প্রসিদ্ধ সংস্কৃত অভিধান 'অমরকোষ'। বরাহমিহির ছিলেন বিখ্যাত জ্যোতির্বিদ। তাঁর বিখ্যাত গ্রন্থ 'বৃহৎ সংহিতা'।

৬ষ্ঠ শতকের প্রথমার্ধে ভারতে বিশাল গুপ্ত সাম্রাজ্যের পতন ঘটে। মধ্য এশিয়ার দুর্ধর্ষ যাযাবর জাতি হুনদের আক্রমণে টুকরো টুকরো হয়ে যায় গুপ্ত সাম্রাজ্য।

## MCQ Solution

১. **ভারতীয় উপমহাদেশে প্রথম সাম্রাজ্যের নাম-** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট; সেট-১) : ১১-১২]
ⓚ গুপ্ত সাম্রাজ্য ⓧ চন্দ্র সাম্রাজ্য
ⓖ মৌর্য সাম্রাজ্য ⓖh কুষাণ সাম্রাজ্য **উত্তর: গ**

২. **প্রাচীন ভারতে কে সর্বপ্রথম সর্বভারতীয় ঐক্য স্থাপন করেন?** [BBAL'র এডমিন অ্যাসিস্ট্যান্ট : ২৩]
(ক) চন্দ্রগুপ্ত মৌর্য (খ) আকবর
(গ) শশাঙ্ক (ঘ) অশোক **উত্তর: ক**

৩. **প্রাচীন বাংলা মৌর্য শাসনের প্রতিষ্ঠাতা কে?** [৪০তম বিসিএস]
(ক) অশোক মৌর্য (খ) চন্দ্রগুপ্ত মৌর্য
(গ) সমুদ্র গুপ্ত (ঘ) এর কোনটিই না **উত্তর: খ**

৪. **পাটালিপুত্র রাজধানী ছিল–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪]
(ক) গুপ্তদের (খ) সেনদের
(ক) পালদের (ঘ) মৌর্যদের **উত্তর: ক,ঘ**

৫. **বৌদ্ধ ধর্মের বিখ্যাত নিদর্শন তক্ষশীলা কোথায় অবস্থিত?** [১৮তম প্রভাষক নিবন্ধন : ২৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩]
(ক) নেপালে (খ) ভারতে
(ক) পাকিস্তানে (ঘ) চীনে **উত্তর: গ**

৬. **চাণক্য কার প্রধানমন্ত্রী ছিলেন?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২৪]
(ক) চন্দ্রগুপ্ত মৌর্য (খ) প্রথম চন্দ্রগুপ্ত
(গ) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (ঘ) সমুদ্রগুপ্ত **উত্তর: ক**

৭. **চাণক্য ছিলেন প্রাচীন ভারতে একজন বিখ্যাত-** [BIWTA'র সহকারী পরিচালক : ২৩/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৫-১৬]
(ক) কৃষিবিদ (খ) অর্থনীতিবিদ
(গ) কূটনীতিক (ঘ) রাজা **উত্তর: খ,গ**

Scanned with CamScanner

৮. কৌটিল্য কার নাম? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৯-১০]
ⓚ প্রাচীন রাজনীতিবিদ ⓚ প্রাচীন অর্থশাস্ত্রবিদ
ⓖ পণ্ডিত ⓖ রাজ কবি উত্তর: খ

ক) প্রাচীন রাজনীতিবিদ খ) প্রাচীন অর্থশাস্ত্রবিদ
গ) পণ্ডিত ঘ) রাজ কবি উত্তর: খ

৯. অর্থশাস্ত্র (Arthasastra) এর রচয়িতা কে? [প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয় এর অধীনে কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১৫/ জবি (বি ইউনিট) : ১৯-২০]
ক) হলায়ুধ খ) কৌটিল্য
গ) পাণিনি ঘ) বৌধায়ন উত্তর: খ

১০. অশোক কোন বংশের সম্রাট ছিলেন? [বরিশাল বিঃ (খ ইউনিট) : ১৮-১৯]
ক) মৌর্য খ) গুপ্ত
গ) পুষ্যভূতি ঘ) কুষাণ উত্তর: ক

১১. কোন যুদ্ধের ভয়াবহ পরিণাম প্রত্যক্ষ করে মহারাজ অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন? [বিদ্যুৎ মন্ত্রণালয়ে উপ-সহকারী প্রকৌশলী : ১৭]
ক) হিদাস্পিসের যুদ্ধ খ) কলিঙ্গের যুদ্ধ
গ) মেবারের যুদ্ধ ঘ) পানিপথের যুদ্ধ উত্তর: খ

১২. কোন সম্রাটের আমলে এদেশে বৌদ্ধ ধর্মের প্রসার ঘটে? [গণপূর্ত অধিদপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
ক) দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ) সম্রাট অশোক
গ) সমুদ্রগুপ্ত ঘ) ধর্মপাল উত্তর: খ

১৩. বৌদ্ধ ধর্মের কনস্টানটাইন কাকে বলা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক) অশোক খ) চন্দ্রগুপ্ত
গ) মহাবীর ঘ) গৌতম বুদ্ধ উত্তর: ক

১৪. রাজা 'কনিষ্ক' কোন বংশের শাসক? [চট্টগ্রাম বিঃ (বি ইউনিট) : ১৮-১৯]
ক) গুপ্ত খ) মৌর্য
গ) কুষাণ ঘ) সেন উত্তর: গ

১৫. চরক ছিলেন – [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২০-২১]
ক) গণিতবিদ খ) জ্যোতির্বিদ
গ) চিকিৎসাবিদ ঘ) আয়ুর্বেদশাস্ত্র বিশারদ উত্তর: ঘ

১৬. কোন যুগ প্রাচীন ভারতের স্বর্ণযুগ হিসেবে পরিচিত? [BIWTA'র সহকারী পরিচালক : ২৩/ জবি মনিটরিং ও কমেন্ট : ১৯-২০]
ক) মৌর্যযুগ খ) শুঙ্গযুগ
গ) কুষাণযুগ ঘ) গুপ্তযুগ উত্তর: ঘ

১৭. ভারতবর্ষের কোন যুগের ভাস্কর্যকে ধ্রুপদী ভাস্কর্য বলা হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৩-১৪]
ক) মৌর্য যুগের খ) গুপ্ত যুগের
গ) পাল যুগের ঘ) শুঙ্গ যুগের উত্তর: খ

১৮. কোনটি প্রাচীন নগরী নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (দর্শন) : ০৯-১০]
ক) কর্ণসুবর্ণ খ) উজ্জয়িনী
গ) বিশাখাপট্টম ঘ) পাটলিপুত্র উত্তর: গ

ব্যাখ্যা: বিশাখাপত্তম ভারতের অন্ধ্রপ্রদেশ রাজ্যের একটি জেলা শহর।

১৯. ভারতের নেপোলিয়ন কাকে বলা হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১৮-১৯]
ক) কনিষ্ক খ) অশোক
গ) সমুদ্রগুপ্ত ঘ) হর্ষবর্ধন উত্তর: গ

২০. প্রাচীন ভারতের কোন শাসকের অপর নাম বিক্রমাদি ছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ১ ইউনিট) : ১১-১২]
ক) দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ) অশোক
গ) সমুদ্রগুপ্ত ঘ) হর্ষবর্ধন উত্তর: ক

২১. কালিদাস কার সভাকবি ছিলেন - [চট্টগ্রাম বিঃ (বি ইউনিট) : ১৪-]
ক) বিক্রমাদিত্যের খ) সমুদ্রগুপ্তের
গ) অশোকের ঘ) লক্ষণ সেনের উত্তর: ক

২২. মহাকবি কালিদাস যে যুগের কবি ছিলেন - [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট: সেট-২) : ১২-১৩]
ক) পাল খ) সেন
গ) মৌর্য ঘ) গুপ্ত উত্তর: ঘ

২৩. কালিদাস কোন ভাষার কবি ছিলেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ইউনিট, সকাল) : ২০-২১]
ক) পালি খ) হিন্দি
গ) সংস্কৃত ঘ) বাংলা উত্তর: গ

২৪. কালিদাসের একটি নাটক- [জাহাঙ্গীরনগর বিঃ (গ১ ইউনিট) : ১৭-১]
ক) মালতিমাধব খ) মালবিকাগ্নিমিত্র
গ) মধুমালতি ঘ) মৃচ্ছকটিক উত্তর: খ

২৫. 'মেঘদূত কাব্য' কার লেখা? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট-এ) : ২০-২]
ক) মহাকবি কালিদাস খ) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর
গ) ছন্দের কবি সত্যেন্দ্রনাথ দত্ত
ঘ) পল্লিকবি জসীমউদ্‌দীন উত্তর: ক

২৬. 'অমরকোষ' কি জাতীয় গ্রন্থ? [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক : ০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ক) মহাকাব্য খ) নাটক
গ) অভিধান ঘ) উপন্যাস উত্তর: গ

## স্বাধীন বঙ্গ ও গৌড় রাজ্য

গুপ্তবংশের পতনের পর খ্রিষ্টীয় ষষ্ঠ শতকে বাংলায় দুটি স্বাধী রাজ্যের উদ্ভব হয়।

১) *বঙ্গ রাজ্য :* দক্ষিণ-পূর্ব বাংলা এবং পশ্চিম বাংলার দক্ষিণাঞ্চল জুড়ে ছিল এর অবস্থান। গোপচন্দ্র, ধর্মাদিত্য, সমাচারদেব, সুধন্যাদীপ্ত এবং দ্বাদশাদীপ্ত নামে পাঁচজন রাজা 'মহারাজাধিরাজ' উপাধি গ্রহণ করে স্বাধীন বঙ্গ রাজ্য শাসন করতেন।

২) *গৌড় রাজ্য :* বাংলার পশ্চিম এবং উত্তরাঞ্চল জুড়ে ছিল এর অবস্থান। গুপ্ত রাজাদের অধীনে বড় কোনো অঞ্চলের শাসনকর্তাকে বলা হত 'মহাসামন্ত'। শশাঙ্ক ছিলেন গুপ্ত রাজা মহাসেন গুপ্তের একজন মহাসামন্ত। শশাঙ্ক ৫৯৪ খ্রিষ্টাব্দে গৌড় অঞ্চলে ক্ষমতা দখল করে স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি প্রাচীন বাংলার জনপদগুলোকে গৌড় নামে একত্রিত করেন। শশাঙ্কের উপাধি ছিল রাজাধিরাজ। তিনি ছিলেন অবিভক্ত বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা। শশাঙ্ক রাজধানী স্থাপন করেন কর্ণসুবর্ণে। এটি ছিল বর্তমান মুর্শিদাবাদ জেলায়।

Scanned with CamScanner

## পুষ্যভূতি রাজ্য

গুপ্ত সাম্রাজ্যের পতনের পর উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলে কতকগুলো ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের উৎপত্তি ঘটে। এদের মধ্যে বর্তমান পাঞ্জাবের পূর্বাঞ্চলে পুষ্যভূতি রাজ্যের অভ্যুদয় অন্যতম।

**হর্ষবর্ধন** (৬০৬ - ৬৪৭ খ্রি.) পুষ্যভূতি বংশের শ্রেষ্ঠ রাজা। হর্ষবর্ধনের সভাকবি ছিলেন বানভট্ট। বানভট্টের বিখ্যাত গ্রন্থ 'হর্ষচরিত'।

### MCQ Solution

১. **প্রাচীন বাংলায় কতটি রাজ্য ছিল?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ক ২টি　খ ৩টি
গ ৪টি　ঘ ৫টি　**উত্তর: ক**

২. **বঙ্গ ও গৌড় দুটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব ঘটে কত শতকে?** [সাব-রেজিস্ট্রার : ০১/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৫ -৯৬]
ক ষষ্ঠ　খ অষ্টম
গ দশম　ঘ একাদশ　**উত্তর: ক**

৩. **প্রাচীনকালে এদেশের নাম ছিল –** [সাব- রেজিস্ট্রার : ০১]
ক বাংলাদেশ　খ বঙ্গ
গ বাংলা　ঘ বাঙ্গালা　**উত্তর: খ**

৪. **'মহারাজাধিরাজ' পদবী কারা গ্রহণ করেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]
ক আকবর, হুমায়ুন ও জাহাঙ্গীর
খ ইলিয়াস শাহ, তুগলক ও জালালউদ্দিন
গ ধর্মপাল ও গোপাল
ঘ গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব　**উত্তর: ঘ**

৫. **গুপ্তোত্তর বঙ্গের স্বাধীন রাজা ছিলেন–** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৬ ইউনিট) : ১৫-১৬]
ক গোপচন্দ্র　খ শশাঙ্ক
গ শ্রীচন্দ্র　ঘ লড়হচন্দ্র　**উত্তর: ক**

৬. **প্রাচীন জনপদগুলোকে একত্রিত করে গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন কে?** [ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন (স্কুল ২) : ১৬]
ক ধর্মপাল　খ লক্ষ্মণ সেন
গ শশাঙ্ক　ঘ ইলিয়াস শাহ　**উত্তর: গ**

৭. **ধারণা করা হয়, প্রাচীন গৌড় জনপদের অন্তর্ভুক্ত ছিল–** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক মুর্শিদাবাদ　খ যশোর
গ ময়মনসিংহ　ঘ চট্টগ্রাম　**উত্তর: ক**

৮. **"মহাসামন্ত" কার উপাধি ছিল?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট; সেট-১) : ১১-১২]
ক গোপাল　খ লক্ষ্মণ সেন
গ হর্ষবর্ধন　ঘ শশাঙ্ক　**উত্তর: ঘ**

৯. **কে গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন?** [প্রাথমিক সহকারী শিক্ষক : ৯২]
ক শশাঙ্ক　খ বর্মন
গ ভাস্কর　ঘ দেবগুপ্ত　**উত্তর: ক**

১০. **বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা (নরপতি) হলেন–** [১৭তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল-২) : ২২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক ধর্মপাল　খ গোপাল
গ শশাঙ্ক　ঘ দ্বিতীয় চন্দ্র গুপ্ত　**উত্তর: গ**

১১. **অবিভক্ত বাংলার সর্বপ্রথম রাজা কাকে বলা হয়?** [৪১তম বিসিএস/ BREB'র সহকারী সচিব/ পরিচালক (প্রশাসন) : ২৩/ সিজিএ-এর অডিটর : ২২]
ক অশোক　খ শশাঙ্ক
গ মেগদা　ঘ ধর্মপাল　**উত্তর: খ**

১২. **প্রাচীন গৌড়ের রাজধানী ছিল–** [খুলনা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৯-২০]
ক পুণ্ড্রনগর　খ কনৌজ
গ কর্ণাটক　ঘ কর্ণসুবর্ণ　**উত্তর: ঘ**

১৩. **শশাঙ্কের রাজধানী ছিল–** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ ইউনিট - সেট ৩) : ১৪-১৫/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক কর্ণসুবর্ণ　খ গৌড়
গ নদীয়া　ঘ ঢাকা　**উত্তর: ক**

১৪. **বাংলার প্রাচীন নগর 'কর্ণসুবর্ণ'-এর অবস্থান ছিল–** [CAAB এর নিরাপত্তা অধিক্ষক : ২১/ ঢাবি (খ ইউনিট): ১৭-১৮]
ক কুমিল্লায়　খ মুর্শিদাবাদে
গ বগুড়ায়　ঘ রাজশাহীতে　**উত্তর: খ**

১৫. **শশাঙ্ক প্রথম জীবনে ছিলেন –** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক কৃষক　খ সামন্ত
গ রাজা　ঘ সম্রাট　**উত্তর: খ**

১৬. **হর্ষবর্ধনের সভাকবি –** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ক কালিদাস　খ বানভট্ট
গ মেগাস্থিনিস　ঘ সন্ধ্যাকর নন্দী　**উত্তর: খ**

১৭. **'হর্ষচরিত' গ্রন্থটি রচনা করেন –** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক হর্ষবর্ধন　খ কলহন
গ বানভট্ট　ঘ কৌটিল্য　**উত্তর: গ**

## মাৎস্যন্যায় (Matsyanyayam)

শশাঙ্কের পর দীর্ঘদিন বাংলায় কোনো যোগ্য শাসক ছিলনা। ফলে রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা দেখা দেয়। কেন্দ্রীয় শাসন শক্তভাবে ধরার মত কেউ ছিলনা। সামন্ত রাজারা প্রত্যেকেই বাংলার রাজা হওয়ার কল্পনায় অস্ত্র নিয়ে ঝাঁপিয়ে পড়তে থাকেন। এ অরাজকতাপূর্ণ সময় (৭ম-৮ম শতক) কে পাল তাম্র শাসনে আখ্যায়িত করা হয়েছে 'মাৎস্যন্যায়' বলে। সন্ধ্যাকর নন্দীর 'রামচরিতম' কাব্যেও পাল বংশের অব্যবহিত পূর্ববর্তী সময়ের বাংলার নৈরাজ্যকর অবস্থাকে মাৎসন্যায়ম্ বলে উল্লেখ করা হয়। পুকুরে বড় মাছগুলো শক্তির দাপটে ছোট মাছ ধরে ধরে খেয়ে ফেলার বিশৃঙ্খল পরিস্থিতিকে বলে 'মাৎস্যন্যায়'। বাংলার সবল অধিপতিরা এমনি করে ছোট ছোট অঞ্চলগুলোকে গ্রাস করেছিল।

Scanned with CamScanner

## MCQ Solution

১. 'মাৎস্যন্যায়' বাংলার কোন সময়কাল নির্দেশ করে? [৪১তম বিসিএস/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক ৫ম-৬ষ্ঠ শতক   খ ৬ষ্ঠ-৭ম শতক
গ ৭ম-৮ম শতক   ঘ ৮ম-৯ম শতক   উত্তর: গ

২. 'মাৎস্যন্যায়' ধারণাটি কিসের সাথে সম্পর্কিত? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ক মাছবাজার   খ আইন-শৃঙ্খলাহীন অরাজক অবস্থা
গ মাছ ধরার নৌকা   ঘ ন্যায় বিচার প্রতিষ্ঠা   উত্তর: খ

৩. মাৎস্যন্যায়ম নির্দেশ করে - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ক মৎস্যময় বাংলাদেশ   খ রাজনৈতিক পরিস্থিতি
গ মৎস্যময় ভারত   ঘ প্রাকৃতিক পরিস্থিতি   উত্তর: খ

৪. মাৎস্যন্যায় নির্দেশ করে - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
ক পাল পরবর্তীকাল   খ সেন পরবর্তীকাল
গ ব্রিটিশ শাসনামল   ঘ শশাঙ্ক পরবর্তীকাল   উত্তর: ঘ

৫. মাৎস্যন্যায় নির্দেশ করে - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
ক আলেকজান্ডারের আগমন   খ বখতিয়ারের আগমন
গ রামপালের আগমন   ঘ গোপালের আগমন   উত্তর: ঘ

৬. 'মাৎস্যন্যায়' কোন শাসন আমলে দেখা যায়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় পর্যায়) : ১৯]
ক খলজি শাসন আমলে   খ পাল তাম্র শাসন আমলে
গ মুগল শাসন আমলে   ঘ সেন শাসন আমলে   উত্তর: খ

৭. মাৎস্যন্যায় সম্পর্কে জানার উৎস - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ক তারনাথের বিবরণ   খ সন্ধ্যাকর নন্দীর বিবরণ
গ হর্ষচরিত   ঘ আর্যমঞ্জুশ্রীমূলকল্প   উত্তর: খ

## পাল বংশ (Pala Dynasty)

পাল রাজত্বের উত্থানের মধ্য দিয়ে বাংলার অরাজক পরিস্থিতির অবসান ঘটে। বাংলায় প্রথম বংশানুক্রমিক শাসন শুরু হয় পাল বংশের রাজত্বকালে। পাল বংশের রাজারা একটানা চারশত বছর এদেশ শাসন করেন। এত দীর্ঘ সময় আর কোনো রাজবংশ এদেশ শাসন করেনি। পাল বংশের রাজারা ছিলেন বৌদ্ধ ধর্মাবলম্বী। পাল রাজাদের পিতৃভূমি (জনকভূ) ছিল বরেন্দ্র।

**গোপাল** (৭৫৬-৭৮১ খ্রি.) ছিলেন পাল বংশের প্রথম রাজা।

**ধর্মপাল** (৭৮১ - ৮২১ খ্রি.) ছিলেন পাল রাজাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। বিক্রমশীল তাঁর উপাধি।

**প্রথম মহীপাল** (৯৯৫-১০৪৩ খ্রি.) এর সময়ে তালপাতায় অঙ্কিত চিত্রসম্বলিত বৌদ্ধ গ্রন্থ 'অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা' পাণ্ডুলিপির বারোটি রঙিন চিত্র বঙ্গীয় চিত্রকলার প্রাচীনতম নিদর্শন।

**দ্বিতীয় মহীপাল** (১০৭৫-১০৮০ খ্রি.) এর শাসনামলে কৈবর্ত বিদ্রোহ হয়। অনেকে শুধু জেলে সম্প্রদায়কে কৈবর্ত বললেও প্রকৃতপক্ষে জেলে, কৃষক এবং শ্রমজীবী মানুষকে সাধারণত কৈবর্ত বলা হতো। পাল রাজাদের এক সামন্ত দিব্যর নেতৃত্বে কৈবর্তরা রাজ্যের বরেন্দ্রীয় অংশ দখল করে নেয়। কৈবর্ত বিদ্রোহকে অনেক সময় বরেন্দ্র বিদ্রোহ বা সামন্ত বিদ্রোহও বলা হয়ে থাকে। ইতিহাসবিদদের অনেকে নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার 'দিবর দিঘী'কে কৈবর্ত্যদের কীর্তি বলে মনে করেন। দিঘির কেন্দ্রস্থলে রয়েছে গ্রানাইট প্রস্তরে নির্মিত 'দিব্যক জয়স্তম্ভ'।

**মদনপাল** (১১৪৩ -১১৬২ খ্রি.) ছিলেন পাল বংশের সর্বশেষ রাজা। তাঁর পৃষ্ঠপোষকতায় সন্ধ্যাকর নন্দী সংস্কৃত কাব্য 'রামচরিতম' রচনা করেন। এই কাব্যে যুগপৎ হিন্দু ধর্মের অবতার রামচন্দ্র এবং পাল রাজা রামপালের চরিতকথা বর্ণিত হয়েছে।

## MCQ Solution

১. বাংলার প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করেন কে? [কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক গোপাল   খ রামপাল
গ বিজয় সেন   ঘ লক্ষ্মণ সেন   উত্তর: ক

২. বরেন্দ্র যে রাজাদের পিতৃভূমি - [জাবি (সি-৩ ইউনিট) : ১৫-১৬]
ক পাল রাজা   খ সেন রাজা
গ চন্দ্র রাজা   ঘ খড়গ রাজা   উত্তর: ক

৩. বাংলার প্রথম দীর্ঘস্থায়ী রাজবংশের নাম কি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২৪-২৫/ পোস্টমাস্টার জেনারেল, রাজশাহী এর পোস্টাল অপারেটর : ২৩]
ক পাল বংশ   খ সেন বংশ
গ ভুঁইয়া বংশ   ঘ গুপ্ত বংশ   উত্তর: ক

৪. নিম্নের কোন বংশ প্রায় চারশো বছরের মতো বাংলা শাসন করেছে? [দ্বাদশ শিক্ষক নিবন্ধন (স্কুল ২) : ১৫]
ক মৌর্য বংশ   খ গুপ্ত বংশ
গ পাল বংশ   ঘ সেন বংশ   উত্তর: গ

৫. বঙ্গে পাল বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৪]
ক ধর্মপাল   খ দেবপাল
গ গোপাল   ঘ মহীপাল   উত্তর: গ

৬. বাংলার প্রাচীন পাল-রাজবংশ কোন ধর্মাবলম্বী? [সমন্বিত ৮টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠান এর সিনিয়র অফিসার : ২৫/ চবি (বি২ ইউনিট) : ১০-১১]
ক হিন্দু   খ জৈন   গ বৌদ্ধ
ঘ খ্রিষ্টান   ঙ ইহুদী   উত্তর: গ

৭. পাল বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক গোপাল   খ ধর্মপাল
গ রামপাল   ঘ দেবপাল   উত্তর: খ

৮. পালযুগের পুঁথিচিত্র কোন বস্তুর উপর আঁকা? [জাবি (সি) ইউনিট) : ১৯-২০]
ক কাগজের উপর   খ টিনের উপর
গ পাথরের উপর   ঘ তালপাতার উপর   উত্তর: ঘ

Scanned with CamScanner

৯. **তালপাতার পুঁথিচিত্র কোন যুগের নিদর্শন?** [গ্রামীণ ব্যাংকের শিক্ষানবিস অফিসার : ২৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৬-১৭]
ক) পাল যুগ খ) সেন যুগ
গ) গুপ্ত যুগ ঘ) কুষাণ যুগ **উত্তর: ক**

১০. **পাল যুগের চিত্রকলার নিদর্শন পাওয়া যায় কোথায়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ২০-২১]
ক) চিত্র সংযুক্ত পুঁথিতে খ) পোড়ামাটির ফলকে
গ) মন্দিরের দেয়ালে ঘ) চৈত্যগৃহে **উত্তর: ক**

১১. **বাংলার প্রাচীনতম ছবির নিদর্শন কোনটি?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ২০-২১]
ক) প্রজ্ঞাপারমিতা পুঁথির ছবি খ) প্যাপিরাসের উপর আঁকা ছবি
গ) তক্ষশিলায় পাওয়া ছবি ঘ) পটের ছবি **উত্তর: ক**

১২. **'অষ্টাসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা' কি?** [জাবি (সি ইউনিট) : ২০-২১]
ক) হিন্দু ধর্মগ্রন্থ খ) কালিদাসের কাব্যগ্রন্থ
গ) বৌদ্ধ পুঁথি ঘ) জৈন ধর্মগ্রন্থ **উত্তর: গ**

১৩. **'কৈবর্ত বিদ্রোহ' সংঘটিত হয়েছিল কার সময়ে?** [দুদক'র উপ-সহকারী পরিচালক : ২০/ জাবি (সি৬ ইউনিট) : ১৫-১৬]
ক) বল্লাল সেন খ) দ্বিতীয় মহীপালের
গ) ধর্মপালের ঘ) হেমন্ত সেনের **উত্তর: খ**

১৪. **কৈবর্ত বিদ্রোহের নেতা কে ছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৭-১৮/ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৩]
ক) কৈবর্ত খ) অশোক
গ) দিব্য ঘ) কানু কৈবর্ত **উত্তর: গ**

১৫. **'দিবর দিঘী' কোন উপজেলায় অবস্থিত?** [LGED'র কার্যসহকারী : ২৩]
ক) বিলাইছড়ি খ) গলাচিপা
গ) পত্নীতলা ঘ) আদমদিঘী **উত্তর: গ**

১৬. **'দিব্যক জয়স্তম্ভ' কোন উপজেলায় অবস্থিত?** [DC কার্যালয়, (নওগাঁ) এর অফিস সহায়ক : ২৪]
**উত্তর:** নওগাঁর পত্নীতলা উপজেলায়।

১৭. **পাল শাসনামলে রচিত একটি কাব্য হলো -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক) গীতগোবিন্দ খ) মনসামঙ্গল
গ) চণ্ডীমঙ্গল ঘ) রামচরিতম **উত্তর: ঘ**

১৮. **'রামচরিত' কাব্য কে লিখেছেন?** [বেগম রোকেয়া বিশ্ব: (এ-ইউনিট) : ১৭-১৮]
ক) হর্ষবর্ধন খ) সন্ধ্যাকর নন্দী
গ) কালিদাস ঘ) ধোয়ী **উত্তর: খ**

## দক্ষিণ পূর্ব বাংলার স্বাধীন রাজ্য

পাল যুগের অধিকাংশ সময়েই দক্ষিণ-পূর্ব বাংলা স্বাধীন ছিল। তখন এ অঞ্চলটি ছিল বঙ্গ জনপদের অন্তর্ভুক্ত। ঐ সময় দক্ষিণ-পূর্ব বাংলা শাসন করতেন- খড়গ বংশ, দেব বংশ, কান্তিদেবের রাজ্য, চন্দ্র বংশ এবং বর্ম বংশ।

***খড়গ বংশ :*** সপ্তম শতকে খড়গ বংশের রাজারা দক্ষিণ-পূর্ব বাংলায় একটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করেন। তাদের রাজধানীর নাম ছিল কর্মান্ত-বসাক।

### MCQ Solution

১. **খড়গ বংশ রাজত্ব করেন-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৯-২০]
ক) উত্তর বাংলায় খ) দক্ষিণ-পশ্চিম বাংলায়
গ) পূর্ব বাংলায় ঘ) দক্ষিণ-পূর্ব বাংলায় **উত্তর: ঘ**

## সেন রাজাদের ইতিহাস

সামন্ত সেন ছিলেন বাংলায় সেন বংশের প্রতিষ্ঠাতা। তিনি দাক্ষিণাত্যের কর্ণাট থেকে বৃদ্ধ বয়সে বাংলায় আসেন। তিনি প্রথমে বসতি স্থাপন করেন রাঢ় অঞ্চলে গঙ্গা নদীর তীরে। তিনি রাজ্য প্রতিষ্ঠা না করায় সেন বংশের প্রথম রাজার মর্যাদা দেওয়া হয় সামন্ত সেনের পুত্র হেমন্ত সেনকে। সেন বংশের রাজারা ছিলেন হিন্দু ধর্মাবলম্বী।

**বিজয় সেন** (১০৯৮-১১৬০ খ্রি.) ছিলেন সেন বংশের সর্বশ্রেষ্ঠ রাজা। তিনিই সম্ভবত সামন্তরাজা থেকে নিজেকে স্বাধীন রাজারূপে প্রতিষ্ঠিত করেছিলেন। হুগলী জেলার ত্রিবেনীতে অবস্থিত বিজয়পুর ছিল তাঁর প্রথম রাজধানী। তিনি দ্বিতীয় রাজধানী স্থাপন করেন বর্তমান মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুরে।

**বল্লাল সেন** (১১৬০-১১৭৮ খ্রি.) বাংলায় সামাজিক সংস্কার বিশেষ করে কৌলিন্য প্রথার প্রবর্তক হিসাবে পরিচিত। তিনি ছিলেন একজন পণ্ডিত ও লেখক। দানসাগর এবং অদ্ভুতসাগর তাঁর উল্লেখযোগ্য রচনা। অবশ্য অদ্ভুতসাগর গ্রন্থটির অসমাপ্ত অংশ তাঁর পুত্র লক্ষণ সেন সম্পূর্ণ করেছিলেন।

**লক্ষণ সেন** (১১৭৮-১২০৬ খ্রি.) ছিলেন সেন বংশের সর্বশেষ স্বাধীন রাজা। ১২০৪ খ্রিষ্টাব্দে (ত্রয়োদশ শতাব্দীতে) ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজি বাংলার রাজা লক্ষণ সেনের অবকাশকালীন রাজধানী নদীয়া বা নবদ্বীপ দখল করেন। ফলে বাংলায় মুসলিম শাসনের সূচনা হয়। বখতিয়ার খলজি আফগানিস্তানের গরমশির বা আধুনিক দশত্ ই মার্গের অধিবাসী ছিলেন। তিনি ছিলেন জাতিতে তুর্কি, বংশে খলজি এবং বৃত্তিতে ভাগ্যান্বেষী সৈনিক। বখতিয়ার খলজি ১২০৫ সালে সেনদের অন্যতম রাজধানী লক্ষণাবতী (গৌড়) অধিকার করে লখনৌতি নাম দিয়ে সেখানে তাঁর রাজধানী স্থাপন করেন। গৌড়কে কেন্দ্র করে বাংলায় মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। রাজধানীকে নিরাপদ রাখার জন্য বখতিয়ার খলজি আরো নিরাপদ জায়গা হিসেবে দিনাজপুরের দেবকোটকে বেছে নেন। তিনি দেবকোট অধিকার করে সেখানে তার রাজধানী স্থাপন করেন। লক্ষণ সেন পলায়ন করে পূর্ববঙ্গের বিক্রমপুরে আশ্রয় নেন। ১২০৬ খ্রিস্টাব্দে

Scanned with CamScanner

লক্ষণ সেনের মৃত্যু হয়। লক্ষণ সেনের মৃত্যুর পর তাঁর দুই পুত্র বিশ্বরূপ সেন (১২০৬-১২২৫ খ্রি.) ও কেশব সেন (১২২৫-১২৩০ খ্রি.) কিছুকাল পূর্ব বাংলা শাসন করেন। প্রকৃতপক্ষে লক্ষণ সেনের পরাজয়ের মধ্য দিয়ে বাংলায় সেন শাসন তথা হিন্দু রাজাদের শাসনের অবসান ঘটে।

## MCQ Solution

১. **পালদের পর কোন বংশ বাংলা শাসন করে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ২) : ১০-১১]
ⓚ খিলজি ⓦ তুগলক ⓖ সেন
ⓖh তুর্কী ⓤ মুগল **উত্তর: গ**

২. **সেন বংশের আদি নিবাস –** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
(ক) বিক্রমপুর (খ) নদীয়া
(গ) দাক্ষিণাত্য (ঘ) কামরূপ **উত্তর: গ**

৩. **সামন্ত রাজা থেকে স্বাধীন রাজা –** [জাবি (সি ইউনিট) : ১৬-১৭]
(ক) হেমন্ত সেন (খ) বল্লাল সেন
(গ) বিজয় সেন (ঘ) লক্ষণ সেন **উত্তর: গ**

৪. **বিজয় সেনের প্রথম রাজধানী –** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
(ক) হুগলীতে (খ) নদীয়ায়
(গ) মুন্সীগঞ্জে (ঘ) বিক্রমপুরে **উত্তর: ক**

৫. **বাংলায় কৌলিন্য প্রথা কে প্রবর্তন করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট-এ : গ্রুপ-১) : ২০-২১]
(ক) লক্ষণ সেন (খ) বল্লাল সেন
(গ) বিজয় সেন (ঘ) শ্রী চৈতন্য দেব **উত্তর: খ**

৬. **'দানসাগর ও অদ্ভুদসাগর' গ্রন্থটির রচয়িতা –** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট - সেট ১) : ১২-১৩]
(ক) বল্লাল সেন (খ) বিজয় সেন
(গ) লক্ষণ সেন (ঘ) হেমন্ত সেন **উত্তর: ক**

৭. **অসমাপ্ত 'অদ্ভুতসাগর' গ্রন্থটি কে সমাপ্ত করেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় পর্যায়) : ১৯]
(ক) লক্ষণ সেন (খ) বল্লাল সেন
(গ) আলাউদ্দিন খলজি (ঘ) সম্রাট আকবর **উত্তর: ক**

৮. **সেন রাজাদের ধর্ম ছিল –** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
(ক) ব্রাহ্ম (খ) বৌদ্ধ
(গ) জৈন (ঘ) হিন্দু **উত্তর: ঘ**

৯. **বাংলায় মুসলিম শাসন (আধিপত্য বিস্তারের) সূচনা করেন-** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
(ক) মুহম্মদ বখতিয়ার খলজি (খ) মুহম্মদ বিন কাসিম
(গ) মুহম্মদ ঘুরী (ঘ) সুলতান মাহমুদ **উত্তর: ক**

১০. **বাংলার প্রথম মুসলমান সুলতান কে ছিলেন?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০০]
(ক) বখতিয়ার খলজি (খ) হুসেন শাহ
(গ) ইলিয়াস শাহ (ঘ) সরফরাজ খান **উত্তর: ক**

১১. **বখতিয়ার খলজি বাংলা জয় করেন কোন সালে?** [৩৩তম বিসিএস/ DIP'র কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ DSS'র ইউনিয়ন সমাজকর্মী : ২২]
(ক) ১২১২ (খ) ১২০০
(গ) ১২০৪ (ঘ) ১২১১ **উত্তর: গ**

১২. **ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি কোন শাসককে পরাজিত করে বাংলার রাজধানী নবদ্বীপ জয় করেন?** [মেডিকেল ভর্তি : ২৪-২৫]
(ক) প্রতাপাদিত্য (খ) বল্লাল সেন
(গ) লক্ষণ সেন (ঘ) ঈশা খান **উত্তর: গ**

১৩. **বখতিয়ার খলজি কত সালে লক্ষণাবতী জয় করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - বিজোড়) : ১৬-১৭]
(ক) ১২০০ (খ) ১২০৪
(গ) ১২০৮ (ঘ) ১২১২ **উত্তর: খ**
**ব্যাখ্যা:** লক্ষণাবতী জয়ের সময়কাল (১২০৫ খ্রি. মতান্তরে ১২০৪ খ্রি.) নিয়ে মতভেদ আছে।

১৪. **মুহম্মদ বখতিয়ার খলজি কোন শতাব্দীতে বাংলাদেশে (ভারতবর্ষে) আসেন?** [তথ্য অধিদপ্তরের অফিস সহায়ক : ২৩/ বিটিভি-এর সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৭]
(ক) একাদশ (খ) দশম
(গ) ত্রয়োদশ (ঘ) পঞ্চদশ **উত্তর: গ**

১৫. **ইতিহাস বিখ্যাত সেনানায়ক ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজি কোন দেশের নাগরিক ছিলেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]
(ক) পাকিস্তান (খ) তুরস্ক
(গ) আফগানিস্তান (ঘ) ভারত **উত্তর: গ**

১৬. **দিনাজপুরের দেবকোট-কে বাংলার রাজধানী স্থাপন করেন কোন মুসলিম শাসক?** [গ্রামীণ ব্যাংকের শিক্ষানবিস অফিসার : ২৫]
(ক) হযরত শাহজালাল (খ) মুহাম্মদ ঘুরি
(গ) বখতিয়ার খলজি (ঘ) শিরান খলজি **উত্তর: গ**

১৭. **বখতিয়ার খলজির বঙ্গ বিজয়ের সময়ে বাংলার শাসক ছিলেন –** [বহিঃ ও পাসপোর্ট অধিদপ্তরের সহঃ পরিচালক : ৯৪]
(ক) লক্ষণ সেন (খ) বিজয় সেন
(গ) বল্লাল সেন (ঘ) এদের মধ্যে কেউ নয় **উত্তর: ক**

১৮. **বাংলার শেষ হিন্দু রাজা (last Hindu ruler) কে ছিলেন?** [বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রটোকল অফিসার : ২৩/ জাককানইবি (ঘ ইউনিট) : ১৫-১৬/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ১৫-১৬]
(ক) বিজয় সেন (খ) লক্ষণ সেন
(গ) হেমন্ত সেন (ঘ) বল্লাল সেন **উত্তর: খ**

১৯. **বাংলায় সেন বংশের (১০৭০-১২৩০ খ্রিষ্টাব্দ) শেষ শাসনকর্তা কে ছিলেন?** [৪১তম বিসিএস]
(ক) হেমন্ত সেন (খ) বল্লাল সেন
(গ) লক্ষণ সেন (ঘ) কেশব সেন **উত্তর: ঘ**

Scanned with CamScanner

# উপমহাদেশে মুসলিম শাসন

## Sub-continent Under Muslim Rule

### উপমহাদেশে ইসলামের আবির্ভাব

উমাইয়া খলিফা ওয়ালিদ বিন আব্দুল মালিকের রাজত্বকালে হাজ্জাজ বিন ইউসুফ পূর্বাঞ্চলীয় প্রদেশ সমূহের শাসনকর্তা নিযুক্ত হন। তিনি ৭১২ খ্রিষ্টাব্দে তাঁর জামাতা মুহম্মদ বিন কাসিমকে সিন্ধু রাজা দাহিরের বিরুদ্ধে অভিযানে প্রেরণ করেন। মুহম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর দেবল শহরে উপস্থিত হন। অতঃপর তিনি সিন্ধু নদী পার হয়ে রাওয়ারে রাজা দাহিরকে আক্রমণ করেন। যুদ্ধে দাহির শোচনীয়ভাবে পরাজিত এবং নিহত হয়। মুহম্মদ বিন কাসিমের সিন্ধু বিজয়ের ফলে উপমহাদেশে ইসলামের আবির্ভাব ঘটে। কিন্তু মুহম্মদ বিন কাসিমের অকালমৃত্যুর কারণে উপমহাদেশে ইসলাম একটি রাজনৈতিক শক্তি হিসাবে প্রতিষ্ঠিত হয়নি।

মুহম্মদ বিন কাসিমের সিন্ধু বিজয়ের প্রায় ৩০০ বছর পর গজনীর সুলতান মাহমুদ ১০০০ থেকে ১০২৭ সাল পর্যন্ত সময়ের মধ্যে উপমহাদেশের পশ্চিমাঞ্চলে ১৭ বার অভিযান পরিচালনা করেন। অভিযানসমূহের মধ্যে সুলতান মাহমুদের সোমনাথ বিজয় একটি গুরুত্বপূর্ণ ঘটনা। সোমনাথ ভারতের গুজরাটে অবস্থিত একটি প্রাচীন দেবমন্দির।

### ভারতে মুসলমান শাসনের সূচনা

ময়েজউদ্দিন মুহম্মদ বিন সাম ইতিহাসে শিহাবউদ্দিন মুহম্মদ ঘুরী নামে পরিচিত। গজনীতে ঘুর সাম্রাজ্য প্রতিষ্ঠিত হলে মুহম্মদ ঘুরী উপমহাদেশে তাঁর সাম্রাজ্য বিস্তারে মনোনিবেশ করেন। তরাইনের দ্বিতীয় যুদ্ধের পর মুহম্মদ ঘুরী উত্তর উপমহাদেশের শাসনভার তাঁর সুযোগ্য সেনাপতি কুতুবুদ্দিনের উপর ন্যস্ত করে গজনী প্রত্যাবর্তন করেন।

| যুদ্ধের নাম | তরাইনের যুদ্ধ | |
|---|---|---|
| | প্রথম | দ্বিতীয় |
| প্রতিপক্ষ | মুহম্মদ ঘুরী ও পৃথ্বীরাজ চৌহান | |
| সময়কাল | ১১৯১ খ্রি. | ১১৯২ খ্রি. |
| ফলাফল | মুহম্মদ ঘুরী শোচনীয়ভাবে পরাজিত ও আহত হয়ে স্বদেশ প্রত্যাবর্তন করেন। | পৃথ্বীরাজ চৌহান পরাজিত ও নিহত হন এবং মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। |

## MCQ Solution

১. **ভারতে প্রথম মুসলিম অভিযান পরিচালনা করেন -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ হাজ্জাজ বিন ইউসুফ ⓚ মুহম্মদ বিন কাসিম
ⓖ মুহম্মদ ঘুরী ⓖ বখতিয়ার খলজি **উত্তর: খ**

২. **প্রথম সিন্ধু বিজয়ী মুসলিম সেনাপতি কে ছিলেন?** [কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর সিপাই : ২২/ সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা : ১৬]
ⓚ ইলিয়াস শাহ ⓚ ফখরউদ্দিন মুবারক শাহ
ⓖ মুহাম্মদ ঘুরী ⓖ মুহম্মদ বিন কাসিম **উত্তর: ঘ**

৩. **আরবরা সিন্ধু আক্রমণ করে কত খ্রিষ্টাব্দে?** বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (মানবিক বিভাগ) : ০৮-০৯]
ⓚ ৭১০ খ্রি. ⓚ ৭১২ খ্রি.
ⓖ ৭১৪ খ্রি. ⓖ ৭১৬ খ্রি. **উত্তর: খ**

৪. **মুহম্মদ বিন্ কাসিম ভারতবর্ষে আগমন করেন কত সালে?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী লোকোমোটিভ মাস্টার : ২৪]
ⓚ ৭০০ খ্রি. ⓚ ৭০৯ খ্রি.
ⓖ ৭১২ খ্রি. ⓖ ৭১০ খ্রি. **উত্তর: গ**

৫. **সিন্ধু বিজয়ের মাধ্যমে কে ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রতিষ্ঠার পথ সুগম করেন?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ⓚ হাজ্জাজ-বিন-ইউসুফ ⓚ মুহম্মদ-বিন-কাসিম
ⓖ মুহম্মদ ঘুরী
ⓖ ইখতিয়ারউদ্দিন-মুহম্মদ-বিন বখতিয়ার খলজি **উত্তর: খ**

৬. **মুহম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর কোন শহরে উপস্থিত হন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ⓚ মুলতান ⓚ রাওয়ার
ⓖ দেবল ⓖ অমৃতসর **উত্তর: গ**

৭. **আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন-** [IBBPLC'র ফিল্ড অফিসার : ২৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ১ ইউনিট : ১১-১২]
ⓚ মানসিংহ ⓚ জয়পাল
ⓖ দাহির ⓖ দাউদ **উত্তর: গ**

৮. **সুলতান মাহমুদ কত বার ভারতবর্ষ আক্রমণ করেন?** [IBBPLC'র ফিল্ড অফিসার : ২৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২]
ⓚ ১৫ বার ⓚ ১৭ বার
ⓖ ১৮ বার ⓖ ২০ বার **উত্তর: খ**

৯. **সোমনাথ মন্দির ভারতের কোন অংশে অবস্থিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন) : ১১-১২]
ⓚ রাজপুতনা ⓚ মধ্য প্রদেশ
ⓖ গুজরাট ⓖ মহারাষ্ট্র **উত্তর: গ**

১০. **মুহম্মদ ঘুরী ও পৃথ্বীরাজ চৌহানের মধ্যে দ্বিতীয় তরাইনের যুদ্ধ কত সালে সংঘটিত হয়?** [১০ম বিজেএস : ১৬/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট) : ১১-১২]
ⓚ ১১৯০ ⓚ ১১৯২
ⓖ ১২০৬ ⓖ ৭১২ **উত্তর: খ**

Scanned with CamScanner

**১১. তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হন?** [IBBPLC'র ফিল্ড অফিসার : ২৪/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ মুহম্মদ ঘুরী ⓚ লক্ষ্মণ সেন
ⓖ পৃথ্বীরাজ ⓖ জয়চন্দ্র **উত্তর: গ**

## দিল্লি সালতানাত

**সুলতান কুতুবউদ্দিন আইবেক** (১২০৬-১২১০ খ্রি.) মুহম্মদ ঘুরীর একজন ক্রীতদাস হিসাবে জীবন শুরু করেন। তিনি উত্তর ভারতে রাজ্যবিস্তার করে দিল্লিতে তাঁর রাজধানী স্থাপন করেন। তিনি ছিলেন উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা। কুতুবউদ্দিন আইবেক ছিলেন তুর্কিস্তানের অধিবাসী। দানশীলতার জন্য তাঁকে 'লাখবক্স' বলা হত।

**সুলতান শামসউদ্দিন ইলতুৎমিশ** (১২১১-১২৩৬ খ্রি.) কে দিল্লির সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। ভারতে মুসলমান শাসকদের মধ্যে তিনিই প্রথম মুদ্রা প্রচলন করেন। ইলতুৎমিশ ১২২৯ খ্রি. বাগদাদের খলিফা আল মুনতাসির বিল্লাহ কর্তৃক 'সুলতান-ই-আজম' উপাধিতে ভূষিত হন। সুলতান ইলতুৎমিশ চল্লিশজন তুর্কি ক্রীতদাসদের নিয়ে একটি দল গঠন করেন যা ইতিহাসে 'বন্দেগান-ই-চেহেলগান' বা চল্লিশ চক্র নামে পরিচিত।

*কুতুব মিনার*



অবস্থান : দিল্লি, ভারত।
নির্মাতা : কুতুবউদ্দিন আইবেক নির্মাণ কাজ শুরু করলেও সমাপ্ত করেন তাঁর জামাতা সুলতান ইলতুৎমিশ।
নামকরণ : দিল্লির বিখ্যাত সাধক কুতুবউদ্দিন বখতিয়ার কাকির নামানুসারে।

**সুলতান রাজিয়া** (১২৩৬-৪০ খ্রি.) ছিলেন ইলতুৎমিশের কন্যা। তিনি ছিলেন দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলমান নারী।

**সুলতান গিয়াসউদ্দিন বলবন** (১২৬৬-১২৮৭ খ্রি.) কে 'মহান শাসক' বলা হয়। বিচ্ছিন্নতাবাদ নির্মূল ও শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে সুলতান অত্যন্ত কঠোর ও নির্দয় নীতি গ্রহণ করেন। তাঁর এ নীতি রক্তপাত ও কঠোর নীতি (*Blood and Iron Policy*) নামে খ্যাত। তিনি বিদ্যোৎসাহী ও গুণীজনের পৃষ্ঠপোষক ছিলেন। 'ভারতের তোতা পাখি' (বুলবুলে হিন্দ) নামে পরিচিত আমীর খসরু বলবনের দরবার অলংকৃত করেন।

**আলাউদ্দীন খলজি** (১২৯৬-১৩১৬ খ্রি.) প্রথম মুসলমান শাসক হিসাবে দাক্ষিণাত্য জয় করেন। দাক্ষিণাত্য অভিযানে নেতৃত্ব দেন সুলতানের সেনাপতি মালিক কাফুর। তিনি দক্ষিণ-ভারতের শেষ প্রান্ত পর্যন্ত মুসলিম বিজয় পতাকা উড্ডীন করেন। সুলতান জনগণের সার্বিক কল্যাণের জন্য দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণের উপর হস্তক্ষেপ করেন এবং প্রতিটি দ্রব্যের মূল্য নির্দিষ্ট হারে বেঁধে দেন। সুলতান ফ্রান্সের রাজা চর্তুদশ লুই এর ন্যায় ঘোষণা করেন, "আমিই রাষ্ট্র।"

**মুহম্মদ বিন তুগলক** (১৩২৫-১৩৫১ খ্রি.) রাজ্য শাসনের প্রত্যক্ষ অসুবিধা দূর করার জন্য কেন্দ্রীয় রাজধানী দিল্লি থেকে দেবগিরিতে স্থানান্তর করেন। তিনি সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করে মুদ্রামান নির্ধারণ করে দেন। মুহম্মদ বিন তুগলক কৃষির উন্নয়নের জন্য 'দিওয়ান-ই-কোহী' নামে স্বতন্ত্র কৃষি বিভাগ প্রতিষ্ঠা করেন। এ বিভাগের প্রধান কর্মকর্তা ছিলেন 'আমির কোহী'।

**মাহমুদ শাহ** এর দুর্বলতার সুযোগে ১৩৯৮ সালে তৈমুর ভারত আক্রমণ করে দিল্লি অধিকার করেন। তৈমুর ছিলেন মধ্য এশিয়ার সমরকন্দের অধিপতি। শৈশবে তাঁর একটি পা খোড়া হয়ে যায় বলে তিনি তৈমুর লঙ নামেও অভিহিত। তার পিতার নাম আমির তুরঘাই।

**ইব্রাহীম লোদী** (১৫১৭-১৫২৬ খ্রি.) ছিলেন দিল্লী সালতানাতের সর্বশেষ সুলতান।

## MCQ Solution

**১. ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন-** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]
ⓚ মুহম্মদ বিন কাসিম ⓚ সুলতান মাহমুদ
ⓖ মুহম্মদ ঘুরী ⓖ গিয়াস উদ্দিন আজম শাহ **উত্তর: গ**

**২. কোন শাসক ভারতে মুসলিম শাসন স্থায়ীভাবে প্রতিষ্ঠা করেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ০৪-০৫]
ⓚ মুহম্মদ বিন কাসিম ⓚ মাহমুদ গজনী
ⓖ মুহম্মদ ঘুরী ⓖ কুতুবউদ্দিন আইবেক **উত্তর: ঘ**

**৩. দিল্লি সালতানাতের প্রতিষ্ঠাতা-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০২-০৩]
ⓚ মুহম্মদ বিন কাসিম ⓚ কুতুবউদ্দিন আইবেক
ⓖ ইলতুৎমিশ ⓖ গিয়াসউদ্দিন বলবন **উত্তর: খ**

**৪. ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের সূচনা ঘটে** - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ⓚ খ্রি. একাদশ শতকে ⓚ খ্রি. নবম শতকে
ⓖ খ্রি. ত্রয়োদশ শতকে ⓖ খ্রি. ষোড়শ শতকে **উত্তর: গ**

**৫. দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা-** [রাবি (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ কুতুবউদ্দিন আইবেক ⓚ শামসউদ্দিন ইলতুৎমিশ
ⓖ গিয়াসউদ্দিন বলবন ⓖ আলাউদ্দিন খলজি **উত্তর: খ**

**৬. ভারতে প্রথম মুদ্রা প্রবর্তন করেন-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ লর্ড কর্নওয়ালিস ⓚ শেরশাহ
ⓖ মুহম্মদ বিন তুগলক ⓖ ইলতুৎমিশ **উত্তর: ঘ**

Scanned with CamScanner

৭. সুলতান-ই-আজম উপাধি কে লাভ করেছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-২ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ⓚ কুতুবউদ্দিন আইবেক ⓚ শামসউদ্দিন ইলতুৎমিশ
ⓖ ফিরোজ শাহ তুঘলক ⓖ আলাউদ্দিন খলজি উত্তর: খ

৮. 'মামলুক-ই-দেহলি শাসন' কে প্রতিষ্ঠা করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-২ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ক ইলতুৎমিশ খ কুতুব উদ্দিন আইবেক
গ সুলতান মাহমুদ ঘ আরাম শাহ উত্তর: ক

৯. 'কুতুব মিনার' কোথায় অবস্থিত? [১২তম প্রভাষক নিবন্ধন : ১৫]
ক চীন খ ভারত
গ বাংলাদেশ ঘ বার্মা উত্তর: খ

১০. সুউচ্চ কুতুব মিনারটির নির্মাণ কাজ কার শাসনামলে শেষ হয়? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৯]
ক মুহাম্মদ ঘুরী খ সুলতান শামসউদ্দিন ইলতুৎমিশ
গ বলবন
ঘ সুলতান কুতুবউদ্দিন আইবেক উত্তর: খ

১১. দিল্লির সিংহাসনে অধিষ্ঠিত প্রথম মুসলিম নারী কে? [BIWTA'র সহকারী পরিচালক : ২৩/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক সম্রাজ্ঞী নূরজাহান খ সুলতানা রাজিয়া
গ মমতাজ ঘ যোধা বাঈ উত্তর: খ

১২. দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলমান নারী সুলতানা রাজিয়া কার কন্যা ছিলেন? [BREB'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ক কুতুবউদ্দিন আইবক খ শামসউদ্দিন ইলতুৎমিশ
গ গিয়াসউদ্দিন বলবন ঘ মুহম্মদ বিন তুগলক উত্তর: খ

১৩. গিয়াসউদ্দিন বলবনের শাসনকাল কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক ১২৬৬-৮৭ খ্রি খ ১২৬০-৮০ খ্রি
গ ১২৬০-৮৮ খ্রি ঘ ১২৬৮-৮৮ খ্রি উত্তর: ক

১৪. 'রক্তপাত ও কঠোর নীতি' কার শাসনের বৈশিষ্ট্য ছিল? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ক সুলতানা রাজিয়া খ নাসিরউদ্দিন মাহমুদ
গ গিয়াসউদ্দিন বলবন ঘ আলাউদ্দিন খলজি উত্তর: গ

১৫. 'বুলবুল-ই-হিন্দ' কাকে বলা হয়? [সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক : ০৯/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ক তানসেনকে খ আমীর খসরুকে
গ আবুল ফজলকে ঘ গালিবকে উত্তর: খ

১৬. কোন মুসলমান প্রশাসক প্রথম দক্ষিণ ভারত জয় করেন? [illegible]
ক আলাউদ্দিন খলজি খ শের শাহ
গ আকবর ঘ আওরঙ্গজেব উত্তর: ক

১৭. কোন মুসলিম সেনাপতি সর্বপ্রথম দাক্ষিণাত্য জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক মালিক কাফুর খ বৈরাম খাঁন
গ শায়েস্তা খাঁন ঘ মীর জুমলা উত্তর: ক

১৮. আলাউদ্দিন খলজির প্রধান সেনাপতি কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ক উলুঘ খাঁ খ মালিক কাফুর
গ নসরত খান ঘ জাফর খান উত্তর: খ

১৯. মূল্য ও বাজার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক ইলতুৎমিশ খ বলবন
গ আলাউদ্দিন খলজি ঘ মুহম্মদ বিন তুগলক উত্তর: গ

২০. ফ্রান্সের রাজা চতুর্দশ লুই এর ন্যায় কোন সুলতান ঘোষণা করেন "আমিই রাষ্ট্র"? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক গিয়াসউদ্দিন বলবন খ জালালউদ্দিন খলজি
গ বিন তুগলকা ঘ আলাউদ্দিন খলজি উত্তর: ঘ

২১. দিল্লি থেকে রাজধানী দেবগিরিতে স্থানান্তর করেন কে? [১১তম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা]
ক সম্রাট আকবর খ মুহম্মদ বিন তুগলক
গ সম্রাট জাহাঙ্গীর ঘ সুলতান ইলিয়াস শাহ উত্তর: খ

২২. ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন - [স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র স্টাফ নার্স (বাতিলকৃত) : ১৭]
ক শেরশাহ খ মুহম্মদ বিন তুগলক
গ ইলতুৎমিশ ঘ লর্ড কর্নওয়ালিস উত্তর: খ

২৩. সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৬-১৭]
ক আলাউদ্দিন খলজি খ মাহমুদ শাহ
গ মুহম্মদ বিন তুগলক ঘ ইব্রাহীম লোদী উত্তর: গ

২৪. কোন সুলতান ভারতের কৃষির উন্নতির জন্য 'আমির কোহী' নামে কৃষি বিভাগ তৈরি করেন? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫]
ক মুহম্মদ বিন তুগলক খ আলাউদ্দিন হুসেন শাহ
গ শামসুদ্দীন ফিরোজ শাহ ঘ ইলিয়াস শাহ উত্তর: ক

২৫. তৈমুর লঙের পিতার নাম? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৭-১৮]
ক তুরঘাই খ চাগতাই
গ আবাগা ঘ কাজঘান উত্তর: ক

২৬. তৈমুর লঙ ভারত আক্রমণ করেন- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (তলিয়া) : ১২]
ক ১৬৯৮ সালে খ ১৫৯৮ সালে
গ ১৩৯৮ সালে ঘ ১২৯৮ সালে উত্তর: গ

## পানিপথের যুদ্ধ

পানিপথ দিল্লি থেকে ৯০ কি.মি. উত্তরে যমুনা নদীর তীরে অবস্থিত। এ স্থানে তিনটি গুরুত্বপূর্ণ যুদ্ধ হয়। যথা-

*প্রথম যুদ্ধ (১৫২৬ খ্রি.)* : বাবর ইব্রাহীম লোদীকে পরাজিত করেন। দিল্লির সালতানাতের পতন হয় এবং ভারতে মুগল সাম্রাজ্যের গোড়াপত্তন হয়। যুদ্ধে ভারতের ইতিহাসে প্রথম কামান ব্যবহৃত হয়।

Scanned with CamScanner

**দ্বিতীয় যুদ্ধ (১৫৫৬ খ্রি.)** : আকবর আফগান নেতা হিমুকে পরাজিত করে দিল্লি জয় করেন।

**তৃতীয় যুদ্ধ (১৭৬১ খ্রি.)** : আহমদ শাহ আবদালি মারাঠাদিগকে পরাজিত করে। মারাঠা শাসকদের উপাধি ছিল পেশোয়া।

## মুগল সাম্রাজ্য (১৫২৬ - ১৮৫৭ খ্রি.)

**জহির উদ্দিন মুহম্মদ বাবর (১৫২৬-১৫৩০ খ্রি.)** সাহসিকতা ও নির্ভীকতার জন্য ইতিহাসে 'বাবর' নামে প্রসিদ্ধি লাভ করেন। 'বাবর' ফার্সি শব্দ - এর অর্থ বাঘ (মতান্তরে বাবর তুর্কি শব্দ যার অর্থ সিংহ)। অধুনা উজবেকিস্তানের অন্তর্গত ফারগানায় বাবরের জন্ম। তাঁর সমাধি রয়েছে আফগানিস্তানের কাবুলে। তুর্কি ভাষায় রচিত বাবরের আত্মজীবনীমূলক গ্রন্থ 'তুযুক-ই-বাবুরী' (বাবুরনামা) সাহিত্য ও সমকালীন ইতিহাসের এক অমূল্য সম্পদ।

**বাবরি মসজিদ**



| | |
|---|---|
| নির্মাণকাল | : ১৫২৮-২৯ খ্রিষ্টাব্দ |
| নির্মাতা | : সম্রাট বাবর |
| অবস্থান | : অযোধ্যা, উত্তর প্রদেশ, ভারত। |
| ধ্বংস | : ৬ ডিসেম্বর, ১৯৯২। উগ্রবাদী হিন্দুগোষ্ঠী কর্তৃক |

**নাসির উদ্দিন মুহম্মদ হুমায়ুন (১৫৩০-১৫৫৬ খ্রি.)** বাবরের মৃত্যুর পর দিল্লির সিংহাসনে আরোহণ করেন। ১৫৫৬ সালে দিল্লির অদূরে তাঁর নির্মিত দীন পানাহ দুর্গের পাঠাগারের সিঁড়ি থেকে পড়ে গিয়ে তাঁর মৃত্যু হয়।

**এক নজরে মুগল শাসকদের ক্রম**

জহির উদ্দিন মুহাম্মদ বাবর (মুগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা)
↓
হুমায়ুন
↓
আকবর
↓
জাহাঙ্গীর
↓
শাহজাহান
↓
আওরঙ্গজেব
⋮
↓
দ্বিতীয় বাহাদুর শাহ (সর্বশেষ মুগল সম্রাট)

**জালাল উদ্দিন আকবর (১৫৫৬ - ১৬০৫ খ্রি.)** মাত্র ১৩ বছর বয়সে দিল্লির সিংহাসনে আরোহণ করেন। তাঁর রাজত্বকালে মুগল সাম্রাজ্য সর্বাধিক বিস্তার লাভ করে। সম্রাট বিশাল এ সাম্রাজ্যকে সুষ্ঠু পরিচালনার জন্য ১৫টি সুবা বা প্রদেশে বিভক্ত করেন। তিনি রাজপুত ও হিন্দুদের বন্ধুত্ব অর্জন করার জন্য তীর্থ ও জিজিয়া কর রহিত করেন। অমুসলমানদের উপর ধার্য সামরিক করকে জিজিয়া কর বলে। তিনি রাজপুত কন্যা যোধাবাঈকে বিবাহ করেন। তিনি ছিলেন সমন্বয়বাদী চিন্তার ধারক-বাহক। ১৫৮২ খ্রিষ্টাব্দে সকল ধর্মের সার সম্বলিত 'দীন-ই-ইলাহী' নামক নতুন একেশ্বরবাদী ধর্মমত প্রবর্তন করেন। কিন্তু ধর্মমতটি জনপ্রিয়তা অর্জন করতে পারেনি। মাত্র ১৮ জন লোক এই ধর্মমত গ্রহণ করেছিল। সম্রাট আকবর মনসবদারী প্রথা চালু করেন। সম্রাটের রাজসভার সদস্যদের মধ্যে আবুল ফজল, ফৈজী, টোডরমল, বীরবল, মানসিংহ প্রভৃতি ব্যক্তিবর্গের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। রাজস্ব মন্ত্রী টোডরমল রাজস্ব ক্ষেত্রে সংস্কারের জন্য ইতিহাসে অমর হয়ে আছেন। টোডরমল এদেশের সরকারি কাজে ফারসি ভাষা চালু করেন। ফার্সির অনুকরণে এদেশে গজল ও সুফী সাহিত্যের সৃষ্টি হয়। আকবরের রাজসভার গায়ক ছিলেন তানসেন (প্রকৃত নাম রামতনু পাণ্ডে)। স্থাপত্য শিল্পেও সম্রাট আকবরের অবদান অনস্বীকার্য। ফতেহপুর সিক্রি নগরীর পত্তন এবং আগ্রার দুর্গ আকবরের অমর কীর্তি। তাঁর পৌত্র সম্রাট শাহজাহানের আমলে আগ্রা দুর্গ তার বর্তমান রূপ লাভ করে। আগ্রার সেকেন্দ্রায় তাঁকে সমাহিত করা হয়।

**সেলিম নূর উদ্দিন মুহম্মদ জাহাঙ্গীর (১৬০৫-১৬২৭ খ্রি.)** এর সাথে নূরজাহানের বিবাহ মুগল সাম্রাজ্যের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। নূরজাহানের বাল্য নাম ছিল মেহেরুন্নিসা। সম্রাট জাহাঙ্গীরের সমাধি লাহোরে অবস্থিত। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'তুজুক-ই-জাহাঙ্গীরী'।

**শাহজাহান ওরফে খুররম (১৬২৮ - ১৬৫৮ খ্রি.)** কে Prince of Builders বলা হয়। তিনি তাঁর স্ত্রী মমতাজকে প্রাণাধিক ভালবাসতেন। মমতাজ মহলের গর্ভে ৪ পুত্র (জ্যেষ্ঠতার ক্রমানুসারে : দারা, সুজা, আওরঙ্গজেব ও মুরাদ) এবং ২ কন্যা (জাহান আরা ও রওশন আরা) জন্মগ্রহণ করেন।

**তাজমহল**



| | |
|---|---|
| অবস্থান | : ভারতের উত্তর প্রদেশে আগ্রার যমুনা নদীর তীরে। |
| নির্মাণকাল | : ১৬৩২-১৬৫৩ খ্রিষ্টাব্দ; (সপ্তদশ শতাব্দী) |
| স্থপতি | : ওস্তাদ আহমদ লাহুরি। তিনি ওস্তাদ ঈসা খান নামেও পরিচিত। |

Scanned with CamScanner

১৬৩১ খ্রিষ্টাব্দে সম্রাজ্ঞীর মৃত্যু হলে শোকাহত সম্রাট নির্মাণ করেন পত্নীপ্রেমের অক্ষয়কীর্তি তাজমহল। মণি মুক্তা খচিত স্বর্ণমণ্ডিত 'ময়ূর সিংহাসন' সম্রাট শাহজাহানের অমর সৃষ্টি। সম্রাটের মুকুটে অপূর্ব 'কোহিনুর' হীরা শোভা বর্ধন করত। আগ্রার দুর্গের মতি মসজিদ, শীশ মহল, মুসাম্মাম বুর্জ, দিল্লীর শাহী জামে মসজিদ তাঁর স্থাপত্য শিল্পের অনন্য কীর্তি।

**আওরঙ্গজেব** (১৬৫৮-১৭০৭ খ্রি.) উত্তরাধিকার সংগ্রামের মাধ্যমে প্রতিদ্বন্দ্বী ভাইদের পরাজিত করে 'আলমগীর বাদশাহ গাজী' উপাধি ধারণ করে রাজমুকুট গ্রহণ করেন। ভ্রাতৃযুদ্ধে জাহান আরা দারার পক্ষ এবং রওশন আরা আওরঙ্গজেবের পক্ষাবলম্বন করে। শাহজাদা দারা শিকোহ্ ছিলেন সংস্কৃত উপনিষদের প্রথম ফারসি অনুবাদক। আওরঙ্গজেবের শাসনামলে বাংলার সুবাদার মীর জুমলা ১৬৬১ খ্রিষ্টাব্দে বিনাযুদ্ধে কুচবিহার মুগল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। এ সময় কুচবিহারের নাম রাখা হয়েছিল 'আলমগীরনগর'। সম্রাট আওরঙ্গজেবের নির্দেশে 'ফতোয়া-ই-আলমগীরী' নামে একটি আইন সংকলন প্রণীত হয়। ছত্রপতি শিবাজীর নেতৃত্বে মারাঠারা বেশ শক্তিশালী হয়ে ওঠেছিল, যা দক্ষিণ ভারতে মুগলদের জন্য ছিল চরম হুমকি। মারাঠাদের উত্থান রোধ করার জন্য আওরঙ্গজেব দক্ষিণাত্য নীতি গ্রহণ করেছিলেন। সম্রাট অতিশয় ধর্মপ্রাণ মুসলমান ছিলেন। এজন্য তাঁকে 'জিন্দাপীর' বলা হয়।

**মুহম্মদ শাহ** (১৭১৯-১৭৪৮ খ্রি.) এর শাসনামলে পারস্যের নাদির শাহ ভারত আক্রমণ (১৭৩৯ খ্রিষ্টাব্দে) করেন। নাদির শাহ ভারত হতে মহামূল্যবান কোহিনুর হীরা, ময়ূর সিংহাসন এবং প্রচুর ধনরত্ন পারস্যে নিয়ে যান।

**দ্বিতীয় বাহাদুর শাহ জাফর** (১৮৩৭-১৮৫৭ খ্রি.) ছিলেন শেষ মুগল সম্রাট। সিপাহি বিদ্রোহের পর ১৮৫৮ খ্রিষ্টাব্দে তাঁকে রেঙ্গুনে (বর্তমান ইয়াঙ্গুনে) নির্বাসন দেওয়া হয়। ১৮৬২ সালে রেঙ্গুনে নির্বাসিত অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। রেঙ্গুনেই তাঁকে সমাহিত করা হয়।

## MCQ Solution

১. **কোন যুদ্ধের মাধ্যমে ভারতের মুগল সাম্রাজ্যের পত্তন ঘটেছিল?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৯-১০]
ⓚ পানিপথের প্রথম যুদ্ধ ⓚ পানিপথের দ্বিতীয় যুদ্ধ
ⓖ দ্বিতীয় তরাইনের যুদ্ধ ⓖ পানিপথের তৃতীয় যুদ্ধ **উত্তর: ক**

২. **প্রথম পানিপথের যুদ্ধ কখন হয়?** [জাককানইবি (ডি ইউনিট) : ১৯-২০]
ⓚ ১৫৫৬ খ্রিষ্টাব্দে ⓚ ১৬২১ খ্রিষ্টাব্দে
ⓖ ১৫২৬ খ্রিষ্টাব্দে ⓖ ১৫৩৬ খ্রিষ্টাব্দে **উত্তর: গ**

৩. **কোন খ্রিষ্টাব্দে দিল্লির সুলতানি শাসনের অবসান হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় পর্যায়) : ১৯]
ⓚ ১৫২৬ ⓚ ১৫২৪
ⓖ ১৫২৭ ⓖ ১৫২৩ **উত্তর: ক**

৪. **বাবর দিল্লির সিংহাসন অধিকার করেন** – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ⓚ ১৫২২ সালে ⓚ ১৫২৪ সালে
ⓖ ১৫২৮ সালে ⓖ ১৫২৬ সালে **উত্তর: ঘ**

৫. **১৫২৬ খ্রিষ্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধে বাবর কাকে পরাজিত করেন?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ রানা প্রতাপ সিংহ ⓚ ইব্রাহিম লোদী
ⓖ শিবাজি ⓖ বৈরাম খাঁ **উত্তর: খ**

৬. **ভারতের কোন যুদ্ধে প্রথম কামানের ব্যবহার হয়?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৩-০৪]
ⓚ পলাশীর যুদ্ধে ⓚ চৌসারের যুদ্ধে
ⓖ পানিপথের প্রথম যুদ্ধে ⓖ পানিপথের দ্বিতীয় যুদ্ধে **উত্তর: গ**

৭. **পানিপথ অবস্থিত-** [সাব-রেজিস্ট্রার : ০১]
ⓚ মুলতানের অদূরে ⓚ পেশোয়ারের অদূরে
ⓖ দিল্লির অদূরে ⓖ কাবুলের অদূরে **উত্তর: গ**

৮. **পানিপথের যুদ্ধ হয়েছিল কোন নদীর তীরে?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (গ-ইউনিট) : ১৪-১৫]
ⓚ মেঘনা ⓚ গঙ্গা
ⓖ যমুনা ⓖ সিন্ধু **উত্তর: গ**

৯. **পানিপথের দ্বিতীয় যুদ্ধ কোন সালে সংঘটিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ⓚ ১৫২৬ ⓚ ১৫২৫
ⓖ ১৫৫৬ ⓖ ১৭৬৩ **উত্তর: গ**

১০. **পানিপথের দ্বিতীয় যুদ্ধ কার কার মধ্যে সংঘটিত হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ⓚ বাবর ও ইব্রাহিম লোদী ⓚ হুমায়ুন ও শেরশাহ
ⓖ আকবর ও হিমু ⓖ আকবর ও দাউদ খান **উত্তর: গ**

১১. **কোন যুদ্ধে আকবর দিল্লি জয় করেন?** [রাবি (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ পানিপথের প্রথম যুদ্ধ ⓚ পানিপথের দ্বিতীয় যুদ্ধ
ⓖ খনুয়ার যুদ্ধ ⓖ হলদিঘাটের যুদ্ধ **উত্তর: খ**

১২. **পানিপথের তৃতীয় যুদ্ধ হয়** – [জাতীয় রাজস্ব বোর্ড এর অফিস সহায়ক : ২৫]
ⓚ ১৫২৬ সালে ⓚ ১৫৫৬ সালে
ⓖ ১৭৬১ সালে ⓖ ১৭৬৫ সালে **উত্তর: গ**

১৩. **তৃতীয় পানিপথের যুদ্ধে কে কাকে পরাজিত করে?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার : ০০]
ⓚ আকবর হিমুকে ⓚ বাবর ইব্রাহিম লোদীকে
ⓖ আকবর রানা প্রতাপকে
ⓖ আহমদ শাহ আবদালি মারাঠাদিগকে **উত্তর: ঘ**

১৪. **মারাঠা শাসকের উপাধি ছিল-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৮-০৯]
ⓚ রাজা ⓚ পেশোয়া
ⓖ সম্রাট ⓖ বাদশাহ **উত্তর: খ**

১৫. **ভারতবর্ষে মুগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে?** [বাউবি বিএড ভর্তি : ২৫/ ডেসকোর অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার : ১৯]
ⓚ বাবর ⓚ আকবর
ⓖ সেলিম ⓖ শেরশাহ **উত্তর: ক**

Scanned with CamScanner

১৬. মুগল শাসনামলের কোন ক্রমটি ঠিক আছে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ বাবর-হুমায়ুন-জাহাঙ্গীর-আকবর
ⓚ বাবর-জাহাঙ্গীর-হুমায়ুন-শাহজাহান
ⓖ বাবর-হুমায়ুন-আকবর-জাহাঙ্গীর
ⓖ বাবর-আকবর-জাহাঙ্গীর-শাহজাহান **উত্তর: গ**

১৭. সম্রাট শাহজাহান মুগল বংশের কততম শাসক? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ তৃতীয় ⓚ চতুর্থ
ⓖ পঞ্চম ⓖ ষষ্ঠ **উত্তর: গ**

১৮. মুগল সম্রাট আকবরের পিতামহ কে ছিলেন? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ বাবর ⓚ হুমায়ুন
ⓖ বৈরাম খাঁ ⓖ জাহাঙ্গীর **উত্তর: ক**

১৯. মুগল সম্রাট বাবরের পুরো নাম কি? [DIP'র সহকারী পরিচালক : ১১]
ⓚ তৈমুর লং ⓚ জহিরউদ্দীন
ⓖ জালালউদ্দীন ⓖ সামসুদ্দীন **উত্তর: খ**

২০. 'বাবর' শব্দের অর্থ কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ৩ ইউনিট) : ১২-১৩]
ⓚ বাবড়ী চুল ⓚ বাঘ
ⓖ সিংহ ⓖ সাহসী **উত্তর: খ**

২১. সম্রাট বাবরের পিতৃরাজ্যের নাম ছিল- [রাবি (এ৩ ইউনিট) : ১২-১৩]
ⓚ সমরখন্দ ⓚ কাশ্মীর
ⓖ বোখারা ⓖ ফারগানা **উত্তর: ঘ**

২২. কাবুলে কোন সম্রাটের সমাধিস্থল? [হাবিপ্রবি (সি ইউনিট) : ২৪-২৫]
ⓚ বাবর ⓚ হুমায়ুন
ⓖ আকবর ⓖ জাহাঙ্গীর **উত্তর: ক**

২৩. নিম্নের মুগল সম্রাটদের মধ্যে কে প্রথম আত্মজীবনী লিখেছিলেন? [৩৮তম বিসিএস/ CAAB'র উচ্চমান হিসাব সহকারী : ২৩]
ⓚ আকবর ⓚ বাবর
ⓖ শাহজাহান ⓖ হুমায়ুন **উত্তর: খ**

২৪. 'তুযুক ই-বাবুরী' গ্রন্থটি কোন ভাষায় রচিত? [রাবি (এ৩ ইউনিট) : ১০-১১]
ⓚ ফার্সি ⓚ তুর্কি
ⓖ আরবি ⓖ উর্দু **উত্তর: খ**

২৫. বাবরি মসজিদ ভারতবর্ষের কোন শহরে অবস্থিত ছিল? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০০]
ⓚ দিল্লি ⓚ বোম্বাই
ⓖ অযোধ্যা ⓖ পাটনা **উত্তর: গ**

২৬. ঐতিহাসিক বাবরি মসজিদ ভারতের কোন প্রদেশের অন্তর্ভুক্ত ছিল? [দুদক এর উপসহকারী পরিচালক : ১০]
ⓚ অন্ধ্র ⓚ হরিয়ানা
ⓖ রাজস্থান ⓖ উত্তর প্রদেশ **উত্তর: ঘ**

২৭. কোন তারিখে বাবরি মসজিদ ধ্বংস করা হয়? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]
ⓚ ১৪ আগস্ট, ১৯৯০ ⓚ ১৭ নভেম্বর, ১৯৯১
ⓖ ৭ মার্চ, ১৯৯২ ⓖ ৬ ডিসেম্বর, ১৯৯২ **উত্তর: ঘ**

২৮. গ্রন্থাগারের সিঁড়ি থেকে পড়ে মৃত্যুবরণ করেন- [জাহাঙ্গীরন বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৭-১৮]
ⓚ সম্রাট বাবর ⓚ সম্রাট হুমায়ুন
ⓖ সম্রাট শাহজাহান ⓖ সম্রাট আওরঙ্গজেব **উত্তর: খ**

২৯. আকবর দিল্লির সিংহাসনে বসার সময় তার বয়স ছি- [গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]
ⓚ ১৭ বছর ⓚ ১৬ বছর
ⓖ ১৩ বছর ⓖ ১৪ বছর **উত্তর: গ**

৩০. কোন মুগল সম্রাটের সময় সাম্রাজ্যের সর্বাপেক্ষা বেশি বিস্তার ঘটে? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৩- ০৪]
ⓚ বাবর ⓚ আকবর
ⓖ আওরঙ্গজেব ⓖ শাহজাহান **উত্তর: খ**

৩১. সুশৃঙ্খলভাবে পরিচালনা করার জন্য সম্রাট আকবর সাম্রাজ্যকে কতটি প্রদেশে ভাগ করেন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২০-২১]
ⓚ ১৮টি ⓚ ২০টি
ⓖ ১২টি ⓖ ১৫টি **উত্তর: ঘ**

৩২. '*Din-i-Ilahi*' was the name of a- [Al-Arafah Islami Bank Ltd. MTO : 11]
ⓐ Mosque (মসজিদ) ⓑ Cottage (কুটির)
ⓒ Saint (দরবেশ) ⓓ Religion (ধর্ম) **Ans. d**

৩৩. 'দীন-ই-ইলাহী' প্রবর্তন করেন- [IBBL'র ফিল্ড অফিসার : ২২/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৫-১৬]
ⓚ সম্রাট জাহাঙ্গীর ⓚ সম্রাট শাহজাহান
ⓖ সম্রাট আকবর ⓖ সম্রাট আওরঙ্গজেব **উত্তর: গ**

৩৪. আকবরের প্রচারিত ধর্মের অনুসারী ছিল- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১২-১৩]
ⓚ ১১ জন ⓚ ১৭ জন
ⓖ ১৮ জন ⓖ কোনোটিই নয় **উত্তর: গ**

৩৫. ভারতবর্ষের কোন মুগল সম্রাট সমন্বয়বাদী চিন্তার ধারক-বাহক ছিলেন? [জাবি (আই ইউনিট) : ২০-২১]
ⓚ সম্রাট বাবর ⓚ সম্রাট হুমায়ুন
ⓖ সম্রাট আকবর ⓖ সম্রাট আওরঙ্গজেব **উত্তর: গ**

৩৬. টোডরমলের নাম কোন সংস্কারের সঙ্গে জড়িত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ⓚ ধর্মীয় ⓚ সামরিক
ⓖ রাজস্ব ⓖ সামাজিক **উত্তর: গ**

৩৭. সম্রাট আকবরের ভূমি ব্যবস্থাপনার কৃতিত্বের স্বাক্ষর রাখেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ১ ইউনিট) : ১১-১২]
ⓚ আবদুল মজিদ ⓚ টোডরমল
ⓖ শাহবাজ খান ⓖ আবদুর রহমান **উত্তর: খ**

৩৮. টোডরমল কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ⓚ আকবরের ধর্মমন্ত্রী ⓚ আকবরের অর্থমন্ত্রী
ⓖ আকবরের পরিকল্পনা মন্ত্রী
ⓖ আকবরের সমরমন্ত্রী **উত্তর: খ**

Scanned with CamScanner

৩৯. **Which of the following was the official court language during Akbar's reign?** [Premier Bank Ltd. MTO: 12]
ⓐ Arabic ⓑ Persian
ⓒ Urdu ⓓ Turki **Ans. b**

৪০. **এ দেশের সরকারি কাজে 'ফারসি' ভাষা চালু করেন কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]
ক হুসেন শাহ খ সম্রাট জাহাঙ্গীর
গ রাজা টোডরমল ঘ ইংরেজরা **উত্তর: গ**

৪১. **ভারতবর্ষে মুসলিম শাসনামলে রাজভাষা ছিল-** [গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিশ কেন্দ্র ব্যবস্থাপক : ২৫/ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর : ১৯]
ক বাংলা খ সংস্কৃত
গ আরবি ঘ ফারসি **উত্তর: ঘ**

৪২. **কোন আমলে বাংলা গজল ও সুফি সাহিত্য সৃষ্টি হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ক ইলিয়াস শাহী খ হুসেন শাহী
গ সুলতানি ঘ মুগল **উত্তর: ঘ**

৪৩. **'জিজিয়া' ছিল-** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট-১) : ১২-১৩]
ক বাণিজ্য কর খ উৎসব কর
গ অমুসলমানদের উপর ধার্য ভূমি কর
ঘ অমুসলমানদের উপর ধার্য সামরিক কর **উত্তর: ঘ**

৪৪. **কোন মুগল সম্রাট 'জিজিয়া কর' রহিত করেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
ক হুমায়ুন খ আকবর
গ শাহজাহান ঘ আওরঙ্গজেব **উত্তর: খ**

৪৫. **তানসেন কোন সম্রাটের সভা গায়ক ছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ ২) : ১৮-১৯]
ক সম্রাট আকবর খ সম্রাট জাহাঙ্গীর
গ সম্রাট শাহজাহান ঘ সম্রাট আওরঙ্গজেব **উত্তর: ক**

৪৬. **তানসেন এর অপর নাম কি?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১২-১৩]
ক হরিদাশ স্বামী খ রামতনু পাণ্ডে
গ বিষ্ণু গোবিন্দ যোগ ঘ হেমেন্দ্রে লাল সেন **উত্তর: খ**

৪৭. **সম্রাট আকবরের সমাধি কোথায়?** [ঢাকা বিশ্ব: (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক সেকান্দ্রা খ আগ্রা
গ অমরকোট ঘ ফতেহপুর সিকরী **উত্তর: ক**

৪৮. **ফতেহপুর সিক্রি কোন মুগল শাসকের আমলে নির্মিত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৮-১৯]
ক শাহজাহান খ হুমায়ুন
গ আকবর ঘ জাহাঙ্গীর **উত্তর: গ**

৪৯. **সম্রাজ্ঞী নূরজাহানের প্রকৃত নাম -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ক হামিদা বানু খ মেহেরুন্নিসা
গ আরজুমান্দ বানু ঘ জাহানারা **উত্তর: খ**

৫০. **মুগল সম্রাট জাহাঙ্গীরের সমাধি কোথায়?** [জবি (সি ইউনিট) : ১৬-১৭]
ক দিল্লিতে খ আগ্রায়
গ লাহোরে ঘ পাঞ্জাবে **উত্তর: গ**

৫১. **'তাজমহল'-কে প্রতিষ্ঠা করেছেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২৪-২৫/ MOEF'র অফিস সহায়ক : ২১]
ক আকবর খ জাহাঙ্গীর
গ শাহজাহান ঘ আওরঙ্গজেব **উত্তর: গ**

৫২. **Who was the architect of Tajmahal?** [ICB Officer : 11]
ⓐ Mrinal Huq ⓑ Master Isha khan
ⓒ Louis Khan ⓓ Stephn Johnson **Ans. b**

৫৩. **তাজমহল ভারতের কোন প্রদেশে অবস্থিত?** [বাংলাদেশ সুপ্রিম কোর্ট এর ডেটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর : ২৩]
**উত্তর:** উত্তর প্রদেশ।

৫৪. **পৃথিবী বিখ্যাত তাজমহল কোন নদীর তীরে অবস্থিত?** [বাউবি বিএড ভর্তি : ২৫/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ ইউনিট : চারুকলা) : ১৮-১৯]
ক পদ্মা খ গঙ্গা
গ যমুনা ঘ ভাগিরথী **উত্তর: গ**

৫৫. **তাজমহল কোন শতাব্দীতে তৈরি হয়েছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট জোড়) : ১৩-১৪]
ক ষোড়শ খ সপ্তদশ
গ অষ্টাদশ ঘ উনবিংশ **উত্তর: খ**

৫৬. **যে মহিলার সমাধির উপর তাজমহল নির্মিত–** [পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক নূরজাহান খ ঘসেটি বেগম
গ মমতাজ ঘ জেবুন্নেসা **উত্তর: গ**

৫৭. **'ময়ূর সিংহাসন' এর নির্মাতা -** [IBBL'র ফিল্ড অফিসার : ২২]
ক আকবর খ শাহজাহান
গ হুমায়ুন ঘ আওরঙ্গজেব **উত্তর: খ**

৫৮. **আগ্রার দুর্গের নির্মাতা কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হেমন্ত) : ১০]
ক সম্রাট শাহজাহান খ সম্রাট হুমায়ুন
গ সম্রাট আওরঙ্গজেব ঘ সম্রাট জাহাঙ্গীর **উত্তর: ক**

৫৯. **'Sheesh Mahal' was built by –** [সমন্বিত ৯ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এর অফিসার (সাধারণ) : ২৩]
ক Shah Jahan খ Aurangzeb
গ Akbar ঘ Sher Shah Suri **উত্তর: ক**

৬০. **দিল্লীর শাহী মসজিদ কোন মুগল সম্রাট নির্মাণ করেন?** [ট্যাকসেস্ আপীলাত ট্রাইবুনাল এর অফিস সহায়ক : ২৩]
**উত্তর:** সম্রাট শাহজাহান।

৬১. **কে বাদশাহ আলমগীরের ভাই ছিলেন না?** [চবি (খ ইউনিট) : ০৩-০৪]
ক সুজা খ মুরাদ
গ শেরশাহ ঘ দারা **উত্তর: গ**

৬২. **শাহজাহানের কনিষ্ঠ পুত্র-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ক দারা খ মুরাদ
গ সুজা ঘ আওরঙ্গজেব **উত্তর: খ**

Scanned with CamScanner

৬৩. **শাহজাহানের কন্যা জাহান আরা কোন ভ্রাতাকে সমর্থন করেছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৮-০৯]
ⓚ মুরাদ ⓚ সুজা
ⓖ দারা ⓖ আওরঙ্গজেব **উত্তর: গ**

৬৪. **সংস্কৃত উপনিষদের প্রথম ফারসি অনুবাদক কে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ) ইউনিট) : ১৪-১৫]
ⓚ হাফিজ ⓚ আওরঙ্গজেব
ⓖ সৈয়দ সুলতান ⓖ দারাশিকোহ্ **উত্তর: ঘ**

৬৫. **ভারতের যে সম্রাটকে 'আলমগীর' বলা হতো-** [পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ⓚ শাহজাহান ⓚ বাবর
ⓖ বাহাদুর শাহ ⓖ আওরঙ্গজেব **উত্তর: ঘ**

৬৬. **ফতোয়া-ই- আলমগীরী কোন মোগল সম্রাট সম্পর্কীয়?** [রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) : ০৬]
ⓚ সম্রাট বাবর ⓚ সম্রাট আকবর
ⓖ সম্রাট জাহাঙ্গীর ⓖ সম্রাট আওরঙ্গজেব **উত্তর: ঘ**

৬৭. **কার পৃষ্ঠপোষকতায় রচিত হয় 'ফতোয়া-ই-আলমগীরী'?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ⓚ সম্রাট আকবর ⓚ খাজা আব্দুস সামাদ
ⓖ সম্রাট আওরঙ্গজেব ⓖ আবুল ফজল **উত্তর: গ**

৬৮. **আলমগীরনগর কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল?** [জাবি (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]
ⓚ পাণ্ডুয়া ⓚ বিহার
ⓖ লক্ষ্মণাবতী ⓖ কুচবিহার **উত্তর: ঘ**

৬৯. **ছত্রপতি নামে কে বিখ্যাত?** [IBBPLC'র ফিল্ড অফিসার : ২৪]
ⓚ অশোক ⓚ হর্ষবর্ধন
ⓖ শিবাজী ⓖ কোনোটিই নয় **উত্তর: গ**

৭০. **মুগল সম্রাটদের মধ্যে সর্বাধিক ধর্মপরায়ণ ও খোদাভীরু -** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০২-০৩]
ⓚ সম্রাট আকবর ⓚ সম্রাট শাহজাহান
ⓖ সম্রাট আওরঙ্গজেব ⓖ সম্রাট হুমায়ুন **উত্তর: গ**

৭১. **কোন মুগল সম্রাটকে 'জিন্দাপীর' বলা হয়?** [ঢাবি (বি-ইউনিট) : ০৩-০৪]
ⓚ আকবর ⓚ শেরশাহ
ⓖ শাহজাহান ⓖ আওরঙ্গজেব **উত্তর: ঘ**

৭২. **নাদির শাহ ভারত আক্রমণ করেন যে শাসকের সময় -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ⓚ মুহম্মদ শাহ ⓚ বাহাদুর শাহ
ⓖ ফররুখ শিয়ার ⓖ দ্বিতীয় আকবর **উত্তর: ক**

৭৩. **নাদির শাহ ভারত আক্রমণ করেছিলেন কোন সালে?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক : ৯০]
ⓚ ১৭৬১ ⓚ ১৭৯৩
ⓖ ১৭৩৯ ⓖ ১৭৬০ **উত্তর: গ**

৭৪. **যে বিদেশি রাজা ভারতের কোহিনুর মণি ও ময়ূর সিংহাসন লুট করেন-** [বরিশাল বিশ্ব: (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ আহমদ শাহ আবদালি ⓚ নাদির শাহ
ⓖ দ্বিতীয় শাহ আব্বাস ⓖ সুলতান মাহমুদ **উত্তর: খ**

৭৫. **শেষ মুগল সম্রাটের নাম কি?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান : ২০]

*Or;*

**Who was the last emperor of Mughal Reign?** [PKSF Assistant Manager : 14]
ⓚ আওরঙ্গজেব ⓚ দ্বিতীয় শাহ আলম
ⓖ দ্বিতীয় আকবর ⓖ দ্বিতীয় বাহাদুর শাহ **উত্তর: ঘ**

৭৬. **দ্বিতীয় বাহাদুর শাহকে নির্বাসিত করা হয়-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ গোয়ায় ⓚ আন্দামানে
ⓖ থাইল্যান্ডে ⓖ রেঙ্গুনে **উত্তর: ঘ**

৭৭. **শেষ মুগল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?** [কর অঞ্চল রাজশাহী এর উচ্চমান সহকারী : ২৩/ CAAB'র এরোড্রোম ফায়ার লীডার : ২১]
ⓚ দিল্লি ⓚ আগ্রা
ⓖ ইয়াঙ্গুন ⓖ লাহোর **উত্তর: গ**

## শূর শাসন (১৫৪০ - ১৫৫৫ খ্রি.)

**শেরশাহ** ১৫৪০ সালে কনৌজের নিকট বিলগ্রামের যুদ্ধে হুমায়ুনকে পরাজিত করে দিল্লি অধিকার করেন। ফলে উপমহাদেশে আফগান সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। তিনি বাংলাদেশের সোনারগাঁও থেকে লাহোর পর্যন্ত দীর্ঘ একটি মহাসড়ক 'সড়ক ই আজম' নির্মাণ করেন। পরবর্তীতে ইংরেজগণ এ রাস্তা সংস্কার করে নাম দেয় 'গ্রান্ড ট্রাঙ্ক রোড'। ভূমি রাজস্ব ব্যবস্থা (Land Revenue System) এর সংস্কার শেরশাহের অমর কীর্তি। শেরশাহ কবুলিয়ত ও পাট্টার প্রচলন করেন। কৃষকগণ তাদের অধিকার ও দায়িত্ব বর্ণনা করে সরকারকে কবুলিয়ত নামে দলিল সম্পাদন করে দিত আর সরকারের পক্ষ থেকে জমির উপর জনগণের স্বত্ব স্বীকার করে নিয়ে পাট্টা দেওয়া হতো। শেরশাহ ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম ডাক ব্যবস্থা চালু করেন। ডাক ব্যবস্থার উন্নতির জন্য তিনি ঘোড়ার মাধ্যমে ডাক আনা নেওয়ার ব্যবস্থা করেন। শেরশাহের সমাধিসৌধ ভারতের বিহার রাজ্যের সাসারামে অবস্থিত।




### MCQ Solution

১. **ভারত উপমহাদেশের ডাক ব্যবস্থার প্রবর্তক কে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৬]
ⓚ শেরশাহ ⓚ সম্রাট আকবর
ⓖ লর্ড ক্লাইভ ⓖ সম্রাট বাবর **উত্তর: ক**

Scanned with CamScanner

২. ভারতবর্ষে (বাংলাদেশে) ঘোড়ার ডাকের প্রচলন করেন কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ⓚ অশোক ⓚ শেরশাহ
ⓖ আকবর ⓖ মুহম্মদ বিন তুগলক উত্তর: খ

৩. 'গ্রান্ড ট্রাঙ্ক রোড' এর নির্মাতা- [প্রাথমিক সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]
ⓚ বাবর ⓚ আকবর
ⓖ শাহজাহান ⓖ শেরশাহ উত্তর: ঘ

৪. বিখ্যাত 'গ্রান্ড ট্রাঙ্ক' রোডটি বাংলাদেশের কোন অঞ্চল থেকে শুরু হয়েছে? [রাবি (এ) ইউনিট : ১১-১২]
ⓚ কুমিল্লা জেলার দাউদকান্দি
ⓚ ঢাকা জেলার বারিধারা
ⓖ যশোর জেলার ঝিকরগাছ
ⓖ নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উত্তর: ঘ

৫. Among which of the following options, Sher Shah was well-known? [Bangladesh House Building & Finace Corporation (Officer) : 17]
ⓐ War techniques ⓑ Market control
ⓒ Land Revenue System
ⓓ Mansadadri System Ans. c

৬. কবুলিয়ত ও পাট্টা প্রথার প্রবর্তক- [রাবি (এ ইউনিট - বিজোড়) : ১৬-১৭]
ⓚ বাবর ⓚ হুমায়ুন
ⓖ শেরশাহ ⓖ আকবর উত্তর: গ

৭. নিচের কোন ব্যক্তি মুগল সম্রাট নয়? [BREB'র কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী : ২৩]
ⓚ আকবর ⓚ বাহাদুর শাহ
ⓖ শাহজাহান ⓖ শের শাহ উত্তর: ঘ

৮. শেরশাহ শূরের সমাধিসৌধ কোথায় অবস্থিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৮) : ১৬-১৭]
ⓚ জৌনপুর ⓚ সাসারাম
ⓖ রোটাসগড় ⓖ লাহোর উত্তর: খ

## বাংলায় তুর্কি শাসন (১২০৪ - ১৩৩৮ খ্রি.)

এ সময় বাংলায় ঘন ঘন বিদ্রোহ সংঘটিত হতো। এজন্য দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী তার 'তারিখ-ই-ফিরোজশাহী' গ্রন্থে বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর' বা বিদ্রোহের নগরী।

সুলতান শামসুদ্দিন ফিরোজ (১৩০১ -১৩২২ খ্রি.) এর সময়ে সিলেট বিজিত হয়। সিলেট বিজয়ের সঙ্গে প্রখ্যাত দরবেশ ও ইসলাম প্রচারক হযরত শাহজালাল (র) এর নাম জড়িত। হযরত শাহজালাল তুরস্কের কুনিয়া শহর হতে ৩৬০ জন আউলিয়া (শিষ্য) সহ বাংলায় আসেন এবং শামসুদ্দিন ফিরোজ শাহের সৈন্যদের সঙ্গে সিলেটের রাজা গৌর গোবিন্দের বিরুদ্ধে যুদ্ধে যোগদান করেন। গৌর গোবিন্দ পরাজিত হয়ে জঙ্গলে আশ্রয় নেন। হযরত শাহ জালাল (র.) মৃত্যু অবধি সিলেটে অবস্থান করেন এবং সিলেটেই তাঁর মাযার অবস্থিত। হযরত শাহ জালাল (র.) এর ব্যবহৃত তরবারি মাজারের সন্নিকটে অতীব যত্নের সঙ্গে সংরক্ষিত আছে। তাঁর নামানুসারে, সিলেট অঞ্চল এক সময় 'জালালাবাদ' নামে পরিচিত হয়।

| | |
|---|---|
| ৩৬০ আউলিয়ার দেশ | সিলেট |
| ১২ আউলিয়ার দেশ | চট্টগ্রাম |

## MCQ Solution

১. জিয়াউদ্দিন বারাণী একজন - [রাজশাহী বিশ্ব: (এ-৩ ইউনিট) : ১০-১১]
ⓚ সুলতান ⓚ সম্রাট
ⓖ কবি ⓖ ঐতিহাসিক উত্তর: ঘ

২. কোনটি জিয়াউদ্দিন বারাণী রচিত গ্রন্থ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ⓚ তারিখ-ই-মুবারকশাহী ⓚ রিয়াজুস সালাতিন
ⓖ তারিখ-ই-ফিরোজশাহী ⓖ সিরাত-ই- ফিরোজশাহী উত্তর: গ

৩. দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর', যার অর্থ– [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ⓚ বিদ্রোহের নগর ⓚ শান্তির নগর
ⓖ সমৃদ্ধ নগর ⓖ শ্যামল নগর উত্তর: ক

৪. গৌর গোবিন্দ যে অঞ্চলের রাজা ছিল- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ⓚ চট্টগ্রাম ⓚ সিলেট
ⓖ গৌড় ⓖ পাণ্ডুয়া উত্তর: খ

৫. হযরত শাহজালাল (রহ.) কোন শাসককে পরাজিত করে সিলেটে আযান ধ্বনি দিয়েছিলেন? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬/ জেলা সহকারী শিক্ষা অফিসার : ০৩]
ⓚ বিক্রমাদিত্য ⓚ কৃষ্ণচন্দ্র
ⓖ গৌর গোবিন্দ ⓖ লক্ষ্মণ সেন উত্তর: গ

৬. বাংলাদেশের কোন অঞ্চলকে ৩৬০ আউলিয়ার দেশ বলা হয়? [৩৫তম বিসিএস/ ১৫তম বিসিএস/ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২৩]
ⓚ চট্টগ্রাম ⓚ রাজশাহী
ⓖ সিলেট ⓖ খুলনা উত্তর: গ

৭. বারো আউলিয়ার শহর - [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]
ⓚ সিলেট ⓚ চট্টগ্রাম
ⓖ কুমিল্লা ⓖ বগুড়া উত্তর: খ

৮. হযরত শাহজালাল কোন দেশের অধিবাসী ছিলেন? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সিফট ২) : ১৭-১৮]
ⓚ আফগানিস্তান ⓚ ইরান
ⓖ আরাকান ⓖ তুরস্ক উত্তর: ঘ

৯. ইয়েমেন থেকে আসা কোন দীনের মুজাহিদের তরবারী বাংলাদেশে সংরক্ষণ করা আছে? [PSC'র সহকারী পরিচালক : ০৪]
ⓚ খান জাহান আলী (র.) ⓚ বায়জীদ বোস্তামী (র.)
ⓖ শাহ মখদুম (র.) ⓖ শাহজালাল (র.) উত্তর: ঘ
ব্যাখ্যা: শাহজালাল (র.) এর জন্ম তুরস্কে হলেও তাঁর পিতা ছিলেন ইয়েমেনের একজন সুফী।

Scanned with CamScanner

## বাংলায় স্বাধীন সুলতানি শাসন (১৩৩৮-১৫৩৮ খ্রি.)

দিল্লির সুলতানগণ এই দুইশত বছর বাংলাকে তাদের অধিকারে রাখতে পারেনি। এ সময় বাংলার সুলতানরা স্বাধীনভাবে বাংলা শাসন করেন।

**ফখরউদ্দিন মুবারক শাহ** (১৩৩৮ - ১৩৫০ খ্রি.) ছিলেন বাংলার প্রথম স্বাধীন সুলতান। তিনি সোনারগাঁয়ের শাসন ক্ষমতা দখল করে স্বাধীনতা ঘোষণা করেন।

**শামসউদ্দিন ইলিয়াস শাহ** (১৩৪২ - ১৩৫৮ খ্রি.) পুরো বাংলা অধিকার করেন। তাঁর রাজত্বকালে বাঙালিরা সর্বপ্রথম একটি জাতি হিসেবে আত্মপ্রকাশ করে। দিল্লির ঐতিহাসিক শামস-ই-সিরাজ আফীফ ইলিয়াস শাহকে 'শাহ-ই-বাঙ্গালাহ' বা 'শাহ-ই-বাঙ্গালিয়ান' বলে উল্লেখ করেন। 'বাঙ্গালাহ' নামটি তাঁর সময় থেকেই শুরু হয়। ইলিয়াস শাহ বাংলার রাজধানী গৌড় থেকে পাণ্ডুয়া নগরীতে স্থানান্তর করেন।

**গিয়াসউদ্দিন আজম শাহ** (১৩৯৩ - ১৪১১ খ্রি.) ছিলেন ইলিয়াস শাহী বংশের তৃতীয় সুলতান। তাঁর রাজধানী ছিল সোনারগাঁও। তিনি অত্যন্ত সাহিত্যানুরাগী ছিলেন। পারস্যের কবি হাফিজের সাথে তাঁর পত্রালাপ হতো। একবার তিনি কবি হাফিজকে বাংলাদেশে আসার দাওয়াত জানালে প্রত্যুত্তরে কবি হাফিজ একটি সুন্দর কবিতা (দিওয়ান) লিখে পাঠিয়ে দেন।

**জালালউদ্দীন মুহম্মদ শাহ** (১৪১৫-১৬ এবং ১৪১৮-৩১ খ্রি.) ছিলেন রাজা গণেশের পুত্র। তিনি 'খলিফাতুল্লাহ' উপাধি গ্রহণ করেছিলেন।

**আলাউদ্দিন হুসেন শাহ** (১৪৯৩ - ১৫১৯ খ্রি.) ছিলেন বাংলার স্বাধীন সুলতানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। এ সময় বাংলার রাজধানী ছিল গৌড়। তাঁর শাসনকালে বঙ্গে জ্ঞান-বিজ্ঞান ও শিল্পকলার অভাবিত উন্নতি সাধিত হয়েছিল। এজন্য তাঁর শাসনকালকে বঙ্গের মুসলমান শাসনের ইতিহাসে 'স্বর্ণযুগ' বলা হয়। ১৪৯৮ খ্রিষ্টাব্দে হুসেন শাহ কামতা রাজ্য অভিযান শুরু করেন। তিনি কামরূপের খেন রাজবংশকে উৎখাত করে কামরূপ-কামতাকে বাংলারাজ্যের অন্তর্ভুক্ত করেন। হিন্দু সম্প্রদায়ের প্রতি উদারতার জন্য সমকালীন কবি বিজয়গুপ্ত আলাউদ্দিন হুসেন শাহকে নৃপতি তিলক, জগৎ ভূষণ ও কৃষ্ণ-অবতার বলে উল্লেখ করেন। আলাউদ্দিন হুসেন শাহের রাজত্বকালে শ্রীচৈতন্য হিন্দু সমাজে প্রচলিত সামাজিক কুসংস্কারের বিরুদ্ধে নদীয়ায় নব্য বৈষ্ণব আন্দোলন গড়ে তোলেন এবং বৈষ্ণব ধর্ম প্রচার করেন। শ্রীচৈতন্য গৌরীয় বৈষ্ণব ধর্মের প্রতিষ্ঠাতা। বৈষ্ণব ভক্তি আন্দোলনের সন্তধারার প্রধান ব্যক্তিত্বদের অন্যতম ছিলেন মীরাবাঈ।

**নাসিরউদ্দিন নুসরাত শাহ** (১৫১৯ - ১৫৩২ খ্রি.) এর অমরকীর্তি গৌড়ের বড় সোনা মসজিদ (বারদুয়ারি মসজিদ) এবং কদম রসুল ভবন। তিনি প্রজাদের পানির কষ্ট দূর করার জন্য রাজ্যে বিভিন্ন স্থানে কূপ ও পুকুর খনন করেন। বাগেরহাটের 'খ... পুকুর' তাঁর কথা স্মরণ করিয়ে দেয়।

**গিয়াসউদ্দিন মাহমুদ শাহ** (১৫৩৩ - ১৫৩৮ খ্রি.) ছিলেন বাংলার শেষ স্বাধীন সুলতান। ১৫৩৮ সালে শেরশাহ গৌড় দখল করলে বাংলায় স্বাধীন সুলতানি যুগের অবসান হয়।

## MCQ Solution

১. **বাংলার প্রথম স্বাধীন সুলতান কে?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী লোকোমোটিভ মাস্টার : ২৪/ MPEMR'র সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার : ২৩]
ক) আলী মর্দান খলজি খ) ফখরউদ্দিন মুবারক শাহ
গ) গিয়াসউদ্দিন তুঘলক ঘ) তুঘরল খান
উত্তর: খ

২. **সুলতান ফখরউদ্দিন মুবারক শাহের শাসন কাল ছিল...** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ক) ১২৮২-১২৯১ খ) ১২৯১-১৩০০
গ) ১৩২৪-১৩২৮ ঘ) ১৩৩৮-১৩৫০
উত্তর: ঘ

৩. **কোন শাসকদের আমলে বাংলাভাষী অঞ্চল 'বাঙ্গালা' নামে পরিচিত হয়ে ওঠে?** [৪৪তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ক) মৌর্য খ) গুপ্ত
গ) পাল ঘ) মুসলিম
উত্তর: ঘ

৪. **কোন শাসকের সময় থেকে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল পরিচিত হয়ে উঠে বাঙ্গালাহ নামে?** [১২তম বিসিএস/ কুবি (বি ইউ.) : ১৮-১৯]
ক) ফখরউদ্দিন মুবারক শাহ খ) শামসউদ্দিন ইলিয়াস শাহ
গ) আকবর ঘ) ঈসা খান
উত্তর: খ

৫. **সমগ্র বাংলার প্রথম অধিপতি হওয়ার গৌরব অর্জন করেন কোন সুলতান?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক) ইলিয়াস শাহ খ) সিকান্দার শাহ
গ) আযম শাহ ঘ) হুসেন শাহ
উত্তর: ক

৬. **শাহ-ই-বাঙ্গালাহ অথবা শাহ-ই-বাঙালিয়ান বাংলার কোন মুসলিম সুলতানের উপাধি ছিল?** [ঢাবি (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) : ২৪-২৫/ রাজশাহী বিশ্ব: (এ ইউনিট) : ১৮-১৯]
ক) ফখরউদ্দিন মুবারক শাহ খ) শামসউদ্দীন ইলিয়াস শাহ
গ) আলাউদ্দিন হুসেন শাহ ঘ) নসরত শাহ
উত্তর: খ

৭. **বাংলার প্রথম জনক কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ) শেরে বাংলা এ কে ফজলুল হক
গ) শামসউদ্দিন ইলিয়াস শাহ
উত্তর: গ

৮. **ইলিয়াস শাহের রাজধানী কোথায় ছিল?** [রাবি (এ-৩ ইউনিট) : ১২-১৩]
ক) লখনৌতি খ) গৌড়
গ) তাণ্ডা ঘ) পাণ্ডুয়া
উত্তর: ঘ

৯. **গিয়াসউদ্দিন আজম শাহ ইলিয়াস শাহী বংশের কততম সুলতান ছিলেন?** [রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৭-১৮]
ক) দ্বিতীয় খ) তৃতীয়
গ) চতুর্থ ঘ) পঞ্চম
উত্তর: খ

Scanned with CamScanner

১০. **গিয়াসউদ্দিন আজম শাহের রাজধানী কোথায় ছিল?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট - সেট ৩) : ১৪-১৫]
ক মুর্শিদাবাদ খ সোনারগাঁও
গ ঢাকা ঘ গৌড় **উত্তর: খ**

১১. **কবি হাফিজকে বাংলাদেশে আমন্ত্রণ জানিয়েছিলেন কোন নৃপতি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৭-১৮]
ক আলাউদ্দিন হুসেন শাহ খ রুকনউদ্দিন বারবক শাহ
গ ফখরউদ্দিন মুবারক শাহ ঘ গিয়াসউদ্দিন আজম শাহ **উত্তর: ঘ**

১২. **ইরানের কবি হাফিজের সাথে পত্রালাপ হয়েছিল বাংলার কোন সুলতানের?** [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
ক গিয়াসউদ্দিন আজম শাহ খ আলাউদ্দীন হুসেন শাহ
গ ফখরউদ্দিন মুবারক শাহ ঘ ইলিয়াস শাহ **উত্তর: ক**

১৩. **পারস্যের কোন কবি গিয়াসউদ্দিন আজম শাহকে দিওয়ান লিখে পাঠিয়েছিলেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৯-২০]
ক শেখ সাদি খ ওমর খৈয়াম
গ হাফিজ সিরাজী ঘ ফেরদৌসী তুসী **উত্তর: গ**

১৪. **বাংলার কোন সুলতান 'খলিফাতুল্লাহ' উপাধি গ্রহণ করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক সুলতান শামসউদ্দিন ইলিয়াস শাহ
খ গিয়াসউদ্দিন আজম শাহ
গ আলাউদ্দিন হুসেন শাহ
ঘ জালালউদ্দীন মুহম্মদ শাহ **উত্তর: ঘ**

১৫. **During which period, Sonargaon was the capital of Bangladesh?** [Jahangirnagar University (International Affairs) : 13-14]

*Or,*

**সোনারগাঁও কোন আমলে বাংলাদেশের রাজধানী ছিল?** [যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ IBBL'র ফিল্ড অফিসার : ২২]
ⓐ Sultanate rule ⓑ Mughal rule
ⓒ Pala dynasty ⓓ Maurya dynasty **Ans. a**

১৬. **সুলতানি আমলে বাংলার রাজধানীর নাম কি?** [২৯তম বিসিএস/ শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমার : ২২/ পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী : ১৪]
ক সোনারগাঁও খ জাহাঙ্গীরনগর
গ ঢাকা ঘ গৌড় **উত্তর: ক,ঘ**

**ব্যাখ্যা:** সুলতানি আমলে বাংলার রাজধানী ছিল সোনারগাঁও (১৩৩৮-১৩৫২ খ্রি.) এবং গৌড় (১৪৫০-১৫৬৫ খ্রি.)।

১৭. **মধ্যযুগের গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ক চাঁপাইনবাবগঞ্জ খ রাজশাহী
গ বগুড়া ঘ কুমিল্লা **উত্তর: ক**

১৮. **প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?** [১৩তম বিসিএস/ IBBPLC'র ফিল্ড অফিসার : ২৪]
ক কুষ্টিয়া খ বগুড়া
গ কুমিল্লা ঘ চাঁপাইনবাবগঞ্জ **উত্তর: ঘ**

১৯. **আলাউদ্দিন হুসেন শাহ কখন বৃহত্তর বাংলা শাসন করেন?** [৪০তম বিসিএস]
ক ১৪৯৮-১৫১৬ খ্রিষ্টাব্দ খ ১৪৯৮-১৫১৭ খ্রিষ্টাব্দ
গ ১৪৯৮-১৫১৮ খ্রিষ্টাব্দ ঘ ১৪৯৮-১৫১৯ খ্রিষ্টাব্দ **উত্তর: ঘ**

২০. **বাংলার কোন সুলতানের শাসনামলকে স্বর্ণযুগ বলা হয়?** [৪১তম বিসিএস/ BREB'র সহকারী সচিব (প্রশাসন) : ২৩/ সিজিএ এর অডিটর : ২১]
ক শামসুদ্দীন ইলিয়াস শাহ খ নাসিরুদ্দিন মাহমুদ শাহ
গ আলাউদ্দিন হুসেন শাহ ঘ গিয়াসউদ্দিন আজম শাহ **উত্তর: গ**

২১. **বাংলাদেশের কোন স্বাধীন সুলতান 'জগৎ ভূষণ' ও 'নৃপতি তিলক' উপাধিতে ভূষিত হন?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ক গিয়াসউদ্দিন আজম শাহ খ আলাউদ্দিন হুসেন শাহ
গ ইলিয়াস শাহ ঘ নুসরাত শাহ **উত্তর: খ**

২২. **শ্রী চৈতন্যের আবির্ভাব ঘটেছিল যে সুলতানের শাসনামলে-** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ক আলাউদ্দিন হুসেন শাহ খ নাসিরউদ্দিন মাহমুদ শাহ
গ গিয়াস উদ্দিন ইওজ খলজি
ঘ নুসরাত শাহ **উত্তর: ক**

২৩. **গৌড়ীয় বৈষ্ণব ধর্মের প্রবর্তক কে?** [জবি (সি) ইউনিট) : ২০-২১]
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ স্বামী বিবেকানন্দ ঘ শ্রী চৈতন্যদেব **উত্তর: ঘ**

২৪. **নব্যবৈষ্ণব আন্দোলনের নেতৃত্ব দেন কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪-১৫]
ক শ্রীচৈতন্যদেব খ অদ্বৈত ঠাকুর
গ বিদ্যাপতি ঘ চণ্ডীদাস **উত্তর: ক**

২৫. **নিচের কোনটি গৌড়ীয় বৈষ্ণব আন্দোলনের সঙ্গে সম্পর্কিত নয় -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ক এই আন্দোলন নদীয়ায় শুরু হয়েছিল
খ মীরাবাঈ এই আন্দোলনে যুক্ত ছিলেন
গ শ্রীচৈতন্য ও শ্রীনিত্যানন্দ এর প্রবক্তা ছিলেন
ঘ বৃন্দাবন এই আন্দোলনের অন্যতম কেন্দ্র ছিল **উত্তর: ঘ**

২৬. **কোন সুলতানের সময়কালে গৌড়ের বড় সোনা মসজিদ নির্মিত হয়েছিল-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৬ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ক আলাউদ্দিন হুসেন শাহ খ নাসিরউদ্দিন মাহমুদ শাহ
গ গিয়াসউদ্দিন আজম শাহ ঘ নুসরাত শাহ **উত্তর: ঘ**

২৭. **বাগেরহাটের 'মিঠাপুকুর' কে খনন করেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় পর্যায়) : ১৯]
ক আলাউদ্দিন হুসেন শাহ খ সুলতান নুসরাত শাহ
গ সম্রাট হুমায়ুন ঘ সুজাউদ্দিন **উত্তর: খ**

২৮. **বাংলার শেষ স্বাধীন সুলতান কে ছিলেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ২০-২১]
ক গিয়াসউদ্দীন আজম শাহ খ গিয়াসউদ্দীন মাহমুদ শাহ
গ আলীবর্দী খাঁ ঘ বৈরাম খাঁ **উত্তর: খ**

Scanned with CamScanner

## বারো ভুঁইয়াদের ইতিহাস

বাংলার বড় বড় জমিদাররা মুগলদের অধীনতা মেনে নেয়নি। ভাটি অঞ্চলের জমিদারগণ তাদের নিজ নিজ জমিদারিতে স্বাধীন ছিলেন। স্বাধীনতা রক্ষার জন্য এরা একজোট হয়ে মুগল সেনাপতির বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়তেন।

বাংলার ইতিহাসে ভাটি অঞ্চলের এ জমিদারগণ বারো ভুঁইয়া নামে পরিচিত। এ বারো বলতে বারো জনের সংখ্যা বুঝায় না। ধারণা করা হয়, অনির্দিষ্ট সংখ্যক জমিদার বোঝাতেই বারো শব্দটি ব্যবহার করা হয়েছে। বারো ভুঁইয়াদের মধ্যে ঈসা খাঁ, রাজা প্রতাপাদিত্য, চাঁদ রায়, কেদার রায়, ফজল গাজী, রাম কৃষ্ণ, পীতম্বর প্রমুখ ছিলেন উল্লেখযোগ্য। বারো ভুঁইয়াদের নেতা ছিলেন ঈসা খাঁ (জীবনকাল: ১৫২৯ - ১৫৯৯ খ্রি.)। তিনি সোনারগাঁও এ রাজধানী স্থাপন করেন। তিনি কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার এগারসিন্ধুর গ্রামে অনেকগুলি নদীর সংযোগস্থলে অবস্থিত একটি দুর্গে শক্তিশালী সামরিক ঘাঁটি গড়ে তোলেন। 'এগারসিন্ধু' শব্দটি '১১টি নদী' অর্থে ব্যবহৃত হয়েছে। ঈসা খাঁর মৃত্যুর পর তাঁর পুত্র মুসা খান বারো ভুঁইয়াদের নেতা হন। মুগল সুবাদার ইসলাম খান মুসা খানকে পরাস্ত করেন। ফলে অন্যান্য জমিদারগণ আত্মসমর্পণ করে। এভাবে বাংলায় বারো ভুঁইয়াদের শাসনের অবসান ঘটে।



*ঈসা খাঁ*

### MCQ Solution

১. 'বারো ভুঁইয়া' কাদের বলা হতো? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]
ⓚ মুগল আমলের ১২ জন সেনাপতিকে
ⓚ ব্রিটিশ যুগের শক্তিশালী যোদ্ধাদের
ⓖ উপরে উল্লেখিত সকলকে
ⓖ বড় বড় স্বাধীন জমিদার **উত্তর: ঘ**

২. বারো ভুঁইয়া বলা হতো কোন আমলের জমিদারদের? [DMLC'র জুনিয়র শিক্ষক : ২১/ ঢাবি (চ ইউনিট) : ১২-১৩]
ⓚ মুগল আমলের ⓚ পাঠান আমলের
ⓖ ব্রিটিশ আমলের ⓖ পাল আমলের **উত্তর: ক**

৩. বাংলাদেশে বারো ভুঁইয়ার অভ্যুত্থান ঘটে - [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ বাবরের সময় ⓚ আওরঙ্গজেবের সময়
ⓖ জাহাঙ্গীরের সময় ⓖ আকবরের সময় **উত্তর: ঘ**

৪. বাংলার জমিদারগণ মুগল শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেন। এদের সংখ্যা নির্দিষ্ট করা প্রায় অসম্ভব। তাঁরা পরিচিত ছিলেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ বারো মণ্ডল নামে ⓚ বারো কুতুব নামে
ⓖ বারো ভুঁইয়া নামে ⓖ বারো পঞ্চায়েত নামে **উত্তর: গ**

৫. Who of the following is one of the 'Baro Bhuiyans' of Bengal?/নিচের কে বারো ভুঁইয়াদের একজন ছিলেন? [Janata Bank Ltd. Officer : 09]
ⓐ Isa Khan ⓑ Shaesta Khan
ⓒ Mansingha ⓓ Islam Khan **Ans. a**

৬. প্রতাপ আদিত্য কে ছিলেন? [৩৯তম বিসিএস]
ⓚ রাজপুত রাজা ⓚ বাংলার বারো ভুঁইয়াদের একজন
ⓖ মুগল সেনাপতি ⓖ বাংলার শাসক **উত্তর: খ**

৭. বার ভুইঁয়াদের মধ্যে শ্রেষ্ঠ ভুঁইয়া কে ছিলেন? [IBBL'র ফিল্ড অফিসার : ২২]
ⓚ চাঁদ রায় ⓚ কেদার রায়
ⓖ কন্দর্প রায় ⓖ ঈসা খাঁ **উত্তর: ঘ**

৮. Isa khan ruled the 'Bhati region' of medieval Bengal during the period -/ বাংলার ভাটি অঞ্চলের শাসক ঈসা খাঁ এর জীবনকাল - [JU (International Affairs) : 13-14]
ⓐ 1529-1595 ⓑ 1529-1596
ⓒ 1529-1598 ⓓ 1529-1599 **Ans. d**

৯. বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও এর পত্তন করেছিলেন কে? [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০]
ⓚ শাহজাদা আজম ⓚ সুবাদার ইসলাম খান
ⓖ সম্রাট আকবর ⓖ ঈসা খাঁ **উত্তর: ঘ**

১০. ঈসা খাঁর রাজধানী কোথায় অবস্থিত? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যলয়ের জুনিয়র অডিটর : ১৪]
ⓚ গৌড় ⓚ লক্ষণাবতী
ⓖ মহাস্থানগড় ⓖ সোনারগাঁও **উত্তর: ঘ**

১১. এগারসিন্দুর দুর্গ কার ঘাঁটি ছিল? [সিভিল সার্জনের কার্যালয়, কিশোরগঞ্জ এর স্বাস্থ্য সহকারী : ২৫]
**উত্তর:** বারো ভুঁইয়ার নেতা ঈসা খাঁর।

১২. 'এগারসিন্ধুর গ্রাম'-এর নামকরণের কারণ হলো, পূর্বে সেখানে- [৭ম বিজেএস (সহকারী জজ) : ১২]
ⓚ এগারটি দূর্গ ছিল ⓚ এগারটি দীঘি ছিল
ⓖ ঈসা খানের ১১ কক্ষবিশিষ্ট দালানবাড়ি ছিল
ⓖ এগারটি নদীর সংযোগস্থল ছিল **উত্তর: ঘ**

## বাংলায় মুগল শাসন

বাংলায় মুগল বিজয়ের সূত্রপাত ঘটে সম্রাট হুমায়ুনের রাজত্বকালে। ১৫৩৮ খ্রিষ্টাব্দে সম্রাট হুমায়ুন বাংলায় প্রবেশ করেন এবং গৌড় অধিকার করেন। তিনি গৌড় নগরীর চমৎকার প্রাসাদ ও প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ হয়ে এর নামকরণ করেন

Scanned with CamScanner

'জান্নাতাবাদ'। বাংলায় ৮মাস অবস্থান করে হুমায়ুন দিল্লির দিকে যাত্রা করলে বক্সারের নিকটবর্তী চৌসা নামক স্থানে শেরশাহ তাঁকে অতর্কিত আক্রমণ করে। চৌসারের যুদ্ধে (১৫৩৯ সাল) পরাজিত হয়ে হুমায়ুন কোনোক্রমে প্রাণ নিয়ে দিল্লি পৌছেন।

১৫৭৬ খ্রিষ্টাব্দে সম্রাট আকবরের সেনাপতি খান-ই-জাহান কুলী বেগ কররানী বংশের শেষ সুলতান দাউদ খান কররানীকে রাজমহলের যুদ্ধে পরাজিত করে বাংলায় মুঘল শাসন প্রতিষ্ঠা করেন। বাংলাকে মুঘল সাম্রাজ্যের একটি সুবাহ হিসেবে ঘোষণা করা হয়। সুবাহ হলো মুঘল সাম্রাজ্যের প্রদেশ। সুবা বাংলার অন্তর্গত ছিল বাংলা, বিহার ও উড়িষ্যা। সম্রাট আকবরের সময়ে বাংলায় মুঘল শাসনের সূত্রপাত হলেও সমগ্র বাংলার ওপর মুঘল আধিপত্য সুপ্রতিষ্ঠিত হয়নি। বারো ভূঁইয়াদের দমনের পর সমগ্র বাংলায় মুঘল আধিপত্য প্রতিষ্ঠা সম্রাট জাহাঙ্গীরের অন্যতম কৃতিত্ব। সুবাদারি ও নবাবি এ দু পর্বে বাংলায় মুঘল শাসনকাল অতিবাহিত হয়।

### ক) বাংলার সুবাদারি শাসন

সুবাদার (Subahdar) হচ্ছে মুঘল সাম্রাজ্যের যেকোন সুবার গভর্নর বা ভাইসরয়।

**ইসলাম খান** (১৬০৮ -১৩ খ্রি.) বারো ভূঁইয়াদের দমন করে বাংলায় সুবাদারি শাসন প্রতিষ্ঠা করেন। তিনি ১৬১০ খ্রিষ্টাব্দে সুবা বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরিত করেন। তিনি বাংলার রাজধানী হিসাবে ঢাকা শহরের গোড়াপত্তন করেন। তৎকালীন মুঘল সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার নামকরণ করা হয় জাহাঙ্গীরনগর। তিনি ঢাকার 'দোলাই খাল' খনন করেন। তিনি বাংলায় নৌকা বাইচ উৎসবের প্রচলন করেন।

**শাহ সুজা** (১৬৩৯ - ৬০ খ্রি.) মুঘল সম্রাট শাহজাহানের দ্বিতীয় পুত্র ছিলেন।

**মীর জুমলা** (১৬৬০-৬৩ খ্রি.) ঢাকা গেট (অন্য নাম রমনা গেট) নির্মাণ করেন। তিনি আসাম যুদ্ধে যে কামান ব্যবহার করেন তা বর্তমানে ওসমানী উদ্যানে সংরক্ষিত আছে।

**শায়েস্তা খাঁ** (১৬৬৪ -৭৮ খ্রি. এবং ১৬৮০ - ৮৮ খ্রি.) দু' দফায় মোট ২২ বছর বাংলা শাসন করেন। ঐতিহাসিক স্টুয়ার্ট এর বিবরণী থেকে জানা যায় শায়েস্তা খানের সময়ে দ্রব্যমূল্যের দাম এতো সস্তা ছিল যে, এক টাকায় ৮ মণ চাল পাওয়া যেত।

### খ) বাংলায় নবাবি শাসন

**মুর্শিদকুলী খান** (১৭১৭ - ২৭ খ্রি.) এর সময় থেকে বাংলা সুবা প্রায় স্বাধীন হয়ে পড়ে। তিনি ছিলেন বাংলার প্রথম স্বাধীন নবাব। নবাব বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন। মুর্শিদাবাদ এর পূর্বনাম ছিল মাকসুদাবাদ। মুর্শিদাবাদ অধুনা ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের একটি জেলা। তিনি বাংলার বিশৃঙ্খল রাজস্ব ব্যবস্থার পুনর্গঠন করেন। তাঁর রাজস্ব ব্যবস্থা 'মাল জামিনি' নামে পরিচিত। মুর্শিদকুলী খান আবওয়াব-ই-খাসনবিসি নামে এক নতুন করও প্রবর্তন করেছিলেন।

**সুজাউদ্দিন মুহম্মদ খান** (১৭২৭-১৭৩৯ খ্রি.)

**সরফরাজ খান** (১৭৩৯-১৭৪০ খ্রি.)

**আলীবর্দী খান** (১৭৪০-১৭৫৬ খ্রি.) প্রথম জীবনে মির্জা মুহম্মদ আলী নামে পরিচিত ছিলেন। তাঁর শাসনামলে মারাঠারা (লুণ্ঠনপ্রিয় মহারাষ্ট্রীয় সৈন্যদল) প্রতিবছর বাংলা, বিহার ও উড়িষ্যা আক্রমণ করত। মারাঠা হানাদাররা লুণ্ঠন, অগ্নিসংযোগ ও হত্যাযজ্ঞের মাধ্যমে বাংলার জনগণের মনে ত্রাসের সঞ্চার করে। বাংলায় মারাঠা আক্রমণকারীরা 'বর্গী' নামে পরিচিত ছিল।

**সিরাজ-উ-দ্দৌলা** (১৭৫৬-১৭৫৭ খ্রি.) ছিলেন বাংলার শেষ স্বাধীন নবাব। প্রকৃত নাম মীর্জা মুহম্মদ। আলীবর্দী খানের কোনো পুত্র সন্তান ছিল না। ছোট মেয়ে আমেনার বিবাহ হয় জৈনুদ্দিন আহমদ খানের সাথে। তাঁদের সন্তান সিরাজ-উ-দ্দৌলাকে তিনি তাঁর উত্তরাধিকারী মনোনীত করে যান। এ সময় সিরাজ-উ-দ্দৌলার বয়স ছিল মাত্র ২২ বছর। সিরাজ সিংহাসন লাভ করায় তাঁর বড় খালা ঘষেটি বেগম এবং দরবারের প্রভাবশালীগণ নবাবের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করেন। ইংরেজগণ এ ষড়যন্ত্রে যোগ দেয়। ১৭৫৬ সালে নবাব সিরাজউদ্দৌলা কলকাতায় ইংরেজদের ফোর্ট উইলিয়াম দুর্গ অধিকার করেন।


সিরাজউদ্দৌলা

নবাবের কলকাতা অভিযান প্রাক্কালে হলওয়েলসহ কতিপয় ইংরেজ কর্মচারী ফোর্ট উইলিয়ামে বন্দি হয়েছিলেন। ইংরেজ সেনাপতি হলওয়েলের বর্ণনা মতে জানা যায় যে, নবাব ১৪৬ জন ইউরোপীয় ও ইংরেজ বন্দিকে একটি ক্ষুদ্র অন্ধকার প্রকোষ্ঠে আবদ্ধ করে রাখেন। জুন মাসে প্রচণ্ড গরমে ক্ষুদ্র পরিসরে ১৪৬ জন বন্দির মধ্যে ১২৩ জন শ্বাসরুদ্ধ হয়ে মৃত্যুবরণ করে। হলওয়েল কর্তৃক প্রচারিত এই কাহিনী 'অন্ধকূপ হত্যা' নামে পরিচিত। অন্ধকূপ কাহিনীর পশ্চাতে কোন ঐতিহাসিক সত্যতা খুজে পাওয়া যায় না। শীঘ্রই ইংরেজেরা কলকাতা পুনরুদ্ধার করে। ১৭৫৭ সালে নবাব পুনরায় কলকাতা আক্রমণ করেন। কয়েকদিন যুদ্ধের পর নবাব চারিদিকে ষড়যন্ত্রের আভাস পেয়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানির সাথে অপমানজনক 'আলীনগর সন্ধি' করতে বাধ্য হন। এই চুক্তি বেশি দিন স্থায়ী হয় নি। ১৭৫৭

Scanned with CamScanner

সালের ২৩ জুন ভাগীরথী নদীর তীরে 'পলাশীর যুদ্ধ' হয়। নবাবের প্রধান সেনাপতি মীরজাফর, জগৎশেঠ, রায়দুর্লভ, ইয়ারলতিফ, উমিচাঁদ প্রমুখ তাদের সৈন্য বাহিনীসহ নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা পালন করলেও দেশপ্রেমিক মীরমদন, মোহনলাল এবং ফরাসি সেনাপতি সিন ফ্রে ইংরেজদের বিরুদ্ধে প্রাণপণ যুদ্ধ করেন। মীরমদন, মোহনলাল, সিন ফ্রে ইংরেজদের উপর কঠিন আঘাত হেনে তাদের বিপর্যস্ত করে পলাশীর আমবাগানে আশ্রয় নিতে বাধ্য করেন। এ সময় হঠাৎ গোলার আঘাতে মীরমদন মারা যান। মোহনলাল আহত হন। শেষ পর্যন্ত দেশদ্রোহীদের ষড়যন্ত্রে নবাব পরাজিত হন। বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হয়। পরে নবাবকে হত্যা করা হয়।

মীর কাসিম (১৭৬০ - ৬৪ খ্রি.) ছিলেন মীর জাফরের জামাতা। সিংহাসনে আরোহণের পর তিনি প্রশাসনকে ইংরেজ প্রভাবমুক্ত করার জন্য বাংলার রাজধানী মুর্শিদাবাদ থেকে মুঙ্গেরে স্থানান্তরিত করেন। মীর কাশিম অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা এবং দিল্লির মুগল সম্রাট দ্বিতীয় শাহ আলমের সঙ্গে এক মৈত্রী জোট গঠন করেন। ১৭৬৪ সালের অক্টোবর মাসে বক্সার নামক স্থানে ইংরেজ বাহিনী এবং মিত্রবাহিনীর ঘোরতর লড়াই হয়। মীর কাশিম ও তাঁর মিত্ররা এ যুদ্ধে চূড়ান্তভাবে পরাজিত হন। বস্তুত পলাশীতে জয়ী হবার ফলে বাংলায় ইংরেজ প্রভুত্বের সূচনা হয়, আর বক্সারের যুদ্ধের ফলে ভারতীয় উপমহাদেশে ইংরেজরা নিশ্চিতভাবে প্রতিষ্ঠা লাভ করে।

## MCQ Solution

১. কোন মুগল সম্রাট প্রথম বাংলা জয় করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ বাবর ⓚ হুমায়ুন
ⓖ আকবর ⓖ জাহাঙ্গীর উত্তর: খ

২. কোন মুগল সম্রাট বাংলাকে 'জান্নাতুল সুবাহ' (বা স্বর্গীয় প্রদেশ) বলে আখ্যায়িত করেছিলেন? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮]
ⓚ বাবর ⓚ হুমায়ুন
ⓖ আকবর ⓖ জাহাঙ্গীর উত্তর: খ

৩. কোন মুগল সম্রাট বাংলার (গৌড়ের) নাম দেন 'জান্নাতাবাদ'? [১০তম বিসিএস/ DSHE'র কাম কম্পিউটার : ২২]
ⓚ বাবর ⓚ হুমায়ুন
ⓖ আকবর ⓖ জাহাঙ্গীর উত্তর: খ

৪. কোন মুগল সম্রাট তার শাসনকালে বাঙলায় প্রতিষ্ঠা লাভে ব্যর্থ হয়েছিলেন? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১৬]
ⓚ সম্রাট হুমায়ুন ⓚ সম্রাট আকবর
ⓖ সম্রাট জাহাঙ্গীর ⓖ সম্রাট আওরঙ্গজেব উত্তর: ক

৫. বাংলায় মুগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা- [উপজেলা বা থানা একাডেমিক সুপারভাইজার : ১৫]
ⓚ আকবর ⓚ বাবর
ⓖ হুমায়ুন ⓖ কোনোটিই নয় উত্তর: ক

৬. রাজমহলের যুদ্ধ কখন অনুষ্ঠিত হয়েছিল? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট; শিফট-১) : ১৭-১৮]
ⓚ ১৫৭৬ ⓚ ১৫৮০
ⓖ ১৫৫৬ ⓖ ১৫৫০ উত্তর: ক

৭. 'সুবা বাংলা' শব্দটি প্রথম ব্যবহার করা হয় – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ সম্রাট জাহাঙ্গীরের সময়ে ⓚ সম্রাট শাহজাহানের সময়ে
ⓖ সম্রাট হুমায়ুনের সময়ে ⓖ সম্রাট আকবরের সময়ে উত্তর: ঘ

৮. সুবা বাংলা - [বাংলাদেশ রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার : ১৬]
ⓚ বাংলা-বিহার-আসাম ⓚ বাংলা-বিহার-মুর্শিদাবাদ
ⓖ বাংলা-বিহার-উড়িষ্যা ⓖ পূর্ববাংলা ও আসাম উত্তর: গ

৯. সম্রাট আকবরের সময় ১৫৭৬ সালে নিম্নের কোন রাজ্য বিজিত হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১২-১৩]
ⓚ কাবুল ⓚ বাংলা
ⓖ সিন্ধু ⓖ কাশ্মীর উত্তর: খ

১০. কোন সনে সম্রাট আকবর বাংলার শাসনভার গ্রহণ করেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ১৫৭৫ ⓚ ১৫৭২
ⓖ ১৫৫৬ ⓖ ১৫৭৬ উত্তর: ঘ

১১. What was the title of the Mughal appointed governor of Bengal? [সমন্বিত ৮টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠান এর সিনিয়র অফিসার : ২৫]
ⓚ Nawab ⓚ Subahdar
ⓖ Nizam ⓖ Sultan উত্তর: খ

১২. বাংলার প্রথম সুবাদার কে ছিলেন? [রাজশাহী বিঃ (ইতিহাস) : ০৮-০৯]
ⓚ মীর জুমলা ⓚ ইসলাম খান
ⓖ মান সিংহ ⓖ শায়েস্তা খান উত্তর: খ

১৩. ঢাকা শহরের গোড়াপত্তন হয়- [৪১তম বিসিএস]
ⓚ ব্রিটিশ আমলে ⓚ সুলতানি আমলে
ⓖ মুগল আমলে ⓖ স্বাধীন নবাবি আমলে উত্তর: গ

১৪. মুগল আমলে সুবা বাংলার রাজধানী – [জবি (সি৩ ইউনিট) : ১৫-১৬]
ⓚ সোনারগাঁও ⓚ মুর্শিদাবাদ
ⓖ রাজমহল ⓖ জাহাঙ্গীরনগর উত্তর: গ,ঘ

১৫. Islam Khan transferred the capital of Bengal to Dhaka from where? [Wage Earners Welfare Board Assistant Director : 24]
ⓚ Rajmahal ⓚ Tanda
ⓖ Sonargaon ⓖ Kolkata উত্তর: ক

১৬. কোন নগরী মুগল আমলে সুবা বাংলার রাজধানী ছিল? [১৬তম বিসিএস/ জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর : ১০]
ⓚ গৌড় ⓚ সোনারগাঁও
ⓖ ঢাকা ⓖ হুগলী উত্তর: গ

১৭. ঢাকা শহর প্রতিষ্ঠা করেন – [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১১-১২]
ⓚ ইসলাম খান ⓚ মীর জুমলা
ⓖ শায়েস্তা খান ⓖ শাহ সুজা উত্তর: ক

Scanned with CamScanner

১৮. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মুগল সুবাদার কে ছিলেন? [২৬তম বিসিএস/ সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী : ২২]
ক ইসলাম খান খ ইব্রাহীম খান
গ শায়েস্তা খান ঘ মীর জুমলা উত্তর: ক

১৯. কার সময় বাংলার রাজধানী ঢাকায় স্থাপন করা হয়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৩]
ক বখতিয়ার খলজি খ মুর্শিদকুলী খাঁ
গ সম্রাট জাহাঙ্গীর ঘ শেরশাহ উত্তর: গ

২০. মুগল আমলে ঢাকার নাম কি ছিল? [ডিপ্লোমা ইন নার্সিং ভর্তি : ২৪-২৫/ গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিস অফিসার : ২৩/ রাবি (সি ইউনিট : অ বিজ্ঞান) : ২০-২১]
ক ইসলামাবাদ খ পরীবাগ
গ জাহাঙ্গীরনগর ঘ সোনারগাঁও উত্তর: গ

২১. ঢাকার নাম 'জাহাঙ্গীরনগর' রাখেন কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দড়াটানা) : ০৮]
ক শায়েস্তা খান খ সুবাদার ইসলাম খান
গ ইব্রাহিম খান ঘ মীর জুমলা উত্তর: খ

২২. ঢাকা কখন সর্ব প্রথম বাংলার রাজধানী হয়েছিল? [২৮তম বিসিএস/ বাতিলকৃত ২৪তম বিসিএস/ ২১তম বিসিএস/ উত্তরা ব্যাংক'র প্রবেশনারি অফিসার : ২৪]
ক ১২৫৫ খ্রিষ্টাব্দে খ ১৬১০ খ্রিষ্টাব্দে
গ ১৯০৫ খ্রিষ্টাব্দে ঘ ১৯৪৭ খ্রিষ্টাব্দে উত্তর: খ

২৩. ঢাকা শহর কোন সালে প্রতিষ্ঠিত হয়? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ১০]
ক ১৫০০ খ্রিষ্টাব্দ খ ১৫১০ খ্রিষ্টাব্দ
গ ১৬১০ খ্রিষ্টাব্দ ঘ ১৬১২ খ্রিষ্টাব্দ উত্তর: গ

২৪. ঢাকার নামকারণ জাহাঙ্গীরনগর করা হয় কত সালে? [নিপোর্ট এর কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৬-১৭]
ক ১৬১০ খ ১৬১১
গ ১৭১৭ ঘ ১৭৮০ উত্তর: ক

২৫. ঢাকার 'ধোলাই খাল' কে খনন করেন? [৩৬তম বিসিএস/ ১৭তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ২২/ CAAB'র নিরাপত্তা কর্মকর্তা : ২২]
ক পরিবিবি খ ইসলাম খান
গ শায়েস্তা খান ঘ ঈশা খান উত্তর: খ

২৬. "বাংলার নৌকা বাইচ" উৎসবের সূচনা করেছিলেন কে? [SHED এর ক্যাশিয়ার/স্টোরকিপার : ২১]
ক ইসলাম খান খ মীর মুরাদ
গ শাহবাজ খান ঘ শায়েস্তা খান উত্তর: ক

২৭. সম্রাট শাহজাহানের কোন পুত্র বাংলার শাসনকর্তা ছিলেন? [সিজিডিএফ কার্যলয়ের জুনিয়র অডিটর : ১৪]
ক দারা খ শাহ সুজা
গ মুরাদ ঘ আওরঙ্গজেব উত্তর: খ

২৮. 'ঢাকা গেট' কে নির্মাণ করেন? [৪২তম বিসিএস (বিশেষ)/ বাংলাদেশ রেলওয়ে বুকিং সহকারী : ২৪/ মেডিকেল ভর্তি : ২৩-২৪]
ক শায়েস্তা খান খ ইসলাম খান
গ মীর জুমলা ঘ খিযির হায়াত খান উত্তর: গ

২৯. মীর জুমলার কামানটি কোন যুদ্ধে ব্যবহৃত হয়? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) : ১৬]
ক আসাম যুদ্ধে খ পিলখানা যুদ্ধে
গ পলাশীর যুদ্ধে ঘ রাজমহলের যুদ্ধে উত্তর: ক

৩০. শায়েস্তা খানের আমলে এক টাকায় চাউল পাওয়া যায় - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ক ২ মণ খ ৪ মণ
গ ৮ মণ ঘ ১০ মণ উত্তর: গ

৩১. বাংলার প্রথম স্বাধীন নবাব কে ছিলেন? [৪৪তম বিসিএস/ ৩৭তম বিসিএস]
ক নবাব সিরাজউদ্দৌলা খ আলাউদ্দিন হুসেন শাহ
গ ইলিয়াস শাহ ঘ মুর্শিদকুলী খান উত্তর: ঘ

৩২. বাংলার নবাবি শাসন কোন সুবাদারের সময় থেকে শুরু হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১০-১১]
ক ইসলাম খান খ মুর্শিদকুলী খান
গ শায়েস্তা খান ঘ আলীবর্দী খান উত্তর: খ

৩৩. কোন মুগল সুবাদার বাংলার রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তর করেন? [১৫তম বিসিএস]
ক ইসলাম খান খ শায়েস্তা খান
গ মুর্শিদকুলী খান ঘ আলীবর্দী খান উত্তর: গ

৩৪. মুর্শিদাবাদ ভারতে কোন রাজ্যের? [সিভিল সার্জনের কার্যালয়, শরীয়তপুর এর স্বাস্থ্য সহকারী : ২৫]
উত্তর: পশ্চিমবঙ্গ রাজ্য।

৩৫. একসময়ে বাংলা, বিহার ও উড়িষ্যার রাজধানী মুর্শিদাবাদের প্রাক্তন নাম ছিল- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ক সিনহাবাদ খ চন্দ্রদ্বীপ
গ গৌড় ঘ মাকসুদাবাদ উত্তর: ঘ

৩৬. বাংলার রাজস্ব ব্যবস্থা পুনর্গঠন করেন- [জাবি (সি ইউনিট) : ১৮-১৯]
ক মুর্শিদকুলী খান খ শায়েস্তা খান
গ কাসিম খান ঘ আলীবর্দী খান উত্তর: ক

৩৭. বাংলার মুসলিম শাসনামলে 'আবওয়াব' শব্দটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হতো? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক নদী খ পানি
গ খাজনা ঘ জমি উত্তর: গ

৩৮. নবাব সুজাউদ্দিন খানের বাংলার শাসনকাল - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ক ১৭২৭-১৭৩৯ খ ১৭৪২-১৭৫৫
গ ১৭৩৯-১৭৪৩ ঘ ১৭৪৯-১৭৫৬ উত্তর: ক

৩৯. নবাব সরফরাজ খানের বাংলায় শাসনকাল - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
ক ১৭২৭-১৭৩৯ খ ১৭৩৯-১৭৪০
গ ১৭৩০-১৭৪০ ঘ ১৭১৭-১৭২৭ উত্তর: খ

৪০. ১৭৪০-৫৬ পর্যন্ত বাংলা, বিহার ও উড়িষ্যার নবাব ছিলেন কে? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট) : ১৬-১৭]
ক সিরাজউদ্দৌলা খ আলিবর্দী খাঁ
গ মীর জাফর ঘ মীর কাসিম উত্তর: খ

Scanned with CamScanner

৪১. 'আলিবর্দী খাঁ'- এর প্রকৃত নাম কী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ২০-২১]
ক) মির্জা মুহম্মদ আলি খ) সুজাউদ্দিন
গ) সরফরাজ খাঁ ঘ) হাজি আহমদ উত্তর: ক

৪২. মুসলমান শাসনামলে এদেশে এসে অত্যাচার ও লুট করেছে কারা? [মৎস্য ও ডিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১০]
ক) জলদস্যুরা খ) পর্তুগিজরা
গ) বর্গীরা ঘ) ইংরেজরা উত্তর: গ

৪৩. লুণ্ঠনপ্রিয় 'বর্গী' (Bargi) বলা হত কাদের? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ২৩-২৪/ PKB অফিসার (ক্যাশ) : ২১]
ক) মারাঠি সৈন্যদলকে খ) মুগল সৈন্যদলকে
গ) বার্মার সৈন্যদলকে ঘ) ইংরেজ সৈন্যদলকে উত্তর: ক

৪৪. 'বর্গী' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৫]
ক) মহারাষ্ট্রীয় খ) হিন্দি
গ) তামিল ঘ) তুর্কি উত্তর: ক

৪৫. নবাব সিরাজ-উ-দৌলার পিতার নাম কি? [SHED এর অফিস সহায়ক : ২১/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৭-১৮]
ক) জয়েন উদ্দিন খ) আলীবর্দী খাঁ
গ) শওকত জং ঘ) হায়দার আলী উত্তর: ক

৪৬. সিরাজউদ্দৌলার প্রকৃত নাম কী ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ক) মির্জা মোহাম্মদ খ) মির্জা আলম
গ) মির্জা খলিল ঘ) মির্জা আজম উত্তর: ক

৪৭. কত সালে নবাব সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে বসেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) : ০৪-০৫]
ক) ১৭৫৬ খ) ১৮৫৬
গ) ১৭৫৭ ঘ) ১৮৫৭ উত্তর: ক

৪৮. বাংলার শেষ স্বাধীন নবাব কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা) : ০৩]
ক) নবাব আলিবর্দী খাঁ খ) আলাউদ্দিন হুসেন শাহ
গ) নবাব সিরাজউদ্দৌলা ঘ) ফকির মজনু শাহ উত্তর: গ

৪৯. নবাব সিরাজ-উ-দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হন? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক) ২০ বছর খ) ২১ বছর
গ) ২২ বছর ঘ) ২৩ বছর উত্তর: গ

৫০. 'অন্ধকূপ হত্যা' কাহিনী কার তৈরি? [রবিপ্রবি: (এফ ইউনিট) : ১৯-২০/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক) হলওয়েল খ) মীর জাফর
গ) ক্লাইভ ঘ) কর্নওয়ালিস উত্তর: ক

৫১. হলওয়েল বর্ণিত 'ব্ল্যাক হোল ট্র্যাজেডি' কার নামের সাথে যুক্ত? [জাহাঙ্গীরনগর বিশ্ব. (আই ইউনিট) : ২০-২১]
ক) সম্রাট শাহজাহান খ) বাহাদুর শাহ জাফর
গ) নবাব সিরাজউদ্দৌলা ঘ) ইব্রাহিম লোদী উত্তর: গ

৫২. আলীনগরের সন্ধি কত সালে করা হয়? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২২-২৩]
ক) ১৭৫৭ খ) ১৭৫৭
গ) ১৭৬০ ঘ) ১৭৫৫ উত্তর: খ

৫৩. কোনটি ভারতের ইতিহাসে নতুন যুগের সূচনা করে? [খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]
ক) পলাশীর যুদ্ধ খ) ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহ
গ) বক্সারের যুদ্ধ ঘ) পানিপথের যুদ্ধ উত্তর: ক

৫৪. পলাশীর যুদ্ধ কখন হয়েছিল? [৩৭তম বিসিএস]

*Or,*

**When the battle of Plassey was held?**
[খুলনা বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০০-০১]
ক) ২৩ জুন, ১৭৫৭ খ) ২৫ জুলাই, ১৭৫৭
গ) ১৫ আগস্ট, ১৮৫৮ ঘ) ২৫ আগস্ট, ১৮৫৮ উত্তর: ক

৫৫. ১৭৫৭ সালে কী সংঘটিত হয়েছিল? [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার : ২০/ চবি (ডি ইউনিট) : ০৪-০৫]
ক) ফরাসী বিপ্লব খ) সিপাহি বিদ্রোহ
গ) পলাশীর যুদ্ধ ঘ) পানিপথের যুদ্ধ উত্তর: গ

৫৬. পলাশীর যুদ্ধ সংঘটিত হয় কোন নদীর তীরে? [পানি উন্নয়ন বোর্ডের সহকারী প্রকৌশলী (সিভিল) : ২২/ চট্টগ্রাম বিশ্ব: (ডি-১ ইউনিট) : ১৬-১৭]
ক) হুগলী খ) গঙ্গা
গ) দামোদর ঘ) ভাগীরথী উত্তর: ঘ

৫৭. সিরাজউদ্দৌলা কোন যুদ্ধে পরাজিত হন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইসলামিক স্টাডিজ) : ১১-১২]
ক) উদয়নালা খ) বক্সার গ) গিরিয়া
ঘ) কাটোয়া ঙ) পলাশী উত্তর: ঙ

৫৮. পলাশীর যুদ্ধে নবাবের পক্ষে কোন ফরাসি সেনাপতি যুদ্ধ করেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট, ইতিহাস) : ২৩-২৪]
ক) সিন ফ্রে খ) ভন ক্রেমার
গ) জ্যাক রুশো ঘ) ওয়াটস উত্তর: ক

৫৯. পলাশীর যুদ্ধে মারা যান - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ১ ইউনিট) : ১২-১৩]
ক) মীরমদন খ) ইয়ার লতিফ
গ) মোহনলাল ঘ) রাজবল্লভ উত্তর: ক

৬০. নবাব মীর কাসিমের বাংলায় শাসনকাল- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৮) : ১৬-১৭]
ক) ১৭৬০-১৭৬৪ খ) ১৭৬৭-১৭৭১
গ) ১৭৬৩-১৭৬৯ ঘ) ১৭৫৭-১৭৬৭ উত্তর: ক

৬১. মুঙ্গেরে বাংলার রাজধানী স্থানান্তর করেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ক) নবাব আলীবর্দী খান খ) নবাব সরফরাজ খান
গ) নবাব মীর জাফর ঘ) নবাব মীর কাসিম উত্তর: ঘ

৬২. বক্সারের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? [রাবি (ইতিহাস) : ০৮-০৯]
ক) ১৬৬০ খ) ১৭০৭
গ) ১৭৫৭ ঘ) ১৭৬৪ উত্তর: ঘ

Scanned with CamScanner

# ব্রিটিশ শাসনামলে বাংলা
# Bangla under British Rule

## ভারতীয় উপমহাদেশে ও বাংলায় ইউরোপীয়দের আগমন

### পর্তুগিজদের আগমন

পর্তুগালের লোকদের পর্তুগিজ বলে। উপমহাদেশে ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে পর্তুগিজরা। ১৫০২ খ্রিষ্টাব্দে কেরালার কোচিন নামক স্থানে সর্বপ্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে। ভারতে পর্তুগিজ উপনিবেশগুলোর প্রথম গভর্নর ছিলেন আলবুকার্ক।

বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম এসেছিল পতুর্গিজরা ১৫১৬ খ্রিষ্টাব্দে। পর্তুগিজগণ বাংলাদেশে ফিরিঙ্গি (ফারসি শব্দ) নামে পরিচিত। ১৫১৮ খ্রিষ্টাব্দে পর্তুগিজরা চট্টগ্রামে আসতে শুরু করে। পর্তুগিজদের অধীনে চট্টগ্রামের সমৃদ্ধি ঘটে এবং একটি বাণিজ্যিক কেন্দ্রে পরিণত হয়ে 'পোর্টো গ্রান্ডে' বা বিশাল বন্দর নামে পরিচিত হয়। শেরশাহ ১৫৩৮ খ্রিষ্টাব্দে পর্তুগিজদের চট্টগ্রাম হতে বিতাড়িত করেন। ১৫৮১-১৬৬৬ খ্রিষ্টাব্দ সময়ে চট্টগ্রাম আরাকানদের অধীনে ছিল। বাণিজ্যের চেয়ে পর্তুগিজদের মধ্যে জলদস্যুতার বিষয়টি প্রবল ছিল। এ সময় বাংলার দক্ষিণাঞ্চলে আরাকান জলদস্যু (মগ) এবং পতুর্গিজ জলদস্যুদের দৌরাত্ম্য ব্যাপক বৃদ্ধি পায়। আরাকান ও পর্তুগিজ জলদস্যুদের একসাথে 'হার্মাদ' বলা হতো। মুগল সম্রাট শাহজাহানের আমলে বাংলার সুবাদার কাসিম খান জুয়িনী পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করেন। ১৬৬৬ সালে মুগল সুবাদার শায়েস্তা খান মগ ও পর্তুগিজ জলদস্যুদের চট্টগ্রাম হতে বিতাড়িত করেন। শায়েস্তা খান চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন 'ইসলামাবাদ'।

### ওলন্দাজদের আগমন

হল্যান্ডের (নেদারল্যান্ডের) অধিবাসীদের ডাচ বা ওলন্দাজ বলে। ডাচরা 'ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠন করে বাণিজ্যিক উদ্দেশ্যে ১৬০২ সালে এই উপমহাদেশে আসে। ইংরেজদের সাথে প্রতিযোগিতায় টিকতে না পেরে তারা এদেশ থেকে চলে যায়।

### দিনেমারদের আগমন

ডেনমার্কের লোকদের বলা হয় ডেনিশ বা দিনেমার। তারা এদেশে বাণিজ্য করার জন্য 'ডেনিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠন করে। কিন্তু তারা বাণিজ্যে তেমন সুবিধা করতে পারেনি।

### ইংরেজদের আগমন

ইংল্যান্ডের রানি প্রথম এলিজাবেথ এবং দিল্লির সম্রাট আকবরের রাজত্বকালে প্রাচ্যের সাথে বাণিজ্য করার জন্য ২১৮ জন ইংরেজ বণিকদের প্রচেষ্টায় ১৬০০ খ্রিষ্টাব্দে 'ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠিত হয়। ক্যাপ্টেন হকিন্স ১৬০৮ সালে ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের সুপারিশপত্র নিয়ে বাণিজ্য কুঠি স্থাপনের উদ্দেশ্যে সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন। ক্যাপ্টেন হকিন্সের আবেদনক্রমে সম্রাট জাহাঙ্গীর সুরাটে বাণিজ্য কুঠি নির্মাণের অনুমতি দেন। ১৬১২ সালে ইংরেজরা উপমহাদেশের প্রথম কুঠি স্থাপন করে সুরাটে। ১৬১৫ খ্রি. প্রথম ইংরেজ দূত হিসেবে স্যার টমাস রো সম্রাট জাহাঙ্গীরের দরবারে আগমন করেন। সম্রাট শাহজাহানের শাসনামলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে। ১৬৩৩ সালে হরিহরপুরে তারা এ কুঠি নির্মাণ করে। দীর্ঘকাল পরে ১৬৫১ সালে হুগলী শহরে তারা দ্বিতীয় কুঠি নির্মাণ করে। ইংরেজরা ১৬৫৮ সালে কাশিম বাজারে বাণিজ্যকুঠি স্থাপন করে। ১৬৯০ সালে কোম্পানির এজেন্ট জব চার্নক সুতানটি গ্রামে একটি নগর প্রতিষ্ঠা করেন। পরে কলকাতা ও গোবিন্দপুর গ্রাম কিনে নগরটিকে আরও বড় করা হয়। এভাবে হুগলি নদীর তীরে গড়ে উঠে বিখ্যাত কলকাতা শহর। ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকেন্দ্র ছিল কলকাতা। কলকাতায় ইংল্যান্ডের রাজা উইলিয়ামের নামানুসারে 'ফোর্ট উইলিয়াম দুর্গ' (নির্মাণকাল: ১৬৯৬ - ১৭০২ খ্রি.) নির্মিত হয়। দুর্গটির বর্তমান নাম 'বিজয় দুর্গ'।

### ফরাসিদের আগমন

ইউরোপীয় বণিক সম্প্রদায়ের মধ্যে ফরাসিগণ সর্বশেষে উপমহাদেশে আগমন করেন। ফরাসিগণ কালক্রমে সুরাট, মসলিপট্টম, পণ্ডিচেরী, চন্দনগর (পশ্চিমবঙ্গ), কাসিমবাজার, কালিকটে শক্তিশালী বাণিজ্য কুঠি গড়ে তোলে। কিন্তু বন্দীবাসের যুদ্ধ (১৭৬০ খ্রি.) এ ইংরেজদের নিকট পরাজিত হলে উপমহাদেশে ফরাসি প্রভাব ও প্রতিপত্তি ধূলিসাৎ হয়ে যায়।

## MCQ Solution

১. **Who were the first European traders to arrive in India?** [Jahangirnagar University (International Affairs) : 13-14]

*Or,*

**কোন ইউরোপীয় জাতি সর্বপ্রথম ভারতবর্ষে আসে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ ২) : ২০-২১]

ⓐ Dutch ⓑ English
ⓒ French ⓓ Portugese **Ans. d**

২. **ভারতে পর্তুগিজ শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]

ⓚ আল বুকার্ক ⓚ ফ্রান্সিসকো-ডি-আলমিডা
ⓖ বার্থোলোমিউ দিয়াজ ⓖ ভাস্কো-দা-গামা **উত্তর: ক**

Scanned with CamScanner

# ব্রিটিশ শাসনামলে বাংলা
# Bangla under British Rule

## ভারতীয় উপমহাদেশে ও বাংলায় ইউরোপীয়দের আগমন

### পর্তুগিজদের আগমন

পর্তুগালের লোকদের পর্তুগিজ বলে। উপমহাদেশে ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে পর্তুগিজরা। ১৫০২ খ্রিষ্টাব্দে কেরালার কোচিন নামক স্থানে সর্বপ্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে। ভারতে পর্তুগিজ উপনিবেশগুলোর প্রথম গভর্নর ছিলেন আলবুকার্ক।

বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম এসেছিল পর্তুগিজরা ১৫১৬ খ্রিষ্টাব্দে। পর্তুগিজগণ বাংলাদেশে ফিরিঙ্গি (ফারসি শব্দ) নামে পরিচিত। ১৫১৮ খ্রিষ্টাব্দে পর্তুগিজরা চট্টগ্রামে আসতে শুরু করে। পর্তুগিজদের অধীনে চট্টগ্রামের সমৃদ্ধি ঘটে এবং একটি বাণিজ্যিক কেন্দ্রে পরিণত হয়ে 'পোর্টো গ্রান্ডে' বা বিশাল বন্দর নামে পরিচিত হয়। শেরশাহ ১৫৩৮ খ্রিষ্টাব্দে পর্তুগিজদের চট্টগ্রাম হতে বিতাড়িত করেন। ১৫৮১-১৬৬৬ খ্রিষ্টাব্দ সময়ে চট্টগ্রাম আরাকানদের অধীনে ছিল। বাণিজ্যের চেয়ে পর্তুগিজদের মধ্যে জলদস্যুতার প্রবৃত্তি প্রবল ছিল। এ সময় বাংলার দক্ষিণাঞ্চলে আরাকানি জলদস্যু (মগ) এবং পর্তুগিজ জলদস্যুদের দৌরাত্ম্য ব্যাপক বৃদ্ধি পায়। আরাকানি ও পর্তুগিজ জলদস্যুদের একসাথে 'হার্মাদ' বলা হতো। মুঘল সম্রাট শাহজাহানের আমলে বাংলার সুবেদার কাসিম খান জুইনী পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করেন। ১৬৬৬ সালে মুঘল সুবেদার শায়েস্তা খান মগ ও পর্তুগিজ জলদস্যুদের চট্টগ্রাম হতে বিতাড়িত করেন। শায়েস্তা খান চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন 'ইসলামাবাদ'।

### ওলন্দাজদের আগমন

হল্যান্ডের (নেদারল্যান্ডস) অধিবাসীদের ডাচ বা ওলন্দাজ বলে। তারা 'ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠন করে বাণিজ্যিক উদ্দেশ্যে ১৬০২ সালে এই উপমহাদেশে আসে। ইংরেজদের সাথে প্রতিযোগিতায় টিকতে না পেরে তারা এদেশ থেকে চলে যায়।

### দিনেমারদের আগমন

ডেনমার্কের লোকদের বলা হয় ডেনিশ বা দিনেমার। তারা এদেশে বাণিজ্য করার জন্য 'ডেনিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠন করে। কিন্তু তারা বাণিজ্যে তেমন সুবিধা করতে পারেনি।

### ইংরেজদের আগমন

ইংল্যান্ডের রানি প্রথম এলিজাবেথের এবং ভারতের সম্রাট আকবরের রাজত্বকালে প্রাচ্যের সাথে বাণিজ্য করার জন্য ২১৮ জন ইংরেজ বণিকদের প্রচেষ্টায় ১৬০০ খ্রিষ্টাব্দে 'ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠিত হয়। ক্যাপ্টেন হকিন্স ১৬০৮ সালে ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের সুপারিশপত্র নিয়ে বাণিজ্য কুঠি স্থাপনের উদ্দেশ্যে সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন। ক্যাপ্টেন হকিন্সের আবেদনের প্রেক্ষিতে সম্রাট জাহাঙ্গীর সুরাটে বাণিজ্য কুঠি নির্মাণের অনুমতি দেন। ১৬১২ সালে ইংরেজরা উপমহাদেশের প্রথম কুঠি স্থাপন করে সুরাটে। ১৬১৫ খ্রি. প্রথম ইংরেজ দূত হিসেবে স্যার টমাস রো সম্রাট জাহাঙ্গীরের দরবারে আগমন করেন। সম্রাট শাহজাহানের শাসনামলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করে। ১৬৩৩ সালে হরিহরপুরে তারা এ কুঠি নির্মাণ করে। দীর্ঘকাল পরে ১৬৫১ সালে হুগলী শহরে তারা দ্বিতীয় কুঠি নির্মাণ করে। ইংরেজরা ১৬৫৮ সালে কাশিম বাজারে বাণিজ্যকুঠি স্থাপন করে। ১৬৯০ সালে কোম্পানির এজেন্ট জব চার্নক সুতানটি গ্রামে একটি নগর প্রতিষ্ঠা করেন। পরে কলকাতা ও গোবিন্দপুর গ্রাম নিয়ে নগরটিকে আরও বড় করা হয়। এভাবে হুগলি নদীর তীরে গড়ে উঠে বিখ্যাত কলকাতা শহর। ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকেন্দ্র ছিল কলকাতা। কলকাতায় ইংল্যান্ডের রাজা উইলিয়ামের নামানুসারে 'ফোর্ট উইলিয়াম দুর্গ' (নির্মাণকাল: ১৬৯৬ - ১৭০২ খ্রি.) নির্মিত হয়। দুর্গটির বর্তমান নাম 'বিজয় দুর্গ'।

### ফরাসিদের আগমন

ইউরোপীয় বণিক সম্প্রদায়ের মধ্যে ফরাসিগণ সর্বশেষে উপমহাদেশে আগমন করেন। ফরাসিগণ কালক্রমে সুরাট, মসলিপট্টম, পন্ডিচেরী, চন্দনগর (পশ্চিমবঙ্গ), কাসিমবাজার, কালিকটে শক্তিশালী বাণিজ্য কুঠি গড়ে তোলে। কিন্তু বন্দীবাসের যুদ্ধ (১৭৬০ খ্রি.) এ ইংরেজদের নিকট পরাজিত হলে উপমহাদেশে ফরাসি প্রভাব ও প্রতিপত্তি ধূলিসাৎ হয়ে যায়।

## MCQ Solution

১. **Who were the first European traders to arrive in India?** [Jahangirnagar University (International Affairs) : 13-14]

*Or,*

**কোন ইউরোপীয় জাতি সর্বপ্রথম ভারতবর্ষে আসে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ ২) : ২০-২১]

ⓐ Dutch ⓑ English
ⓒ French ⓓ Portugese **Ans. d**

২. **ভারতে পর্তুগিজ শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট - সেট ১) : ১৬-১৭]

ⓚ আল বুকার্ক ⓛ ফ্রান্সিসকো-ডি-আলমিডা
ⓜ বার্থোলোমিউ দিয়াজ ⓝ ভাস্কো-দা-গামা **উত্তর: ক**

Scanned with CamScanner

৩. **ইউরোপীয় বণিকদের মধ্যে কারা প্রথমে বাংলায় এসেছিলেন?** [৪০তম বিসিএস/ ১৬তম বিসিএস/ BPSC'র প্রাণরসায়নবিদ : ২৩]

*Or,*

**Which among the following European merchants came first to Bangladesh?** [BRC Officer : 07]

ⓚ ইংরেজরা ⓚ ওলন্দাজরা
ⓖ ফরাসিরা ⓖ পর্তুগিজরা **উত্তর: ঘ**

৪. **In which year did the Portuguese arrive at Chittagong and receive trade permit for the first time?/ পর্তুগিজরা কত খ্রিষ্টাব্দে প্রথম চট্টগ্রাম আসে এবং বাণিজ্য করার অনুমতি পায়?** [BASIC Bank Asst. Manager : 12]

ⓐ 1498 ⓑ 1534 ⓒ 1650
ⓓ 1757 ⓔ None of these **Ans. e**

৫. **'ফিরিঙ্গি' কাদের বলা হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৭-১৮/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]

ⓚ ফরাসিদের ⓚ মগদের
ⓖ পর্তুগিজদের ⓖ দিনেমারদের **উত্তর: গ**

৬. **'ফিরিঙ্গি' শব্দটি কোন ভাষার শব্দ?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (এএল ইউনিট - সেট ২) : ১৭-১৮]

ⓚ ফারসি ⓚ উর্দু
ⓖ হিন্দি ⓖ ফরাসি **উত্তর: ক**

৭. **'হার্মাদ' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]

ⓚ স্পেনীয় ⓚ পর্তুগিজ
ⓖ বার্মিজ ⓖ আরাকানী **উত্তর: খ**

৮. **সপ্তদশ শতাব্দীতে বাংলার দক্ষিণাঞ্চল হার্মাদের আক্রমণে জনজীবন অতিষ্ঠ হয়ে যেত। হার্মাদ কারা?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২০-২১]

ⓚ মগ ও মারাঠা জলদস্যু ⓚ মগ ও পর্তুগিজ জলদস্যু
ⓖ পর্তুগিজ ও ওলন্দাজ হল্যান্ড জলদস্যু
ⓖ মারাঠা ও পর্তুগিজ জলদস্যু **উত্তর: খ**

৯. **পর্তুগিজরা চট্টগ্রাম বন্দরের নাম দিয়েছিল** – [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১১-১২]

ⓚ পোর্টো গ্রান্ডে ⓚ সোদকাওয়ান ⓖ সমন্দর
ⓖ চাটিগাঁ ⓤ সন্দ্বীপ **উত্তর: ক**

১০. **দিল্লির কোন সম্রাট বাংলা থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন?** [বিআরইবি'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]

ⓚ শেরশাহ ⓚ আকবর
ⓖ জাহাঙ্গীর ⓖ আরওঙ্গজেব **উত্তর: ক**

১১. **কোন সম্রাটের আমলে পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করা হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ০৯-১০]

ⓚ আকবর ⓚ শাহজাহান
ⓖ বাবর ⓖ জাহাঙ্গীর **উত্তর: খ**

১২. **কোন মুগল সুবাদার পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩]

ⓚ কাসিম খান ⓚ ইসলাম খান
ⓖ মীর জুমলা ⓖ শায়েস্তা খান **উত্তর: ঘ**

১৩. **বাংলার দক্ষিণ অঞ্চলের মানুষকে পর্তুগিজ ও মগ জলদস্যুদের অত্যাচার থেকে কে রক্ষা করেন?** [প্রাথমিক প্রধান শিক্ষক (ঢাকা) : ০৮]

ⓚ মুর্শিদকুলী খান ⓚ ইসলাম খান
ⓖ শায়েস্তা খান ⓖ ঈসা খান **উত্তর: গ**

১৪. **কোন মুগল সুবাদার চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ?** [বাতিলকৃত ২৪তম বিসিএস/ KGDCL'র টেকনিশিয়ান : ২৪]

ⓚ ইসলাম খান ⓚ রাজা মানসিংহ
ⓖ মীর জুমলা ⓖ শায়েস্তা খান **উত্তর: ঘ**

১৫. **চট্টগ্রামের পূর্ব নাম কি?** [MRA'র অফিস সহায়ক : ২৩]
**উত্তর:** ইসলামাবাদ।

১৬. **কার শাসনামলে চট্টগ্রাম প্রথমবারের মত পূর্ণভাবে বাংলার সাথে যুক্ত হয়?** [শাবিপ্রবি : ০৭-০৮]

ⓚ মুর্শিদকুলি খান ⓚ শায়েস্তা খান
ⓖ আলীবর্দী খান ⓖ উপরের কোনটিই সত্য নয় **উত্তর: খ**

১৭. **The geographical area now constituting Bangladesh was ruled by Muslims:/ বাংলাদেশের বর্তমান ভৌগলিক এলাকা মুসলমান কর্তৃক শাসিত হয়-** [IFIC Bank Ltd. Probationary Officer : 96]

ⓐ From 14th to 18th century A.D
ⓑ In 15th century A.D
ⓒ During Mughal period
ⓓ Before 14th century A.D **Ans. a**

১৮. **ওলন্দাজরা কোন দেশের নাগরিক?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]

ⓚ হল্যান্ড ⓚ ফ্রান্স
ⓖ পর্তুগাল ⓖ ডেনমার্ক **উত্তর: ক**

১৯. **ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠন করে** – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]

ⓚ হল্যান্ড ⓚ স্পেন
ⓖ ব্রিটেন ⓖ ফ্রান্স **উত্তর: ক**

২০. **ওলন্দাজরা কখন ভারতে আসেন?** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক : ০৪]

ⓚ ১৬০২ সালে ⓚ ১৫৭২ সালে
ⓖ ১৬০৫ সালে ⓖ ১৫৮০ সালে **উত্তর: ক**

২১. **কোন দেশের অধিবাসীরা ডাচ নামে পরিচিত?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]

ⓚ নেদারল্যান্ড ⓚ হাঙ্গেরি
ⓖ পর্তুগাল ⓖ স্পেন **উত্তর: ক**

২২. **ডাচ ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠন করে** – [জবি (সি৩ ইউনিট) : ১৫-১৬]

ⓚ হল্যান্ড ⓚ স্পেন
ⓖ ফ্রান্স ⓖ কোনোটিই নয় **উত্তর: ক**

Scanned with CamScanner

২৩. ইউরোপের একটি দেশের অধিবাসীদের দিনেমার বলা হয়। দেশটির নাম কী? [BREB'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ⓚ স্পেন ⓚ নেদারল্যান্ড
ⓖ পর্তুগাল ⓖ ডেনমার্ক উত্তর: ঘ

২৪. কত খ্রিষ্টাব্দে ইংল্যান্ডে দি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি স্থাপিত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ⓚ ১৬০৮ সালে ⓚ ১৭৫৭ সালে
ⓖ ১৬০০ সালে ⓖ ১৬৫২ সালে উত্তর: গ

২৫. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি নামক বণিক সংঘ কত জন সদস্য নিয়ে গঠিত হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১০-১১]
ⓚ ৩২০ জন ⓚ ৪২০ জন
ⓖ ২১৮ জন ⓖ ২৮১ জন উত্তর: গ

২৬. কোন ইংরেজ ইংল্যান্ডের রাজা প্রথম জেমস- এর চিঠি নিয়ে সর্বপ্রথম সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ⓚ ক্যাপ্টেন হকিন্স ⓚ এডওয়ার্ডস
ⓖ উইলিয়াম কেরি ⓖ স্যার টমাস রো উত্তর: ক

২৭. সম্রাট জাহাঙ্গীরের দরবারে ১ম ইংরেজ দূত কে? [CAAB'র ইন্সপেক্টর : ২১/ BREB'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ⓚ ক্যাপ্টেন হাকিন্স ⓚ এডওয়ার্ডস
ⓖ স্যার টমাস রো ⓖ উইলিয়াম কেরি উত্তর: গ

২৮. কোন সম্রাট সর্বপ্রথম ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে সুরাটে বাণিজ্য কুঠি স্থাপনের অনুমতি দেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি বিভাগ) : ০৯-১০]
ⓚ আকবর ⓚ শাহবাজ খান
ⓖ মুর্শিদকুলি খান ⓖ জাহাঙ্গীর উত্তর: ঘ

২৯. ইংরেজরা বাংলাদেশে আগমন করে– [ঢাকা বিশ্ব: (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ ১৫৯৯ ⓚ ১৭৫৭
ⓖ ১৪৭৫ ⓖ ১৬০০ উত্তর:
ব্যাখ্যা: ১৬৫৮ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানির একজন প্রতিনিধি হিসেবে জেমস হার্ট ঢাকায় প্রবেশ করার মধ্য দিয়ে বাংলাদেশে ইংরেজ আগমন শুরু হয়।

৩০. ইংরেজ বণিকগণ সরাসরিভাবে বঙ্গদেশে বাণিজ্য কেন্দ্র স্থাপন করেন–[খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ⓚ আকবরের আমলে ⓚ জাহাঙ্গীরের আমলে
ⓖ শাহজাহানের আমলে ⓖ আলমগীরের আমলে উত্তর: গ

৩১. কোন সম্রাট ইংরেজদের বঙ্গদেশে কুঠির নির্মাণের অনুমতি দেয়? [BREB এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ⓚ সম্রাট জাহাঙ্গীর ⓚ সম্রাট শাহজাহান
ⓖ সম্রাট আওরঙ্গজেব ⓖ সম্রাট ফররুখ শিয়র উত্তর: খ

৩২. ইংরেজরা কাশিম বাজারে কুঠি স্থাপন করে; [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ ২) : ১৮-১৯]
ⓚ ১৫৫১ সালে ⓚ ১৬৪৮ সালে
ⓖ ১৬৫১ সালে ⓖ ১৬৫৮ সালে উত্তর: ঘ

৩৩. ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকেন্দ্র ছিল- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩]
ⓚ কলকাতা ⓚ দিল্লি
ⓖ পাঞ্জাব ⓖ ঢাকা উত্তর: ক

৩৪. কলকাতা নগরীর প্রতিষ্ঠাতা কে? [চট্টগ্রাম বিশ্ব: (বি ইউনিট) : ০৯-১০]
ⓚ ক্লাইভ ⓚ ডালহৌসি
ⓖ ওয়েলেসলি ⓖ জব চার্নক উত্তর: ঘ

৩৫. কলকাতা কোন নদীর তীরে অবস্থিত? [বরিশাল বিশ্ব: (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ গঙ্গা ⓚ যমুনা
ⓖ হুগলি ⓖ মহানদী উত্তর: গ

৩৬. কোন দেশের বাণিজ্যিক কোম্পানি ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ করে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ ইংল্যান্ড ⓚ ফ্রান্স ⓖ হল্যান্ড
ⓖ ডেনমার্ক ⓤ ইতালি উত্তর: ক

৩৭. ফোর্ট উইলিয়াম দুর্গ কোথায় অবস্থিত ছিল? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ ঢাকা ⓚ মুর্শিদাবাদ
ⓖ কলকাতা ⓖ আগ্রা উত্তর: গ

৩৮. ইউরোপীয়দের মধ্যে সবশেষে ভারতে এসেছিল - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ ফরাসি ⓚ পর্তুগিজ
ⓖ ডাচ ⓖ ইংরেজ উত্তর: ক

৩৯. বাংলায় ইউরোপীয়দের মধ্যে সর্বশেষ আগমন করে - [কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট - সেট ১) : ১৪-১৫]
ⓚ ফরাসিরা ⓚ ইংরেজরা
ⓖ ডেনিসরা ⓖ ডাচরা উত্তর: ক

৪০. চন্দনগর (পশ্চিমবঙ্গ) একসময়- এর উপনিবেশ ছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ⓚ হল্যান্ড ⓚ ফ্রান্স
ⓖ ইংল্যান্ড ⓖ পর্তুগাল উত্তর: খ

## উপমহাদেশে ইংরেজ শাসন

### কোম্পানির দেওয়ানি লাভ ও দ্বৈত শাসন (১৭৬৫ -১৭৭২ খ্রি.)

রবার্ট ক্লাইভ



জন্ম : ১৭২৫ খ্রি.
মৃত্যু : ২২-১১-১৭৭৪ খ্রি. (আত্মহত্যা)

১৭৬৫ খ্রিষ্টাব্দে রবার্ট ক্লাইভ বক্সারের যুদ্ধে পরাজিত দিল্লির সম্রাট দ্বিতীয় শাহ আলমের সঙ্গে এক চুক্তি করে বাংলা, বিহার ও উড়িষ্যার দিওয়ানি শাসন তথা রাজস্ব আদায়ের ক্ষমতা লাভ করেন। সম্রাটের সাথে ক্লাইভের এ চুক্তি

Scanned with CamScanner

এলাহাবাদের সন্ধি (আগস্ট, ১৭৬৫ খ্রি.) নামে পরিচিত। বাংলার নেজামত (বিচার ও শাসন) ক্ষমতা নবাবের হাতে এবং রাজস্ব আদায়ের ক্ষমতা ইস্ট ইন্ডিয়া কোম্পানির উপর ন্যস্ত হয়। ইতিহাসে এটি 'দ্বৈতশাসন' (Dual Government) নামে পরিচিত। দ্বৈতশাসন এবং ইংরেজ কর্মচারীদের অত্যাচার, উৎপীড়ন ও শোষণের ফলে বাংলার জনসাধারণের অবস্থা ক্রমেই শোচনীয় হয়ে পড়ে। এছাড়া ১৭৭০ খ্রিষ্টাব্দে অনাবৃষ্টি ও খরার কারণে ফসল নষ্ট হয়ে গেলে বাংলায় প্রচণ্ড খাদ্যাভাব দেখা দেয়। সমগ্র দেশে এক ভয়াবহ দুর্ভিক্ষ নেমে আসে। এ দুর্ভিক্ষে প্রায় ১ কোটি লোক মৃত্যুবরণ করে। বাংলা ১১৭৬ সালের (ইংরেজি ১৭৭০ সালে) এই দুর্ভিক্ষ ইতিহাসে 'ছিয়াত্তরের মন্বন্তর' বা মহাদুর্ভিক্ষ নামে পরিচিত। 'ছিয়াত্তরের মন্বন্তর' এর সময় বাংলার গভর্নর ছিলেন কার্টিয়ার। দ্বৈত শাসনের চরম ব্যর্থতায় ইস্ট ইন্ডিয়া কোম্পানি ১৭৭২ খ্রিষ্টাব্দে এ ব্যবস্থার অবসান ঘটিয়ে প্রত্যক্ষভাবে রাজস্ব শাসনের দায়িত্ব হাতে নেয়।

## MCQ Solution

১. **বক্সার যুদ্ধের ফলে –**[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ক) সিরাজের পতন ঘটে খ) ইংরেজরা বিতাড়িত হয়
গ) ইংরেজরা ক্ষমতা লাভ করে
ঘ) ইংরেজরা দেওয়ানি লাভ করে **উত্তর: ঘ**

২. **কোম্পানি দেওয়ানি লাভ করে –**[জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি ইউনিট) : ১৫-১৬]
ক) মুর্শিদাবাদ চুক্তিতে খ) এলাহাবাদ চুক্তিতে
গ) মুঙ্গের চুক্তিতে ঘ) কলকাতা চুক্তিতে **উত্তর: খ**

৩. **ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি প্রদান করেন-** [কৃষি বিপনন অধিদপ্তরের অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৮-১৯]
ক) শাহ সুজা খ) মীর জাফর
গ) ফররুখ শিয়ার ঘ) দ্বিতীয় শাহ আলম **উত্তর: ঘ**

৪. **ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কখন বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করেন?** [বাতিলকৃত ২৪তম বিসিএস/ ববি (খ ইউনিট) : ১৩-১৪]
ক) ১৬৯০ খ) ১৭৬৫
গ) ১৭৯৩ ঘ) ১৮২৯ **উত্তর: খ**

৫. **'দ্বৈত শাসন' ব্যবস্থা চালু হয় কত সালে?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫]
ক) ১৭৫৮ সালে খ) ১৭৬৫ সালে
গ) ১৮৬২ সালে ঘ) ১৮৫৮ সালে **উত্তর: খ**

৬. **বাংলাদেশে দ্বৈত শাসন কে প্রবর্তন করেন?** [বন অধিদপ্তরের কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ক) লর্ড কর্নওয়ালিস খ) লর্ড ক্লাইভ
গ) নবাব মীর কাশেম ঘ) ওয়ারেন হেস্টিংস **উত্তর: খ**

৭. **'ছিয়াত্তরের মন্বন্তর' নামক ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছিল ইংরেজি কত সালে?** [PGCB'র জুনিয়র হিসাব সহকারী : ২৪]
ক) ১৭৬৮ সালে খ) ১৭৬৯ সালে
গ) ১৭৭০ সালে ঘ) ১৭৭২ সালে **উত্তর: গ**

৮. **'ছিয়াত্তরের মন্বন্তর' বাংলা কোন সনে হয়েছিল?** [৩৬তম বিসিএস/ ১৪তম বিসিএস/ বাংলাদেশ টেলিভিশনের উপ-সহকারী প্রকৌশলী : ২৩]
*Or,*
**'Chiattorer Monnontor' the great Bengal famine was occurred in the year of -** [খুলনা বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান স্কুল) : ১৭-১৮]
ক) ১০৭৬ সনে খ) ১৩৭৬ সনে
গ) ১১৭৬ সনে ঘ) ১২৭৬ সনে **উত্তর: গ**

৯. **ছিয়াত্তরের দুর্ভিক্ষের সময় বাংলার গভর্নর কে ছিলেন?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ক) লর্ড ওয়ারেন হেস্টিংস খ) লর্ড রিপন
গ) লর্ড কার্টিয়ার ঘ) লর্ড কর্নওয়ালিস **উত্তর: গ**

১০. **'লর্ড ক্লাইভ' আত্মহত্যা করে-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি২ উপ ইউনিট) : ২৪-২৫/ ১১তম বিজেএস (সহকারী জজ) : ১৭]
ক) ১৭৭৩-এর ১৫ ডিসেম্বর
খ) ১৭৭৪-এর ২ নভেম্বর
গ) ১৭৭৪-এর ২২ নভেম্বর
ঘ) ১৭৭৫-এর ২০ ডিসেম্বর **উত্তর: গ**

## ফোর্ট উইলিয়াম প্রেসিডেন্সি (বাংলা) এর গভর্নর জেনারেলের শাসন (১৭৭৩-১৮৩৩ খ্রি.)

নিয়ামক আইন, ১৭৭৩ প্রবর্তনের মাধ্যমে কোম্পানির গভর্নর এর পদ গভর্নর জেনারেল পদে উন্নীত করা হয়। ১৭৮৪ খ্রিষ্টাব্দে ইংল্যান্ডের প্রধানমন্ত্রী উইলিয়াম পিট ভারত শাসনের জন্য একটি আইন প্রণয়ন করেন। ১৮৫৮ সাল পর্যন্ত পিটের ভারত শাসন আইন কার্যকর ছিল।

**ওয়ারেন হেস্টিংস** (১৭৭৩ - ১৭৮৫ খ্রি.) উপমহাদেশে প্রথম রাজস্ব বোর্ড স্থাপন করেন।

**লর্ড কর্নওয়ালিস** (১৭৮৬ - ৯৩ খ্রি.) সরকারি কর্মচারীদের জন্য বিধি বিধান চালু করেন যা পরবর্তীকালে 'ইন্ডিয়ান সিভিল সার্ভিস' নামে প্রচলিত হয়।

**লর্ড ওয়েলেসলি** (১৭৯৮ - ১৮০৫ খ্রি.) অধীনতামূলক মিত্রতা নীতির প্রয়োগ করে তাঞ্জোর, সুরাট, অযোধ্যা প্রভৃতি রাজ্যের স্বাধীনতা হরণ করেন। এ সময় মহীশূর (অধুনা ভারতের কর্ণাটক রাজ্য) এর শাসনকর্তা ছিলেন টিপু সুলতান। টিপু অধীনতামূলক মিত্রতা নীতি গ্রহণে অস্বীকৃতি জানালে কোম্পানির সঙ্গে কয়েক দফা যুদ্ধ হয়। চতুর্থ মহীশূরের যুদ্ধ (১৭৯৯ খ্রি.) এ টিপু পরাজিত ও নিহত হলে মহীশূর ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়। টিপুর বিরুদ্ধে এ যুদ্ধে নেতৃত্ব দেন লর্ড ওয়েলেসলির ভ্রাতা আর্থার ওয়েলেসলি।

Scanned with CamScanner

## MCQ Solution

১. **During British colonial rule, what was the region that comprises modern-day Bangladesh known as-** [পূবালী ব্যাংক পি. এক্সিকিউটিভ অফিসার : ২৩]
ⓐ East Pakistan ⓑ Bengal Presidency
ⓒ West Bengal ⓓ Assam-Bengal **উত্তর: খ**

২. **ব্রিটিশ পার্লামেন্টে 'ভারত শাসন আইন' পাস হয়-** [রাবি (এ ইউনিট, ক.বিভাগ) : ২৩-২৪/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ১৭৮৪ ⓚ ১৭৮৬
ⓖ ১৭৭৩ ⓖ ১৭৯০ **উত্তর: ক**

৩. **ভারতবর্ষে সর্বপ্রথম রাজস্ব বোর্ড স্থাপন করেন -** [সমন্বিত বাণিজ্যিক ব্যাংকের প্রবেশ অফিসার : ১৫]
ক লর্ড ক্লাইভ খ শেরশাহ
গ সম্রাট আকবর ঘ ওয়ারেন হেস্টিংস **উত্তর: ঘ**

৪. **Who introduced 'Civil Services' in the Indian Sub-continent?** [Khulna University (Social Science School) : 16-17]
ⓐ Lord Cornwallis ⓑ Lord Curzon
ⓒ Lord Dalhousie ⓓ Lord Wellesley **Ans. a**

৫. **অধীনতামূলক মিত্রতা নীতির প্রবর্তক-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - শিফট ১) : ১৫-১৬]
ক লর্ড ক্লাইভ খ লর্ড ওয়েলেসলি
গ লর্ড মিন্টো ঘ লর্ড বেন্টিঙ্ক **উত্তর: খ**

৬. **টিপু সুলতানের রাজ্যের নাম-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - শিফট ১) : ১৫-১৬/ কৃষি ব্যাংকের কৃষি অফিসার : ১৬]
ক অযোধ্যা খ মাদ্রাজ
গ হায়দ্রাবাদ ঘ মহীশূর **উত্তর: ঘ**

৭. **Which Indian state was known as Mysore in the past? ভারতের কোন রাজ্য অতীতে মহীশূর নামে পরিচিত ছিল?** [Combined Bank Assistant Engineer (IT) : 20]
ⓐ Kerala ⓑ Maharashtra
ⓒ Karnataka ⓓ Modhya Pradesh **Ans. c**

৮. **মহীশূরের টিপু সুলতান সর্বশেষ কোন ইংরেজ সেনাপতির সাথে যুদ্ধ করেন?** [রাবি (ইতিহাস) : ০৮-০৯]
ক ওয়েলেসলি খ ওয়ারেন হেস্টিংস
গ কর্নওয়ালিস ঘ ডালহৌসি **উত্তর: ক**

### ভারতের গভর্নর জেনারেলের শাসন (১৮৩৩ - ১৮৫৮ খ্রি.)

লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (১৮২৮-৩৫ খ্রি.) রাজ্যবিস্তার অপেক্ষা সমাজ সংস্কার কাজের জন্য সমৃদ্ধি লাভ করেন। লর্ড বেন্টিঙ্ক ১৮২৯ সালের ৪ ডিসেম্বর আইন করে সতীদাহ প্রথা রহিত করেন। এই ব্যাপারে বেন্টিঙ্ক রাজা রামমোহন রায়ের সক্রিয় সহযোগিতা লাভ করেন।

লর্ড ডালহৌসি (১৮৪৮-১৮৫৬ খ্রি.) স্বত্ব বিলোপ নীতির প্রয়োগ করে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ব্যাপক বিস্তৃতি ঘটান। ১৮৫০ সালে তিনি উপমহাদেশের প্রথম টেলিগ্রাফ লাইন (কলকাতা হতে ডায়মন্ড হারবার পর্যন্ত) স্থাপন করেন। ১৮৫৩ সালে তিনি উপমহাদেশে প্রথম রেল যোগাযোগ ব্যবস্থা চালু করেন। ডালহৌসি ১৮৫৬ সালের ২৬ জুলাই বিধবা বিবাহ আইন (The Hindu Widow's Re-marriage Act, 1856) প্রণয়ন করে হিন্দু বিধবাদের পুনর্বিবাহ প্রথা চালু করেন। বিধবা বিবাহ প্রচলনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁকে যথেষ্ট সাহায্য করেন।

## MCQ Solution

১. **Who was the first Governor General of India?** [BGDCL Assis: Manager (General) : 21]

*Or,*

**ব্রিটিশ ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?** [BREB'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার : ২৫]
ক Warren Hastings খ William Bentick
গ Load Delhousie ঘ Load Canning **উত্তর: খ**

২. **সতীদাহ প্রথা কত সালে রহিত হয়?** [২২তম বিসিএস]
ক ১৮১৯ খ ১৮২৯
গ ১৮৩৯ ঘ ১৮৪৯ **উত্তর: খ**

৩. **সতীদাহ প্রথা রহিতকরণ আইন পাস করেন কে?** [NSDA'র সহকারী পরিচালক : ২২/ BBS'র পরিসংখ্যান সহকারী : ২০]
ক লর্ড কর্নওয়ালিস খ রাজা রামমোহন রায়
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ লর্ড বেন্টিঙ্ক **উত্তর: ঘ**

৪. **সতীদাহ প্রথা বিলুপ্ত হয় কার উদ্যোগে?** [BBAL'র ট্রাফিক হেলপার : ২৪]
ক রামমোহন রায় খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ হান্টার ঘ লর্ড বেন্টিঙ্ক **উত্তর: ক**

৫. **স্বত্ববিলোপ নীতি আরোপ করেন -** [জাবি (সি-৩ ইউনিট) : ১৫-১৬]
ক লর্ড কর্নওয়ালিস খ লর্ড ওয়েলেসলি
গ লর্ড ডালহৌসি ঘ লর্ড ক্লাইভ **উত্তর: গ**

৬. **ভারতে সর্বপ্রথম কার সময় রেলপথ ও টেলিগ্রাফ লাইন স্থাপিত হয়?** [রাজশাহী বিশ্ব: (ইতিহাস) : ০৮-০৯]
ক লর্ড ওয়েলেসলি খ লর্ড বেন্টিঙ্ক
গ লর্ড ক্যানিং ঘ লর্ড ডালহৌসি **উত্তর: ঘ**

৭. **ভারতে টেলিগ্রাফ কত বছর চালু ছিল?** [ঢাবি (খ ইউনিট) : ১৩-১৪]
ক ১৪৫ বছর খ ১৫০ বছর
গ ১৫৫ বছর ঘ ১৬২ বছর **উত্তর: ঘ**

ব্যাখ্যা: মুঠোফোন এবং ই-মেইলের সাথে প্রতিযোগিতায় টিকতে না পেরে ২০১৩ সালের ১৫ জুলাই ১৬২ বছরের পুরানো ভারতের টেলিগ্রাম সেবা বন্ধ করে দেয়া হয়।

৮. **কত সালে উপমহাদেশে রেলগাড়ি চালু হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক ১৮৫৩ সালে খ ১৮৫০ সালে
গ ১৮৫১ সালে ঘ ১৮৫২ সালে **উত্তর: ক**

Scanned with CamScanner

৯. **হিন্দু বিধবা বিবাহ আইন কত সালে প্রণীত হয়?** [পিপোর্ট এর কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ ৮ম বিজেএস (সহকারী জজ) পরীক্ষা]
ক ২৫ জুলাই, ১৮৫৫ খ ২৬ জুলাই, ১৮৫৬
গ ২৩ জুলাই, ১৮৫৭ ঘ ১৫ জুলাই, ১৮৫৮ **উত্তর: খ**

১০. **হিন্দু বিধবার বিয়ে নিচের কোন আইন দ্বারা হয়?** [৮ম বিজেএস : ১৩]
ক The Hindu Women Marriage Ceremonies Act, 1856
খ The Hindu Women Marriage Act, 1856
গ The Hindu Women Re-marriage Act, 1856
ঘ The Hindu Widow's Re-marriage Act, 1856 **উত্তর: ঘ**

১১. **বিধবা বিবাহ আইন প্রচলনে কার অবদান ছিল?** [BEZA'র হিসাব সহকারী : ২৪]
ক রাজা রামমোহন রায় খ দেবেন্দ্রনাথ ঠাকুর
গ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **উত্তর: ঘ**

## ভারতের গভর্নর জেনারেল ও ভাইসরয়ের শাসন (১৮৫৮ - ১৯৪৭ খ্রি.)

সিপাহি বিদ্রোহের পর ২ আগস্ট, ১৮৫৮ ব্রিটিশ পার্লামেন্টে ভারত শাসন আইন পাশ হয়। সরকার ভারতের শাসনভার ইংল্যান্ডের রানি ভিক্টোরিয়ার হস্তে অর্পণ করেন। ইংল্যান্ডের মহারানির প্রতিনিধি অর্থাৎ রাজপ্রতিনিধি হিসাবে গভর্ন জেনারেলকে বড়লাট (Viceroy) উপাধি দেওয়া হয়। এর ফলে ভারতে ইস্ট-ইন্ডিয়া কোম্পানির শাসন (১৭৫৭-১৮৫ খ্রি.) এর অবসান ঘটে।

**লর্ড ক্যানিং** (১৮৫৬ - ৬২ খ্রি.) ভারতবর্ষের প্রথম ভাইসরয় নিযুক্ত হন। তিনি পুলিশ আইন, ১৮৬১ প্রবর্তনের মাধ্যমে ভারতীয় উপমহাদেশে আধুনিক পুলিশ ব্যবস্থা চালু করেন। বাংলাদেশের পুলিশ এখনও এই আইন দ্বারা পরিচালিত হয়। ১৮৬১ সালে তিনি উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু করেন।

**লর্ড মেয়ো** (১৮৬৯-৭২ খ্রি.) শাসনামলে ভারতবর্ষে প্রথম আদমশুমারি (১৮৭২ সালে) অনুষ্ঠিত হয়।

**লর্ড লিটন** (১৮৭৬-৮০ খ্রি.) অস্ত্র আইন, ১৮৭৮ প্রবর্তনের মাধ্যমে বিনা লাইসেন্সে অস্ত্র রাখা নিষিদ্ধ করেন।

**লর্ড রিপন** (১৮৮০-৮৪ খ্রি.) বেঙ্গল মিউনিসিপাল আইন, ১৮৮৪ প্রবর্তনের মাধ্যমে ভারতে প্রথম স্থানীয় শাসন ব্যবস্থার প্রবর্তন করেন। ১৮৮২ সালে উইলিয়াম হান্টারকে চেয়ারম্যান করে প্রথম ভারতীয় শিক্ষা কমিশন গঠন করেন।

**লর্ড কার্জন** (১৮৯৯ - ১৯০৫ খ্রি.) ১৯০৫ সালে ১৬ অক্টোবর বাংলা প্রদেশকে দুইভাগে ভাগ করেন। এ ঘটনা বঙ্গভঙ্গ (Partition of Bengal) নামে পরিচিত। বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে বাংলা প্রদেশ গঠিত ছিল। এটি ছিল তৎকালীন ভারতের সবচেয়ে বড় প্রদেশ। প্রদেশটির প্রশাসনকার্য পরিচালনার সুবিধার্থে বাংলা প্রদেশকে বিভক্ত করার সিদ্ধান্ত ছিল অত্যন্ত সময়োপযোগী। বঙ্গভঙ্গের ফলে পশ্চিম বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে গঠিত হয় পশ্চিম বাংলা প্রদেশ যার রাজধানী ছিল কলকাতা। অন্যদিকে বাংলাদেশের ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগ এবং আসাম নিয়ে গঠিত হয় 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশ যার রাজধানী ছিল ঢাকা। পূর্ব বাংলা ও আসামের প্রথম লেফটেন্যান্ট গভর্নর ছিলেন ব্যামফিল্ড ফুলার। 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশ মুসলমান সংখ্যাগরিষ্ঠ হওয়ায় রাজনৈতিক ও অর্থনৈতিক সুবিধাভোগী হিন্দু সম্প্রদায় বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলে।

| বাংলা এ পর্যন্ত ২ বার বিভক্ত হয়। যথা- | |
|---|---|
| ১ | ১৯০৫ সালে (বঙ্গভঙ্গের ফলে) |
| ২ | ১৯৪৭ সালে (ভারত বিভাগের ফলে) |



চিত্র: খণ্ডিত বঙ্গপ্রদেশ: ১৯০৫-১৯১১

Scanned with CamScanner

**লর্ড হার্ডিঞ্জ (১৯১০ - ১৬ খ্রি.)** বঙ্গভঙ্গ রদের সুপারিশ করেন। ১৯১১ সালের ১২ ডিসেম্বর ইংল্যান্ডের সম্রাট পঞ্চম জর্জের অভিষেক অনুষ্ঠান উপলক্ষে আহুত দিল্লির দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেওয়া হয় এবং ব্রিটিশ ভারতীয় রাজধানী কলকাতা থেকে দিল্লিতে স্থানান্তর করা হয়। বঙ্গভঙ্গ রদের পর পূর্ব ও পশ্চিম বাংলাকে একত্রিত করে কলকাতাকে রাজধানী করে একজন গভর্নরের অধীনে 'বেঙ্গল প্রদেশ' সৃষ্টি করা হয়।

**লর্ড মাউন্টব্যাটেন (১৯৪৭ খ্রি.)** ছিলেন ভারতের শেষ গভর্নর জেনারেল ও ভাইসরয় (বড়লাট)। ১৯৪৭ সালের ৩ জুন মাউন্টব্যাটেন ভারতবর্ষকে দ্বি-জাতিতত্ত্বের ভিত্তিতে ভারত ও পাকিস্তান নামে দুটি সার্বভৌম রাষ্ট্রে বিভক্ত করার সরকারি পরিকল্পনা ঘোষণা করেন এবং স্যার সিরিল জন র‍্যাডক্লিফকে সীমানা নির্ধারণকারী কমিশনের চেয়ারম্যান নিযুক্ত করেন। ১৯৪৭ সালের ১৮ জুলাই ব্রিটিশ পার্লামেন্টে 'ভারত স্বাধীনতা আইন, ১৯৪৭' প্রণীত হয়। এ সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন ক্লিমেন্ট এটলি। র‍্যাডক্লিফ কমিশন ভারত বিভাগ, নতুন দুটি রাষ্ট্র ভারত ও পাকিস্তানের মানচিত্র এবং আন্তর্জাতিক সীমানা নির্দেশ করে রিপোর্ট পেশ করে। র‍্যাডক্লিফের ভারতের ভৌগোলিক সীমানা নির্ধারক এই বিধিকে 'র‍্যাডক্লিফ রোয়েদাদ' বলে।




র‍্যাডক্লিফ লাইন (১৯৪৭ খ্রি.)

স্যার র‍্যাডক্লিফ

মাউন্ট ব্যাটেন ১৯৪৭ সালের ১৪ আগস্ট করাচিতে পাকিস্তান গণপরিষদের হাতে এবং ১৫ আগস্ট ভারতীয় গণপরিষদের হাতে ক্ষমতা হস্তান্তর করেন। জন্ম নেয় ভারতীয় ইউনিয়ন ও পাকিস্তান নামক দুটি রাষ্ট্র। র‍্যাডক্লিফের নেতৃত্বাধীন কমিশন সীমানা চিহ্নিতকরণের কাজ সমাপ্ত করে ১৯৪৭ সালের ১৭ আগস্ট। তাঁর নামানুসারে ভারত-পাকিস্তানের সীমান্তরেখার নামকরণ করা হয় র‍্যাডক্লিক লাইন।

## MCQ Solution

১. **ভারত শাসন আইন পাস হয়–** [জাহাঙ্গীরনগর বিশ্ব: (আই ইউনিট) : ২০-২১]
ⓚ ১৮০৫ সালের ২১ মার্চ ⓚ ১৮৫৭ সালের ২১ ডিসেম্বর
ⓖ ১৯৫৮ সালের ২ আগস্ট ⓖ ১৮৫৯ সালের ২১ ডিসেম্বর **উত্তর:**
ব্যাখ্যা: ভারত শাসন আইন পাস হয় ১৮৫৮ সালের ২ আগস্ট।

২. **গভর্নর জেনারেল পদটিকে ভাইসরয় বা রাজ প্রতিনিধি হিসেবে ঘোষণা করা হয় -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬]
ⓚ ১৮৫৭ সালে ⓚ ১৯৩৫ সালে
ⓖ ১৯১৯ সালে ⓖ ১৯০৯ সালে **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর হবে ১৮৫৮ খ্রি.।

৩. **ভারতবর্ষে প্রথম ভাইসরয় নিযুক্ত হয়েছিলেন কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - সেট বি) : ১৪-১৫]
ⓚ লর্ড কর্নওয়ালিস ⓚ লর্ড ডালহৌসি
ⓖ লর্ড ক্যানিং ⓖ লর্ড বেন্টিঙ্ক **উত্তর: গ**

৪. **ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন কাল-** [রাজশাহী বিশ্ব: (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ ১৭৫৭-১৯৪৭ ⓚ ১৮৭৫-১৯৪৭
ⓖ ১৭৫৭-১৮৫৭ ⓖ ১৭৬৫-১৮৮৫ **উত্তর: গ**

৫. **ভারতীয় উপমহাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয় কোন সালে?** [IBBL'র ফিল্ড অফিসার : ২২]
ⓚ ১৮৫৭ ⓚ ১৮৫৮
ⓖ ১৮৫৯ ⓖ ১৮৬০ **উত্তর: খ**

৬. **ভারতের শাসনভার ইংল্যান্ডের রানি ও পার্লামেন্টের হাতে অর্পিত হয়-** [চট্টগ্রাম বিশ্ব: (খ ইউনিট) : ০৮-০৯]
ⓚ ১৭৫৮ সালে ⓚ ১৮৫৮ সালে
ⓖ ১৭৯২ সালে ⓖ ১৮৬২ সালে **উত্তর: খ**

৭. **লর্ড ক্যানিং ভারত উপমহাদেশে প্রথম কোন ব্যবস্থা চালু করেন?** [৩৫তম বিসিএস/ পিএমজি, উত্তরাঞ্চল, রাজশাহী এর পোস্টম্যান : ২২]
ⓚ দ্বৈত শাসন ব্যবস্থা ⓚ চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা
ⓖ সতীদাহ নিবারণ ব্যাবস্থা ⓖ পুলিশ ব্যবস্থা **উত্তর: ঘ**

৮. **বাংলাদেশের পুলিশ আইন প্রণীত হয় -** [রাবি (এফ ইউনিট) : ১০-১১]
ⓚ ১৮৫৪ সালে ⓚ ১৯৭১ সালে
ⓖ ১৮৬১ সালে ⓖ ১৯৪৭ সালে **উত্তর: গ**

৯. **উপমহাদেশের প্রথম কাগজের মুদ্রা চালু করেন কে?** [CAAB'র নিরাপত্তা কর্মকর্তা : ২২/ EMRD'র অফিস সহকারী কাম কম্পিউটার : ২২]
**উত্তর:** লর্ড ক্যানিং।

১০. **এ উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু হয় কবে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ ১৮৫৫ ⓚ ১৮৫৭
ⓖ ১৮৯০ ⓖ ১৮৯৫ **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর হবে ১৮৬১ খ্রিষ্টাব্দে।

১১. **ভারতবর্ষে প্রথম আদমশুমারি হয় কোন সালে?** [মানিকগঞ্জ, পল্লী বিদ্যুৎ সমিতি'র মিটার রিডার কাম ম্যাসেঞ্জার : ২৪/ স. মা. বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ১৭]
ⓚ ১৯৭২ ⓚ ১৮৫০
ⓖ ১৮৭২ ⓖ ১৯০১ **উত্তর: গ**

Scanned with CamScanner

১২. লর্ড লিটন কতসালে 'আর্মস অ্যাক্ট' প্রবর্তন করেন? [থানা নির্বাচন অফিসার : ০৮]
ক) ১৮৭৬ সালে খ) ১৮৭৮ সালে
গ) ১৮৮০ সালে ঘ) ১৮৮২ সালে উত্তর: খ

১৩. বাংলার স্থানীয় স্বায়ত্তশাসনের প্রবর্তক – [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) : ১৮]
ক) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক খ) লর্ড লিটন
গ) লর্ড রিপন ঘ) লর্ড কার্জন উত্তর: গ

১৪. লর্ড রিপন কর্তৃক গঠিত শিক্ষা কমিশনের নাম কি? [ত্রয়োদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৬]
ক) রিপন কমিশন খ) হান্টার কমিশন
গ) সাধারণ কমিশন ঘ) লর্ড কমিশন উত্তর: খ

১৫. ভারতীয় উপমহাদেশের প্রথম শিক্ষা কমিশনের নাম কী? [ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৫/ ঢাবি (ঘ ইউনিট) : ২০-২১]
ক) কার্জন শিক্ষা কমিশন খ) মেকলে শিক্ষা কমিশন
গ) হান্টার শিক্ষা কমিশন ঘ) স্যাডলার শিক্ষা কমিশন উত্তর: গ

১৬. ১৯০৫ সাল কোন ঘটনার সঙ্গে জড়িত? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপসহকারী পরিচালক : ০১]
ক) মুসলিম লীগ প্রতিষ্ঠা খ) বঙ্গভঙ্গ
গ) গান্ধী হত্যা ঘ) ভারত বিভক্তি উত্তর: খ

১৭. 'বঙ্গভঙ্গ' কি ধরনের সংস্কার ছিল? [প্রাথমিক সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]
ক) প্রশাসনিক সংস্কার খ) সামাজিক সংস্কার
গ) অর্থনৈতিক সংস্কার ঘ) কাঠামোগত সংস্কার উত্তর: ক

১৮. বঙ্গভঙ্গ আইন পাস করা হয় কত সালে? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অডিটর : ১৪]
ক) ১৯০৫ খ) ১৯০৬
গ) ১৯১১ ঘ) ১৯১৪ উত্তর: ক

১৯. প্রথম কত সালে বঙ্গভঙ্গ (বাংলা বিভক্ত) হয়? [IBBL'র ফিল্ড অফিসার : ২২] Or:
Bengal was first partitioned in – [AB Bank Ltd. MTO : 11]
ক) ১৯০৫ খ) ১৮৫৭
গ) ১৭৫৭ ঘ) ১৯৪৭ উত্তর: ক

২০. দ্বিতীয়বার বাংলা দ্বিখণ্ডিত হয়েছে কোন সালে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক) ১৮৫৭ খ) ১৯০৫
গ) ১৯৭১ ঘ) ১৯৪৭ উত্তর: ঘ

২১. বঙ্গভঙ্গের ফলে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল? [৪৪তম বিসিএস/ ৪২তম বিসিএস (বিশেষ)/ বাংলাদেশ রেলওয়ে বুকিং সহকারী : ২৪]
ক) পূর্ব বাংলা ও বিহার খ) পূর্ববঙ্গ ও আসাম
গ) পূর্ববঙ্গ ও উড়িষ্যা ঘ) পূর্ববঙ্গ উত্তর: খ

২২. ১৯০৫ সালে ঢাকা যে নতুন প্রদেশটির রাজধানী হয়েছিল, সে প্রদেশটির নাম কি? [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক) পূর্ব পাকিস্তান খ) পূর্ববঙ্গ ও আসাম
গ) বঙ্গ প্রদেশ ঘ) পূর্ববঙ্গ উত্তর: খ

২৩. 'বঙ্গভঙ্গ' কালে ভারতের ভাইসরয় কে ছিলেন? [৪০তম বিসিএস/ BIWTA'র লস্কর : ২৩/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট-এ) : ২০-২১]
ক) লর্ড কার্জন খ) লর্ড ওয়াভেল
গ) লর্ড মাউন্ট ব্যাটেন ঘ) লর্ড লিনলিথগো উত্তর: ক

২৪. পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ গঠনকালে ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল ও ভাইসরয় ছিলেন-[৩৭তম বিসিএস/ ২৯তম বিসিএস]
ক) লর্ড রিপন খ) লর্ড কার্জন
গ) লর্ড মিন্টো ঘ) লর্ড হার্ডিঞ্জ উত্তর: খ

২৫. বাংলা বিভাগের ফলে প্রতিষ্ঠিত নতুন প্রদেশের রাজধানী হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৩ ইউনিট) : ১২-১৩]
ক) ঢাকা খ) কলকাতা
গ) আসাম ঘ) মুর্শিদাবাদ উত্তর: ক

২৬. পূর্ব বাংলার ও আসামের প্রথম লেফটেন্যান্ট গভর্নর কে ছিলেন? [১৫তম বিসিএস]
ক) ফুলার খ) কার্জন
গ) মিন্টো ঘ) হেস্টিংস উত্তর: ক

২৭. ব্রিটিশ শাসনামলে কোন সালে ঢাকাকে প্রাদেশিক রাজধানী করা হয়? [EBEK প্রকল্পের জেলা সমন্বয়কারী : ১৭]
ক) ১৭৫৭ খ) ১৯০৫
গ) ১৮৭৫ ঘ) ১৯১১ উত্তর: খ

২৮. বঙ্গভঙ্গের পরেই ঢাকায় কি নির্মিত হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শরৎ) : ১০]
ক) সুরম্য অট্টালিকা খ) কার্জন হল
গ) হাইকোর্ট ঘ) এর সবগুলিই উত্তর: ঘ

২৯. ব্রিটেনের রাজা পঞ্চম জর্জ ও রানি মেরী ভারত সফরে আসেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ৩ ইউনিট): ১২-১৩]
ক) ১৯০৫ সালে খ) ১৯১১ সালে
গ) ১৯১৪ সালে ঘ) ১৯১৮ সালে উত্তর: খ

৩০. বঙ্গভঙ্গ রদ (রহিত) হয় কোন সালে? [৩৯তম বিসিএস/ বাতিলকৃত ২৪তম বিসিএস/ বাউবি বিএড ভর্তি : ২৫/ ১৮তম শিক্ষক নিবন্ধন : ২৪]
ক) ৫ ডিসেম্বর, ১৯১১ খ) ১২ ডিসেম্বর, ১৯১১
গ) ১৬ ডিসেম্বর, ১৯১১ ঘ) ২০ ডিসেম্বর, ১৯১১ উত্তর: খ

৩১. বঙ্গভঙ্গ রদ কে ঘোষণা করেন? [৪১তম বিসিএস]
ক) লর্ড কার্জন খ) রাজা পঞ্চম জর্জ
গ) লর্ড মাউন্ট ব্যাটেন ঘ) লর্ড ওয়াভেল উত্তর: খ

৩২. বঙ্গভঙ্গ ব্যবস্থা রহিত করেন – [বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৯-২০/ ৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) : ১১]
ক) লর্ড বেন্টিঙ্ক খ) লর্ড ডালহৌসি
গ) লর্ড হার্ডিঞ্জ ঘ) লর্ড ক্যানিং উত্তর: গ

৩৩. ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরিত হয় কত সালে? [৪১তম বিসিএস]
ক) ১৯১২ সালে খ) ১৯১৩ সালে
গ) ১৯১৪ সালে ঘ) ১৯১৫ সালে উত্তর:
ব্যাখ্যা: সঠিক উত্তর হবে ১২ ডিসেম্বর, ১৯১১।

Scanned with CamScanner

৩৪. কোন ব্রিটিশ শাসকের সময়ে ভারত উপমহাদেশ স্বাধীন হয়? [প্রাথমিক সহকারী শিক্ষক (৩য় ধাপ) ২০২৪/ DNC'র সহকারী পরিচালক : ১৩]
ⓚ লর্ড মাউন্টব্যাটেন ⓚ লর্ড কর্নওয়ালিস
ⓖ লর্ড বেন্টিঙ্ক ⓖ লর্ড ডালহৌসি **উত্তর: ক**

৩৫. ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় (বড়লাট বা গভর্নর জেনারেল) কে ছিলেন? [২৯তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ২৪-২৫]
ⓚ লর্ড ওয়াভেল ⓚ লর্ড কার্জন
ⓖ লর্ড বেন্টিঙ্ক ⓖ লর্ড মাউন্টব্যাটেন **উত্তর: ঘ**

৩৬. ভারত বিভক্তের সময় ইংল্যান্ডের প্রধানমন্ত্রী কে ছিলেন? [বাংলাদেশ ব্যাংকের এডি : ২৩/ টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]
ⓚ এটলি ⓚ চার্চিল
ⓖ ডিজরেইলি ⓖ গ্লাডস্টোন **উত্তর: ক**

৩৭. দেশ বিভাগ কেন হয়েছিল? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক-ইউনিট) : ১৫-১৬]
ⓚ দ্বিজাতিতত্ত্বের জন্য ⓚ খ্রিষ্টান-মুসলিম দ্বন্দ্বের জন্য
ⓖ এগারো দফার জন্য ⓖ ছয় দফার জন্য **উত্তর: ক**

৩৮. ১৯৪৭ সালের সীমানা কমিশন কোন নামে পরিচিত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১৪]
ⓚ র‍্যাডক্লিফ কমিশন
ⓚ মাউন্টব্যাটেন কমিশন
ⓖ ডুরান্ড কমিশন
ⓖ স্যার ম্যাকমোহন কমিশন **উত্তর: ক**

৩৯. ১৯৪৭ সালে উপমহাদেশ বিভক্তির সময় ভারত ও পাকিস্তানের মধ্যে নিরূপিত সীমারেখা- [বাংলাদেশ ব্যাংক অফিসার : ২২]
ⓚ ম্যাকমোহন লাইন ⓚ ডুরান্ড লাইন
ⓖ ম্যানারহেইম লাইন ⓖ র‍্যাডক্লিফ লাইন **উত্তর: ঘ**

৪০. ১৯৪৭ সালে গঠিত বেঙ্গল বাউন্ডারি কমিশনের চেয়ারম্যান কে ছিলেন? [চট্টগ্রাম বিঃ (বি ইউনিট) : ১৯-২০]
ⓚ স্যার স্ট্যাফোর্ড ক্রিপস ⓚ লর্ড ওয়াভেল
ⓖ সি.সি. বিশ্বাস ⓖ সিরিল র‍্যাডক্লিফ **উত্তর: ঘ**

৪১. র‍্যাডক্লিফ রোয়েদাদ কি? [DC কার্যালয়, গাইবান্ধা এর হিসাব সহকারী : ২৫]
**উত্তর:** র‍্যাডক্লিফ কমিশন কর্তৃক প্রণীত ভারত-পাকিস্তানের সীমানা নির্ধারক রিপোর্ট (১৯৪৭ খ্রি.)।

৪২. ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয় কত সালে? [BREB'র মিটার রিডার কাম মেসেঞ্জার : ২৪/ NSI এর ফিল্ড অফিসার : ২১]
ⓚ ১৯৬৭ সালে ⓚ ১৯৭১ সালে
ⓖ ১৯৫২ সালে ⓖ ১৯৪৭ সালে **উত্তর: ঘ**

৪৩. **The British ruled the Indian Sub-Continent for about ....... years.** [Premier Bank Ltd. Trainee Junior Officer : 09]
ⓐ 400 ⓑ 300
ⓒ 200 ⓓ 150 **Ans. c**

**ব্যাখ্যা:** ব্রিটিশদের ভারতীয় উপমহাদেশ শাসনকাল= ১৯৪৭ খ্রি. - ১৭৫৭ খ্রি. = ১৯০ বছর।

## ব্রিটিশ বিরোধী আন্দোলন

### ফকির-সন্ন্যাসী আন্দোলন (Fakir-Sannyasi Movement)

ইস্ট-ইন্ডিয়া কোম্পানি ক্ষমতা লাভের পর সর্বপ্রথম যে বিদ্রোহ হয়েছিল তা ইতিহাসে 'ফকির বিদ্রোহ' নামে পরিচিত। ফকিররা ১৭৬০ থেকে ১৮০০ সাল পর্যন্ত উত্তর ও পশ্চিমবঙ্গ এবং বিহারের বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিলেন। ফকিরদের সাথে সন্ন্যাসীরাও ঐক্যবদ্ধ হয়েছিলেন এবং কোম্পানির বিরুদ্ধে বিদ্রোহ করেছিলেন। ফকির আন্দোলনের নেতা ছিলেন মজনু শাহ, মুসা শাহ, চেরাগ আলী, ভবানী পাঠক, নূর আলদ্বীন, পীতাম্বর প্রমুখ। মজনু শাহের নেতৃত্বে ফকিরগণ রাজশাহী, বগুড়া, পাবনা, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, ঢাকায় ইংরেজ বিরোধী তৎপরতা শুরু করেন। মজনু শাহের মৃত্যুর পর যোগ্য নেতৃত্বের অভাবে ফকির আন্দোলন স্তিমিত হয়ে পড়ে।

### চাকমা বিদ্রোহ (Chakma rebellion) - ১৭৭৬-১৭৮৯ খ্রি.

১৭৬০ সালে চট্টগ্রাম জেলা ইস্ট ইন্ডিয়া কোম্পানির অধীনে আসে। ১৭৬১ সন থেকে নতুন কোম্পানি সরকার বার বার রাজস্বের পরিমাণ বৃদ্ধি করতে থাকে। ১৭৭৬ সালে রাজস্বের হার আরও বৃদ্ধি করা হলে চাকমা রাজা জোয়ান বক্সের সম্মতিক্রমে প্রধান নায়েব রানু খান কোম্পানির বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। রানু খানকে দমন করতে কোম্পানি বার বার সৈন্য প্রেরণ করে কিন্তু প্রত্যেক বার কোম্পানিকে ব্যর্থ হয়ে ফিরে আসতে হয়। অবশেষে কোম্পানি ক্লান্ত হয়ে ১৭৮৯ সালে চাকমা রাজার সাথে সন্ধি স্থাপন করেন।

### তিতুমীরের আন্দোলন (The Movement of Titumir)

তিতুমীর ১৭৮২ সালে পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনা জেলায় জন্মগ্রহণ করেন। প্রকৃত নাম মীর নিসার আলী। ওয়াহাবি আন্দোলনের সূত্র ধরে তিতুমীর প্রথম বারাসতে ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। বারাসতের বিদ্রোহের পর তিতুমীর ইংরেজদের সাথে যুদ্ধ অনিবার্য বুঝতে পেরে নারিকেলবাড়িয়ায় ১৮৩১ সালে বাঁশের কেল্লা নির্মাণ করেন। ১৮৩১ সালের ১৯ নভেম্বর ভীষণ যুদ্ধ হয়। ইংরেজ কামান ও গোলাগুলিতে বাঁশের কেল্লা চূর্ণ-বিচূর্ণ হয়। তিতুমীর ও তাঁর চল্লিশ সহচর শহিদ হন। তিতুমীর প্রথম বাঙালি হিসাবে ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে অস্ত্রধারণ করে শহিদ হন।



*তিতুমীরের বাঁশের কেল্লা (ইনসেটে তিতুমীর)*

Scanned with CamScanner

## ফরায়েজি আন্দোলন (The Movement of the Faraizis )

হাজী শরীয়তুল্লাহ ১৭৮১ খ্রিষ্টাব্দে মাদারীপুর জেলায় জন্মগ্রহণ করেন। ইসলামের ফরজ পালনের জন্য তিনি জোর প্রচার চালান। এ ফরজ থেকে এ আন্দোলনের নাম ফরায়েজি হয়েছে। ফরায়েজি আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল ফরিদপুর জেলা। হাজী শরীয়তুল্লাহর মৃত্যুর পর এ আন্দোলনের নেতৃত্ব দেন তাঁর সুযোগ্য পুত্র মুহসিনউদ্দীন ওরফে দুদু মিয়া। দুদুমিয়ার নেতৃত্বে ফরায়েজি আন্দোলন সংস্কার আন্দোলনের গণ্ডি পেরিয়ে রাজনৈতিক রূপ লাভ করে। 'জমি থেকে খাজনা আদায় আল্লাহর আইনের পরিপন্থী'- খাজনা আদায়ের জন্য জমিদারদের অত্যাচার রোধকল্পে দুদুমিয়া আল্লাহর সার্বভৌমত্ব প্রতিষ্ঠার জন্য এ উক্তি করেন।



*হাজী শরীয়তুল্লাহ*

## সাঁওতাল বিদ্রোহ

উত্তরবঙ্গ, পশ্চিমবঙ্গ ও বিহারের কিছু অঞ্চলে বসতি আছে সাঁওতাল জাতির। ১৮৫৫ সালের ৩০ জুন সিধু ও কানুর ডাকে সাঁওতালরা স্বাধীন সাঁওতাল রাজ্য প্রতিষ্ঠার শপথ নেয়। ঐদিনই তাঁরা ব্রিটিশ সরকার, জমিদার ও মহাজন শ্রেণির বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। এজন্য প্রতিবছর ৩০ জুন 'সাঁওতাল বিদ্রোহ দিবস' হিসেবে পালিত হয়।

## নীল বিদ্রোহ (Indigo Revolt)

১৮৫৯ খ্রিষ্টাব্দে নদীয়া জেলার কুষ্টিয়া মহকুমায় ও যশোর জেলায় এ আন্দোলনের সূচনা হয়। দ্রুতই এ আন্দোলন ফরিদপুর, পাবনা, রাজশাহী, মালদহ, বারাসত প্রভৃতি স্থানে ছড়িয়ে পড়ে। আন্দোলনের মুখে ইংরেজ সরকার ১৮৬১ সালে 'নীল কমিশন' গঠন করে। কমিশনের রিপোর্টের ভিত্তিতে সরকার একটি আইন দ্বারা ঘোষণা করে যে, নীলকররা বলপূর্বক চাষীদের নীলচাষে বাধ্য করতে পারবে না এবং সেটা করলে আইনত দণ্ডনীয় হবে। এই আইন পাসের ফলে ১৮৬২ সালে নীল বিদ্রোহের অবসান হয়। এই বিদ্রোহের ফলে এদেশে নীল শিল্প ধ্বংস হয়ে যায় এবং বাংলার নীলকরেরা তাদের কুঠি ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়।

## MCQ Solution

১. **ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহ-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট) : ২৪-২৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৯-২০]
ⓚ আগস্ট (১৯৪২) বিদ্রোহ ⓚ ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ
ⓖ নীল বিদ্রোহ ⓖ সিপাহি বিদ্রোহ **উত্তর: খ**

২. **ফকির আন্দোলন সংঘটিত হয় কোন শতাব্দীতে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ) : ০৯-১০]
ⓚ সপ্তদশ শতাব্দীতে ⓚ অষ্টদশ শতাব্দীতে
ⓖ উনবিংশ শতাব্দীতে ⓖ বিংশ শতাব্দীতে **উত্তর: খ**

৩. **ফকিররা কত সাল থেকে কত সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিল?** [রে. প্রা. বি. স. শি. (টগর) : ১১]
ⓚ ১৭৮১ থেকে ১৮৪০ পর্যন্ত
ⓚ ১৭৬০ থেকে ১৮৪০ পর্যন্ত
ⓖ ১৭৫৭ থেকে ১৮৫৭ পর্যন্ত
ⓖ ১৮১৯ থেকে ১৮৬২ পর্যন্ত **উত্তর: খ**

৪. **বাংলায় ফকির-সন্ন্যাসী আন্দোলনের নেতা ছিলেন -** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার : ১৭]
ⓚ ফকির মজনু শাহ ⓚ ফকির মুসা শাহ
ⓖ ফকির আফগান শাহ ⓖ ফকির বুগরা শাহ **উত্তর: ক**

৫. **ময়মনসিংহ ও শেরপুরে ফকির সন্ন্যাসী আন্দোলনের নেতা ছিলেন -** [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি৬ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ফকির মজনু শাহ ⓚ ফকির মুসা শাহ
ⓖ ফকির আফগান শাহ ⓖ ফকির বুগরা শাহ **উত্তর: ক**

৬. **ইস্ট ইন্ডিয়া কোম্পানি চট্টগ্রামের শাসনভার লাভ করে-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ⓚ ১৭৬০ খ্রিষ্টাব্দে ⓚ ১৮৬০ খ্রিষ্টাব্দে
ⓖ ১৬০০ খ্রিষ্টাব্দে ⓖ ১৬৮৫ খ্রিষ্টাব্দে **উত্তর: ক**

৭. **যে চাকমা রাজা ইংরেজ কোম্পানিকে রাজস্ব দিতে অস্বীকৃতি জানায় -** [জাহাঙ্গীরনগর বিশ্ব (সি৬ ইউনিট) : ১৫-১৬]
ⓚ জোয়ান বক্স ⓚ ফরিং চাকমা
ⓖ দেনেব বক্স ⓖ শোভা চাকমা **উত্তর: ক**

৮. **ব্রিটিশ বণিকদের বিরুদ্ধে একজন চাকমা জুমিয়া নেতা বিদ্রোহের পতাকা উড়িয়েছিলেন, তাঁর নাম-** [১৭তম বিসিএস]
ⓚ রাজা ত্রিদিব রায় ⓚ রাজা ত্রিভুবন চাকমা
ⓖ জুম্মা খান ⓖ জোয়ান বকস খাঁ **উত্তর: ঘ**

৯. **বাঁশের কেল্লাখ্যাত স্বাধীনতা সংগ্রামী কে?** [গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিশ কেন্দ্র ব্যবস্থাপক : ২৫/ চট্টগ্রাম মেডিকেল কলেজ এর অফিস সহায়ক : ২৩]
ⓚ ফকির মজনু শাহ ⓚ দুদু মিয়া
ⓖ তিতুমীর ⓖ মীর কাসিম **উত্তর: গ**

১০. **সৈয়দ মীর নিসার আলী বাংলায় কি নামে পরিচিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-২) : ১৭-১৮]
ⓚ দুদু মিয়া ⓚ তিতুমীর
ⓖ ফরায়েজি ⓖ সব্যসাচি **উত্তর: খ**

১১. **কত সালে তিতুমীর বাঁশের কেল্লা স্থাপন করেন?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ১৮৩২ ⓚ ১৮৩৩
ⓖ ১৮৩১ ⓖ ১৮৩৪ **উত্তর: গ**

১২. **তিতুমীরের দুর্গের মূল উপাদান কি ছিল?** [হাইকোর্টের রেজিস্ট্রার : ৯৪]
ⓚ ইট ⓚ পাথর
ⓖ বাঁশ ⓖ কাঠ **উত্তর: গ**

১৩. **তিতুমীরের বাঁশের কেল্লা কোথায় অবস্থিত ছিল?** [BPSC'র ডিপ্লোমা নার্স : ২৫/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ⓚ বারাসত ⓚ নারিকেলবাড়িয়া
ⓖ চাঁদপুর ⓖ হায়দারপুর **উত্তর: খ**

Scanned with CamScanner

১৪. ব্রিটিশ আমলে বাংলাদেশে যে সব আন্দোলন হয়েছিল তার মধ্যে কোনটি প্রধান? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ক হাসেমী আন্দোলন খ কোরায়েশী আন্দোলন
গ ফরায়েজি আন্দোলন ঘ সৈয়দী আন্দোলন **উত্তর: গ**

১৫. ফরায়েজি আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল- [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২]
ক ফরিদপুর খ শরীয়তপুর
গ খুলনা ঘ যশোর **উত্তর: ক**

১৬. বাংলায় ফরায়েজি আন্দোলনের উদ্যোক্তা (সূচনাকারী) কে ছিলেন? [২৪তম বিসিএস (বাতিলকৃত)/ DFSCD'র স্টেশন অফিসার : ২২]
ক শাহ ওয়ালীউল্লাহ খ হাজী শরীয়তুল্লাহ
গ পীর মুহসীন ঘ তিতুমীর **উত্তর: খ**

১৭. ফরায়েজি আন্দোলনের নেতা কে ছিলেন? [:তম বিসিএস]
ক তিতুমীর খ হাজী শরীয়তউল্লাহ
গ ইসমাইল হোসেন সিরাজী ঘ কেরামত আলী **উত্তর: খ**

১৮. হাজী শরীয়তউল্লাহ কোন জেলায় জন্মগ্রহণ করেন? [অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ক শরীয়তপুর খ মাদারীপুর
গ ফরিদপুর ঘ যশোর **উত্তর: খ**

১৯. 'জমি থেকে খাজনা আদায় আল্লাহর আইনের পরিপন্থী' - এটি কার ঘোষণা? [১৪তম বিসিএস]
ক তিতুমীর খ ফকির মজনু শাহ
গ দুদু মিয়া ঘ হাজী শরীয়তুল্লাহ **উত্তর: গ**

২০. ফরায়েজি আন্দোলনকে কোন নেতা রাজনৈতিক আন্দোলনে রূপদান করেন? [রেজিস্টার্ড প্রাথমিক সহকারী শিক্ষক (গোলাপ) : ১১]
ক হাজী শরীয়তউল্লাহ খ তিতুমীর
গ দুদু মিয়া ঘ নবাব সলিমুল্লাহ **উত্তর: গ**

২১. প্রতি বছর কোন তারিখে ঐতিহাসিক সাঁওতাল বিদ্রোহ দিবস পালিত হয়? [জাহাঙ্গীর: বিশ্ব: (সি৮ ইউনিট) : ১৫-১৬]
ক ৩০ মে খ ৩০ জুন
গ ৩০ জুলাই ঘ ৩০ আগস্ট **উত্তর: খ**

২২. নীল বিদ্রোহ কখন সংঘটিত হয়? [ইসলামী বিশ্ব: (বি-ইউনিট) : ১৩-১৪]
ক ১৪৪২ - ৪৪ সালে খ ১৮৫৯ - ৬২ সালে
গ ১৮৯৪ - ৯৬ সালে ঘ ১৯১৭ - ২০ সালে **উত্তর: খ**

২৩. কত সালে নীল কমিশন গঠন করা হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]
ক ১৮৬১ খ ১৮৫৭
গ ১৮৪৫ ঘ ১৮৮২ **উত্তর: ক**

২৪. বাংলাদেশে নীল বিদ্রোহের অবসান হয়- [রাবি (সমাজকর্ম) ০৮-০৯]
ক ১৮৫৮ সালে খ ১৮৫৬ সালে
গ ১৮৬০ সালে ঘ ১৮৬২ সালে **উত্তর: ঘ**

২৫. বাংলায় নীল চাষের বিরুদ্ধে বিদ্রোহের সূচনা হয় - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৬ ইউনিট : সেট-২) : ১৫-১৬]
ক মুর্শিদাবাদে খ ঢাকায়
গ মানিকগঞ্জে ঘ কুষ্টিয়ায় **উত্তর: ঘ**

২৬. কি কারণে বাংলাদেশ হতে নীলচাষ বিলুপ্ত হয়? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫]
ক নীলচাষ নিষিদ্ধ করার ফলে খ নীলকরদের অত্যাচারের ফলে
গ নীলচাষীদের বিদ্রোহের ফলে
ঘ কৃত্রিম নীল আবিষ্কারের ফলে **উত্তর: গ**

**১৮৫৭ সালের মহাঅভ্যুত্থান (Great Rebellion of 1857 A.D)**

১৮৫৩ সালে 'এনফিল্ড' নামক এক প্রকার বন্দুকের ব্যবহার শুরু হয়। এ বন্দুকের কার্তুজ দাঁত দিয়ে কেটে বন্দুকে ব্যবহার করতে হত। গুজব রটে যে, এ কার্তুজ শুকরের ও গরুর চর্বি দিয়ে তৈরি। হিন্দু ও মুসলমান সিপাহিদের মনে বদ্ধমূল ধারণা হয়েছিল যে, তাদের ধর্ম বিনষ্ট করে দেওয়ার জন্য ইংরেজ সরকার এ কার্তুজ প্রচলন করে। এ কারণে সিপাহি বিদ্রোহ শুরু হয়। ১৮৫৭ সালের ২৯ মার্চ পশ্চিমবঙ্গের ব্যারাকপুরে সিপাহি মঙ্গলপাণ্ডে কার্তুজ ব্যবহারে অস্বীকৃতি জানান এবং তার উর্ধ্বতন কর্মকর্তাকে আক্রমণ করেন। ৮ এপ্রিল মঙ্গলপাণ্ডেকে ফাঁসি দেওয়া হয়। ১০ মে মিরাটের সৈন্যরা প্রথম বিদ্রোহ শুরু করে। ক্রমে বিদ্রোহ বহরমপুর, লক্ষ্ণৌ, ঝাঁসি, বেরেলি, অযোধ্যা, রহিলাখণ্ড, কানপুরে ছড়িয়ে পড়ে। সিপাহিদের এই বিদ্রোহে ভারত বর্ষের বিভিন্ন অঞ্চলের শাসকেরা যোগ দেয়। ঝাঁসির রানি লক্ষ্মীবাই, মহারাষ্ট্রের তাঁতিয়া টোপি এরকমই কয়েকজন। বিদ্রোহীরা দিল্লি অধিকার করে মুগল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহকে ভারতের সম্রাট বলে ঘোষণা করে। ১৮৫৭ সালের বিপ্লবকে 'সিপাহি বিদ্রোহ (Sepoy Rebellion) আবার কেউ কেউ একে 'জাতীয় সংগ্রাম' বলে অভিহিত করেন। এটি ছিল ইংরেজদের বিরুদ্ধে সারা ভারতের স্বাধীনতার জন্য প্রথম বিদ্রোহ। শেষ পর্যন্ত এ সংগ্রাম ব্যর্থ হয়। ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল লর্ড ক্যানিং এই বিদ্রোহ নিষ্ঠুর এবং অত্যন্ত কঠোর হাতে দমন করেন। চার মাস অবরোধের পর ব্রিটিশগণ দিল্লি দখল করে নেয়। ভি ডি সাভারকার ও শশীভূষণ চৌধুরী সিপাহি বিদ্রোহকে প্রথম স্বাধীনতা সংগ্রাম বলে অভিহিত করেছেন।


মঙ্গলপাণ্ডে

**বাহাদুর শাহ পার্ক** পুরান ঢাকার সদরঘাটের লক্ষ্মীবাজারে অবস্থিত একটি ঐতিহাসিক স্থান। ১৮৫৭ সালে সিপাহি বিদ্রোহের পর ইংরেজ শাসকেরা প্রহসনমূলক বিচারে ফাঁসি দেয় অসংখ্য বিপ্লবী সিপাহিকে। জনগণকে ভয় দেখাতে সিপাহিদের লাশ এনে ঝুলিয়ে রাখা হয় এই ময়দানের বিভিন্ন গাছের ডালে। ১৮৫৮ সালে ব্রিটিশ রানি ভিক্টোরিয়ার নামানুসারে এ স্থানের নামকরণ করা হয় 'ভিক্টোরিয়া পার্ক'। ১৯৫৭ সালে সিপাহি বিদ্রোহের শতবার্ষিকী উপলক্ষে সিপাহি বিদ্রোহের নেতৃত্বদানকারী মুগল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহের নাম অনুসারে পার্কের নামকরণ করা হয় 'বাহাদুর শাহ পার্ক'।

Scanned with CamScanner

## MCQ Solution

১. এনফিল্ড রাইফেলে যেসব পশুর চর্বি মিশ্রিত থাকার কথা প্রচার করা হয় সেগুলো হল- [রাবি (এ৩ ইউনিট) : ১২-১৩]
ক শুকর ও গরু খ শুকর ও ঘোড়া
গ শুকর ও কুকুর ঘ শুকর ও বানর **উত্তর: ক**

২. প্রথম স্বাধীনতা সংগ্রাম কোনটি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ক তিতুমীরের বাঁশের কেল্লা খ জালিয়ানওয়ালাবাগের সংগ্রাম
গ অসহযোগ আন্দোলন ঘ সিপাহি বিপ্লব **উত্তর: ঘ**

৩. পাক-ভারত-বাংলা এই উপমহাদেশের প্রথম স্বাধীনতা যুদ্ধ কোন সনে শুরু হয়? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী : ১২]
ক ১৭৫১ খ ১৮৫৭
গ ১৯৫২ ঘ ১৯৭১ **উত্তর: খ**

৪. সিপাহি বিদ্রোহের সূচনা হয়েছিল ১৮৫৭ সালের কোন তারিখে? [সিএজি কার্যালয়ে সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]
ক ১৫ মার্চ খ ১৯ মার্চ
গ ২৬ মার্চ ঘ ২৯ মার্চ **উত্তর: ঘ**

৫. ভারতবর্ষে কোন সনে সিপাহি বিদ্রোহ হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডি১ উপ-ইউনিট : ২৪-২৫/ BRTA'র বেঞ্চ সহকারী : ২৩]
ক ১৭৫৭ খ ১৮৫০
গ ১৮৫৭ ঘ ১৭৯৩ **উত্তর: গ**

৬. সিপাহি বিদ্রোহের নেতা কে ছিলেন? [পানি উন্নয়ন বোর্ডের সহকারী প্রকৌশলী (সিভিল) : ২২/ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা : ১৮]
ক চিত্তরঞ্জন দাশ খ সুভাষ চন্দ্র বসু
গ মঙ্গল পাণ্ডে ঘ তিতুমীর **উত্তর: গ**

৭. মঙ্গল পাণ্ডে নামটি কোন বিদ্রোহের সাথে জড়িত? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক নানকার বিদ্রোহ খ সিপাহি বিদ্রোহ
গ নাচোল বিদ্রোহ ঘ কৃষক বিদ্রোহ **উত্তর: খ**

৮. সিপাহি বিদ্রোহের সূচনা ঘটে - [বেরোবি (বি-ইউনিট; সিফট ১) : ১৭-১৮]
ক ব্যারাকপুর সেনানিবাসে খ কলকাতায়
গ ভিক্টোরিয়া পার্কে ঘ ঢাকায় **উত্তর: ক**

৯. ১৮৫৭ সালের প্রথম স্বাধীনতা আন্দোলন শুরু হয় কোথা থেকে? [শ্রম অধিদপ্তরে শ্রম অফিসার : ৯৪]
ক ঝাঁসি খ আগ্রা
গ দিল্লি ঘ মিরাট **উত্তর: ঘ**

১০. সিপাহি বিদ্রোহ চলাকালীন ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন? [SBC'র জুনিয়র অফিসার : ২৪]
ক লর্ড ক্যানিং খ লর্ড কার্জন
গ লর্ড হেস্টিংস ঘ লর্ড ডালহৌসি **উত্তর: ক**

১১. সিপাহী বিদ্রোহকে ভারতের 'প্রথম স্বাধীনতা সংগ্রাম' কে বলেছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ২০-২১]
ক জওহরলাল নেহেরু খ মওলানা আবুল কামাল আজাদ
গ ভি ডি সাভারকার ঘ লর্ড ডালহৌসী **উত্তর: গ**

১২. বাহাদুর শাহ পার্ক কোথায় অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]
ক দিল্লীতে খ আগ্রায়
গ রাজশাহীতে ঘ ঢাকায় **উত্তর: ঘ**

১৩. ঢাকায় ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের স্মৃতিজড়িত স্থান কোনটি? [BREB'র কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী : ২৩]
ক সোহরাওয়ার্দী উদ্যান খ লালবাগ কেল্লা
গ বাহাদুর শাহ পার্ক ঘ রায়েরবাগ বধ্যভূমি **উত্তর: গ**

## নবজাগরণ ও সংস্কার আন্দোলন

### ভারতে পাশ্চাত্য শিক্ষা

১৭৮০ সালে অক্টোবরে (মতান্তরে ১৭৮১ খ্রি.) গভর্নর জেনারেল ওয়ারেন হেস্টিংস কলকাতা মাদ্রাসা (পরবর্তীকালে আলিয়া মাদ্রাসা) প্রতিষ্ঠা করেন। এর ধারাবাহিকতায় কলকাতায় ১৮১৭ সালে হিন্দু কলেজ (পরবর্তীতে প্রেসিডেন্সি কলেজ বর্তমানে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়), ১৮২৪ সালে সংস্কৃত কলেজ স্থাপিত হয়।

লর্ড বেন্টিঙ্ক উপমহাদেশে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তন করেন। ইতিমধ্যে এদেশে ইংরেজি শিক্ষার সম্প্রসারণের পক্ষে লর্ড মেকলে নামের এক ইংরেজ একটি শিক্ষা নীতির প্রস্তাব করেন। বেন্টিঙ্ক ১৮৩৫ সালে এ প্রস্তাব গ্রহণ করে নেন। ১৮৩৭ সালে অফিস আদালতে ফার্সির বদলে ইংরেজি চালু হয়। ১৮৪৫ সালে সরকারি চাকুরিতে ইংরেজি শিক্ষিতদের অগ্রাধিকার দেওয়ার নীতি প্রবর্তিত হয়।

নারী শিক্ষার প্রসারের জন্য ১৮৪৯ সালে কলকাতায় প্রতিষ্ঠিত হয় বেথুন স্কুল। ১৮৭৩ সালে ঢাকার ফরাশগঞ্জে ব্রাহ্ম মেয়েদের জন্য একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। ১৮৭৮ সালে বিদ্যালয়টি অন্য একটি বালিকা বিদ্যালয়ের সাথে একীভূত হয়ে 'ঢাকা ফিমেল স্কুল' এ রূপান্তরিত হয়। সেই বছর বিদ্যালয়টি সরকারি ব্যবস্থাপনায় দেয়া হয় এবং নতুন নামকরণ করা হয় 'ইডেন গার্লস স্কুল'। এটি ছিল পূর্ব বাংলার প্রথম সরকারি বালিকা বিদ্যালয়।

### বাংলায় সমাজ ও শিক্ষা সংস্কার

পাশ্চাত্য শিক্ষা প্রবর্তনের ফলে বাংলার সমাজ ব্যবস্থায় সংস্কার সাধিত হয়। এ সংস্কার আন্দোলনে কয়েকজন চিন্তাশীল ব্যক্তি গুরুত্বপূর্ণ অবদান রাখেন। এদের মধ্যে হাজী মুহম্মদ মুহসীন, রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, নওয়াব আবদুল লতিফ, মুনশি মোহাম্মদ মেহেরুল্লাহ, সৈয়দ আমীর আলী অত্যন্ত বিখ্যাত।

*হাজী মুহম্মদ মুহসীন* (১৭৩২ - ১৮১২ খ্রি.) ভারতের পশ্চিমবঙ্গের হুগলি শহরে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। পিতৃসম্পত্তি ও পরলোকগত বোন মুন্নুজানের সম্পত্তির উত্তরাধিকারী হয়ে তিনি বিশাল সম্পত্তির অধিকারী হন। গরিব মেধাবী ছাত্রদের জন্য তিনি 'মুহসীন তহবিল' গঠন করেন। দানশীলতার জন্য তিনি 'দানবীর' বা 'বাংলার হাতেম তাই' নামে পরিচিত।

Scanned with CamScanner

নওয়াব আবদুল লতিফ (১৮২৮ - ১৮৯৩ খ্রি.) এর প্রচেষ্টায় কলকাতা মাদ্রাসায় ইংরেজি বিভাগ খোলা হয় ১৮৫৪ খ্রিষ্টাব্দে। ১৮৬৩ সালে কলকাতায় মুসলিম সাহিত্য সমাজ (মোহামেডান লিটারারি সোসাইটি) নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। এ প্রতিষ্ঠান মুসলমানদের ইংরেজি শিক্ষা গ্রহণে আগ্রহী করে তোলে।

মুনশি মোহাম্মদ মেহেরুল্লাহ (১৮৬১ - ১৯০৭ খ্রি.) ইসলামি শিক্ষা বিস্তারের জন্য যশোরের মনোহরপুর গ্রামে 'মাদ্রাসায়ে করামতিয়া' স্থাপন করেন।

সৈয়দ আমীর আলী (১৮৪৯ - ১৯২৮ খ্রি.) মুসলমানদের বিভিন্ন অধিকার আদায়ের জন্য ১৮৭৭ সালে কলকাতায় 'সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা করেন। তিনি ছিলেন কলকাতা হাইকোর্টের প্রথম মুসলিম বিচারপতি। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The spirit of Islam' এবং 'A Short History of Saracens'।

## MCQ Solution

১. কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠিত হয় কোন সালে? [মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ১৭]
ক ১৭৬৫ খ ১৭৮১
গ ১৮০০ ঘ ১৮১৩ উত্তর: খ

২. প্রেসিডেন্সি কলেজের অপর নাম : [রাজশাহী বিশ্ব: (এ ইউনিট) : ১৮-১৯]
ক বিদ্যাসাগর কলেজ খ উলুবেড়িয়া কলেজ
গ হিন্দু কলেজ ঘ সেন্ট্রাল কলেজ উত্তর: গ

৩. আমাদের বর্তমান শিক্ষা ব্যবস্থা প্রবর্তন কে করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৮-১৯]
ক রাজা রামমোহন রায় খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ স্যার সৈয়দ আহমদ ঘ লর্ড মেকলে উত্তর: ঘ

৪. সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয় কোন সন থেকে? [প্রাথমিক সহকারী শিক্ষক (পুরুষ) : ১২]
ক ১৭৬৫ খ ১৮২৪
গ ১৮৩৫ ঘ ১৮৫৭ উত্তর: গ

৫. পূর্ব বাংলার প্রথম সরকারি বালিকা বিদ্যালয় কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ক বেথুন স্কুল খ ঢাকা ফিমেল স্কুল
গ ইডেন গার্লস স্কুল ঘ বাংলা বাজার গার্লস স্কুল উত্তর: গ

৬. হাজী মুহম্মদ মুহসীনের বাড়ি কোথায়? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহ- রেজিস্ট্রার : ১৬]
ক হুগলী খ মুর্শিদাবাদ
গ রাজশাহী ঘ মেদিনীপুর উত্তর: ক

৭. সমাজসেবক হলেও সমাজ সংস্কারক নন - [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট; সিফট-১) : ১৬-১৭]
ক রাজা রামমোহন রায় খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ হাজী মুহম্মদ মুহসীন ঘ বেগম রোকেয়া উত্তর: গ

৮. মুসলিম শিক্ষা প্রসারে সম্পত্তি দান করেছেন কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ) : ০৯-১০]
ক সৈয়দ আমির আলী খ নওয়াব আবদুল লতিফ
গ হাজী মুহম্মদ মুহসীন ঘ হাজী শরীয়তউল্লাহ উত্তর: গ

৯. 'এত ধন দৌলত বিলাচ্ছ কেন? তুমি কি দানবীর মুহসীন হলে নাকি?' এ বাক্যে কোন মহসিন এর কথা বলা হয়েছে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৯]
ক মোহসীন উল মুলক খ হাজী মুহম্মদ মুহসীন
গ কে এম মোহসীন ঘ মোহসীন শাস্ত্রপাণি উত্তর: খ

১০. কার প্রচেষ্টায় কলকাতার আলিয়া মাদ্রাসায় ইংরেজি বিভাগ খোলা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ব: (ইতিহাস) : ১০-১১]
ক নওয়াব আবদুল লতিফ খ সৈয়দ আমীর আলী
গ স্যার সৈয়দ আহমদ ঘ হাজী মুহম্মদ মুহসীন উত্তর: ক

১১. ভারতের মুসলমানদের ইংরেজী শিক্ষায় শিক্ষিত করার প্রধান প্রাণ ছিলেন- [রাবি (ইস: ইতিহাস) : ০৮-০৯]
ক হাজী শরিয়ত উল্লাহ খ তিতুমীর
গ নবাব আবদুল লতিফ ঘ নবাব সলিমুল্লাহ উত্তর: গ

১২. বাংলার মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য কে অগ্রণী ভূমিকা পালন করেন? [বাণিজ্য ১১ তম বিসিএস]
ক সৈয়দ আমীর আলী খ নওয়াব আবদুল লতিফ
গ নওয়াব স্যার সলিমুল্লাহ ঘ স্যার সৈয়দ আহমদ খান উত্তর: খ

১৩. বাঙালী মুসলমানদের শিক্ষা প্রসারে 'মোহামেডান লিটারারি সোসাইটি'-এর প্রতিষ্ঠাতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ব: (ইতিহাস) : ১২-১৩]
ক নওয়াব আবদুল লতিফ খ হাজী মুহম্মদ মুহসীন
গ সৈয়দ আমির আলী ঘ স্যার সলিমুল্লাহ উত্তর: ক

১৪. 'মুন্সী মেহেরুল্লাহর জন্ম তারিখ- [উপজেলা/থানা শিক্ষা অফিসার : ১১]
ক ২১ ডিসেম্বর, ১৮৫৬ খ ২৬ জানুয়ারি, ১৮৬০
গ ২৬ ডিসেম্বর, ১৮৬১ ঘ ২৫ মার্চ, ১৮৬৫ উত্তর: গ

১৫. 'সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন' কে গঠন করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ) ইউনিট) : ১২-১৩]
ক নওয়াব আবদুল লতিফ খ স্যার সৈয়দ আহমদ খান
গ সৈয়দ আমীর আলী ঘ নওয়াব স্যার সলিমুল্লাহ উত্তর: গ

১৬. 'The Spirit of Islam' বইটির লেখক কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২১-২২/ প্রাথমিক সহকারী শিক্ষক (১ম পর্যায়) : ১৯]
ক তিতুমীর খ হাজী শরীয়তুল্লাহ
গ সৈয়দ আহমেদ ঘ সৈয়দ আমীর আলী উত্তর: ঘ

১৭. 'এ শর্ট হিস্ট্রি অব দি সারাসিনস' বইয়ের রচয়িতা কে? [বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (জি ইউনিট) : ১৯-২০]
ক সৈয়দ আমীর আলী খ স্যার সৈয়দ আহমদ খান
গ নওয়াব আব্দুল লতিফ ঘ হাজি মুহম্মদ মুহসীন উত্তর: ক

১৮. কলকাতা হাইকোর্টে প্রথম মুসলিম বিচারপতি কে ছিলেন? [যৌতুক বিজেএস পরীক্ষা : ২৩]
ক সৈয়দ আমীর আলী খ সৈয়দ মাহমুদ
গ সৈয়দ আব্দুল মনির ঘ সৈয়দ আমহদ খান উত্তর: ক

Scanned with CamScanner

## আলীগড় আন্দোলন

১৮৫৭ সালে স্বাধীনতা সংগ্রামের জন্য ব্রিটিশ সরকার মুসলমানদের দায়ী করে। মুসলমানগণ ইংরেজদের অত্যাচারের শিকার হয়। অন্যদিকে ইংরেজি শিক্ষা গ্রহণ না করায় তারা সকল বিষয়ে হিন্দুদের চেয়ে পিছিয়ে পড়ে। এ পিছিয়ে পড়া মুসলমানদের বাঁচার পথ দেখান স্যার সৈয়দ আহমেদ খান। ১৮৭৫ সালে উত্তর প্রদেশের আলীগড়ে তিনি 'মোহামেডান অ্যাংলো-ওরিয়েন্টাল কলেজ' স্থাপন করেন। পরে (১৯২০ খ্রিষ্টাব্দে) এ কলেজই 'আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়' এ রূপান্তরিত হয়। তিনি মুসলমানদের ইংরেজি শিক্ষা গ্রহণ করার উপদেশ দেন। আলীগড় কলেজকে কেন্দ্র করে যে স্বতন্ত্র রাজনৈতিক ও সাংস্কৃতিক ধারার সৃষ্টি হয়, উপমহাদেশের ইতিহাসে তাই 'আলীগড় আন্দোলন' নামে পরিচিত।

### MCQ Solution

১. **ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত কে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓐ এ কে ফজলুল হক ⓑ স্যার সৈয়দ আহমদ খান
ⓒ নবাব সলিমুল্লাহ ⓓ আবুল কালাম আজাদ **উত্তর: খ**

২. **কোন সংস্থার সাথে সম্পৃক্ত থাকার জন্য স্যার সৈয়দ আহমদ অমর হয়ে আছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০/ টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]
ⓐ মুসলিম লীগ ⓑ ওহাবী আন্দোলন
ⓒ আলীগড় বিশ্ববিদ্যালয় ⓓ ঋণ সালিশী বোর্ড **উত্তর: গ**

৩. **আলীগড় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা কে?** [বাংলাদেশ সুপ্রিম কোর্টের অফিস সহায়ক : ২১/ শ্রম অধিদপ্তরে অফিসার : ৯৪]
ⓐ সৈয়দ আমির আলী ⓑ মওলানা আবুল কালাম আজাদ
ⓒ স্যার সৈয়দ আহমেদ ⓓ সৈয়দ আহমদ ব্রেলভী **উত্তর: গ**

৪. **কোন সালে স্যার সৈয়দ আহমদ আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় স্থাপন করেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]
ⓐ ১৮৮৪ সালে ⓑ ১৯২০ সালে
ⓒ ১৭৫৭ সালে ⓓ ১৮৮৫ সালে **উত্তর: খ**

৫. **কোন আন্দোলনটি ব্রিটিশ বিরোধী ছিল না?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্সের কার্যালয়ে জুনিয়র অডিটর : ১৪]
ⓐ অসহযোগ ⓑ খেলাফত
ⓒ ফরায়েজি ⓓ আলীগড় **উত্তর: ঘ**

৬. **কার নেতৃত্বে আলীগড় আন্দোলন শুরু হয়?** [পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী এর পোস্টাল অপারেটর : ২৩/ রাবি (এ ইউনিট : গ্রুপ ২) : ২০-২১]
ⓐ সৈয়দ আমীর আলী ⓑ ইসমাইল হোসেন সিরাজী
ⓒ স্যার সৈয়দ আহমদ খান ⓓ নবাব আব্দুল লতিফ **উত্তর: গ**

৭. **আলীগড় ভারতের কোন রাজ্যে অবস্থিত?** [প্রাথমিক সহকারী শিক্ষক : ০৮]
ⓐ মধ্য প্রদেশ ⓑ উত্তর প্রদেশ
ⓒ পশ্চিমবঙ্গ ⓓ রাজস্থান **উত্তর: খ**

## রাজনৈতিক বিবর্তন

### ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা

১৮৮৫ সালে ভারতের প্রাচীনতম রাজনৈতিক সংগঠন 'ভারতীয় জাতীয় কংগ্রেস' (Indian National Congress) প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা ছিলেন অবসরপ্রাপ্ত ইংরেজ সিভিলিয়ান অ্যালান অক্টোভিয়ান হিউম। ব্যারিস্টার উমেশচন্দ্র ব্যানার্জী ভারতীয় জাতীয় কংগ্রেসের উদ্বোধনী সম্মেলনের প্রথম সভাপতি মনোনীত হন। দাদাভাই নওরোজী, ফিরোজ শাহ মেহতা প্রমুখ নেতৃস্থানীয় ব্যক্তি এই সংগঠনে যোগ দেন।

দাদাভাই নওরোজি ছিলেন একজন প্রথম সারির ভারতীয় রাজনীতিবিদ। ১৮৯২ সালের ব্রিটিশ পার্লামেন্ট নির্বাচনে মধ্য ফিন্সবেরি এলাকা থেকে নির্বাচিত হন। এশীয়দের মধ্যে তিনিই প্রথম ব্রিটিশ পার্লামেন্টের সদস্য নির্বাচিত হন। তাঁকে *Grand Old Man of India* বলা হতো।



### নিখিল ভারত মুসলিম লীগের প্রতিষ্ঠা

১৯০৬ সালের ৩০ ডিসেম্বর ঢাকায় মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়। মুসলিম লীগের প্রকৃত নাম ছিল 'নিখিল ভারত মুসলিম লীগ'। মুসলিম লীগ গঠনের প্রধান উদ্যোক্তা ছিলেন নবাব সলিমুল্লাহ, আগা খান এবং নওয়াব ভিকার-উল-মুল্ক।



*নিখিল ভারত মুসলিম লীগের প্রথম অধিবেশন, আহসান মঞ্জিল, ঢাকা (১৯০৬ খ্রি.)*

### মর্লি-মিন্টো সংস্কার আইন, ১৯০৯

এই আইনের মাধ্যমে মুসলমানদের পৃথক নির্বাচনের ব্যবস্থা করা হয়।

### MCQ Solution

১. **ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল কোনটি?** [৩৮তম বিসিএস]
ⓐ ভারতীয় জনতা পার্টি ⓑ ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস
ⓒ কমুনিষ্ট পার্টি ⓓ বহুজন সমাজ পার্টি **উত্তর: খ**

২. **১৮৮৫ সালে কোন রাজনৈতিক দলটির আত্মপ্রকাশ ঘটে?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓐ নিখিল ভারত ⓑ ভারতীয় জাতীয় কংগ্রেস
ⓒ বিজেপি ⓓ সিপি এম **উত্তর: খ**

৩. **ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার উদ্যোক্তা কে?** [NSI এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ⓐ মহাত্মা গান্ধী ⓑ স্যার এ্যালান অক্টোভিয়ান হিউম
ⓒ নেতাজী সুভাষ চন্দ্র ⓓ লর্ড বেন্টিংক **উত্তর: খ**

Scanned with CamScanner

৪. **সর্বভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক) আনন্দমোহন বসু খ) এ্যালান অক্টোভিয়ান হিউম
গ) মতিলাল নেহেরু ঘ) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় **উত্তর: ঘ**

৫. **ব্রিটিশ পার্লামেন্টে ভারতীয় সদস্য কে ছিলেন?** [খাদ্য শিক্ষা অফিসার : ৯৬/ যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ক) দাদাভাই নওরোজি খ) মওলানা মোহাম্মদ আলী
গ) রমেশ চন্দ্র দত্ত ঘ) স্যার সৈয়দ আহমদ **উত্তর: ক**

৬. **কত সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৩-১৪/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শরৎ) : ১০]
ক) ১৯০৩ সালে খ) ১৯০৪ সালে
গ) ১৯০৫ সালে ঘ) ১৯০৬ সালে **উত্তর: ঘ**

৭. **নিখিল ভারত মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয় কোন শহরে-** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক) ফরিদপুরে খ) ঢাকায়
গ) করাচিতে ঘ) কোলকাতায় **উত্তর: খ**

৮. **কে মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন?** [প্রাথমিক প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১১]
ক) মাওলানা ভাসানী খ) নবাব সলিমুল্লাহ
গ) সৈয়দ আমীর আলী ঘ) হাজী মুহম্মদ মুহসীন **উত্তর: খ**

৯. **মর্লি-মিন্টো সংস্কার আইন হয় -** [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সিও ইউনিট) : ১৫-১৬]
ক) ১৯০৬ খ) ১৯০৯
গ) ১৯১১ ঘ) ১৯১৬ **উত্তর: খ**

## স্বদেশি আন্দোলন

বঙ্গভঙ্গের প্রতিবাদে যে আন্দোলন গড়ে উঠে তাকে সাধারণভাবে স্বদেশি আন্দোলন বলে। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার সর্বত্র বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন শুরু হয়। কবি মুকুন্দ দাস বাংলার গ্রামে গ্রামে ঘুরে 'পড়ো না রেশমী চুড়ি বঙ্গনারী' গান গেয়ে জনগণের মধ্যে স্বদেশি আন্দোলনের পক্ষে তীব্র আবেগ সৃষ্টি করেন। রবীন্দ্রনাথ ঠাকুরের পরামর্শে 'রাখিবন্ধন' অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়। বাঙালির ঐক্যের আহবান জানিয়ে রবীন্দ্রনাথ 'বাংলার মাটি, বাংলার জল' গানটি রচনা করেন। কৃষ্ণকুমার মিত্র, কালীপ্রসন্ন কাব্য বিশারদ এবং মতিলাল ঘোষ তাঁদের লেখনী দ্বারা বিলাতি পণ্য বর্জন এবং স্বদেশি পণ্যের উৎপাদন ও ব্যবহারে বাঙালিদের উদ্বুদ্ধ করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন।

## বাংলায় সশস্ত্র বৈপ্লবিক আন্দোলন

১৯০৬ সাল থেকে পরিচালিত এ বৈপ্লবিক আন্দোলনকে ব্রিটিশ সরকার সন্ত্রাসবাদী আন্দোলন হিসাবে চিহ্নিত করে। বিপ্লবীরা ১৯০৮ সালে বাংলার গভর্নর এন্ড্রু ফ্রেজার এবং পূর্ববঙ্গ ও আসামের লেফটেন্যান্ট গভর্নর ব্যামফিল্ড ফুলারকে হত্যার চেষ্টা করে ব্যর্থ হয়। এরপর বিপ্লবীদের লক্ষ্য ছিল প্রধান প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট কিংস ফোর্ড। ক্ষুদিরাম ও প্রফুল্ল চাকি বিহারের মোজাফফরপুরে কিংস ফোর্ডের গাড়ি লক্ষ্য করে বোমা নিক্ষেপ করেন। কিন্তু কিংসফোর্ড গাড়িতে ছিলেন না, ছিলেন মিসেস ও মিস কেনেডি। এ বোমায় উভয়ই নিহত হন। ক্ষুদিরাম ধরা পড়েন এবং তাঁর ফাঁসি হয়। প্রফুল্ল চাকি আত্মহত্যা করেন। বঙ্গভঙ্গ রদের পরেও বিপ্লবী আন্দোলন চলতে থাকে। চট্টগ্রামের যুব-বিদ্রোহের মহানায়ক ছিলেন বিপ্লবী মাস্টার দা সূর্যসেন। ১৯৩০ সালের ১৮ এপ্রিল তিনি তাঁর দলবল নিয়ে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন করেন।



ক্ষুদিরাম মাস্টার দা সূর্যসেন প্রীতিলতা ওয়াদ্দেদার

সূর্যসেনের শিষ্য প্রীতিলতা ওয়াদ্দেদার ১৯৩২ সালে চট্টগ্রামে পাহাড়তলীর ইউরোপিয়ান ক্লাব আক্রমণ করেন ও নিজ জীবন উৎসর্গ করেন। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে পরিচালিত সশস্ত্র সংগ্রামে প্রীতিলতাকে প্রথম আত্মোৎসর্গকারী নারী হিসেবে চিহ্নিত করা হয়। ব্রিটিশ সরকার সূর্যসেনসহ অধিকাংশ বিপ্লবীকে ধরতে সমর্থ হয়। ১৯৩৪ সালের ১২ জানুয়ারি চট্টগ্রামে সূর্যসেনের ফাঁসি হয়।

## MCQ Solution

১. **স্বদেশি আন্দোলন কি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৩]
ক) কুটির শিল্পের পুনরুজ্জীবনের আন্দোলন
খ) পাকিস্তানিদের বিরুদ্ধে পরিচালিত স্বাধীনতা আন্দোলন
গ) ইংরেজ বিরোধী স্বাধীনতা আন্দোলন
ঘ) মুগলবিরোধী স্বাধিকার আন্দোলন **উত্তর: গ**

২. **কে বাংলার গ্রামে গ্রামে ঘুরে 'পড়ো না রেশমী চুড়ি বঙ্গনারী' গান গেয়ে জনগণের মধ্যে স্বদেশি আন্দোলনের পক্ষে তীব্র আবেগ সৃষ্টি করেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক) কবি মুকুন্দ দাস খ) সৈয়দ আমীর আলী
গ) বঙ্কিম চন্দ্র ঘ) সুভাষ চন্দ্র বসু **উত্তর: ক**

৩. **'বাংলার মাটি বাংলার জল' কার লেখা?** [কাস্টম হাউস মডইসিডির অফিস সহকারী : ২৩]
**উত্তর:** রবীন্দ্রনাথ ঠাকুর।

৪. **নিশাত বুদ্ধিমতী। তার খাদ্য তালিকায়, পোশাক পরিচ্ছদে সব সময় ব্যবহৃত হয় দেশীয় পণ্য। নিশাত আমাদের মনে করিয়ে দেয় –** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ক) অসহযোগ আন্দোলন খ) ফারায়েজি আন্দোলন
গ) খিলাফত আন্দোলন ঘ) স্বদেশি আন্দোলন **উত্তর: ঘ**

৫. **বঙ্গভঙ্গের বিরুদ্ধে স্বদেশি আন্দোলনের নেতৃত্ব দান করেন কে?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ৯৪]
ক) বলভভাই প্যাটেল খ) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
গ) হাজী শরীয়তউল্লাহ ঘ) অরবিন্দ ঘোষ **উত্তর: খ**

Scanned with CamScanner

৬. **The Swadeshi Movement is Bengal was associated with-** [Combined 8 bank & 1 FI Senior Officer : 25]
ⓚ Salt March ⓚ 1857 Rebellion
ⓖ Partition of Bengal (1905)
ⓖ Jallianwala Bagh Massacre **উত্তর: গ**

৭. **ইংরেজ ম্যাজিস্ট্রেট কিংস ফোর্ডকে হত্যার জন্য কে বোমা নিক্ষেপ করে?** [BBS পরিসংখ্যান অ্যাসি: অফিসার : ১৪]
ⓚ ক্ষুদিরাম ⓚ মাস্টার দা সূর্যসেন
ⓖ তিতুমীর ⓖ আসাদুজ্জামান আসাদ **উত্তর: ক**

৮. **যে ইংরেজকে হত্যার অভিযোগে ক্ষুদিরামকে ফাঁসি দেয়া হয় তার নাম-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৮-০৯]
ⓚ কিংসফোর্ড ⓚ লর্ড হার্ডিঞ্জ
ⓖ হাডসন ⓖ সিম্পসন **উত্তর: ক**

৯. **মাস্টারদা সূর্য সেন চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন করেন কোন সালে?** [CAAB এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ ১৯২৯ ⓚ ১৯৩০
ⓖ ১৯৩১ ⓖ ১৯৩২ **উত্তর: খ**

১০. **চট্টগ্রাম যুব বিদ্রোহের নেতা ছিলেন –** [চবি (বি) ইউনিট) : ১৫-১৬]
ⓚ সূর্য সেন ⓚ চিত্তরঞ্জন দাস
ⓖ ক্ষুদিরাম ⓖ যাত্রামোহন সেন **উত্তর: ক**

১১. **মাস্টার দা সূর্য সেনের নেতৃত্বে গঠিত বিপ্লবী সংগঠনের কর্মকাণ্ডের মধ্যে ছিলো-** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২১-২২]
ⓚ চট্টগ্রাম বিপ্লবী বাহিনী গঠন
ⓚ আজাদ হিন্দ ফৌজ গঠন
ⓖ হিন্দু মুসলমানের ঐক্য দৃঢ়করণ
ⓖ নির্যাতনমূলক আইনের বিরুদ্ধে প্রতিবাদ **উত্তর: ক**

১২. **কে ব্রিটিশ বিরোধী স্বাধীনতা যুদ্ধের নেতা?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ বল্লাল সেন ⓚ অমর্ত্য সেন
ⓖ সূর্যসেন ⓖ বনলতা সেন **উত্তর: গ**

১৩. **মাস্টারদা সূর্যসেনের ফাঁসি কার্যকর হয়েছিল?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ মেদিনীপুরে ⓚ ব্যারাকপুরে ⓖ চট্টগ্রামে
ⓖ আন্দামানে ⓤ কুমিল্লায় **উত্তর: গ**

১৪. **প্রীতিলতা ওয়াদ্দেদার সম্পৃক্ত ছিলেন-** [BBAL'র ট্রাফিক হেলপার : ২৪]
ⓚ তেভাগা আন্দোলনে ⓚ ব্রিটিশ বিরোধী সন্ত্রাসী আন্দোলন
ⓖ ১৯৭১-এর মুক্তিযুদ্ধে ⓖ সত্যাগ্রহ আন্দোলন **উত্তর: খ**

১৫. **প্রীতিলতা ওয়াদ্দেদার কার শিষ্য ছিলেন?** [বাংলাদেশ সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২৩/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০১]
ⓚ দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের ⓚ মাস্টারদা সূর্যসেনের
ⓖ নেতাজী সুভাস চন্দ্র বসুর ⓖ মহাত্মা গান্ধীজীর **উত্তর: খ**

১৬. **ব্রিটিশ বিরোধী আন্দোলনে প্রথম নারী শহিদ –** [কর আপীল অঞ্চল-১ এর উচ্চমান সহকারী : ২৪/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী : ২১]
ⓚ কল্পনা দত্ত ⓚ মনোরমা মাসিমা
ⓖ ভগিনী নিবেদিতা ⓖ প্রীতিলতা ওয়াদ্দেদার **উত্তর: ঘ**

**খিলাফত আন্দোলন (The Khilafat Movement)**

ভারতের মুসলমানেরা তুরস্কের সুলতানকে মুসলিম বিশ্বের খলিফা বা ধর্মীয় নেতা বলে শ্রদ্ধা করতেন। প্রথম বিশ্বযুদ্ধে তুরস্ক ব্রিটিশ বিরোধী শিবিরে যোগ দেয়। এতে ভারতের মুসলমানরা পড়ে মহাফাঁপড়ে। একদিকে তারা ছিল ব্রিটিশ সরকারের অনুগত প্রজা অপরদিকে তুরস্কের সুলতান ছিল তাদের খলিফা। ব্রিটিশ সরকার মুসলমানদের আশ্বাস দেয় তুরস্কের প্রতি কোনো অবিচার করা হবে না। সরল বিশ্বাসে মুসলমানগণ ব্রিটিশ সরকারকে সমর্থন দেয়। যুদ্ধে তুরস্কের ভাগ্য বিপর্যয় ঘটে। যুদ্ধশেষে তুরস্ককে খণ্ডবিখণ্ড করার পরিকল্পনা গ্রহণ করা হয়। এতে ভারতীয় মুসলমানরা মর্মাহত হয় এবং খলিফার মর্যাদা ও তুর্কি সাম্রাজ্যের অখণ্ডতা রক্ষার জন্য তুমুল আন্দোলন গড়ে তোলে। এ আন্দোলনের নেতৃত্ব দেন মাওলানা মোহাম্মদ আলী, মাওলানা শওকত আলী, আবুল কালাম আজাদ প্রমুখ।

> **মাওলানা আবুল কালাম আজাদ** একজন বিশিষ্ট ভারতীয় স্বাধীনতা সংগ্রামী। তিনি ছিলেন হিন্দু-মুসলিম সম্প্রীতির প্রবক্তা ও দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে ভারত বিভাগের বিরোধী। তাঁর রাজনৈতিক জীবন নিয়ে লেখা বিখ্যাত গ্রন্থ '*India Wins Freedom*'।
>
> 

**অসহযোগ আন্দোলন (The Non-Cooperation Movement)**

ভারত শাসনের জন্য প্রণীত মন্টেগু-চেমসফোর্ড সংস্কার আইন, ১৯১৯ ভারতবাসীর আশা-আকাঙ্ক্ষা পূরণে ব্যর্থ হয়। একই বছর সরকার দমনমূলক কুখ্যাত রাওলাট আইন, ১৯১৯ পাস করে। এই আইন সর্বস্তরের মানুষকে বিক্ষুব্ধ করে তোলে। রাওলাট আইনের বিরুদ্ধে অন্যান্য স্থানের মতো পাঞ্জাবেও আন্দোলন গড়ে ওঠে। ১৩ এপ্রিল, ১৯১৯ পাঞ্জাবের অমৃতসরে এক সভায় জেনারেল ডায়ারের নির্দেশে বহু নিরস্ত্র মানুষকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। ইতিহাসে এই নারকীয় হত্যাযজ্ঞের ঘটনা 'জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড' নামে পরিচিত। এই হত্যাকাণ্ডের প্রতিবাদে ১৯২০ সালে মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলনের ডাক দেন। ১৯২০ সালের ৮ সেপ্টেম্বর কংগ্রেসের বিশেষ অধিবেশনে অসহযোগ এবং খিলাফত আন্দোলন যুগপৎভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। ১৯২২ সালে উত্তর প্রদেশের চৌচিরানামক একটি গ্রামে পুলিশ ও বিক্ষোভকারীদের মধ্যে সংঘর্ষ হয়। জনতা ২৫ জন পুলিশ ও একজন ইন্সপেক্টরকে হত্যা করে। আন্দোলন অহিংস থাকছেনা বলে গান্ধিজী আন্দোলন স্থগিত ঘোষণা করেন। ১৯২২ সালের ১২ ফেব্রুয়ারি অসহযোগ আন্দোলনের পরিসমাপ্তি ঘটে। এ সময় মোস্তফা কামাল তুরস্কের ক্ষমতায় আসেন এবং খিলাফতের অবসান ঘটে। ফলে খিলাফত আন্দোলনেরও সমাপ্তি ঘটে।

Scanned with CamScanner

### মোহনদাস করমচাঁদ গান্ধী (১৮৬৯ - ১৯৪৮ খ্রি.)



**অন্য নাম** : মহাত্মা, বাপুজি।

**পরিচিতি** : ভারতীয় জাতির জনক কিন্তু ভারতের কোনো রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত হননি।

**রাজনীতি** : রাজনৈতিক নেতৃত্বের উত্থান ঘটে দক্ষিণ আফ্রিকায়। ১৯২১ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের নির্বাহীর দায়িত্বপ্রাপ্ত হন।

**লেখালেখি** : দক্ষিণ আফ্রিকায় 'Indian Opinion' নামক পত্রিকার সম্পাদনা করতেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ '*The Story of My Experiments with Truth*'.

**বাংলাদেশ ভ্রমণ** : ১৯৪৬ সালে নোয়াখালী ভ্রমণ করেন। নোয়াখালীর সোনাইমুড়ীতে 'গান্ধী স্মৃতি জাদুঘর' স্থাপিত হয়েছে।

**মৃত্যু** : দিল্লিতে পথসভা চলাকালে হিন্দু মৌলবাদী নাথুরাম গডসে গুলি করে গান্ধীজীকে হত্যা করে।

### স্বরাজদল ও বেঙ্গল প্যাক্ট (১৯২৩ খ্রি.)

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে কংগ্রেসের একাংশ ১৯২২ সালে স্বরাজ পার্টি গঠন করে। চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে বঙ্গীয় কংগ্রেস কমিটি ১৯২৩ সালে বাংলার মুসলমানদের সাথে একটি সমঝোতায় পৌঁছান। এ সমঝোতা 'বেঙ্গল প্যাক্ট' বা বাংলা চুক্তি নামে পরিচিত। ১৯২৫ সালে উদার রাজনীতিবিদ চিত্তরঞ্জন দাশের মহাপ্রয়াণ হলে শোকার্ত রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, "*এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ, মরণে তাই তুমি করে গেলে দান।*"

### নেহেরু রিপোর্ট (১৯২৮ খ্রি.)

মতিলাল নেহেরুর নেতৃত্বে গঠিত কমিটি ১৯২৮ সালের আগস্ট মাসে একটি রিপোর্ট পেশ করে। এ রিপোর্ট ভারতের জন্য স্বাধীনতার পরিবর্তে ব্রিটিশ রাজ্যের মর্যাদা প্রদান এবং মুসলমানদের পৃথক নির্বাচন ব্যবস্থা বাতিলের সুপারিশ করা হয়। এতে মুসলিম নেতৃবৃন্দ বিক্ষুব্ধ এবং মর্মাহত হন। নেহেরু রিপোর্টের প্রতিবাদে ১৯২৯ সালে মোহাম্মদ আলী জিন্নাহ মুসলমানদের দাবি সম্পর্কিত ১৪ দফা উত্থাপন করেন।

### আইন অমান্য আন্দোলন (The Civil Disobedience Movement)

মহাত্মা গান্ধী ভারতে 'পূর্ণ স্বরাজ্য' প্রতিষ্ঠার দাবিতে ১৯৩০ সালে আইন অমান্য ও সত্যাগ্রহ আন্দোলন শুরু করেন। খান আব্দুল গফফর খানের নেতৃত্বে উত্তর-পশ্চিম সীমান্তে আইন অমান্য আন্দোলন ব্যাপক আকার ধারণ করে। তিনি মহাত্মা গান্ধীর অনুসৃত আদর্শ ও কর্মপন্থার একনিষ্ঠ অনুরাগী ছিলেন। এজন্য তাঁকে সীমান্ত গান্ধী নামে (Frontier Gandhi) অভিহিত করা হয়।

## MCQ Solution

১. **খিলাফত আন্দোলনের অন্যতম নেতা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ খাজা নাজিমউদ্দীন ⓖ মোহাম্মদ আলী জিন্নাহ
ⓖ মওলানা মোহাম্মদ আলী ⓘ এ,কে ফজলুল হক **উত্তর: গ**

২. **Who is the author of 'India Wins Freedom'?** [10th BCS/ PGCB'র Deputy Assistant Engineer : 24]
ⓐ J. L. Nehru ⓑ Moulana Akram Khan
ⓒ Abul Kalam Azad ⓓ Mahatma Gandhi **Ans. c**

৩. **মন্টেগু চেমসফোর্ড সংস্কার আইন হয়-** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ ১৯০৯ সালে ⓖ ১৯১৬ সালে
ⓖ ১৯১৯ সালে ⓘ ১৯৩০ সালে **উত্তর: গ**

৪. **জালিয়ানওয়ালাবাগ অবস্থিত-** [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি৩ ইউনিট) : ১৫-১৬]
ⓚ হরিয়ানায় ⓖ জম্মুতে
ⓖ অমৃতসরে ⓘ লুধিয়ানায় **উত্তর: গ**

৫. **জালিয়ানওয়ালাবাগ পরিচিতি -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ⓚ স্বর্ণ মন্দিরের জন্য ⓖ ফুলের জন্য
ⓖ নৃশংসতার জন্য ⓘ কোনোটিই নয় **উত্তর: গ**

৬. **জাতির জনক হিসেবে পরিচিত, কিন্তু কখনো রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত হননি-** [ইসলামী বিশ্ব: (সি ইউনিট) : ১৮-১৯]
ⓚ মোহাম্মদ আলী জিন্নাহ ⓖ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ⓖ নেলসন ম্যান্ডেলা ⓘ মহাত্মা গান্ধী **উত্তর: ঘ**

৭. **মহাত্মা গান্ধীর রাজনৈতিক নেতৃত্বের উত্থান ঘটে কোন দেশে-** [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ⓚ ভারত ⓖ দঃ আফ্রিকা
ⓖ ইংল্যান্ড ⓘ নেপাল **উত্তর: খ**

৮. **কে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব দেন?** [ববি (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ গান্ধীজি ⓖ মওলানা শওকত আলী
ⓖ জহরলাল নেহেরু ⓘ বিপিনচন্দ্র পাল **উত্তর: ক**

৯. **মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকার কোন পত্রিকাটি সম্পাদনা করতেন?** [উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]
ⓚ ইন্ডিয়ান অপিনিয়ন ⓖ দি হেরাল্ড
ⓖ দি টাইমস ⓘ দি ক্রনিকেল **উত্তর: ক**

১০. **The Stroy of My Experiments with Truth' বইয়ের লেখক-** [চট্টগ্রাম বিশ্ব: (ই ইউনিট) : ১১-১২]
ⓚ Mahatma Gandhi ⓖ Michael Anderson
ⓖ Winston Churchill ⓘ James Morris **উত্তর: ক**

Scanned with CamScanner

**মোহনদাস করমচাঁদ গান্ধী (১৮৬৯ - ১৯৪৮ খ্রি.)**



**অন্য নাম** : মহাত্মা, বাপুজি।

**পরিচিতি** : ভারতীয় জাতির জনক কিন্তু ভারতের কোনো রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত হননি।

**রাজনীতি** : রাজনৈতিক নেতৃত্বের উত্থান ঘটে দক্ষিণ আফ্রিকায়। ১৯২১ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের নির্বাহীর দায়িত্বপ্রাপ্ত হন।

**লেখালেখি** : দক্ষিণ আফ্রিকায় 'Indian Opinion' নামক পত্রিকার সম্পাদনা করতেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ *'The Story of My Experiments with Truth'*.

**বাংলাদেশ ভ্রমণ** : ১৯৪৬ সালে নোয়াখালী ভ্রমণ করেন। নোয়াখালীর সোনাইমুড়ীতে 'গান্ধী স্মৃতি জাদুঘর' স্থাপিত হয়েছে।

**মৃত্যু** : দিল্লিতে পথসভা চলাকালে হিন্দু মৌলবাদী নাথুরাম গডসে গুলি করে গান্ধীজীকে হত্যা করে।

## স্বরাজদল ও বেঙ্গল প্যাক্ট (১৯২৩ খ্রি.)

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে কংগ্রেসের একাংশ ১৯২২ সালে স্বরাজ পার্টি গঠন করে। চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে বঙ্গীয় কংগ্রেস কমিটি ১৯২৩ সালে বাংলার মুসলমানদের সাথে একটি সমঝোতায় পৌঁছান। এ সমঝোতা 'বেঙ্গল প্যাক্ট' বা বাংলা চুক্তি নামে পরিচিত। ১৯২৫ সালে উদার রাজনীতিবিদ চিত্তরঞ্জন দাশের মহাপ্রয়াণ হলে শোকার্ত রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, *"এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ, মরণে তাই তুমি করে গেলে দান।"*

## নেহেরু রিপোর্ট (১৯২৮ খ্রি.)

মতিলাল নেহেরুর নেতৃত্বে গঠিত কমিটি ১৯২৮ সালের আগস্ট মাসে একটি রিপোর্ট পেশ করে। এ রিপোর্ট ভারতের জন্য স্বাধীনতার পরিবর্তে ব্রিটিশ রাজ্যের মর্যাদা প্রদান এবং মুসলমানদের পৃথক নির্বাচন ব্যবস্থা বাতিলের সুপারিশ করা হয়। এতে মুসলিম নেতৃবৃন্দ বিক্ষুব্ধ এবং মর্মাহত হন। নেহেরু রিপোর্টের প্রতিবাদে ১৯২৯ সালে মোহাম্মদ আলী জিন্নাহ মুসলমানদের দাবি সম্পর্কিত ১৪ দফা উত্থাপন করেন।

## আইন অমান্য আন্দোলন (The Civil Disobedience Movement)

মহাত্মা গান্ধী ভারতে 'পূর্ণ স্বরাজ' প্রতিষ্ঠার দাবিতে ১৯৩০ সালে আইন অমান্য ও সত্যাগ্রহ আন্দোলন শুরু করেন। খান আব্দুল গাফফার খানের নেতৃত্বে উত্তর-পশ্চিম সীমান্তে আইন অমান্য আন্দোলন ব্যাপক আকার ধারণ করে। তিনি মহাত্মা গান্ধীর অনুসৃত আদর্শ ও কর্মপন্থার একনিষ্ঠ অনুরাগী ছিলেন। এজন্য তাঁকে সীমান্ত গান্ধী নামে (Frontier Gandhi) অভিহিত করা হয়।

## MCQ Solution

১. খিলাফত আন্দোলনের অন্যতম নেতা- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক) খাজা নাজিমউদ্দীন খ) মোহাম্মদ আলী জিন্নাহ
গ) মওলানা মোহাম্মদ আলী ঘ) এ.কে ফজলুল হক **উত্তর: গ**

২. **Who is the author of 'India Wins Freedom'?** [10th BCS/ PGCB'র Deputy Assistant Engineer : 24]
ⓐ J. L. Nehru ⓑ Moulana Akram Khan
ⓒ Abul Kalam Azad ⓓ Mahatma Gandhi **Ans. c**

৩. মন্টেগু চেমসফোর্ড সংস্কার আইন হয়- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ক) ১৯০৯ সালে খ) ১৯১৬ সালে
গ) ১৯১৯ সালে ঘ) ১৯৩০ সালে **উত্তর: গ**

৪. জালিয়ানওয়ালাবাগ অবস্থিত- [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি৩ ইউনিট) : ১৫-১৬]
ক) হরিয়ানায় খ) জম্মুতে
গ) অমৃতসরে ঘ) লুধিয়ানায় **উত্তর: গ**

৫. জালিয়ানওয়ালাবাগ পরিচিতি - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ক) স্বর্ণ মন্দিরের জন্য খ) ফুলের জন্য
গ) নৃশংসতার জন্য ঘ) কোনোটিই নয় **উত্তর: গ**

৬. জাতির জনক হিসেবে পরিচিত, কিন্তু কখনো রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত হননি– [ইসলামী বিশ্ব: (সি ইউনিট) : ১৮-১৯]
ক) মোহাম্মদ আলী জিন্নাহ খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ) নেলসন ম্যান্ডেলা ঘ) মহাত্মা গান্ধী **উত্তর: ঘ**

৭. মহাত্মা গান্ধীর রাজনৈতিক নেতৃত্বের উত্থান ঘটে কোন দেশে–[ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ক) ভারত খ) দঃ আফ্রিকা
গ) ইংল্যান্ড ঘ) নেপাল **উত্তর: খ**

৮. কে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব দেন? [ববি (ব ইউনিট) : ১৬-১৭]
ক) গান্ধীজি খ) মওলানা শওকত আলী
গ) জহরলাল নেহেরু ঘ) বিপিনচন্দ্র পাল **উত্তর: ক**

৯. মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকার কোন পত্রিকাটি সম্পাদনা করতেন? [উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]
ক) ইন্ডিয়ান অপিনিয়ন খ) দি হেরাল্ড
গ) দি টাইমস ঘ) দি ক্রনিকেল **উত্তর: ক**

১০. **The Stroy of My Experiments with Truth'** বইয়ের লেখক– [চট্টগ্রাম বিশ্ব: (বি ইউনিট) : ১১-১২]
ক) Mahatma Gandhi খ) Michael Anderson
গ) Winston Churchill ঘ) James Morris **উত্তর: ক**

Scanned with CamScanner

১১. **মহাত্মা গান্ধীর হত্যাকারী-** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]
ⓚ বলরাম গডসে ⓚh নাথুরাম গডসে
ⓖ ক্ষুদিরাম ⓖh আকবর খাঁ **উত্তর: খ**

১২. **মহাত্মা গান্ধীর চিতাভস্ম কত বছর ধরে এবং ভারতের কোথায় স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার অন্ধকার লকার রুমে রাখা আছে? এই ব্যাংকের আগের নাম ছিল, ইম্পেরিয়াল ব্যাংক অব ইন্ডিয়া।** [জেলা দুর্নীতি দমন অফিসার : ৯৪]
ⓚ ৪৪ বছর, কটক ⓚh ৪৫ বছর, পুরি
ⓖ ৪৩ বছর, আহমদবাদ ⓖh ৪৪ বছর, নাগপুর **উত্তর: ক**

১৩. **মহাত্মা গান্ধী বাংলাদেশের কোন জেলা সফর করেছিলেন?** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট : ১৫-১৬)]
ⓚ নোয়াখালী ⓚh বরিশাল
ⓖ ঢাকা ⓖh খুলনা **উত্তর: ক**

১৪. **'গান্ধী স্মৃতি জাদুঘর' কোন জেলায় অবস্থিত?** [ঢাবি (চ ইউনিট): ১৪ -১৫]
ⓚ সিলেট ⓚh নোয়াখালী
ⓖ দিনাজপুর ⓖh পাবনা **উত্তর: খ**

১৫. **অসহযোগ এবং খেলাফত আন্দোলনের সঙ্গে জড়িত স্মরণীয় নায়ক কে?** [খাদ্য অধিদপ্তরের খদ্য পরিদর্শক : ৯৬]
ⓚ মোহাম্মদ আলী জিন্নাহ ⓚh মাওলানা মোহাম্মদ আলী
ⓖ আগা খান ⓖh আবদুর রহিম **উত্তর: খ**

১৬. **'দেশবন্ধু' উপাধি পেয়েছিলেন কোন রাজনীতিবিদ?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট, বিকাল) : ২০-২১]
ⓚ সুভাষ চন্দ্র বসু ⓚh এ কে ফজলুল হক
ⓖ চিত্তরঞ্জন দাশ ⓖh শরৎচন্দ্র বসু **উত্তর: গ**

১৭. **'বেঙ্গল প্যাক্ট' স্বাক্ষরিত হয় -** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ১৯২১ সালে ⓚh ১৯২৩ সালে
ⓖ ১৯২৭ সালে ⓖh ১৯৩৫ সালে **উত্তর: খ**

১৮. **'বেঙ্গল প্যাক্ট' কার উদ্যোগে স্বাক্ষরিত হয়?** [ববি (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ এ. কে ফজলুল হক ⓚh খাজা নাজিমউদ্দীন
ⓖ সুভাস চন্দ্র বসু ⓖh চিত্তরঞ্জন দাশ **উত্তর: ঘ**

১৯. **"এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ, মরণে তাই তুমি করে গেলে দান।" – কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কাকে উদ্দেশ্য করে কথাগুলো লিখেছিলেন?** [পরিসংখ্যান ব্যুরোর সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]
ⓚ সত্যেন্দ্রনাথ দত্ত ⓚh আশুতোষ মুখোপাধ্যায়
ⓖ নবীনচন্দ্র সেন ⓖh চিত্তরঞ্জন দাস **উত্তর: ঘ**

২০. **নেহেরু রিপোর্ট পেশ করা হয় -** [মাভাবিপ্রবি (ডি ইউনিট) : ১৮-১৯]
ⓚ ১৯২০ সালে ⓚh ১৯২৮ সালে
ⓖ ১৯৩০ সালে ⓖh ১৯৭৬ সালে **উত্তর: খ**

২১. **১৪ দফা উত্থাপন করেন -** [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি-৩ ইউনিট) : ১৫-১৬]
ⓚ গান্ধী ⓚh নেহেরু
ⓖ জিন্নাহ ⓖh ফজলুল হক **উত্তর: গ**

২২. **'সীমান্ত গান্ধী' নামে পরিচিত-** [বিসিক এর প্রমোশন অফিসার : ২৩]
ⓚ রাজীব গান্ধী ⓚh খান আবদুল গাফফার খান
ⓖ মহাত্মা গান্ধী ⓖh ইন্দিরা গান্ধী **উত্তর: খ**

## কৃষক রাজনীতি

বিশ শতকের প্রথমার্ধে জমিদারি প্রথা উচ্ছেদ ও মহাজনি শোষণ বন্ধ করার লক্ষ্যে এ. কে ফজলুল হকের নেতৃত্বে বাংলায় গড়ে ওঠে শক্তিশালী প্রজা আন্দোলন। কৃষক প্রজাদের অকৃত্রিম বন্ধু ফজলুল হকের নেতৃত্বে ১৯২৯ সালে গঠিত হয় 'নিখিল বঙ্গ প্রজা সমিতি' যা পরবর্তীতে (১৯৩৬ সালে) 'কৃষক প্রজা পার্টি' হিসেবে আত্মপ্রকাশ করে।

## ভারত শাসন আইন, ১৯৩৫

১৯৩৫ সালের ভারত শাসন আইনের অন্যতম গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য ছিল যুক্তরাষ্ট্রীয় সরকার এবং প্রাদেশিক স্বায়ত্তশাসন। ১৯৩৫ সালের ২ আগস্ট আইনটি রাজকীয় সম্মতি লাভ করে।

## ১৯৩৭ সালের প্রাদেশিক নির্বাচন

১৯৩৭ সালে অবিভক্ত বাংলায় প্রথম প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে ভারতীয় জাতীয় কংগ্রেস ৫২, মুসলিম লীগ ৩৯, কৃষক প্রজা পার্টি ৩৬টি আসন লাভ করে।

**এ. কে ফজলুল হক (১৮৭৩ - ১৯৬২ খ্রি.)**



জন্ম : সাতুরিয়া গ্রাম, রাজাপুর থানা, বরিশাল।
পিতা : কাজী মুহম্মদ ওয়াজেদ
মাতা : সাইদুন্নেসা খাতুন
উপাধি : ১৯৪০ সালে লাহোরে অনুষ্ঠিত নিখিল ভারত মুসলিম লীগের অধিবেশনে ফজলুল হকের জ্বালাময়ী বক্তৃতায় মুগ্ধ হয়ে পাঞ্জাববাসী তাঁকে শের-ই-বঙ্গাল (বাংলার বাঘ) উপাধি প্রদান করে।
প্রতিষ্ঠান : শিক্ষামন্ত্রী (১৯২৪) কলকাতার মেয়র (১৯৩৫), অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী (১৯৩৭-৪৩), পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী (১৯৫৪), পূর্ব পাকিস্তানের গভর্নর (১৯৫৬- ৫৮)।
সমাধি : তিন নেতার মাজার, ঢাকা।

## এ. কে ফজলুল হকের প্রথম মন্ত্রিসভা

কোনো দল একক সংখ্যা গরিষ্ঠতা অর্জনে ব্যর্থ হওয়ায় এ. কে ফজলুল হকের নেতৃত্বে মুসলিম লীগ ও কৃষক-প্রজা পার্টির কোয়ালিশন সরকার গঠিত হয়। অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী নির্বাচিত হন এ. কে ফজলুল হক। বিনা ক্ষতিপূরণে জমিদারি প্রথা উচ্ছেদের বিষয়টি তদন্ত করে দেখার জন্য ১৯৩৮ সালে হক মন্ত্রিসভা একটি কমিশন গঠন করে যা 'ফ্লাউড কমিশন'

Scanned with CamScanner

নামে পরিচিত। ১৯৩৮ সালে হক মন্ত্রিসভা বঙ্গীয় প্রজাস্বত্ব আইন সংশোধন করে জমিদারদের অধিকার হ্রাস এবং কৃষকদের অধিকার বৃদ্ধির চেষ্টা করেন। ১৯৩৮ সালে বঙ্গীয় চাষী খাতক আইন প্রবর্তন করেন। এই আইনের ফলে বাংলার সর্বত্র 'ঋণ সালিসি বোর্ড' গঠিত হয়। ঢাকার বেঙ্গল এগ্রিকালচার ইন্সটিটিউট (বর্তমানে শেরে ই বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়) এবং বরিশালের চাখার কলেজ স্থাপনের কৃতিত্ব হক সাহেবের। তিনি মুসলিম নারীদের শিক্ষার জন্য ঢাকায় ইডেন কলেজ প্রতিষ্ঠা করেন।

### এ. কে ফজলুল হকের দ্বিতীয় মন্ত্রিসভা

১৯৪১ সালে মোহাম্মদ আলী জিন্নাহর সাথে মতানৈক্যর ফলে এ. কে ফজলুল হক মুসলিম লীগ থেকে পদত্যাগ করেন। তিনি ড. শ্যামাপ্রসাদের সাথে কোয়ালিশন সরকার গঠন করেন। এ মন্ত্রিসভা শ্যামা-হক মন্ত্রিসভা নামে পরিচিত। এই মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী ছিলেন এ. কে ফজলুল হক। ১৯৪৩ সালে এই মন্ত্রিসভার পতন হয়।

### খাজা নাজিমউদ্দীনের মন্ত্রিসভা

১৯৪৩ সালে শ্যামা-হক মন্ত্রিসভার পতন ঘটলে খাজা নাজিমউদ্দীনের নেতৃত্বে মুসলিম লীগ মন্ত্রিসভা গঠন করে। খাজা নাজিমউদ্দীন ছিলেন অবিভক্ত বাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী।

### লাহোর প্রস্তাব (Lahore Resolution)

১৯৪০ সালে মোহাম্মদ আলী জিন্নাহ 'দ্বিজাতিতত্ত্ব' (হিন্দু মুসলমান দুটি আলাদা জাতি) এর প্রচারণা শুরু করেন। এ চিন্তাধারার আলোকেই ১৯৪০ সালের ২৩ মার্চ পাঞ্জাবের লাহোরে অনুষ্ঠিত মুসলিম লীগের বার্ষিক কাউন্সিল অধিবেশনে তৎকালীন বাংলার মুখ্যমন্ত্রী এ.কে.ফজলুল হক উপমহাদেশের মুসলমানদের স্বার্থ সম্বলিত একটি প্রস্তাব পেশ করেন। জিন্নাহর সভাপতিত্বে সভায় প্রস্তাবটি গৃহীত হয়। এই প্রস্তাবই ঐতিহাসিক "লাহোর প্রস্তাব" বা "পাকিস্তান প্রস্তাব" নামে অভিহিত। লাহোর প্রস্তাবের মূলকথা ছিল উপমহাদেশের উত্তর-পশ্চিম ও পূর্বাঞ্চলীয় মুসলিম অধ্যুষিত এলাকাগুলো নিয়ে একাধিক স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র গঠন করতে হবে।

### ক্রিপস মিশন

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান মিত্র পক্ষের বিরুদ্ধে যুদ্ধে যোগদান করলে জাপানি আক্রমণের বিরুদ্ধে এ দেশীয় সাহায্য সহযোগিতা লাভ করার জন্য তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল স্যার স্ট্যাফোর্ড ক্রিপসকে ১৯৪২ সালে এ উপমহাদেশে প্রেরণ করেন। তিনি রাজনৈতিক সমস্যা সমাধানের লক্ষ্যে ব্রিটিশ সরকারের পক্ষ থেকে যে কয়টি প্রস্তাব করেন, তা 'ক্রিপস প্রস্তাব' নামে খ্যাত।

### ভারত ছাড় আন্দোলন (Quit India Movement)

ভারতের রাজনৈতিক সংকট নিরসনে ক্রিপস মিশন ব্যর্থ হলে ১৯৪২ সালের আগস্ট মাসে মহাত্মা গান্ধীর নেতৃত্বে 'ভারত ছাড়' দাবিতে ইংরেজ বিরোধী আন্দোলন শুরু হয়।

### ১৯৪৩ সালের দুর্ভিক্ষ (The Famine of 1943)

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানিরা বার্মা দখল করলে এখান থেকে বাংলায় চাল আমদানি বন্ধ হয়ে যায়। পক্ষান্তরে বাংলার খাদ্য শস্য ক্রয় করে বাংলার বাহিরে সৈন্যদের রসদ হিসাবে পাঠিয়ে দেওয়া হয়। অসাধু, লোভী ও মুনাফাখোর ব্যবসায়ীরা খাদ্য গুদামজাত করে। এছাড়া অনাবৃষ্টির ফলে বাংলার খাদ্য উৎপাদনও হ্রাস পায়। ফলে ১৯৪৩ সালে বাংলায় এক ভয়াবহ দুর্ভিক্ষ হয়। এ দুর্ভিক্ষে আনুমানিক ৩০ লক্ষ লোক প্রাণ হারায়। বাংলা ১৩৫০ সালে সংঘটিত এই দুর্ভিক্ষ 'পঞ্চাশের মন্বন্তর' নামে পরিচিত।

### আজাদ হিন্দ ফৌজ

নেতাজী সুভাষচন্দ্র বসু দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিদেশি শক্তির সাহায্য নিয়ে লড়াই করে মাতৃভূমি স্বাধীন করতে চেয়েছিলেন। তিনি রাজবিহারী বসুর সহযোগিতায় জাপানে বন্দী ভারতীয় সেনাদের নিয়ে আজাদ হিন্দ ফৌজ গঠন করেন। দুঃসাহসী এই বাঙালি নেতার নেতৃত্বে আজাদ হিন্দ ফৌজ ১৯৪৪ খ্রিষ্টাব্দে বার্মা হয়ে ভারত ভূমিতে পদার্পণ করে। বার্মায় আজাদ হিন্দ ফৌজের এক সৈন্য সমাবেশে তিনি বলেছিলেন, 'Give me blood and I will give you freedom' ('আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব')। ১৯৪৫ সালের জাপানের রেঙ্গুন ত্যাগের কারণে আজাদ হিন্দ ফৌজের অগ্রযাত্রা ব্যাহত হয়।

### তেভাগা আন্দোলন (Tebhaga movement)



১৯৪৬-৪৭ সালে 'মোট উৎপন্ন ফসলের তিনভাগের দুইভাগ পাবে চাষী, একভাগ পাবে জমির মালিক' - এই দাবি থেকে তেভাগা আন্দোলনের সূত্রপাত হয়। হাজী মোহাম্মদ দানেশকে এই আন্দোলনের জনক বলা হয়। দিনাজপুর ও রংপুর জেলায় এই আন্দোলন তীব্র আকার ধারণ করে। চাঁপাইনবাবগঞ্জের নাচোলের কৃষকরা ছিল আন্দোলনের পুরোভাগে। ১৯৫০ সালে চাঁপাইনবাবগঞ্জের নাচোলে কৃষক বিদ্রোহ সংগঠিত হয়। তাঁদের নেতৃত্ব দেন কৃষক নেত্রী ইলা মিত্র।

### মন্ত্রী মিশন (The Cabinet Mission)

১৯৪৬ সালে ভারতের রাজনৈতিক ও শাসনতান্ত্রিক সংকট নিরসনের জন্য ব্রিটিশ প্রধানমন্ত্রী এটলি তাঁর মন্ত্রিসভার তিন সদস্যকে ভারতে প্রেরণ করেন। প্রতিনিধি দল 'মন্ত্রিমিশন' নামে পরিচিত। এ মিশনের সদস্যরা হলেন ব্রিটিশ মন্ত্রিসভার সদস্য ভারত সচিব লর্ড পেথিক লরেন্স, স্যার স্টাফোর্ড ক্রিপস এবং এ. ভি. আলেকজান্ডার।

Scanned with CamScanner

## ১৯৪৬ সালের নির্বাচন ও সোহরাওয়ার্দী মন্ত্রিসভা

১৯৪৬ সালের প্রাদেশিক পরিষদ নির্বাচনে মুসলিম লীগ জয়লাভ করে। ১৯৪৬ সালের ২৪ এপ্রিল হোসেন শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বে মন্ত্রিসভা গঠিত হয়। এটি ছিল অবিভক্ত বাংলার শেষ মন্ত্রিসভা। অবিভক্ত বাংলার শেষ গভর্নর ছিলেন স্যার ফ্রেডরিক জন বারোজ।

**হোসেন শহীদ সোহরাওয়ার্দী (১৮৯২ - ১৯৬৩)**



| | | |
|---|---|---|
| জন্ম | : | পশ্চিমবঙ্গের মেদিনীপুর। |
| প্রতিষ্ঠান | : | অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী (১৯৪৬-৪৭), পাকিস্তানের পঞ্চম প্রধানমন্ত্রী (১৯৫৬-৫৭) |
| মৃত্যু | : | বৈরুত, লেবানন। |
| সমাধি | : | তিন নেতার মাজার, ঢাকা। |

## কলকাতা দাঙ্গা (১৯৪৬ খ্রি.)

১৬ আগস্ট, ১৯৪৬ পাকিস্তান দাবির প্রতি সমর্থন জানিয়ে মুসলিম লীগ নেতারা দেশব্যাপী 'প্রত্যক্ষ সংগ্রাম দিবস' পালনের ডাক দেয়। এর ফলে কলকাতায় সংঘটিত হয় হিন্দু ও মুসলমানদের মধ্যে রক্তক্ষয়ী সাম্প্রদায়িক দাঙ্গা। কলকাতা দাঙ্গায় হাজার হাজার নিরীহ মানুষ নিহত হয়। এ দাঙ্গা ক্রমশ বাংলার বিভিন্ন অঞ্চলে বিস্তার লাভ করে।

## টঙ্ক আন্দোলন (১৯৪৬ -১৯৫০ খ্রি.)

উত্তর ময়মনসিংহে কৃষকদের দ্বারা পরিচালিত একটি আন্দোলন। স্থানীয় ভাষায় টঙ্ক শব্দটি জমিতে উৎপাদিত পণ্যের আকারে প্রদেয় খাজনাকে বোঝায়। কৃষক সভার ময়মনসিংহ জেলার সাম্যবাদী নেতা মণি সিংহ টঙ্ক আন্দোলন সংগঠিত করেছিলেন।

## MCQ Solution

১. চিরস্থায়ী বন্দোবস্তের ফলে বাংলার কৃষকরা ভূমিদাসে পরিণত হয়। এ অবস্থা দীর্ঘকাল চলতে থাকে। বিশ শতকের প্রথমার্ধে এর বিরুদ্ধে প্রধানত বাংলায় গড়ে ওঠে শক্তিশালী - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ ওয়াহাবি আন্দোলন ⓛ ফরায়েজি আন্দোলন
ⓜ প্রজা আন্দোলন ⓝ স্বদেশি আন্দোলন **উত্তর: গ**

২. 'ভারত শাসন আইন' কবে রাজকীয় সম্মতি লাভ করে? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২২-২৩]
ⓚ ২ আগস্ট, ১৯৩৫ ⓛ ২৫ আগস্ট, ১৯৩৫
ⓜ ৭ নভেম্বর, ১৯৩১ ⓝ ১২ নভেম্বর, ১৯৩১ **উত্তর: ক**

৩. শেরে বাংলার পিতার নাম কি? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ⓚ মোহাম্মদ আশরাফ আলী ⓛ মোহাম্মদ ইকরাম আলী
ⓜ মোহাম্মদ আবুল কাসেম ⓝ মোহাম্মদ ওয়াজেদ **উত্তর: ঘ**

৪. শেরে বাংলা এ. কে. ফজলুল হক কোন জেলার অধিবাসী ছিলেন? [বিটিভির অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]
ⓚ ঢাকা ⓛ কুমিল্লা
ⓜ বরিশাল ⓝ সিরাজগঞ্জ **উত্তর: গ**

৫. বাংলাদেশের কোন নেতা কলকাতা করপোরেশনের মেয়র ছিলেন? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (গোলাপ) : ১১]
ⓚ শেখ মুজিবুর রহমান ⓛ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓜ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
ⓝ শের-এ-বাংলা এ. কে. ফজলুল হক **উত্তর: ঘ**

৬. একে ফজলুল হক কি নামে পরিচিত? [BMSRI'র সিনিয়র স্টাফ নার্স : ০৬]
ⓚ বঙ্গবন্ধু ⓛ দেশবন্ধু
ⓜ শের-এ-বাংলা ⓝ জাতির পিতা **উত্তর: গ**

৭. এ. কে. ফজলুল হককে 'শেরেবাংলা' উপাধি দেয়া হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১ - ১২]
ⓚ ঢাকায় ⓛ রাওয়ালপিন্ডিতে
ⓜ কলকাতায় ⓝ লাহোরে **উত্তর: ঘ**

৮. কৃষক প্রজা পার্টি কত সালে প্রতিষ্ঠিত হয়? [NSI এর জুনিয়র কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ⓚ ১৯৩৬ সাল ⓛ ১৯০৫ সাল
ⓜ ১৯১১ সাল ⓝ ১৯৪৭ সাল **উত্তর: ক**

৯. কৃষক প্রজা পার্টির প্রতিষ্ঠাতা- [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী : ১১]
ⓚ মাওলানা ভাসানী ⓛ এ. কে. ফজলুল হক
ⓜ আবুল হাশিম ⓝ সোহরাওয়ার্দী **উত্তর: খ**

১০. অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী- [ঢাকা বিঃ (খ ইউনিট) : ১৭-১৮]
*Or,*
**Who was the first Chief Minister of the undivided Bengal?** [PKB Officer (cash) : 14]
ⓚ শেখ মুজিবুর রহমান ⓛ এ.কে ফজলুল হক
ⓜ মোহাম্মদ আলী জিন্নাহ ⓝ শহীদ সোহরাওয়ার্দী **উত্তর: খ**

১১. অবিভক্ত বাংলার দুইবারের প্রধানমন্ত্রী একই সময় শিক্ষামন্ত্রীর দায়িত্বে ছিলেন এমন নেতার নাম কি? [জবি (সি ইউনিট) : ২৩-২৪]
ⓚ দেশবন্ধু চিত্তরঞ্জন ⓛ শের-ই-বাংলা এ কে ফজলুল হক
ⓜ বিধান চন্দ্র রায় ⓝ শহীদ সোহরাওয়ার্দী **উত্তর: খ**

১২. বাংলায় 'ঋণ সালিশি আইন' কার আমলে প্রণীত হয়? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ⓚ এ. কে. ফজলুল হক ⓛ এইচ. এস. সোহরাওয়ার্দী
ⓜ খাজা নাজিমউদ্দীন ⓝ নুরুল আমিন **উত্তর: ক**

১৩. কোন নেতা জমিদারি প্রথা রদে প্রধান ভূমিকা পালন করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ হোসেন শহীদ সোহরাওয়ার্দী ⓛ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
ⓜ এ. কে. ফজলুল হক ⓝ আতাউর রহমান খান **উত্তর: গ**

১৪. এ. কে. ফজলুল হক পূর্ব বাংলার গভর্নর নিযুক্ত হন কবে? [বিআরটিসি -এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ⓚ ১৯৫৪ সালে ⓛ ১৯৫৫ সালে
ⓜ ১৯৫৬ সালে ⓝ ১৯৫৭ সালে **উত্তর: গ**

Scanned with CamScanner

১৫. **দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা কে ছিলেন?** [রাবি (আই ইউনিট) : ১৪-১৫]
ⓚ আল্লামা ইকবাল ⓚ স্যার সৈয়দ আহম্মদ
ⓖ মোহাম্মদ আলী জিন্নাহ ⓖ স্যার সলিমুল্লাহ **উত্তর: গ**

১৬. **কে লাহোর প্রস্তাব উত্থাপন করেন?** [জাতীয় বিশ্ব: (মানবিক) : ২৪-২৫]
ⓚ মোহাম্মদ আলী জিন্নাহ ⓚ শহীদ সোহরাওয়ার্দী
ⓖ খাজা নাজিমউদ্দীন ⓖ এ.কে. ফজলুল হক **উত্তর: ঘ**

১৭. **ঐতিহাসিক লাহোর প্রস্তাব কত তারিখে উত্থাপিত হয়?** [NSI এর জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ⓚ ১৩ ফেব্রুয়ারি, ১৯৪০ ⓚ ১৩ মার্চ, ১৯৪০
ⓖ ২৩ মার্চ, ১৯৪০ ⓖ ২৩ মার্চ, ১৯৪২ **উত্তর: গ**

১৮. **লাহোর প্রস্তাব কোন সালে গৃহীত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) : ২৩]
ⓚ ১৯৪০ ⓚ ১৯৪১ ⓖ ১৯৪২ ⓖ ১৯৩৭ **উত্তর: ক**

১৯. **লাহোর প্রস্তাব ছিল–** [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর 'অধীক্ষক' : ৯৮]
ⓚ পাকিস্তান প্রস্তাব ⓚ স্বাধীন বাংলা প্রস্তাব
ⓖ ভারতে মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকার জন্য স্বাধীন রাষ্ট্রসমূহ গঠনের প্রস্তাব
ⓖ ভারত বিভাগের প্রস্তাব **উত্তর: গ**

২০. **অবিভক্ত বাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী–** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ⓚ আবুল হাসেম ⓚ এ. কে. ফজলুল হক
ⓖ শহীদ সোহরাওয়ার্দী ⓖ খাজা নাজিমউদ্দীন **উত্তর: ঘ**

২১. **ক্রীপস মিশন কোন উদ্দেশ্যে এদেশে আগমন করে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১০]
ⓚ অর্থনৈতিক ⓚ রাজনৈতিক
ⓖ সামাজিক ⓖ সাংস্কৃতিক **উত্তর: খ**

২২. **'ভারত ছাড়' আন্দোলন শুরু হয়–** [৪৫তম বিসিএস]
ⓚ ১৯১৭ সালে ⓚ ১৯২৭ সালে
ⓖ ১৯৩৭ সালে ⓖ ১৯৪২ সালে **উত্তর: ঘ**

২৩. **'পঞ্চাশের মন্বন্তর' হয়েছিল ইংরেজি কত সালে?** [BRDB'র মাঠকর্মী : ১৪]
ⓚ ১৯৪৩ সালে ⓚ ১৮৫০ সালে
ⓖ ১৯২১ সালে ⓖ ১৯৫০ সালে **উত্তর: ক**

২৪. **ভারতে ১৯৪৩ সালের মনুষ্যসৃষ্ট দুর্ভিক্ষে ব্রিটিশ প্রধানমন্ত্রী হিসেবে কাকে দায়ী করা হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ব: (আই ইউনিট) : ১৮-১৯]
ⓚ রানি ভিক্টোরিয়া ⓚ স্যার উইনস্টন চার্চিল
ⓖ মার্গারেট থ্যাচার ⓖ টনি ব্লেয়ার **উত্তর: খ**

২৫. **কোন বাঙালি নেতার নামের আগে নেতাজী বলা হয়?** [সাধারণ পুলের.... মন্ত্রণালয়ে উপসহকারী প্রোগ্রামার : ১৬]
ⓚ চিত্তরঞ্জন দাস ⓚ এ, কে ফজলুল হক
ⓖ মণি সিংহ ⓖ সুভাষচন্দ্র বসু **উত্তর: ঘ**

২৬ **'আজাদ হিন্দ ফৌজ' এর সর্বাধিনায়ক কে ছিলেন?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ⓚ মহাত্মা গান্ধী ⓚ নেতাজী সুভাষচন্দ্র বসু
ⓖ সর্দার বল্লভ ভাই প্যাটেল ⓖ জওহের লাল নেহেরু **উত্তর: খ**

২৭. **'আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব।' কে বলেছিলেন?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ সুভাষচন্দ্র বসু ⓚ মহাত্মা গান্ধী
ⓖ ইন্দিরা গান্ধী ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ক**

২৮. **তেভাগা আন্দোলনের নেতা হিসেবে সুপরিচিত –** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ৩ ইউনিট - সেট ১) : ১২-১৩]
ⓚ হাজী মোহাম্মদ দানেশ ⓚ শেরে বাংলা এ. কে. ফজলুল হক
ⓖ হাজী মুহম্মদ মুহসীন ⓖ হাজী শরীয়তুল্লাহ **উত্তর: ক**

২৯. **Who was the leader of 'Tebhaga Andolon' of Bangladesh?** [Janata Bank Ltd. AEO : 15]
*Or,*
**তেভাগা আন্দোলনের নেত্রী–**[DPE'র সহ: লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার : ১৮]
ⓐ Ila Mitra ⓑ Pritiata Waddedar
ⓒ Taramon Bibi ⓓ Sumitra Devi **Ans. a**

৩০. **চাঁপাইনবাবগঞ্জের নাচোল কৃষক বিদ্রোহ হয় কোন সালে?** [BIWTA'র গ্রিজার : ২৪]
ⓚ ১৯৪৭ সালে ⓚ ১৯৪৮ সালে
ⓖ ১৯৪৯ সালে ⓖ ১৯৫০ সালে **উত্তর: ঘ**

৩১. **নাচোল বিদ্রোহের নেত্রীর নাম কী?** [BPSC'র সিনিয়র ইন্সট্রাক্টর : ২১]
ⓚ প্রীতিলতা ⓚ লক্ষীরাণী
ⓖ কাদম্বিনী ⓖ ইলা মিত্র **উত্তর: ঘ**

৩২. **ভারতে ক্যাবিনেট মিশন কখন এসেছিল?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২]
ⓚ ১৯৪০ সালে ⓚ ১৯৪৬ সালে
ⓖ ১৯৪২ সালে ⓖ ১৯৪৭ সালে **উত্তর: খ**

৩৩. **১৯৪৬ সালে ভারতে প্রেরিত ব্রিটিশ মন্ত্রী মিশনের সদস্য কতজন ছিল?** [চট্টগ্রাম বিশ্ব: (বি) ইউনিট) : ১৪-১৫]
ⓚ ৪ জন ⓚ ৩ জন
ⓖ ৫ জন ⓖ ২ জন **উত্তর: খ**

৩৪. **কে মন্ত্রী মিশনের সদস্য ছিলেন না?** [রাবি (এ-১ ইউনিট) : ১১-১২]
ⓚ স্যার স্টাফোর্ড ক্রিপস ⓚ ক্লিমেন্ট এটলি
ⓖ এ. ভি. আলেকজান্ডার ⓖ লর্ড পেথিক লরেন্স **উত্তর: খ**

৩৫. **'প্রত্যক্ষ সংগ্রাম দিবস' ঘোষণা করে–** [জাবি (সি৩ ইউনিট) : ১৫-১৬]
ⓚ মুসলিম লীগ ⓚ আওয়ামী লীগ
ⓖ কংগ্রেস ⓖ হিন্দু মহাসভা **উত্তর: ক**

৩৬. **অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?** [বাতিলকৃত ২৪তম বিসিএস/ সমবায় অধিদপ্তরের সহকারী পরিদর্শক : ২৩/ NU'র সেকশন অফিসার : ১৭]
ⓚ এ.কে ফজলুল হক ⓚ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓖ খাজা নাজিমউদ্দীন ⓖ আবুল হাসেম **উত্তর: খ**

৩৭. **অবিভক্ত বাংলার সর্বশেষ গভর্নর ছিলেন–** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ স্যার জন হাবার্ট ⓚ এন্ডারসন
ⓖ স্যার এফ বারোজ ⓖ আর জি কেসি **উত্তর: গ**

৩৮. **টঙ্ক আন্দোলন কী?** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা) : ২২-২৩]
ⓚ প্রকৃতি রক্ষার আন্দোলন ⓚ সাঁওতাল বিদ্রোহ
ⓖ কৃষক আন্দোলন ⓖ উপরের কোনোটিই নয় **উত্তর: গ**

Scanned with CamScanner

# পাকিস্তান আমল
## Pakistan Period

### পাকিস্তান আমল (১৯৪৭ -১৯৭১ খ্রি.)

| পাকিস্তানের প্রথম ......... | | পূর্ব বাংলার প্রথম ........ | |
|---|---|---|---|
| গভর্নর জেনারেল | প্রধানমন্ত্রী | মুখ্যমন্ত্রী | গভর্নর |
|  |  |  |  |
| কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ | কায়েদে মিল্লাত লিয়াকত আলী খান | খাজা নাজিমউদ্দীন | ফ্রেডারিক চালমার্স বোর্ন |

১৯৩৩ সালে চৌধুরী রহমত আলী তাঁর 'Now or Never' পুস্তিকায় 'পাকিস্তান' শব্দটি তৈরি করেন।

**MCQ Solution**

১. **'পাকিস্তান' শব্দটি সর্বপ্রথম কে তৈরি করেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১১-১২]
ক) আল্লামা ইকবাল খ) মোহাম্মদ আলী জিন্নাহ
গ) লিয়াকত আলী খান ঘ) চৌধুরী রহমত আলী উত্তর: ঘ

২. **স্বাধীন পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল** - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
ক) মোহাম্মদ আলী জিন্নাহ খ) লিয়াকত আলী খান
গ) লর্ড ওয়াভেল ঘ) লর্ড মাউন্টব্যাটেন উত্তর: ক

৩. **পাকিস্তান আমলে পূর্ব বাংলার প্রথম গভর্নর ছিলেন-** [রাবি (এ-৩ ইউনিট) : ১২-১৩/ প্রাথমিক সহকারী শিক্ষক (শরৎ) : ১০]
ক) খাজা নাজিম উদ্দিন খ) মালিক ফিরোজ খান নুন
গ) নুরুল আমিন ঘ) ফেডারিক বোর্ন উত্তর: ঘ

### আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠা

হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং আবুল হাশেমের নেতৃত্বাধীন তৎকালীন বঙ্গীয় প্রাদেশিক মুসলিম লীগের একাংশের সম্মেলনের মধ্য দিয়ে ১৯৪৯ সালের ২৩ জুন ঢাকার টিকাটুলির কে এম দাস লন রোডের রোজ গার্ডেন প্যালেসে 'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' প্রতিষ্ঠিত হয়। রাজনৈতিক দলটি পূর্ব পাকিস্তানে দ্রুত জনপ্রিয়তা লাভে সমর্থ হয়। ১৯৫৩ সালে মওলানা ভাসানীর সভাপতিত্বে অনুষ্ঠিত আওয়ামী মুসলিম লীগের কাউন্সিল অধিবেশনে দলের নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ধর্ম নিরপেক্ষতা চর্চা এবং অসাম্প্রদায়িক চেতনা প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৫৫ সালে দলের নাম পরিবর্তন করে 'পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ' রাখা হয়।

আওয়ামী লীগের প্রতিষ্ঠাকালীন ......

| | |
|---|---|
| সভাপতি | মওলানা আব্দুল হামিদ খান ভাসানী |
| সাধারণ সম্পাদক | শামসুল হক |
| যুগ্ম সম্পাদক | শেখ মুজিবুর রহমান |

**MCQ Solution**

১. **আওয়ামী লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৮]
ক) ১৯৫২ খ) ১৯৫১
গ) ১৯৪৯ ঘ) ১৯৫০ উত্তর: গ

২. **আওয়ামী লীগের মূল বা আদি নাম কি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (... ইউনিট) : ০৩-০৪]
ক) আওয়ামী পার্টি খ) আওয়ামী জাতীয় পার্টি
গ) আওয়ামী মুসলিম লীগ ঘ) আওয়ামী লীগ উত্তর: গ

৩. **আওয়ামী মুসলীগ লীগের প্রতিষ্ঠাতা সভাপতি -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৮-১৯]
ক) মওলানা ভাসানী খ) শেখ মজিবুর রহমান
গ) শামসুল হক ঘ) সোহরাওয়ার্দী উত্তর: ক

৪. **আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কে ছিলেন?** [৪৫তম বিসিএস]
ক) শেখ মুজিবুর রহমান খ) মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
গ) শামসুল হক ঘ) আবুল হাশিম উত্তর: গ

৫. **বাংলাদেশের ইতিহাসে যে ঘটনাটি আগে ঘটেছিল-** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট) : ১৭-১৮]
ক) যুক্তফ্রন্ট গঠন
খ) ভাষা আন্দোলন
গ) আগরতলা ষড়যন্ত্র মামলা
ঘ) আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা উত্তর: ঘ

| ঘটনা | সময়কাল | ঘটনা | সময়কাল |
|---|---|---|---|
| আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা | ১৯৪৯ | ভাষা আন্দোলন | ১৯৫২ |
| আগরতলা ষড়যন্ত্র মামলা | ১৯৬৮ | যুক্তফ্রন্ট গঠন | ১৯৫৩ |

৬. **ঐতিহাসিক 'রোজ গার্ডেন' ঢাকার কোথায় অবস্থিত** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট-সেট ২) : ১৯-২০]
ক) টিকাটুলি খ) পলাশি
গ) লালবাগ ঘ) সোনারগাঁও উত্তর: ক

৭. **পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ কোন স্থানে গঠিত হয়?** [BPSC'র সুপারিনটেনডেন্ট : ২৪/ ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক) : ১৮-১৯]
ক) রোজ গার্ডেন, ঢাকা
খ) থিয়েটার রোড, কলকাতা
গ) বর্ধমান হাউজ, ঢাকা
ঘ) বলধা গার্ডেন, ঢাকা উত্তর: ক

Scanned with CamScanner

## ভাষা আন্দোলন ও বাঙালি জাতীয়তাবাদের উন্মেষ
## Language Movement & Development of Bengali Nationalism

১৯৪৭ পাকিস্তানের মোট জনসংখ্যার ৫৬.৪০% লোকের মুখের ভাষা ছিল বাংলা। পাকিস্তানের মাত্র ৩.২৭% লোকের মুখের ভাষা ছিল উর্দু। এমতাবস্থায় ভারত বিভাগের পর পাকিস্তানের রাষ্ট্রভাষা কি হবে তা নিয়ে প্রশ্ন দেখা দেয়। চৌধুরী খালিকুজ্জামান এবং আলিগড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. জিয়াউদ্দিন আহমদ উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব দেন। তাদের প্রস্তাবের বিরুদ্ধে ভাষাবিজ্ঞানী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ শহীদুল্লাহ এবং ড. মুহাম্মদ এনামুল হকসহ বেশ ক' জন বুদ্ধিজীবী প্রবন্ধ লিখে প্রতিবাদ জানান। এ সময়ে ড. মুহম্মদ শহীদুল্লাহ একটি ভাষণে বলেছিলেন, "আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি।"

(২ সেপ্টেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' (Tamuddun Majlish) নামে একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান গড়ে উঠে। পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে বাংলাকে চালু করার দাবি নিয়ে এগিয়ে আসে 'তমদ্দুন মজলিশ'। এটিই ছিল ভাষা আন্দোলনের প্রথম সংগঠন।

(১৫ সেপ্টেম্বর) তমদ্দুন মজলিশ ভাষা আন্দোলনের প্রথম পুস্তিকা 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' প্রকাশ করে। এ পুস্তিকার লেখক ছিলেন তিনজন- অধ্যাপক আবুল কাসেম, ড. কাজী মোতাহার হোসেন এবং আবুল মনসুর আহমদ।

(ডিসেম্বর) তমদ্দুন মজলিশের উদ্যোগে ভাষা আন্দোলনকে রাজনৈতিক রূপদানের জন্য গঠিত হয় প্রথম 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ', যার আহ্বায়ক মনোনীত হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নুরুল হক ভূঁইয়া।

১৯৪৮ (২৩ ফেব্রুয়ারি) পাকিস্তান গণপরিষদ অধিবেশনে ইংরেজির পাশাপাশি উর্দু ভাষাতে অধিবেশনের কার্যক্রম শুরু হলে পূর্ব বাংলার গণপরিষদ সদস্য কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত এর প্রতিবাদ করেন এবং বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষারূপে সরকারি স্বীকৃতির দাবি জানান। কিন্তু গণপরিষদ এ দাবি প্রত্যাখ্যান করলে পূর্ব বাংলার ছাত্র শিক্ষক ও বুদ্ধিজীবী মহলে অসন্তোষ দেখা দেয়।

(২ মার্চ) রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদকে পুনর্গঠন করে কামরুদ্দিন আহমদের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' (All Parties State Language Movement Association) গঠন করা হয়।

(১১ মার্চ) সংগ্রাম পরিষদ রাষ্ট্রভাষার ক্ষেত্রে সরকারের ষড়যন্ত্র রোধ করার জন্য সাধারণ ধর্মঘটের ডাক দেয়। ঐ দিন ঢাকায় বহুছাত্র আহত এবং অনেকে গ্রেফতার হন। এজন্য ১৯৪৮-৫২ এর ভাষা আন্দোলনের সময়কালে প্রতি বছর ১১ মার্চ 'ভাষা দিবস' (Language day) হিসাবে পালন করা হতো।

(২১ মার্চ) মোহাম্মদ আলী জিন্নাহ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে এক জনসভায় ঘোষণা দেন, 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা'।

(২৪ মার্চ) কার্জন হলে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে জিন্নাহ একই কথার পুনরাবৃত্তি করলে উপস্থিত ছাত্ররা 'না না' বলে তীব্র প্রতিবাদ জানায়।

১৯৪৯ পূর্ব বাংলা সরকার বাংলা ভাষা সংস্কারের নামে 'পূর্ব বাংলা ভাষা কমিটি' গঠন করে। ১৭ সদস্যবিশিষ্ট এ কমিটির সভাপতি ছিলেন মওলানা আকরাম খাঁ।

১৯৫০ পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান ঘোষণা করেন, 'উর্দুই পাকিস্তানের জাতীয় ভাষা হবে'।

১৯৫২ (২৬ জানুয়ারি) পাকিস্তানের তৎকালীন প্রধানমন্ত্রী খাজা নাজিমউদ্দীন ঢাকায় এক জনসভায় ঘোষণা করেন, 'উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা'। সেদিনই আতাউর রহমান খানের সভাপতিত্বে কাজী গোলাম মাহবুবকে আহ্বায়ক করে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি' (All Parties State Language Movement Committee) গঠন করা হয়।

(৩১ জানুয়ারি) মওলানা ভাসানীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিভিন্ন রাজনৈতিক- সাংস্কৃতিক দলের সভায় 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়, যার আহ্বায়ক ছিলেন কাজী গোলাম মাহবুব। সংগ্রাম পরিষদ ২১ ফেব্রুয়ারি (৮ ফাল্গুন, ১৩৫৮ বঙ্গাব্দ) রোজ বৃহস্পতিবার 'রাষ্ট্রভাষা দিবস' পালনের সিদ্ধান্ত নেয় এবং সারাদেশে হরতাল কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করে।

(২০ ফেব্রুয়ারি) ছাত্র আন্দোলনের ভয়ে ভীত হয়ে নুরুল আমিন সরকার ১৪৪ ধারা জারি করে এবং সভা সমাবেশ নিষিদ্ধ করে।

(২১ ফেব্রুয়ারি) গাজীউল হকের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)'র আমতলায় ছাত্রসভা শুরু হয়। সভাপতির নির্দেশে ঢাবির ছাত্রছাত্রীরা সংগঠিতভাবে ১৪৪ ধারা ভঙ্গ করে 'রাষ্ট্রভাষা বাংলা চাই' শ্লোগান দিতে দিতে বর্তমান ঢাকা মেডিকেল কলেজ চত্বরে সমবেত

Scanned with CamScanner

হয়। পুলিশ উপস্থিত ছাত্র-জনতাকে ছত্রভঙ্গ করতে কাঁদুনে গ্যাস নিক্ষেপ করলে ছাত্র-পুলিশ সংঘর্ষ বাধে। সেদিন মিছিলে অংশ নেয়া রফিক উদ্দিন পুলিশের গুলিতে ঘটনাস্থলেই শহিদ হন। তিনি বায়ান্নর ভাষা আন্দোলনের প্রথম শহিদ। পুলিশের গুলিতে আরও শহিদ হন আবুল বরকত, আবদুস সালাম, আব্দুল জব্বার, ওহিউল্লাহ (৯ বছরের শিশু) প্রমুখ।

| | | |
|---|---|---|
|  | নাম | আবুল বরকত (ডাকনাম আবাই) |
| | জন্ম | ১৯২৭ খ্রি. বাবলা, মুর্শিদাবাদ |
| | পেশা | ছাত্র (ঢাবি- রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) |
|  | নাম | আবদুস সালাম |
| | জন্ম | ১৯২৫ খ্রি. ফেনী জেলায় |
| | পেশা | চাকরি (পিয়ন পদে) |
|  | নাম | আব্দুল জব্বার |
| | জন্ম | ১৯১৯ খ্রি. পাঁচুয়া, ময়মনসিংহ |
| | পেশা | আনসার প্লাটুন কমান্ডার ও দর্জি |
|  | নাম | রফিক উদ্দিন আহমদ |
| | জন্ম | ১৯২৬ খ্রি. মানিকগঞ্জ জেলায় |
| | পেশা | ছাত্র (তৎকালীন জগন্নাথ কলেজ) |
|  | নাম | শফিউর রহমান |
| | জন্ম | ১৯১৮ খ্রি. কোন্নগর, ২৪ পরগনা |
| | পেশা | চাকরি (ঢাকা হাইকোর্টের কেরানি) |

(২২ ফেব্রুয়ারি) পুলিশের গুলি বর্ষণের প্রতিবাদে বিশাল শোভা যাত্রা বাহির হয়। এ শোভাযাত্রার উপরও পুলিশ গুলিবর্ষণ করে। ফলে শফিউর রহমান মৃত্যুবরণ করেন।

১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় -

| | |
|---|---|
| পাকিস্তানের গভর্নর জেনারেল | মালিক গোলাম মোহাম্মদ |
| পাকিস্তানের প্রধানমন্ত্রী | খাজা নাজিমউদ্দীন |
| পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী | নুরুল আমিন |

১৯৫৩ (২১ ফেব্রুয়ারি) দেশব্যাপী 'শহিদ দিবস' হিসেবে পালিত হয়।

১৯৫৪ (৯ মে) পাকিস্তান গণপরিষদে অনুষ্ঠিত অধিবেশনে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

১৯৫৬ পাকিস্তানের সংবিধানের ২১৪ নং অনুচ্ছেদে বাংলা ও উর্দু উভয় ভাষাই পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে।

১৯৮৭ বাংলাদেশের জাতীয় সংসদে বাংলা ভাষাকে জীবনের সর্বস্তরে ব্যবহারের জন্য আইন পাস হয়।

## MCQ Solution

১. পাকিস্তানে ...... % বাংলাভাষী ছিল। [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৩ ইউনিট - সেট ১) : ১৫-১৬]
(ক) ৭ (খ) ৫৬
(গ) ৪৮ (ঘ) ৬৬ উত্তর: খ

২. "আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি"– উক্তিটি করেন- [সুপ্রীম কোর্টের প্রটোকল অফিসার : ২৩]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ (ঘ) মওলানা আকরম খাঁ উত্তর: গ

৩. কিসের ভিত্তিতে পূর্ব বাংলায় ভাষা আন্দোলন হয়েছিল? [৩৮তম বিসিএস/ BREB'র সহকারী সচিব/ পরিচালক (প্রশাসন) : ২৩]
(ক) দ্বি-জাতি তত্ত্ব (খ) সামাজিক চেতনা
(গ) অসাম্প্রদায়িকতা (ঘ) বাঙালি জাতীয়তাবাদ উত্তর: ঘ

৪. বাঙালি জাতীয়তাবাদের মূল ভিত্তি হলো- [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২) : ২৪/ ঢাবি (খ ইউনিট) : ১৯-২০]
(ক) আঞ্চলিকতা (খ) ধর্ম
(গ) রাজনীতি (ঘ) ভাষা ও সংস্কৃতি উত্তর: ঘ

৫. ভাষা আন্দোলন শুরু হয় - [BRTC'র কন্ডাক্টর -ডি (কাউন্টারম্যান) : ২৪]
(ক) ১৯৪৭ (খ) ১৯৪৮
(গ) ১৯৫০ (ঘ) ১৯৫২ উত্তর: ক

৬. তমদ্দুন মজলিশ ছিল একটি– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
(ক) সাংস্কৃতিক প্রতিষ্ঠান (খ) সামাজিক প্রতিষ্ঠান
(গ) রাজনৈতিক প্রতিষ্ঠান (ঘ) দাতব্য প্রতিষ্ঠান উত্তর: ক

৭. বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে প্রথম কোন সংগঠনটি প্রতিষ্ঠিত হয়? [৪২তম বিসিএস (বিশেষ)/ পরিবেশ অধিদপ্তর গবেষণাগার সহকারী : ২৩]
(ক) একাডেমি সংঘ (খ) বাংলা ভাষা আন্দোলন কেন্দ্র
(গ) তমদ্দুন মজলিশ (ঘ) ভাষা আন্দোলন মঞ্চ উত্তর: গ

৮. তমদ্দুন মজলিস কোন সনে প্রতিষ্ঠিত? [DNCRP'র নমুনা সংগ্রহকারী : ২৪/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের চিফ ইন্সট্রাক্টর (ননটেক) : ০৫]
(ক) ১৯৪৬ (খ) ১৯৪৭
(গ) ১৯৪৮ (ঘ) ১৯৫০ উত্তর: খ

৯. ভাষা আন্দোলনের সাথে জড়িত প্রতিষ্ঠান তমদ্দুন মজলিস কার নেতৃত্বে গঠিত হয়? [৪৪তম বিসিএস/ মাধ্যমিক সহকারী শিক্ষক : ১৯]
(ক) অধ্যাপক আবুল কাসেম (খ) কামরুদ্দিন আহমদ
(গ) আবদুল মতিন (ঘ) আবদুস সালাম উত্তর: ক

১০. পাকিস্তান শাসনতান্ত্রিক পরিষদের (Constituent Assembly) ধারা বিবরণীতে বাংলা ভাষা ব্যবহারের দাবি কে প্রথম করেছিলেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
(ক) আবুল হাশেম (খ) শেখ মুজিবুর রহমান
(গ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ (ঘ) ধীরেন্দ্রনাথ দত্ত উত্তর: ঘ

১১. পাকিস্তানের গণপরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি কে জানিয়েছিলেন? [৩৫তম বিসিএস]
(ক) তমিজউদ্দীন খান (খ) সৈয়দ আজমত খান
(গ) ধীরেন্দ্রনাথ দত্ত (ঘ) মনোরঞ্জন ধর উত্তর: গ

Scanned with CamScanner

১২. বাংলা ভাষাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়ার দাবিতে প্রথম হরতাল কখন হয়? [CRMC'র রক্ষণ সহকারী : ১৪/ NC লেকচার ইন্সপেক্টর : ১৭]
ⓐ ৭ মার্চ, ১৯৫৭ ⓑ ১১ মার্চ, ১৯৬৭
ⓒ ১১ মার্চ, ১৯৪৮ ⓓ ১৭ মার্চ, ১৯৬৯ উত্তর: গ

১৩. ১৯৪৮-৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো? [৪০তম বিসিএস লিখিত]
ⓐ ২৫ শে জানুয়ারি ⓑ ১১ ই ফেব্রুয়ারি
ⓒ ১১ ই মার্চ ⓓ ২৩ শে এপ্রিল উত্তর: গ

১৪. ১৯৪৮ সালের ২১ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে তৎকালীন পাকিস্তানের একজন নেতা ঘোষণা করেন 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।'- কে এই নেতা? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ২১-২২]
ⓐ খাজা নাজিমউদ্দীন ⓑ লিয়াকত আলী খান
ⓒ মোহাম্মদ আলী জিন্নাহ ⓓ আইয়ুব খান উত্তর: গ

১৫. কত সালে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়? [BBEK সহকারী প্রোগ্রামার : ১৭/ BBS'র সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ১৬]
ⓐ ১৯৪৮ সালে ⓑ ১৯৫২ সালে
ⓒ ১৯৫৩ সালে ⓓ ১৯৪৭ সালে উত্তর: ঘ

১৬. রাষ্ট্রভাষা বাংলার দাবিতে গঠিত 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (দ্বিতীয়বারের মতো)' কবে গঠিত হয়? [DMLC'র জুনিয়র শিক্ষক : ১৯]
ⓐ ১২ মার্চ, ১৯৪৮ ⓑ ২ মার্চ, ১৯৪৮
ⓒ ২৩ মার্চ, ১৯৪৮ ⓓ ২২ মার্চ, ১৯৪৮ উত্তর: খ

১৭. ভাষা আন্দোলনের সময় 'পূর্ব বাংলা ভাষা কমিটি' এর সভাপতি কে ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা) : ১২-১৩]
ⓐ ড. মুহম্মদ শহীদুল্লাহ ⓑ আবদুল মতিন
ⓒ আকরাম খাঁ ⓓ মহিউদ্দিন আহমেদ উত্তর: গ

১৮. কতজন সদস্যের সমন্বয়ে আকরাম খান শিক্ষা কমিটি গঠিত হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম) : ০৫]
ⓐ ১৫ জন ⓑ ১৬ জন
ⓒ ১৭ জন ⓓ ১৮ জন উত্তর: গ

১৯. 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি' (All Parties State Language Movement Committee) কোন সালে গঠিত হয়? [৪৩তম বিসিএস/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
ⓐ ১৯৪৮ ⓑ ১৯৫০
ⓒ ১৯৫২ ⓓ ১৯৫৪ উত্তর: গ

২০. রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটির আহ্বায়ক কে ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৮-১৯]
ⓐ আবদুল মতিন ⓑ সৈয়দ নুরুল আলম
ⓒ ডাক্তার গোলাম মাওলা ⓓ কাজী গোলাম মাহবুব উত্তর: ঘ

২১. 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়? [৩৬তম বিসিএস/ সিনিয়র স্টাফ নার্স এর সহকারী ব্যবস্থাপক : ১৯]
ⓐ ৩১ জানুয়ারি, ১৯৫২ ⓑ ২ ফেব্রুয়ারি, ১৯৫২
ⓒ ১৮ ফেব্রুয়ারি, ১৯৫২ ⓓ ২০ জানুয়ারি, ১৯৫২ উত্তর: ক

২২. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ১৪৪ ধারা ভঙ্গ করে কার সভাপতিত্বে ছাত্র যুবক সমাবেশ হয়? [CAAB'র ইন্সপেক্টর (এরো) : ১৪]
ⓐ আব্দুল মতিন ⓑ গাজীউল হক
ⓒ কাজী গোলাম মাহবুব ⓓ অলি আহাদ উত্তর: খ

২৩. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা সাল কত ছিল? [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী : ১৭]
ⓐ ১৩৫৮ ⓑ ১৩৫৯
ⓒ ১৩৭০ ⓓ ১৩৭১ উত্তর: ক

২৪. The Bangla calendar date of historic 'Ekhshey February' is- [Bangladesh Bank Officer : 01]
*Or,*
১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা কত তারিখ ছিল? [স্বাস্থ্য-১০, ঢাকা ওয়াসার মুক্তিযোদ্ধা কোটায় কম্পিউটার অপারেটর : ১১]
ⓐ 8th Falgun ⓑ 9th Magh
ⓒ 31st Poush ⓓ 29th Magh Ans. a

২৫. The language Movement of 21 February, 1952, fell on which day? [JU (Internat Affairs) : 13-14]
*Or,*
১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ছিল- [ঢাকা বিশ্ব. (খ ইউনিট) : ০৮-০৯]
ⓐ Thursday ⓑ Friday
ⓒ Saturday ⓓ Sunday Ans. a

২৬. ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারির প্রথম শহিদ - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট - সেট ৩) : ১২-১৩]
ⓐ রফিক ⓑ সালাম
ⓒ বরকত ⓓ জব্বার উত্তর: ক

২৭. ১৯৫২ সালের ভাষা আন্দোলনে শহিদ আবুল বরকতের ডাক নাম কী ছিল? [ঢাবি (ঘ ইউনিট) : ১৬-১৭]
ⓐ খোকা ⓑ আবাই
ⓒ আবু ⓓ আবুল উত্তর: খ

২৮. ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র - [যুব মন্ত্রণালয়ের প্রশিক্ষক (উপজেলা) : ২৭/ ১৭তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ২২]
ⓐ আব্দুস সালাম ⓑ আবুল বরকত
ⓒ রফিক উদ্দিন ⓓ সকলেই উত্তর: খ

২৯. ভাষা শহিদ আবুল বরকত ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২৩-২৪]
ⓐ প্রাণরসায়ন ⓑ রাষ্ট্রবিজ্ঞান
ⓒ সমাজবিজ্ঞান ⓓ বাংলা উত্তর: খ

৩০. ভাষা শহিদ আবুল বরকতের জন্মগ্রামের নাম - [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট: সেট-২) : ১৪-১৫]
ⓐ বাবলা, মুর্শিদাবাদ ⓑ জঙ্গিপুর, মুর্শিদাবাদ
ⓒ কাটোয়া, বর্ধমান ⓓ বেলা, ভোলা উত্তর: ক

৩১. ভাষার জন্য যারা প্রাণ দিয়েছেন, তাদের একজনের নাম উল্লেখ করুন - [NSI এর কম্পিউটার টেকনিশিয়ান : ২১]
ⓐ ইকবাল ⓑ আসাদ
ⓒ সালাম ⓓ নূর হোসেন উত্তর: গ

Scanned with CamScanner

৩২. কোন ভাষা শহিদ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ছিলেন? [আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী'র উপজেলা প্রশিক্ষক : ২৫]
ⓚ অবুল বরকত ⓚ আব্দুল জব্বার
ⓚ আবদুস সালাম ⓚ শফিউল রহমান উত্তর: খ

৩৩. কোন ভাষা শহিদ 'ঢাকা হাইকোর্ট' এর কর্মচারী ছিলেন? [১৫তম বিজেএস (সহকারী জজ) : ২২]
ⓚ আবদুস সালাম ⓚ শফিউর রহমান
ⓖ আবদুল আউয়াল ⓖ রফিক উদ্দীন উত্তর: খ

৩৪. কে ভাষা শহিদ নন? [BEZA'র হিসাব সহকারী : ২৪/ SFDF'র মাঠ সংগঠক : ২৩]
ⓚ নূর হোসেন ⓚ রফিক
ⓖ জব্বার ⓖ সালাম উত্তর: ক

৩৫. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন? [৪১তম বিসিএস/ ১৩তম বিসিএস/ ১৭তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল-২) : ২২]
ⓚ খাজা নাজিমউদ্দীন ⓚ মোহাম্মদ আলী জিন্নাহ
ⓖ লিয়াকত আলী খান ⓖ নুরুল আমিন উত্তর: ক

৩৬. ১৯৫২ সালে ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের গভর্নর জেনারেল কে ছিলেন? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের অডিটর : ১৪]
ⓚ খাজা নাজিমউদ্দীন ⓚ মোহাম্মদ আলী জিন্নাহ
ⓖ মো. নূরুল আমীন ⓖ উপরের কোনোটিই নয় উত্তর: ঘ

৩৭. ১৯৪৭ সালে পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন- [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ৯৬]
ⓚ নুরুল আমিন ⓚ আবু হোসেন সরকার
ⓖ খাজা নাজিমউদ্দীন ⓖ আতাউর রহমান উত্তর: গ

৩৮. ভাষা আন্দোলনের প্রথম পর্যায়ে পূর্ববঙ্গের মুখ্যমন্ত্রী কে ছিলেন? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৬]
ⓚ আতাউর রহমান খান ⓚ নুরুল আমিন
ⓖ খাজা নাজিমুদ্দিন ⓖ আবু হোসেন সরকার উত্তর: গ
ব্যাখ্যা: খাজা নাজিমুদ্দিন ১৫ আগস্ট, ১৯৪৭ থেকে ১৪ সেপ্টেম্বর, ১৯৪৮ সাল পর্যন্ত পূর্ববঙ্গের মুখ্যমন্ত্রীর দায়িত্বে ছিলেন।

৩৯. ১৯৫২ সালে পূর্ববাংলার মুখ্যমন্ত্রী কে ছিলেন? [ঢাবি (বি ইউনিট, সকাল) : ২০-২১/ MOD'র সাইফার অফিসার : ৯৯]
ⓚ খাজা নাজিমউদ্দীন ⓚ নুরুল আমিন
ⓖ আতাউর রহমান খান ⓖ আবু হোসেন সরকার উত্তর: খ

৪০. রাষ্ট্রভাষার আন্দোলন অংকুরিত হয় ১৯৪৭ সালে, মহীরুহে পরিণত হয়- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ ১৯৪৮ সালে ⓚ ১৯৪৯ সালে
ⓖ ১৯৫১ সালে ⓖ ১৯৫২ সালে উত্তর: ঘ

৪১. ১৯৫২ সালের তৎকালীন ভাষা আন্দোলন কিসের জন্ম দিয়েছিল? [১৪তম বিসিএস]
ⓚ এক নতুন সমাজ ব্যবস্থার ⓚ এক সাংস্কৃতিক আন্দোলনের
ⓖ এক নতুন জাতীয় চেতনার ⓖ এক রাজনৈতিক মতবাদের উত্তর: গ

৪২. ২১ ফেব্রুয়ারি প্রথম শহিদ দিবস পালিত হয়...... সালে। [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৮-১৯]
ⓚ ১৯৫২ ⓚ ১৯৫৩
ⓖ ১৯৫৪ ⓖ ১৯৫৫ উত্তর: খ

৪৩. বাংলা ভাষাকে পাকিস্তান গণপরিষদ কোন তারিখে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দেয়? [৩৬তম বিসিএস/ BPATC'র বিভিন্ন পদ : ...]
ⓚ ৯ মে, ১৯৫৪ ⓚ ২২ ফেব্রুয়ারি, ১৯৫৩
ⓖ ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ ⓖ ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ উত্তর: ক

৪৪. In which year Bangla has been recognized as a state language of Pakistan? [Jahangirnagar University (C Unit) : 18-19] *Or,*
কত সালে বাংলা ভাষাকে সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়? [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৩]
ⓐ 1952 ⓑ 1954
ⓒ 1956 ⓓ 1962 Ans. c

৪৫. সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন আইন কত সালে পাশ হয়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী : ২১]
ⓚ ১৯৮৭ ⓚ ১৯৮৮
ⓖ ১৯৮৯ ⓖ ১৯৫৬ উত্তর: ক

**শহিদ স্মৃতিস্তম্ভ (প্রথম শহিদ মিনার)**

ঢাকা মেডিকেল কলেজের ছাত্ররা ১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি রাতে ২১ ও ২২ ফেব্রুয়ারি ভাষার দাবিতে শহিদদের স্মরণে মেডিকেল কলেজের হোস্টেল প্রাঙ্গনে একটি শহিদ স্মৃতিস্তম্ভের নির্মাণ কাজ শুরু করেন। ২৪ ফেব্রুয়ারি ভোরে শহিদ মিনারটির নির্মাণ কাজ শেষ হয়। ঐ দিন সকালেই শহিদ শফিউরের পিতা শহিদ মিনারটি অনানুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। স্মৃতিস্তম্ভটির নকশা আঁকেন বদরুল আলম। ২৬ ফেব্রুয়ারি সন্ধ্যায় পুলিশ ও সেনাবাহিনী শহিদ মিনারটি ভেঙ্গে ফেলে।


*শহিদ স্মৃতিস্তম্ভ*

**কেন্দ্রীয় শহিদ মিনার**

১৯৫৭ সালে শিল্পী হামিদুর রহমানের পরিকল্পনা ও নকশা অনুযায়ী ঢাকা মেডিকেল হোস্টেল প্রাঙ্গনের একাংশে শহিদ মিনার নির্মাণ কাজ শুরু হয়। হামিদুর রহমানের সহকর্মী হিসেবে ছিলেন ভাস্কর নভেরা আহমদ। কিন্তু ১৯৫৮ সালে সামরিক আইন জারি হওয়ার পর শহিদ মিনার তৈরির কাজ বন্ধ হয়ে যায়। ১৯৬২ সালে মূল নকশার বহুলাংশে পরিবর্তন করে নতুন নকশা দাঁড় করানো হয়। এ নকশা অনুযায়ী দ্রুত শহিদ মিনারের কাজ শেষ করা হয় এবং ১৯৬৩ সালে এ মিনার উদ্বোধন করেন শহিদ বরকতের মা হাসিনা বেগম। স্বাধীনতা যুদ্ধের সময় পাকিস্তানি


*কেন্দ্রীয় শহিদ মিনার*

Scanned with CamScanner

হানাদার বাহিনী শহিদ মিনারটি ভেঙ্গে ফেলে। ১৯৭২ সালে স্বাধীন বাংলাদেশে শহিদ মিনার নতুন করে নির্মাণের উদ্যোগ নেওয়া হয় কিন্তু এবারও মূল নকশা পরিহার করে ১৯৬৩ সালের সংক্ষিপ্ত নকশার ভিত্তিতেই দ্রুত নির্মাণ কাজ শেষ করা হয়।

### অন্যান্য শহিদ মিনার

- বাংলাদেশের সর্বোচ্চ শহিদ মিনার (৭১ ফুট) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারের নকশা করেন শিল্পী মুর্তজা বশীর।
- বায়ান্নর ভাষা শহিদদের স্মরণে বহির্বিশ্বে প্রথম 'শহিদ মিনার' নির্মিত হয় ১৯৯৭ সালে যুক্তরাজ্যের ওল্ডহ্যামে এবং দ্বিতীয়টি ১৯৯৯ সালে লন্ডনের টাওয়ার হ্যামলেটে।
- বাংলাদেশ সরকারের অর্থায়নে বহির্বিশ্বে শহিদ মিনার প্রথম নির্মিত হয় জাপানের টোকিওতে (২০০৫ সালে)।
- মুসলিম দেশগুলোর মধ্যে শহিদ মিনার প্রথম নির্মিত হয় ওমানে।

### ভাষা শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্য

| ভাস্কর্য | স্থপতি | অবস্থান |
|---|---|---|
| মোদের গরব | অখিল পাল | বাংলা একাডেমি চত্বর |
| অমর একুশে | জাহানারা পারভীন | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |
| জননী ও গর্বিত বর্ণমালা | মৃণাল হক | পরিবাগ, ঢাকা। |

## MCQ Solution

১. প্রথম শহিদ স্মৃতি স্তম্ভটি তৈরি করা হয় ১৯৫২ সালের কোন তারিখে? [CAAB'র নিরাপত্তা অফিসার : ২১/ কৃষি প্রশিক্ষণ একাডেমির নার্স : ১৯]
ⓚ ২১ ফেব্রুয়ারি ⓚ ২২ ফেব্রুয়ারি
ⓖ ২৩ ফেব্রুয়ারি ⓖ ২৪ ফেব্রুয়ারি **উত্তর: গ**

২. ঢাকায় কেন্দ্রীয় শহিদ মিনার কে উন্মোচন করেন? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]
ⓚ শহিদ জব্বারের বাবা ⓚ শহিদ শফিউর রহমানের বাবা
ⓖ শহিদ বরকতের মা ⓖ শহিদ সালামের বাবা **উত্তর: গ**

৩. কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি/ নকশাকার (designer) কে? [২৭তম বিসিএস/ বাতাবো'র উচ্চমান সহকারী : ২৪/ BPSC'র জুনিয়র ইন্সট্রাক্টর : ২৩]
ⓚ হামিদুর রহমান ⓚ শামীম সিকদার
ⓖ আমিনুল ইসলাম ⓖ নিতুন কুণ্ডু **উত্তর: ক**

৪. নিচের কোন স্থান অন্যস্থান হতে আলাদা? [জবি (বি ইউনিট) : ১৭-১৮]
ⓚ মুজিবনগর ⓚ থিয়েটার রোড, কলকাতা
ⓖ রেসকোর্স ময়দান ⓖ কেন্দ্রীয় শহিদ মিনার **উত্তর: ঘ**

৫. দেশের সর্বোচ্চ (৭১ ফুট) শহিদ মিনার কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৭]
ⓚ কেন্দ্রীয় শহিদ মিনার
ⓚ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শহিদ মিনার
ⓖ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শহিদ মিনার
ⓖ ইসলামী বিশ্ববিদ্যালয় শহিদ মিনার **উত্তর: গ**

৬. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারের নকশা কে করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট, গ্রুপ-৩) : ২১-২২]
ⓚ শিল্পী ফনিভূষণ ⓚ শিল্পী মুর্তজা বশীর
ⓖ শিল্পী নিতুন কুণ্ডু ⓖ শিল্পী মৃণাল হক **উত্তর: খ**

৭. বাংলাদেশের বাইরে প্রথম শহিদ মিনার স্থাপিত হয় কোন দেশে? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৯]
ⓚ অস্ট্রেলিয়া ⓚ যুক্তরাজ্য
ⓖ যুক্তরাষ্ট্র ⓖ চীন **উত্তর: খ**

৮. বাংলাদেশের বাহিরে কোন মুসলিম দেশে প্রথম শহিদ মিনার নির্মিত হয়? [BWDB'র সহঃ প্রকৌশলী (সিভিল) : ২২/ বেরোবি (বি-ইউনিট) : ০৮-০৯]
ⓚ বাহরাইনে ⓚ সংযুক্ত আরব আমিরাতে
ⓖ মিশরে ⓖ ওমানে **উত্তর: ঘ**

৯. What is the name of the sculpture situated in Bangla Academy that has been built in the memory of the martyrs of the language movement? [Probashi Kallyan Bank Ltd. Officer (cash) : 14]
*Or,*
বাংলা একাডেমিতে ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্যের নাম কি? [চবি (ডি ইউনিট) : ১৭-১৮]
ⓐ Vashar Kotha ⓑ Vashar Shadhinota
ⓒ Moder Asha ⓓ Moder Gorob **Ans. d**

১০. অমর একুশে ভাস্কর্যটি কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ ২) : ২০-২১]
ⓚ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ⓚ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
ⓖ ঢাকা বিশ্ববিদ্যালয় ⓖ খুলনা বিশ্ববিদ্যালয় **উত্তর: খ**

১১. ভাষা শহিদদের স্মরণে 'জননী ও গর্বিত বর্ণমালা' ভাস্কর্যটির ভাস্কর কে? [BBAL'র এডমিন অ্যাসিস্ট্যান্ট : ২৩/ ১৭তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২) : ২২]
ⓚ মর্তুজা বশীর ⓚ মৃণাল হক
ⓖ হামিদুজ্জামান খান ⓖ অখিল পাল **উত্তর: খ**

১২. 'জননী ও গর্বিত বর্ণমালা' কোথায় অবস্থিত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ উপ ইউনিট) : ২৪-২৫/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ২৩]
ⓚ বনানী, ঢাকা ⓚ আন্দরকিল্লা, চট্টগ্রাম
ⓖ পরিবাগ, ঢাকা ⓖ লালপুর, নাটোর **উত্তর: গ**

### ভাষা আন্দোলনভিত্তিক গান

- *ভুলবো না ভুলবো না একুশে ফেব্রুয়ারি......* / গীতিকার আ ন ম গাজীউল হক। এটি একুশের প্রথম গান।
- *আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি .........* / কবিতাটি 'একুশের গান' শিরোনামে হাসান হাফিজুর রহমান সম্পাদিত 'একুশে ফেব্রুয়ারি' (১৯৫৩ খ্রি.) সংকলনে প্রথম প্রকাশিত হয়। কবিতার বিষয়বস্তু পাকিস্তানি শোষকদের বিরুদ্ধে বাঙালি জাতির জাগ্রত প্রতিরোধ। কবিতাটির রচয়িতা সাংবাদিক আবদুল গাফফার চৌধুরী। কবিতাটিতে প্রথম সুরারোপ করেন আব্দুল লতিফ। তিনি ১৯৫৩ সালে

Scanned with CamScanner

ভাষা শহিদদের স্মরণে ঢাকা কলেজের একটি অনুষ্ঠানে নিজের সুরে গানটি প্রথম গেয়েছিলেন। ১৯৫৪ সালে প্রভাত ফেরীতে আলতাফ মাহমুদের সুরে 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটি প্রথম গাওয়া হয়। আলতাফ মাহমুদের করা সুরটিই অধিক জনপ্রিয়তা লাভ করে এবং এটিই এখন গানটির প্রাতিষ্ঠানিক সুর।

- *ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়, ওরা কথায় কথায় শিকল পড়ায় মোদের হাতে পায়ে .......* গীতিকার ও সুরকার আবদুল লতিফ।
- দাম দিয়ে কিনেছি বাংলা....... গীতিকার ও সুরকার আবদুল লতিফ।
- মাগো ৮ই ফাল্গুনের কথা আমরা ভুলি নাই......... গীতিকার ও সুরকার আবদুল লতিফ।
- *সালাম সালাম হাজার সালাম* .......... গীতিকার ফজলে খোদা; শিল্পী আব্দুল জব্বার।

## MCQ Solution

১. **একুশে ফেব্রুয়ারি নিয়ে প্রথম গান কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক : ২৩]
ⓚ আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
ⓚ ওরা আমার মুখের ভাষা কাইরা নিতে চাই
ⓖ ভুলবো না ভুলবো না একুশে ফেব্রুয়ারি
ⓖ কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি **উত্তর: গ**

২. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির রচয়িতা (গীতিকার)-** [৪৪তম বিসিএস/ ১১তম বিসিএস]
ⓚ শামসুর রাহমান ⓚ আবদুল গাফফার চৌধুরী
ⓖ হাসান হাফিজুর রহমান ⓖ আলতাফ মাহমুদ **উত্তর: খ**

৩. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' রচনাটি-** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-সহ: পরিচালক : ০১]
ⓚ আবুল হাসানের একটি কবিতা ও গান
ⓚ সাংবাদিক আবদুল গাফফার চৌধুরী রচিত কবিতা পরে গান
ⓖ আল মাহমুদের একটি কবিতা
ⓖ আলতাফ মাহমুদ রচিত কবিতা ও গান **উত্তর: খ**

৪. **'একুশের গান' কবিতার রচয়িতা কে?** [মাউশি'র অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট : ২০]
ⓚ জসীমউদ্দীন ⓚ আবদুল গাফ্ফার চৌধুরী
ⓖ সুফিয়া কামাল ⓖ সুকান্ত ভট্টাচার্য **উত্তর: খ**

৫. **'একুশের গান' কবিতায় কোন প্রত্যয় ব্যক্ত হয়েছে?** [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৩]
ⓚ জাতির জাগ্রত প্রতিরোধ ⓚ জাতির ঐক্যবদ্ধ প্রয়াস
ⓖ জাতির প্রতিবাদ ⓖ জাতির সংগ্রামী চেতনা **উত্তর: ক**

৬. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটি কোন সাহিত্য সংকলনে প্রকাশিত হয়?** [উত্তরা ব্যাংক লি. সহকারী অফিসার : ২২]
ⓚ নতুন কবিতা ⓚ একুশে ফেব্রুয়ারি
ⓖ সুন্দরম ⓖ কণ্ঠস্বর **উত্তর: খ**

৭. **"আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি" গানটির প্রথম সুরকার কে?** [৩৪তম বিসিএস/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের (এডি) : ১৯]
ⓚ আবদুল লতিফ ⓚ খন্দকার নুরুল আলম
ⓖ আজাদ রহমান ⓖ আলতাফ মাহমুদ **উত্তর: ক**

৮. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটি কোন সালে প্রথম গাওয়া হয়?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ১৯৫১ ⓚ ১৯৫২
ⓖ ১৯৫৩ ⓖ ১৯৫৪ **উত্তর: গ**

৯. **কোন সালের প্রভাত ফেরীতে সর্বপ্রথম 'একুশের গান আমার ভাইয়ের রক্তে .......... গানটি গাওয়া হয়?** [প্রাথমিক সহকারী শিক্ষক (৩য় পর্যায়) : ২২]
ⓚ ১৯৬২ ⓚ ১৯৫২
ⓖ ১৯৫৪ ⓖ ১৯৫৯ **উত্তর: গ**

১০. **"আমার ভাইয়ের রক্তে রাঙানো" গানটির বর্তমান সুরটির পরিচালক কে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ আলতাফ মাহমুদ ⓚ আবদুল গাফফার চৌধুরী
ⓖ আবদুল লতিফ ⓖ সমর দাস **উত্তর: ক**

১১. **"আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি" গানটির সুরকার কে?** [৪০তম বিসিএস/ বাংলা একাডেমির অ্যাকাউন্ট্যান্ট : ২৩]
ⓚ আব্দুল আহাদ ⓚ আব্দুল আলীম
ⓖ আলতাফ মাহমুদ ⓖ বুলবুল চৌধুরী **উত্তর: গ**

১২. **'ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়' গানটির রচয়িতা ও সুরকার কে?** [গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিস অফিসার : ২৩]
ⓚ গাফফার চৌধুরী ⓚ আবদুল করিম
ⓖ আবদুল লতিফ ⓖ লুৎফর রহমান **উত্তর: গ**

১৩. **'দাম দিয়ে কিনেছি বাংলা' গানটির গীতিকার ও সুরকার কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২৩-২৪]
ⓚ আব্দুল জব্বার ⓚ আলতাফ মাহমুদ
ⓖ আব্দুল লতিফ ⓖ সমর **উত্তর: গ**

১৪. **'সালাম সালাম হাজার সালাম' গানটির গায়ক কে?** [NSI এর কম্পিউটার টেকনিশিয়ান : ২১]
ⓚ আব্দুল জব্বার ⓚ আবদুল হাদী
ⓖ মাহমুদুননবী ⓖ খুরশীদ আলম **উত্তর: ক**

১৫. **'মাগো ৮ই ফাল্গুনের কথা আমরা ভুলি নাই' এ ফাল্গুন খ্রিস্টাব্দের কত সালে স্মরণ করায়?** [জাবি (গ ইউনিট) : ১৭-১৮]
ⓚ ১৯৭১ ⓚ ১৯৬৬
ⓖ ১৯৬৯ ⓖ ১৯৫২ **উত্তর: ঘ**

## ১৯৫৪ সালে পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন ও যুক্তফ্রন্ট
## The Provincial Election of 1954 and United Front

নির্বাচনে পূর্ব পাকিস্তানে মুসলিম লীগকে চরম শিক্ষা দেওয়ার জন্য ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর সমমনা ৫টি বিরোধীদল 'যুক্তফ্রন্ট' নামে একটি ঐক্যজোট গঠন করে। দল ৫টি হলো

Scanned with CamScanner

হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও মওলানা ভাসানীর নেতৃত্বাধীন আওয়ামী মুসলিম লীগ, এ কে ফজলুল হকের নেতৃত্বাধীন কৃষক শ্রমিক পার্টি, মওলানা আতাহার আলীর নেতৃত্বাধীন নেজাম-ই-ইসলামি, হাজী দানেশের নেতৃত্বাধীন বামপন্থী গণতন্ত্রী দল এবং খিলাফত-ই-রব্বানি পার্টি। নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা এবং ২১ দফা কর্মসূচির (21 Point Programme) ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনে অংশগ্রহণ করে। ২১ দফার খসড়া প্রণয়ন করেন আবুল মনসুর আহমদ। ২১ দফা দাবির প্রথম দাবি ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা। অন্যান্য দাবির মধ্যে উল্লেখযোগ্য ছিল পূর্ব বাংলাকে পূর্ণ স্বায়ত্তশাসন। ১৯৫৪ সালের ৮ - ১২ মার্চ অনুষ্ঠিত পূর্ব বাংলার প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্তফ্রন্ট নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পায়।

১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের অবস্থান

| পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদ | আসন বিন্যাস | যুক্তফ্রন্ট পায় |
|---|---|---|
| (ক) মুসলিম | ২৩৭ | ২২৩ |
| (খ) অমুসলিম | ৭২ | ১৩ |
| মোট (ক + খ) | ৩০৯ | ২৩৬ |

এই নির্বাচন ছিল বাঙালি জাতীয়তাবাদ প্রতিষ্ঠার নির্বাচন। নির্বাচনে মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণির প্রভাব পরিলক্ষিত হয়। ১৯৫৪ সালের ৩ এপ্রিল যুক্তফ্রন্ট পূর্ব বাংলায় মন্ত্রিসভা গঠন করে। মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী হন এ.কে ফজলুল হক। যুক্তফ্রন্ট সরকার মাত্র ৫৬ দিন ক্ষমতায় ছিল। পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল গোলাম মোহাম্মদ ১৯৫৪ সালের ৩০ মে ফজলুল মন্ত্রিসভা ভেঙ্গে দিয়ে পূর্ব বাংলায় কেন্দ্রের শাসন জারি করেন।

## MCQ Solution

১. **পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট কত সালে গঠন করা হয়?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক : ২৩/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট - জোড়) : ১৬-১৭]
ⓚ ১৯৫৩ সালের ০৪ ডিসেম্বর
ⓚ ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি
ⓖ ১৯৫৪ সালের ২৩ জুন
ⓖ ১৯৫২ সালের ০৪ ডিসেম্বর
উত্তর: ক

২. **যুক্তফ্রন্টে (১৯৫৪) রাজনৈতিক দলের সংখ্যা-** [ঢাবি (খ ইউ:) : ০৯-১০]
ⓚ চার ⓚ পাঁচ
ⓖ তিন ⓖ ছয় উত্তর: খ

৩. **১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্টভুক্ত রাজনৈতিক দল নয়-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট, অ-বিজ্ঞান) : ২৩-২৪]
ⓚ আওয়ামী লীগ ⓚ ন্যাশনাল আওয়ামী পার্টি
ⓖ নেজামে ইসলাম ⓖ কৃষক প্রজা পার্টি উত্তর: খ

৪. **পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
ⓚ ১৯৫২ সালে ⓚ ১৯৫৪ সালে
ⓖ ১৯৫৬ সালে ⓖ ১৯৫৭ সালে উত্তর: খ

৫. **১৯৫৪ সালের সাধারণ নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনি ইশতেহারে কয়টি দফা ছিল?** [BREB'র সহকারী জেনারেল ম্যানেজার : ১৮]
ⓚ ১০ দফা ⓚ ১৬ দফা
ⓖ ২১ দফা ⓖ ২৬ দফা উত্তর: গ

৬. **যুক্তফ্রন্টের ২১ দফার খসড়া প্রণয়ন করেন কে?** [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৩]
ⓚ এ কে ফজলুল হক ⓚ মওলানা ভাসানী
ⓖ আবুল মনসুর আহমদ ⓖ হাবিবুর রহমান উত্তর: গ

৭. **পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদে কতটি আসন ছিল?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]
ⓚ ২৫০টি ⓚ ২৭৫টি
ⓖ ৩০০টি ⓖ ৩০৯টি উত্তর: ঘ

৮. **১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করে?** [৪৬তম বিসিএস/ পোস্টমাস্টার জেনারেল কার্যালয় (খুলনা অঞ্চল) এর মেইল অপারেটর : ২৩]
ⓚ ২৮০টি ⓚ ২২৩টি
ⓖ ২৯৮টি ⓖ ১৭১টি উত্তর: খ

৯. **১৯৫৪ সালের নির্বাচনে কোন দল জয়লাভ করে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : ০৯-১০]
ⓚ মুসলিম লীগ ⓚ কংগ্রেস
ⓖ ন্যাপ ⓖ যুক্তফ্রন্ট উত্তর: ঘ

১০. **পূর্ব বাংলার যুক্তফ্রন্টের মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ⓚ এ কে ফজলুল হক ⓚ চৌধুরী খালেকুজ্জামান
ⓖ মুহাম্মদ আলী ⓖ ইস্কান্দার মীর্জা উত্তর: ক

১১. **ঐতিহাসিক ২১ দফা দাবির প্রথম দাবি কি ছিল?** [২৮তম বিসিএস/ ২১তম বিসিএস/ BIWTA'র সহকারী কোষাধ্যক্ষ : ২৩]
ⓚ প্রাদেশিক স্বায়ত্তশাসন
ⓚ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা
ⓖ পূর্ব বাংলার অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ
ⓖ বিনা ক্ষতিপূরণে জমিদারি স্বত্বের উচ্ছেদ সাধন উত্তর: খ

১২. **১৯৫৪ সালের পূর্ব বাংলায় নির্বাচনের মূলমন্ত্র কি ছিল?** [জাককানইবি (ঘ ইউনিট - সেট ২) : ১৫-১৬]
ⓚ স্বাধীনতা ⓚ ক্ষমতার পরিবর্তন
ⓖ পূর্ণ স্বায়ত্তশাসন ⓖ অর্থনৈতিক মুক্তি উত্তর: গ

১৩. **১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে কোন শ্রেণির প্রভাব পরিলক্ষিত হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ নিম্নবিত্ত শিক্ষিত শ্রেণি ⓚ মধ্য ও উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি
ⓖ উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি ⓖ মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণি উত্তর: ঘ

১৪. **১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল-** [৩৭তম বিসিএস/ গণযোগাযোগ অধিদপ্তর প্রহরী : ২৩]
ⓚ ধানের শীষ ⓚ নৌকা
ⓖ লাঙ্গল ⓖ বাইসাইকেল উত্তর: খ

Scanned with CamScanner

১৫. **১৯৫৪ সালের পূর্ববাংলা প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্ত ছিলেন না -** [৩৮তম বিসিএস]
ক নবাব স্যার সলিমুল্লাহ
খ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
গ শেরে বাংলা এ কে ফজলুল হক
ঘ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী **উত্তর: ক**

### পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র (The first Constitution of Pakistan)

পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র প্রবর্তিত হয় ১৯৫৬ সালে। এ শাসনতন্ত্রের মাধ্যমে পাকিস্তান ইসলামি প্রজাতন্ত্র নাম ধারণ করে। পশ্চিমাঞ্চলীয় প্রদেশগুলোকে একত্রিত করে একটি ইউনিট গঠনের ফলে এর নাম হয় 'পশ্চিম পাকিস্তান' এবং পূর্ব বাংলার নাম হয় 'পূর্ব পাকিস্তান'। পাকিস্তান ইসলামি প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট নিযুক্ত হন ইস্কান্দার মীর্জা।

### কোয়ালিশন সরকার, ১৯৫৬

১৯৫৬ সালে হোসেন শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বে কেন্দ্রে (কেন্দ্রীয়) আওয়ামী লীগ রিপাবলিকান কোয়ালিশন মন্ত্রিসভা গঠিত হয়।

### কাগমারী সম্মেলন ও ন্যাপ প্রতিষ্ঠা
### Kagmari Conference & Establishment of NAP

১৯৫৭ সালের ৬-১০ ফেব্রুয়ারি আওয়ামী লীগের সার্বিক তত্ত্বাবধানে টাঙ্গাইল জেলার সন্তোষে একটি ঐতিহাসিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সভাপতিত্ব করেন মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী এবং প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী। ৭ ফেব্রুয়ারি কাউন্সিল অধিবেশনে মূল আলোচ্যসূচি ছিল পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন ও জোট নিরপেক্ষ পররাষ্ট্রনীতি। এ সময় মওলানা ভাসানী পাকিস্তানের পশ্চিমা শাসকদের 'আসসালামুআলাইকুম' বলে সর্বপ্রথম পূর্ব পাকিস্তানের বিচ্ছিন্নতার ঐতিহাসিক ঘণ্টা বাজিয়েছিলেন। সম্মেলনে পররাষ্ট্র নীতির প্রশ্নে ভাসানী ও সোহরাওয়ার্দীর মধ্যে মতবিরোধ দেখা দেয়। ফলে ১৮ মার্চ মওলানা ভাসানী আওয়ামী লীগের সভাপতির পদ ত্যাগ করেন এবং ঐ বছরই প্রতিষ্ঠা করেন ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ)।

**আবদুল হামিদ খান ভাসানী (১৮৮০-১৯৭৬ খ্রি.)**



**জন্মস্থান :** সিরাজগঞ্জ
**অন্য নাম :** লাল মওলানা
**প্রতিষ্ঠান :** পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ, ন্যাশনাল আওয়ামী পার্টি - ন্যাপ (প্রতিষ্ঠাতা)
**সমাধি :** সন্তোষ, টাঙ্গাইল

### সামরিক শাসন জারি (Promulgation of Martial law)

পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের পরস্পর বিরোধী এম.এল.এদের মধ্যে মারামারির মতো এক অপ্রীতিকর ঘটনায় ডেপুটি স্পিকার শাহেদ আলী গুরুতর আহত হয়ে পরবর্তীকালে হাসপাতালে মারা যান। এই সুযোগ নিয়ে ৭ অক্টোবর, ১৯৫৮ তৎকালীন প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জা পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি করেন। তিনি প্রধান সেনাপতি জেনারেল মোহাম্মদ আইয়ুব খানকে প্রধান সামরিক শাসনকর্তা নিয়োগ করেন। ২৭ অক্টোবর জেনারেল আইয়ুব খান ইস্কান্দার মীর্জাকে অপসারণ করে নিজেকে প্রেসিডেন্ট হিসাবে ঘোষণা করেন। সামরিক শাসনকে দীর্ঘস্থায়ী করার লক্ষ্যে আইয়ুব খান ১৯৫৯ সালে 'মৌলিক গণতন্ত্র আদেশ' জারি করেন। প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬২ সালের ৮ জুন সামরিক শাসন প্রত্যাহার করেন।

### শিক্ষা আন্দোলন

১৯৬২ সালের আগস্ট মাসে শরিফ কমিশনের শিক্ষা সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ পেলে ছাত্র আন্দোলন নতুন রূপ লাভ করে। এ প্রতিবেদনের সুপারিশে ছাত্রদের ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা দেখা দেয়। ফলে কঠোর আন্দোলন শুরু হয়। শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে আন্দোলনরত ছাত্র মিছিলের ওপর পুলিশের গুলিতে ১৭ সেপ্টেম্বর নিহত হন যার মধ্যে ওয়াজিউল্লা, মোস্তফা ও বাবুল অন্যতম। এটাই ছিল স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে প্রথম গণঅভ্যুত্থান। ছাত্র সমাজের ২২ দফা দাবিকে কেন্দ্র করে ১৭ সেপ্টেম্বর, ১৯৬৩ 'শিক্ষা দিবস' পালন উপলক্ষে দেশব্যাপী দুর্বার আন্দোলন গড়ে উঠে।

## MCQ Solution

১. **পাকিস্তানের শাসনতন্ত্র (সংবিধান) কবে প্রথম প্রবর্তিত হয়?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬]
ক ১৯৪৭ খ ১৯৫২
গ ১৯৫৪ ঘ ১৯৫৬ **উত্তর: ঘ**

২. **পূর্ববঙ্গের নাম কখন পূর্ব পাকিস্তান করা হয়?** [CAAB'র নিরাপত্তা অপারেটর : ২৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক ১৯৫৬ সনে খ ১৯৬২ সনে
গ ১৯৫২ সনে ঘ ১৯৬৯ সনে **উত্তর: ক**

৩. **পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪]
ক মোহাম্মদ আলী জিন্নাহ খ লিয়াকত আলী খান
গ খাজা নাজিমুদ্দিন ঘ ইস্কান্দার মির্জা **উত্তর: ঘ**

৪. **কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়?** [৪১তম বিসিএস/ ঢাবি (ঘ ইউ:) : ০৬-০৭]
ক রোজ গার্ডেনে খ সিরাজগঞ্জে
গ সন্তোষে ঘ সুনামগঞ্জে **উত্তর: গ**

৫. কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ১৯৫৪ ⓛ ১৯৫৬
ⓜ ১৯৫৭ ⓝ ১৯৬১ **উত্তর: গ**

৬. ঐতিহাসিক 'কাগমারী সম্মেলনে' নেতৃত্বদানকারী নেতার নাম কী? [খুলনা বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ২৪-২৫/ রাবি (ডি ইউনিট : ১৮-১৯]
ⓚ স্যার সলিমউল্লাহ ⓛ শহিদ তিতুমীর
ⓜ মওলানা ভাসানী ⓝ সোহরাওয়ার্দী **উত্তর: গ**

৭. মওলানা আব্দুল হামিদ খান ভাসানী কোথায় জন্মগ্রহণ করেন? [TMED'র কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২১]
ⓚ সিরাজগঞ্জ ⓛ টাঙ্গাইল
ⓜ ঢাকা ⓝ কুমিল্লা **উত্তর: ক**

৮. ন্যাশনাল আওয়ামী পার্টির প্রতিষ্ঠাতা কে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট; সেট-২) : ১১-১২]
ⓚ শেখ মুজিবুর রহমান
ⓛ মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
ⓜ শেরে বাংলা এ. কে. ফজলুল হক
ⓝ হোসেন শহীদ সোহরাওয়ার্দী **উত্তর: খ**

৯. প্রাক্তন-পাকিস্তানকে বিদায় জানাতে 'আসসালামুআলাইকুম' জানিয়েছিলেন কে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ⓚ শেখ মুজিবুর রহমান
ⓛ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓜ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
ⓝ শের-এ বাংলা এ,কে ফজলুল হক **উত্তর: গ**

১০. পূর্ব-পাকিস্তান এসেমব্লিতে সন্ত্রাসী ঘটনায় মৃত্যুবরণ করেছিলেন কে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]
ⓚ আবদুল হাকিম ⓛ শাহেদ আলী
ⓜ তমিজউদ্দিন খান ⓝ আবদুল মালেক উকিল **উত্তর: খ**

১১. কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়? [রাবি (এ ইউনিট, অ-বিজ্ঞান) : ২৩-২৪/ সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]
ⓚ ১৯৫৪ ⓛ ১৯৫৬
ⓜ ১৯৫৮ ⓝ ১৯৬২ **উত্তর: গ**

১২. পাকিস্তানে ১৯৫৮ সালে মার্শাল ল জারি হলে ক্ষমতায় বসেন- [Sonali Bank Ltd. Senior Office : 00]
ⓚ আইয়ুব খান ⓛ ইয়াহিয়া খান
ⓜ টিক্কা খা ⓝ নূর খান **উত্তর: ক**

১৩. পাকিস্তানের মৌলিক গণতন্ত্রের আদেশ কত সালে জারি করা হয়? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ১৯৬০ ⓛ ১৯৫৮
ⓜ ১৯৫৯ ⓝ ১৯৬৫ **উত্তর: গ**

১৪. তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে? [ত্রয়োদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৬]
ⓚ ১৯৫৬ ⓛ ১৯৬২
ⓜ ১৯৬৬ ⓝ ১৯৬৮ **উত্তর: খ**

১৫. বাংলাদেশের শিক্ষা দিবস কোন তারিখে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এভ ইউনিট) : ১২-১৩]
ⓚ ১২ মে ⓛ ১৭ সেপ্টেম্বর
ⓜ ১৮ জুন ⓝ ২১ আগস্ট **উত্তর: খ**

## ছয়-দফা কর্মসূচি (The Six-Points Programme)

১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত সর্বদলীয় জাতীয় সংহতি সম্মেলনে শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষার দাবি সংবলিত একটি কর্মসূচি ঘোষণা করেন। ইতিহাসে এটি ৬ দফা কর্মসূচি নামে পরিচিত। ২৩ মার্চ, ১৯৬৬ লাহোরে এক সংবাদ সম্মেলনে শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ৬ দফা ঘোষণা করেন। ছয় দফা কর্মসূচি ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' এর ভিত্তিতে রচিত। ছয় দফা দাবিসমূহ -

১) শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রীয় প্রকৃতি : পাকিস্তানে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনে সংসদীয় পদ্ধতির সরকার হবে। প্রদেশগুলোর পূর্ণ স্বায়ত্তশাসন থাকবে।
২) কেন্দ্রীয় সরকারের ক্ষমতা : কেন্দ্রীয় সরকারের হাতে থাকবে প্রতিরক্ষা ও পররাষ্ট্র বিষয়। অন্যান্য বিষয় থাকবে প্রাদেশিক সরকারের হাতে।
৩) মুদ্রা বা অর্থ সমন্ধীয় ক্ষমতা : দেশের দুই অঞ্চলের জন্য সহজে বিনিময়যোগ্য দুটি মুদ্রা চালু থাকবে।
৪) সকল প্রকার রাজস্ব ধার্য ও আদায়ের ক্ষমতা থাকবে অঙ্গরাজ্যগুলোর হাতে।
৫) বৈদেশিক মুদ্রা ও বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে প্রদেশগুলোর হাতে পূর্ণ নিয়ন্ত্রণ থাকবে।
৬) প্রদেশগুলোকে আঞ্চলিক নিরাপত্তার জন্য আধা সামরিক (Paramilitary) বাহিনী গঠন করার ক্ষমতা দেওয়া।

ছয় দফা কর্মসূচি বাঙালি জাতির 'মুক্তির সনদ' (Charter of Freedom) বা 'ম্যাগনাকার্টা' হিসাবে পরিচিত। ছয় দফা দাবি আদায়ের লক্ষ্যে ১৯৬৬ সালের ৭ জুন পূর্ববাংলায় হরতাল চলাকালে পুলিশ ও ইপিআর নিরস্ত্র মানুষের ওপর গুলি চালায়। এতে সিলেটের মনু মিয়া, মুজিবুল হকসহ অনেকে শহিদ হন। ছয় দফা আন্দোলনের প্রথম শহিদ মনু মিয়া। প্রতিবছর ৭ জুন 'ছয় দফা দিবস' পালিত হয়।

## আগরতলা ষড়যন্ত্র মামলা (The Agartala Conspiracy Case)

বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনের প্রেক্ষাপটে সামরিক বাহিনীর কিছু সংখ্যক সদস্য রাজনৈতিক নেতৃবৃন্দের সহযোগিতায় লে. কমান্ডার মোয়াজ্জেমের নেতৃত্বে পূর্ব বাংলাকে বিচ্ছিন্ন করে রাষ্ট্রীয় ক্ষমতা দখলের এক প্রচেষ্টা গ্রহণ করে। সংগঠনের কোনো এক সদস্যের অসতর্কতার ফলে পাকিস্তান সরকারের কাছে এই পরিকল্পনার কথা ফাঁস হয়ে পড়ে। পাকিস্তান সরকার ১৯৬৮ সালের ৩ জানুয়ারি ঢাকায় শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি

Scanned with CamScanner

৪৪. **মুজিবনগর সরকারের মুখ্য সচিব কে ছিলেন?** [গণযোগাযোগ অধিদপ্তরের কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ CAAB এর উচ্চমান সহকারী : ২১]
(ক) এইচ টি ইমাম (খ) মাহবুবুল আলম চাষী
(গ) খন্দকার আসাদুজ্জামান (ঘ) রুহুল কুদ্দুস **উত্তর: ঘ**

৪৫. **১৯৭১ সালে প্রথম কোন কূটনীতিক বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশ করেন?** [লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন পদ : ১৯]
(ক) কে. এম. শাহাবুদ্দিন (খ) এস কে নবী
(গ) মো. মহিউদ্দিন খান (ঘ) এম হোসেন আলী **উত্তর: ক**

৪৬. **বিদেশে কোন মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?** [বিস্ফোরক অধিদপ্তর অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর : ২৩]
(ক) লন্ডন (খ) কলকাতা
(গ) টোকিও (ঘ) ওয়াশিংটন **উত্তর: খ**

৪৭. **বিচারপতি আবু সাঈদ চৌধুরী ১৯৭১ সালে গঠিত মুজিবনগর সরকারের কোন পদে নিযুক্ত ছিলেন?** [৮ম বিজেএস (সহকারী জজ) : ১৩]
(ক) পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী (খ) আইন ও বিচার বিষয়ক মন্ত্রী
(গ) বিশেষ কূটনৈতিক প্রতিনিধি
(ঘ) নয়াদিল্লীস্থ বাংলাদেশ মিশন প্রধান **উত্তর: গ**

৪৮. **বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে লন্ডনে প্রতিষ্ঠিত বাংলাদেশ দূতাবাসের হাইকমিশনার ছিলেন –** [ঢাকা বিশ্ব: (খ ইউনিট) : ২০-২১]
(ক) এম হোসেন আলী (খ) আবু সাঈদ চৌধুরী
(গ) এস. এ. করিম (ঘ) এম. আর. সিদ্দিকী **উত্তর: খ**

৪৯. **মুক্তিযুদ্ধকালে ওয়াশিংটনে বাংলাদেশ মিশন খোলা হয় কার অধীনে?** [ডেসকোর জুনিয়র অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৯]
(ক) বিচারপতি আবু সাঈদ চৌধুরী
(খ) বিচারপতি এ এস এম সায়েম
(গ) এম আর সিদ্দিকী (ঘ) রবিশঙ্কর ঘোষ **উত্তর: গ**

৫০. **Who was the head of delegates from Bangladesh to New Delhi during the liberation war?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ১৮-১৯]
(ক) Humayun Rashid Chowdhury
(খ) Justice Abu Sayeed Chowdhury
(গ) Abdul Fateh (ঘ) M Hossain Ali **উত্তর: ক**

৫১. **In the Mujibnagar government, ...... was one of the member of the `all party advisory council' –** [Combined 7 banks & 1 financial institution (SO) : 21]
(ক) M. Mansur Ali (খ) Manoranjan Dhar
(গ) Yousuf Ali (ঘ) M A G Osmani **উত্তর: খ**

৫২. **মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান কে ছিলেন?** [বিসিক এর শিল্পনগরী কর্মকর্তা : ২৩]
(ক) তাজউদ্দীন আহমদ (খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী
(গ) সৈয়দ নজরুল ইসলাম (ঘ) কমরেড মনি সিংহ **উত্তর: খ**

## শেখ মুজিবুর রহমান



১৭ মার্চ, ১৯২০ তৎকালীন ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার (বর্তমানে গোপালগঞ্জ জেলা) বাইগার নদীর তীরবর্তী টুঙ্গিপাড়া গ্রামে (বর্তমানে উপজেলা) শেখ লুৎফর রহমান এবং সায়েরা খাতুনের ঘরে জন্ম নেন শেখ মুজিবুর রহমান।

### লেখালেখি

- অসমাপ্ত আত্মজীবনী (২০১২) : আত্মজীবনীমূলক গ্রন্থ।
- কারাগারের রোজনামচা (২০১৭) : আত্মজীবনীমূলক গ্রন্থ।
- আমার দেখা নয়া চীন (২০২০) : ভ্রমণকাহিনী।
- আমার কিছু কথা : মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ।

### স্বীকৃতি

- বিশ্ব শান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর বঙ্গবন্ধুকে 'জুলিও কুরি শান্তি পদক' এ ভূষিত করে। ১৯৭৩ সালের ২৩ মে বঙ্গবন্ধু পদকটি গ্রহণ করেন।
- ২০০৪ সালে বিবিসির শ্রোতা জরিপে বঙ্গবন্ধু 'হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি' নির্বাচিত হন।

## MCQ Solution

১. **বঙ্গবন্ধু কোন জেলায় জন্মগ্রহণ করেন?** [TGTDCL'র টেকনিশিয়ান : ২৩]
(ক) খুলনা (খ) গোপালগঞ্জ
(গ) ফরিদপুর (ঘ) নড়াইল **উত্তর: খ**

২. **শেখ মুজিবুর রহমান কোন উপজেলায় জন্মগ্রহণ করেন?** [BRTC-এর কন্ডাকটর-ডি : ২২]
(ক) টঙ্গিবাড়ি (খ) টঙ্গি
(গ) কোটালীপাড়া (ঘ) টুঙ্গিপাড়া **উত্তর: ঘ**

৩. **'টুঙ্গীপাড়া' কোন নদীর তীরে অবস্থিত?** [বিপিএসসি'র প্রাণরসায়নবিদ : ২৩]
(ক) পদ্মা (খ) বাইগার
(গ) মধুমতি (ঘ) পায়রা **উত্তর: খ**

৪. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন?** [৩৪তম বিসিএস/ BRTC'র কন্ডাক্টর -ডি (কাউন্টারম্যান) : ২৪]
(ক) ১ মার্চ, ১৯১৯ খ্রি. (খ) ১৭ মার্চ, ১৯২০ খ্রি.
(গ) ১৪ আগস্ট, ১৯৪৭ খ্রি. (ঘ) ২১ জুন, ১৯৪১ খ্রি. **উত্তর: খ**

৫. **'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক –** [৩৫তম বিসিএস]
(ক) আবুল মনসুর আহমেদ (খ) সুনীল গঙ্গোপাধ্যায়
(গ) শেখ মুজিবুর রহমান (ঘ) তাজউদ্দীন আহমদ **উত্তর: গ**

৬. **বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' কবে প্রথম প্রকাশিত হয়?** [৪২তম বিসিএস (বিশেষ)]
(ক) জুন, ২০১১ (খ) জুলাই, ২০১১
(গ) জুন, ২০১২ (ঘ) জানুয়ারি, ২০১৩ **উত্তর: গ**

৭. **বঙ্গবন্ধুর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থের নাম কী?** [বাণিজ্য মন্ত্রণালয় অফিস সহায়ক : ২৩/ BBAL'র সহকারী ব্যবস্থাপক ট্রেইনি : ২১]
(ক) আমি বিজয় দেখেছি (খ) কারাগারের রোজনামচা
(গ) আমি শেখ মুজিব বলছি (ঘ) অসমাপ্ত আত্মজীবনী **উত্তর: খ**

৮. **'আমার দেখা নয়া চীন' কে লিখেছেন?** [৪৩তম বিসিএস]
(ক) মওলানা ভাসানী (খ) আবুল ফজল
(গ) শহীদুল্লা কায়সার (ঘ) শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

Scanned with CamScanner

৭. **Main object of 6 points programme declared in 1966 was-** [Karmasngthan Bank Assistant Officer : 00]

*Or,*

**১৯৬৬ সালে ঘোষিত ছয়দফা কর্মসূচির মূল বক্তব্য কি ছিল?** [সোনালী, জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৮]

ⓐ Separation of two wings
ⓑ Declaration of Independent Bangladesh
ⓒ Autonomy of East Pakistan
ⓓ Creation of 6 provinces **Ans. c**

৮. **ছয় দফা কর্মসূচি মূলত কি ধরনের কর্মসূচি?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ১৭-১৮]

ⓚ ধর্মীয় ও আঞ্চলিক
ⓚ সাহিত্য ও সাংস্কৃতিক
ⓖ সামাজিক ও রাজনৈতিক মুক্তি
ⓖ অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তি **উত্তর: ঘ**

৯. **ঐতিহাসিক ছয়দফার প্রথম দফাতে কি ছিল?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট) : ১০-১১]

Ⓚ রাজতন্ত্র Ⓚ একনায়কতন্ত্র
Ⓖ গণতন্ত্র Ⓖ সংসদীয় গণতন্ত্র **উত্তর: ঘ**

১০. **ঐতিহাসিক 'ছয় দফা'-র প্রথম দফা-** [জননিরাপত্তা বিভাগ কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৪/ সমবায় অধিদপ্তরের পরিদর্শক : ২৩]

ⓚ ধর্মনিরপেক্ষতা ⓚ রাষ্ট্রভাষা হিসেবে বাংলা
ⓖ স্বতন্ত্র মুদ্রা ⓖ প্রাদেশিক স্বায়ত্তশাসন **উত্তর: ঘ**

১১. **বাঙালি জাতির মুক্তির সনদ ৬ দফার ২য় দফাটি নিচের কোনটির সাথে সম্পর্কিত?** [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান : ২৪]

ⓚ বৈদেশিক বাণিজ্য ⓚ মুদ্রা বা অর্থ
ⓖ রাজস্ব কর ⓖ কেন্দ্রীয় সরকার **উত্তর: ঘ**

১২. **ঐতিহাসিক ছয় দফা দাবিতে কোন দুটি বিষয় কেন্দ্রীয় সরকারের হাতে রাখার প্রস্তাব ছিল?** [৪৬তম বিসিএস]

ⓚ অর্থ ও পররাষ্ট্র ⓚ বৈদেশিক বাণিজ্য ও প্রতিরক্ষা
ⓖ স্বরাষ্ট্র ও পরিকল্পনা ⓖ প্রতিরক্ষা ও পররাষ্ট্র **উত্তর: ঘ**

১৩. **পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে দুইটি পৃথক অথচ সহজ বিনিময়যোগ্য মুদ্রা ব্যবস্থা চালুর দাবি ছয়দফার কোন দফাতে ছিল?** [CAAB এর নিরাপত্তা অফিসার : ২১/ ঢাবি (খ ইউনিট) : ২০-২১]

ⓚ ২য় ⓚ ৩য়
ⓖ ৪র্থ ⓖ ৫ম **উত্তর: খ**

১৪. **১৯৬৬ সালে ৬ দফার ক'টি দফা অর্থনীতি বিষয়ক ছিল?** [৪৩তম বিসিএস/ BIWTA'র সহকারী পরিচালক : ২৩/ মেডিকেল ভর্তি : ২২-২৩]

ⓚ ৩টি ⓚ ৪টি
ⓖ ৫টি ⓖ ৬টি **উত্তর: ক**

১৫. **ঐতিহাসিক 'ছয় দফায়' যে বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না -** [৪১তম বিসিএস/ প্রাথমিক সহকারী শিক্ষক (৩য় ধাপ) : ২৪/ সিজিএ-এর অডিটর : ২২]

ⓚ শাসনতান্ত্রিক কাঠামো ⓚ কেন্দ্রীয় সরকারের ক্ষমতা
ⓖ স্বতন্ত্র মুদ্রাব্যবস্থা ⓖ বিচার-ব্যবস্থা **উত্তর: ঘ**

১৬. **ঐতিহাসিক ছয় দফায় 'প্যারামিলিটারি বাহিনী' গঠনের কথা উল্লেখ আছে-** [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৩]

ⓚ ষষ্ঠ দফায় ⓚ দ্বিতীয় দফায়
ⓖ প্রথম দফায় ⓖ পঞ্চম দফায় **উত্তর: ক**

১৭. **বাঙালি জাতির মুক্তি সনদ হলো-** [BPSC'র সিনিয়র স্টাফ নার্স : ২৪]

ⓚ ছয় দফা ⓚ এগারো দফা
ⓖ ৭ মার্চের ভাষণ ⓖ ২১ দফা **উত্তর: ক**

১৮. **ঐতিহাসিক ৬- দফাকে কিসের সাথে তুলনা করা হয়?** [৩৭তম বিসিএস/ BPSC'র হোম ইকোনমিস্ট : ২৪/ ১৮তম শিক্ষক নিবন্ধন : ২৪]

ⓚ বিল অব রাইটস ⓚ ম্যাগনাকার্টা
ⓖ পিটিশন অব রাইটস ⓖ মুখ্য আইন **উত্তর: খ**

১৯. **৬ দফা আন্দোলনের প্রথম শহিদ কে?** [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী : ১৮]

ⓚ শামসুজ্জোহা ⓚ মনুমিয়া
ⓖ রফিক ⓖ সালাম **উত্তর: খ**

২০. **ছয় দফা দিবস কবে?** [রাজশাহী বিশবিদ্যালয় (বি ইউনিট : গ্রুপ ২) : ২০-২১]

ⓚ ২৩ ফেব্রুয়ারি ⓚ ৭ মার্চ
ⓖ ১৭ এপ্রিল ⓖ ৭ জুন **উত্তর: ঘ**

২১. **আগরতলা ষড়যন্ত্র মামলার মোট আসামী সংখ্যা ছিল কত জন?** [৪০তম বিসিএস/ FSCD'র ফায়ার ফাইটার : ২৩]

ⓚ ৩৪ জন ⓚ ৩৫ জন
ⓖ ৩৬ জন ⓖ ৩২ জন **উত্তর: খ**

২২. **আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের হয়-** [ইসলামী বিশ্ব: (গ ইউনিট) : ০৩-০৪]

ⓚ আগরতলা ⓚ ঢাকা
ⓖ লাহোর ⓖ কোনোটিই নয় **উত্তর: খ**

২৩. **শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামী করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় কবে?** [বাংলা একাডেমি এর প্রুফ এডিটর : ২৩]

ⓚ ০৩ জানুয়ারি, ১৯৬৮ ⓚ ১৫ ফেব্রুয়ারি, ১৯৬৯
ⓖ ২০ জানুয়ারি, ১৯৬৯ ⓖ ২২ জানুয়ারি, ১৯৬৯ **উত্তর: ক**

২৪. **'ঘেরাও' শব্দটি কোন রাজনীতিবিদ প্রথম ব্যবহার করেন?** [সোনালী, জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৯]

ⓚ এ কে ফজলুল হক ⓚ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓖ মওলানা ভাসানী ⓖ মোহাম্মদ তোয়াহা **উত্তর: গ**

২৫. **এগার দফা কর্মসূচি ঘোষণা করে কে?** [জাবি (নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ⓚ মুসলিম লীগ ⓚ সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ
ⓖ আওয়ামী লীগ ⓖ কংগ্রেস **উত্তর: খ**

২৬. **'এগার দফা' কখন ঘোষণা হয়?** [ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন (স্কুল ২) : ১৬]

ⓚ ১৯৬৭ ⓚ ১৯৬৮
ⓖ ১৯৬৯ ⓖ ১৯৭০ **উত্তর: গ**

২৭. **উনসত্তরের গণঅভ্যুত্থানের আন্দোলনে যুক্ত হতে গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র শহিদ হয়েছিলেন?** [NSI'র কম্পিউটার অপারেটর : ২১]

ⓚ শহিদ আসাদ ⓚ শহিদ রফিক
ⓖ শহিদ শামসুজ্জোহা ⓖ শহিদ জব্বার **উত্তর: ক**

Scanned with CamScanner

**২৮. আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়?** [BPSC'র ডিপ্লোমা নার্স : ২৫/ ১৭তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ২২]
ⓚ ১৯৫২ সালের ভাষা আন্দোলন
ⓚ ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলন
ⓖ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ
ⓖ ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থান **উত্তর: ঘ**

**২৯. আসাদ কবে শহিদ হন?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১২]
(ক) ১৯৬৯ সালের ২০ জানুয়ারি
(খ) ১৯৬৯ সালের ২১ ফেব্রুয়ারি
(গ) ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি
(ঘ) ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি **উত্তর: ক**

**৩০. 'শহিদ আসাদ দিবস' পালিত হয় কবে?** [PGCB'র সহকারী প্রকৌশলী : ২৪]
(ক) ১৫ জানুয়ারি (খ) ২০ জানুয়ারি
(গ) ২৫ জানুয়ারি (ঘ) ৩০ জানুয়ারি **উত্তর: খ**

**৩১. আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম আসামী কে ছিলেন?** [OCAG কার্যালয়ের অডিটর : ২১]
(ক) সার্জেন্ট জহুরুল (খ) শেখ মুজিবুর রহমান
(গ) সৈয়দ নজরুল ইসলাম (ঘ) তাজউদ্দীন আহমদ **উত্তর: ক**

**৩২. 'আগরতলা ষড়যন্ত্র মামলার' আসামীদের মধ্যে প্রথম কাকে গুলি করে মেরে ফেলা হয়?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান) : ০৯-১০]
**অথবা,**
**আগরতলা ষড়যন্ত্র মামলার কোন অভিযুক্তকে জেলখানায় হত্যা করা হয়?** [জাবি (সি৩ ইউনিট) : ১৫-১৬]
(ক) আমজাদ খাঁ (খ) সার্জেন্ট জহুরুল হক
(গ) মকবুল ভুঁইয়া (ঘ) কৃষ্ণ দুগার **উত্তর: খ**

**৩৩. শহিদ শামসুজ্জোহা ছিলেন একজন -** [রাজশাহী বিশ্ব (এ৬ ইউ:) : ১২-১৩]
(ক) সংগীত শিল্পী (খ) অভিনেতা
(গ) চিত্রকর (ঘ) শিক্ষক **উত্তর: ঘ**

**৩৪. উনসত্তরের গণঅভ্যুত্থানে প্রথম শহিদ বুদ্ধিজীবী কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক?** [রাবি (এ১ ইউনিট) : ১১-১২]
(ক) রাজশাহী (খ) ঢাকা
(গ) চট্টগ্রাম (ঘ) জাহাঙ্গীরনগর **উত্তর: ক**

**৩৫. বাংলাদেশের প্রথম শহিদ বুদ্ধিজীবী কে?** [ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর উচ্চমান সহকারী : ২৩/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২১-২২]
(ক) ড. শামসুজ্জোহা (খ) জহির রায়হান
(গ) গোবিন্দচন্দ্র দেব (ঘ) শহীদুল্লাহ কায়সার **উত্তর: ক**

**৩৬. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শামসুজ্জোহা শহিদ হন -** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৪-১৫]
(ক) ১৯ শে মার্চ, ১৯৬৯ (খ) ১৮ই ফেব্রুয়ারি, ১৯৭১
(গ) ১৮ই ফেব্রুয়ারি, ১৯৬৯ (ঘ) ১৮ই ফেব্রুয়ারি, ১৯৭০ **উত্তর: গ**

**৩৭. শহিদ জোহা দিবস কোনটি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২০-২১]
(ক) ১৪ নভেম্বর (খ) ১৮ ফেব্রুয়ারি
(গ) ১৪ ডিসেম্বর (ঘ) ১৮ মার্চ **উত্তর: খ**

**৩৮. 'স্ফুলিঙ্গ' ভাস্কর্যটির স্থপতি কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ৩ ইউনিট) : ১২-১৩]
(ক) মৃণাল হক (খ) নিতুন কুণ্ডু
(গ) কনক কুমার পাঠক (ঘ) গোপাল চন্দ্র পাল **উত্তর: গ**

**৩৯. 'স্ফুলিঙ্গ' ভাস্কর্যটি কোথায়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৭-১৮]
(ক) ঢাকা বিশ্ববিদ্যালয় (খ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
(গ) খুলনা বিশ্ববিদ্যালয় (ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয় **উত্তর: ঘ**

**৪০. আগরতলা মামলা প্রত্যাহার করা হয়-** [CAAB এর নিরাপত্তা অপারেটর : ২১/ ষোড়শ শিক্ষক নিবন্ধন (স্কুল ২) : ১৯]
(ক) ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ (খ) ২০ মার্চ, ১৯৬৮
(গ) ১৮ ফেব্রুয়ারি, ১৯৭০ (ঘ) ৫ ডিসেম্বর, ১৯৬৮ **উত্তর: ক**

**৪১. আগরতলা ষড়যন্ত্র মামলা কেন প্রত্যাহার করা হয়েছিল?** [Sonali, Janata Bank Ltd. Senior Officer : 98]
(ক) দয়াপরবশ হয়ে
(খ) প্রচণ্ড গণআন্দোলনের জন্য
(গ) অভিযোগ প্রমাণিত না হওয়ায়
(ঘ) বিচারকের মৃত্যুর ফলে **উত্তর: খ**

**৪২. পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান কত সালে হয়?** [পরিবেশ অধিদপ্তর গবেষণাগার সহকারী : ২৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]
(ক) ১৯৪৮ সালে (খ) ১৯৫২ সালে
(গ) ১৯৬৯ সালে (ঘ) ১৯৭১ সালে **উত্তর: গ**

**৪৩. 'গণ-অভ্যুত্থান দিবস' কবে পালিত হয়?** [BPSC'র সহকারী প্রটোকল অফিসার : ২৪/ মেডিকেল ভর্তি : ২৩-২৪/ এলজিইডি'র হিসাব সহকারী : ২১]
(ক) ২৪ জানুয়ারি (খ) ৭ নভেম্বর
(গ) ৭ মার্চ (ঘ) ৯ ডিসেম্বর **উত্তর: ক**

**৪৪. ১৯৬৯-এর গণঅভ্যুত্থানের মাধ্যমে কোন সরকারের পতন ঘটে?** [ডিপ্লোমা ইন নার্সিং ভর্তি : ২৪-২৫/ ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা) : ২২-২৩]
(ক) মুহাম্মদ আলী জিন্না (খ) জুলফিকার আলী ভুট্টো
(গ) আইয়ুব খান (ঘ) ইয়াহিয়া খান **উত্তর: গ**

## বাংলাদেশ নামকরণ

৫ ডিসেম্বর, ১৯৬৯ শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় শেখ মুজিবুর রহমান পূর্ব বাংলার নামকরণ করেন 'বাংলাদেশ'।

## ১৯৭০ এর সাধারণ নির্বাচন (The General Election of 1970)

৬৯ গণ-অভ্যুত্থানের ফলে প্রেসিডেন্ট আইয়ুব খান সেনাবাহিনীর প্রধান জেনারেল আগা মুহম্মদ ইয়াহিয়া খানের নিকট ১৯৬৯ সালের ২৫ মার্চ ক্ষমতা হস্তান্তর করে রাজনীতি থেকে সরে দাড়ান। জেনারেল ইয়াহিয়া খান ২৫ মার্চ রাতে সারা দেশে দ্বিতীয় বারের মত 'মার্শাল ল' জারি করেন। জেনারেল ইয়াহিয়া খান ক্ষমতা গ্রহণের পর জনপ্রতিনিধির কাছে ক্ষমতা হস্তান্তরের প্রতিশ্রুতি দেন। পাকিস্তানের প্রথম জাতীয় পরিষদ নির্বাচন হয়

Scanned with CamScanner

১৯৭০ সালের ৭ ডিসেম্বর। পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদ নির্বাচন হয় ১৯৭০ সালের ১৭ ডিসেম্বর। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন বিচারপতি আবদুস সাত্তার।

একনজরে ১৯৭০ সালের পাকিস্তানের নির্বাচনের ফলাফল

| আইনসভার আসন বিন্যাস | নির্বাচিত আসন | সংরক্ষিত আসন | মোট আসন |
|---|---|---|---|
| জাতীয় পরিষদ | ৩০০ | ১৩ | ৩১৩ |
| পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদ | ১৬২ | ৭ | ১৬৯ |
| আওয়ামী লীগের অবস্থান | ১৬০ | ৭ | ১৬৭ |
| পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ | ৩০০ | ১০ | ৩১০ |
| আওয়ামী লীগের অবস্থান | ২৮৮ | ১০ | ২৯৮ |

জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ পশ্চিম পাকিস্তানে কোনো আসন লাভ করেনি। পক্ষান্তরে পাকিস্তান পিপলস্ পার্টি (পিপিপি) পূর্ব পাকিস্তানে কোনো আসনে জয়লাভ করতে পারেনি।

## MCQ Solution

১. **শেখ মুজিবুর রহমান পূর্ব বাংলাকে 'বাংলাদেশ' নামকরণ করেন কখন?** [ডিসি কার্যালয়ের হিসাব সহকারী : ২৩]
**উত্তর: ৫ ডিসেম্বর, ১৯৬৯।**

২. **পাকিস্তানের প্রথম জাতীয় পরিষদের নির্বাচন কবে অনুষ্ঠিত হয়?** [BPATC'র বিভিন্ন পদ : ১৯]
ক ১৯৫৪ সালে　খ ১৯৬২ সালে
গ ১৯৬৬ সালে　ঘ ১৯৭০ সালে　**উত্তর: ঘ**

৩. **১৯৭০ সালের সাধারণ নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার ছিলেন-** [CAAB'র সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ২১]
ক বিচারপতি এম এন হুদা
খ বিচারপতি এ বি সিদ্দীক
গ বিচারপতি আবু সাইদ চৌধুরী
ঘ বিচারপতি আবদুস সাত্তার　**উত্তর: ঘ**

৪. **১৯৭০ সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে কোন দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে?** [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Officer : 98]
ক মুসলিম লীগ　খ ন্যাশনাল আওয়ামী পার্টি
গ পিপলস পার্টি　ঘ আওয়ামী লীগ　**উত্তর: ঘ**

৫. **পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে আসন সংখ্যা ছিল -** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (২য় পর্যায়) : ১৯]
ক ১৬৮টি　খ ১৬৯টি
গ ১৭০টি　ঘ ১৬৭টি　**উত্তর: খ**

৬. **১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ লাভ করেছিল-** [CAAB'র নিরাপত্তা অপারেটর : ২৪]
ক ৩৩০টি আসন　খ ১৬৭টি আসন
গ ১৭২টি আসন　ঘ ৩০০টি আসন　**উত্তর: খ**

৭. **১৯৭০ সালের প্রাদেশিক পরিষদে আওয়ামী লীগ কতটি আসনে জয়ী হয়?** [CAAB'র নিরাপত্তা অপারেটর : ২১]
ক ১৬৭　খ ২৯৮
গ ৩১০　ঘ ৩১৩　**উত্তর: খ**

৮. **১৯৭০ সালের নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ প্রাদেশিক পরিষদে কতটি আসন লাভ করে?** [জন বিভাগের কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২/ খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক : ২১]
ক ২৮৮　খ ২৯০
গ ২৮০　ঘ ১৬০　**উত্তর: ক**

৯. **৭০-এর সাধারণ নির্বাচনে জাতীয় পরিষদে ভুট্টোর পিপিপি পূর্ব পাকিস্তানে কয়টি আসন লাভ করে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ৮ ইউনিট : সেট ৩) : ১৫-১৬]
ক ৩টি　খ ৪টি
গ ৫টি　ঘ কোনোটিই নয়　**উত্তর: ঘ**

Scanned with CamScanner

# মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের অভ্যুদয়

## Liberation War & The Emergence of Bangladesh

### অসহযোগ আন্দোলন

পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ১৯৭১ সালের পহেলা মার্চ জাতীয় পরিষদ অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেন। প্রতিবাদে শেখ মুজিবুর রহমান ঐ দিনই (১ মার্চ) দেশব্যাপী অসহযোগের আহবান জানান। ২ মার্চ - ২৫ মার্চ পর্যন্ত পূর্ব পাকিস্তানে 'অসহযোগ আন্দোলন' পরিচালিত হয়। ৩রা মার্চ বিক্ষোভ মিছিলে গুলিবিদ্ধ হয়ে শহিদ হন শঙ্কু সমজদার। তিনি ছিলেন মুক্তিযুদ্ধের প্রথম শহিদ।

### জাতীয় পতাকা প্রথম উত্তোলন

একাত্তরের ২ মার্চ ছাত্র সংগঠনগুলি 'স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ' গঠন করে। ঐ দিনই (২ মার্চ '৭১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের বটতলায় এক ছাত্রসভায় ডাকসু ভিপি আ.স.ম আবদুর রব বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করেন। এজন্য ২ মার্চ 'জাতীয় পতাকা দিবস' হিসাবে পালন করা হয়।

### স্বাধীনতার ইশতাহার

একাত্তরের ৩ মার্চ পল্টন ময়দানে 'স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ' কর্তৃক 'স্বাধীনতার ইশতাহার' পাঠ করা হয়। ইশতাহার পাঠ করেন শাজাহান সিরাজ।

### ৭ মার্চের ভাষণ (The 7th March Address)

১৯৭১ সালের ৭ মার্চ শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) এক ভাষণে বলেন, "প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো। তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে। ......... রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দেবো, এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব, ইনশাল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।" ময়দানজুড়ে শ্লোগান ছিল 'পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা'।

### MCQ Solution

১. **Who is the first martyr in our liberation war?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ১৯]
ⓚ Motiur Rahman ⓚh Shangku Samajhdar
ⓖ Nur Mohammad ⓖh Mustafa Kamal **উত্তর: খ**

২. **বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়-** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান : ২৩/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ক কলকাতায় খ চট্টগ্রামের পতেঙ্গায়
গ ঢাকা বিশ্ববিদ্যালয় কলা ভবনে এক ছাত্রসভায়
ঘ কুর্মিটোলা ক্যান্টনমেন্টে **উত্তর: গ**

৩. **স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন (hoisted) করা হয়-** [১২তম বিসিএস/ CAAB'র এয়ারপোর্ট ফায়ার লিডার : ২৪]
ক ২ মার্চ, ১৯৭১ খ ৭ মার্চ, ১৯৭১
গ ২৬ মার্চ, ১৯৭১ ঘ ১৭ এপ্রিল, ১৯৭১ **উত্তর: ক**

৪. **বাংলাদেশের জাতীয় পতাকা দিবস কবে?** [ঢাবি (বি ইউনিট): ২৪-২৫/ DMCL'র জুনিয়র শিক্ষক : ২৩/ ইসলামী ব্যাংক লি. সহকারী অফিসার : ০৬]
ক ২ মার্চ খ ৩ মার্চ
গ ১৬ মার্চ ঘ ২৬ মার্চ **উত্তর: ক**

৫. **কে প্রথম বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন?** [বশেমুরবিপ্রবি (ইউনিট ডি): ১৩-১৪]
ক জনাব শাহজাহান সিরাজ
খ তৎকালীন ছাত্রনেতা ডাকসু ভিপি আ.স.ম আবদুর রব
গ ছাত্রনেতা নূরে আলম সিদ্দিকী
ঘ তৎকালীন ছাত্রনেতা আবদুল কুদ্দুস মাখন **উত্তর: খ**

৬. **বাংলাদেশের স্বাধীনতার ইশতাহার কবে কোথায় পাঠ করা হয়?** [বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক : ২৩]
ক ১৭ই এপ্রিল, ১৯৭১ মুজিবনগর
খ ১০ই এপ্রিল, ১৯৭১ কুষ্টিয়া
গ ২৬শে মার্চ, ১৯৭১ ধানমন্ডি
ঘ ৩ মার্চ, ১৯৭১ পল্টন ময়দান **উত্তর: ঘ**

৭. **১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু তাঁর ঐতিহাসিক ভাষণটি দেন -** [BADC'র ড্রাইভার : ২৩/ BB'র সহকারী পরিচালক : ২২]
ক পল্টন ময়দানে খ মানিক মিয়া এ্যাভিনিউতে
গ সোহরাওয়ার্দী উদ্যানে ঘ লালদিঘী ময়দানে **উত্তর: গ**

৮. **১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু কোথায় ভাষণ দিয়েছিলেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়োগ : ২১]
ক ঢাকার প্রেসিডেন্ট ভবনে খ ঢাকার রেসকোর্স ময়দানে
গ পার্লামেন্ট ভবনে ঘ ঢাকার রমনা পার্কে **উত্তর: খ**

৯. **বঙ্গবন্ধুর ১৯৭১ সালের ৭ মার্চ ভাষণের সময়কালে পূর্ব পাকিস্তানে যে আন্দোলন চলছিল সেটি হল?** [৩৬তম বিসিএস]
ক পূর্ব পাকিস্তানের অসহযোগ আন্দোলন
খ ইসলামাবাদের সামরিক সরকার পদত্যাগের আন্দোলন
গ প্রেসিডেন্ট ইয়াহহিয়ার পদত্যাগ আন্দোলন
ঘ মার্শাল 'ল' পদত্যাগের আন্দোলন **উত্তর: ক**

১০. **'পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা' কোন সময়ের শ্লোগান?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৩ ইউনিট) : ১৫-১৬]
ক ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়ের
খ ১৯৭১ সালের অসহযোগ আন্দোলনের সময়ের
গ ১৯৬২ সালের ছাত্র আন্দেলনের সময়ের
ঘ বঙ্গভঙ্গ আন্দোলনের সময়ের **উত্তর: খ**

Scanned with CamScanner

৯. 'পোড়ামাটির নীতি' কোন বাহিনীর জন্য প্রযোজ্য ছিলো? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]
ⓚ ভারত সেনাবাহিনী
ⓚ পাক-ভারতবাহিনী
ⓖ পাকিস্তান সেনাবাহিনী
ⓖ পাকিস্তান বিমানবাহিনী
উত্তর: গ

১০. ১৯৭১ সালে ঢাকা শহরে 'অপারেশন সার্চ লাইট' পরিচালনার মূল দায়িত্বে ছিলেন- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (১ম পর্যায়) : ১৯]
ⓚ জেনারেল ইয়াহিয়া খান
ⓚ জেনারেল রাও ফরমান আলী
ⓖ জেনারেল জিয়াউর রহমান
ⓖ জেনারেল টিক্কা খান
উত্তর: খ

১১. কোন বিদেশি সাংবাদিক ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে পাকিস্তানি বর্বরতার খবর সর্বপ্রথম বহির্বিশ্বে প্রকাশ করেন? [CAAB'র নিরাপত্তা অপারেটর : ২৪/ প্রাথমিক সহকারী শিক্ষক (২য় পর্যায়) : ১৯]
ⓚ হেজেল হাস
ⓚ অ্যান্থনি মাসকারেনহাস
ⓖ সাইমন ড্রিং
ⓖ মার্ক টালি
উত্তর: গ

১২. ১৯৭১ সালে সর্বপ্রথম কোন পত্রিকা পাকিস্তানী বাহিনীর গণহত্যার উপর ব্রিটিশ সাংবাদিক সাইমন ড্রিং এর প্রতিবেদন প্রকাশ করে? [CAAB এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ⓚ নিউইয়র্ক টাইমস
ⓚ ডেইলি মেইল
ⓖ ডেইলি টেলিগ্রাফ
ⓖ দ্য ইনডিপেনডেন্ট
উত্তর: গ

**স্বাধীনতার ঘোষণা (The declaration of Independence)**

২৫ মার্চ, ১৯৭১ রোজ বৃহস্পতিবার মধ্যরাতে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে শেখ মুজিবুর রহমানকে ধানমন্ডির ৩২ নং বাসা হতে গ্রেফতার করা হয়।

> ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা দিবস। ১৯৮০ সালে বাংলাদেশ সরকার দিনটিকে জাতীয় দিবস হিসেবে ঘোষণা করে।

১৯৭১ সালের ২৬ মার্চ তারিখে ৮ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের মেজর জিয়াউর রহমান চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। এরপর তিনি ২৭ মার্চ তারিখে শেখ মুজিবুর রহমানের পক্ষে আবারও স্বাধীনতার ঘোষণা দেন।

> পৃথিবীর দুটি দেশে স্বাধীনতার ঘোষণা দেওয়া হয়। যথা- মার্কিন যুক্তরাষ্ট্রে এবং বাংলাদেশ।

## MCQ Solution

১. নিচের কোন দেশ দুটির স্বাধীনতার ঘোষণাপত্র রয়েছে- [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৩/ গণযোগাযোগ অধিদপ্তরের প্রহরী : ২৩]
ⓚ বাংলাদেশ ও যুক্তরাজ্য ⓚ বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র
ⓖ বাংলাদেশ ও ফ্রান্স ⓖ যুক্তরাষ্ট্র ও আলবেনিয়া উত্তর: খ

২. ১৯৭১ সালের ২৫ মার্চ ছিল- [BPSC'র সিনিয়র স্টাফ নার্স : ২৪]
ⓚ বৃহস্পতিবার ⓚ শুক্রবার
ⓖ শনিবার ⓖ রবিবার উত্তর: ক

৩. স্বাধীন বাংলাদেশের সাংবিধানিক ঘোষণা কোন তারিখে হয়েছিল? [CAG কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৪/ ৱবি (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ ৭ মার্চ ১৯৭১ ⓚ ২৬ মার্চ, ১৯৭১
ⓖ ১৬ ডিসেম্বর ১৯৭১ ⓖ ১৭ এপ্রিল, ১৯৭১ উত্তর: খ

৪. বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে? [BCC'র ল্যাব সহকারী : ২৩]
ⓚ ১৬ই ডিসেম্বর ⓚ ৭ই মার্চ
ⓖ ২৬শে মার্চ ⓖ ১৭ই এপ্রিল উত্তর: গ

৫. ১৯৭১ সালের কোন তারিখে বাংলাদেশ স্বাধীন হয়? [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার : ১৮]
ⓚ ৭ মার্চ ⓚ ২৬ মার্চ
ⓖ ১১ সেপ্টেম্বর ⓖ ১৬ ডিসেম্বর উত্তর: খ

৬. বাংলাদেশের জাতীয় দিবস (National Day) কোনটি? [৩৩তম বিসিএস/ বাতিলকৃত ২৪তম বিসিএস/ BMSRI'র সিনিয়র স্টাফ নার্স : ২৫]
ⓚ ১৬ই ডিসেম্বর ⓚ ৭ই মার্চ
ⓖ ২৬শে মার্চ ⓖ ১৭ই এপ্রিল উত্তর: গ

৭. মেজর জিয়াউর রহমান কোন বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন? [বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক : ০৩]
ⓚ রেডিও পাকিস্তান, চট্টগ্রাম
ⓚ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র
ⓖ চট্টগ্রাম বেতার কেন্দ্র
ⓖ কালুরঘাট বেতারকেন্দ্র
উত্তর: ঘ

**মুজিবনগর সরকার (১৯৭১)**

১০ এপ্রিল নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের প্রতিনিধিগণ আগরতলায় একত্রিত হয়ে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' গঠন করে এবং বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রীরূপে ঘোষণা করে। ওই দিন আনুষ্ঠানিকভাবে জারি করা হয় *'বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা আদেশ'*। আইনের ধারাবাহিকতা বলবৎকরণ আদেশ (Laws Continuance Enforcement Order) জারির মাধ্যমে ঘোষণাটিকে ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে কার্যকর ধরা হয়।

Scanned with CamScanner

৯. 'পোড়ামাটির নীতি' কোন বাহিনীর জন্য প্রযোজ্য ছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ পর্যায়) : ১৯]
(ক) ভারত সেনাবাহিনী
(খ) পাক-ভারতবাহিনী
(গ) পাকিস্তান সেনাবাহিনী
(ঘ) পাকিস্তান বিমানবাহিনী — উত্তর: গ

১০. ১৯৭১ সালে ঢাকা শহরে 'অপারেশন সার্চ লাইট' পরিচালনার মূল দায়িত্বে ছিলেন– [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় পর্যায়) : ১৯]
(ক) জেনারেল ইয়াহিয়া খান
(খ) জেনারেল রাও ফরমান আলী
(গ) জেনারেল জিয়াউর রহমান
(ঘ) জেনারেল টিক্কা খান — উত্তর: ঘ

১১. কোন বিদেশি সাংবাদিক ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে পাকিস্তানি বর্বরতার খবর সর্বপ্রথম বহির্বিশ্বে প্রকাশ করেন? [CAAB's নিরাপত্তা অপারেটর : ১৮/ প্রাথমিক সহকারী শিক্ষক (২য় পর্যায়) : ১৯]
(ক) জেভেল ড্যাপ
(খ) অ্যান্থনি মাসকারেনহাস
(গ) সাইমন ড্রিং
(ঘ) মার্ক টালি — উত্তর: গ

১২. ১৯৭১ সালে সর্বপ্রথম কোন পত্রিকা পাকিস্তানী বাহিনীর গণহত্যার উপর ব্রিটিশ সাংবাদিক সাইমন ড্রিং এর প্রতিবেদন প্রকাশ করে? [CAAB এর উপ-সহকারী প্রকৌশলী : ১১]
(ক) নিউইয়র্ক টাইমস
(খ) ডেইলি মেইল
(গ) ডেইলি টেলিগ্রাফ
(ঘ) দ্য ইনডিপেনডেন্ট — উত্তর: গ

## স্বাধীনতার ঘোষণা (The declaration of Independence)

২৫ মার্চ, ১৯৭১ রোজ বৃহস্পতিবার মধ্যরাতে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে শেখ মুজিবুর রহমানকে ধানমন্ডির ৩২ নং বাসা হতে গ্রেফতার করা হয়।

> ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা দিবস। ১৯৮০ সালে বাংলাদেশ সরকার দিনটিকে জাতীয় দিবস হিসেবে ঘোষণা করে।

১৯৭১ সালের ২৬ মার্চ তারিখে ৮ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের মেজর জিয়াউর রহমান চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। এরপর তিনি ২৭ মার্চ তারিখে শেখ মুজিবুর রহমানের পক্ষে আবারও স্বাধীনতার ঘোষণা দেন।

> পৃথিবীর দুটি দেশে স্বাধীনতার ঘোষণা দেওয়া হয়। যথা- মার্কিন যুক্তরাষ্ট্রে এবং বাংলাদেশ।

## MCQ Solution

১. নিচের কোন দেশ দুটির স্বাধীনতার ঘোষণাপত্র রয়েছে? [DMLC's জুনিয়র অফিসার : ১৯/ সমাজসেবা অধিদপ্তরের [illegible] : ১৬]
(ক) বাংলাদেশ ও যুক্তরাজ্য (খ) বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র
(গ) বাংলাদেশ ও ফ্রান্স (ঘ) যুক্তরাষ্ট্র ও আর্জেন্টিনা — উত্তর: খ

২. ১৯৭১ সালের ২৫ মার্চ ছিল– [BSCIC's [illegible] : ১৯]
(ক) বৃহস্পতিবার (খ) শুক্রবার
(গ) শনিবার (ঘ) রবিবার — উত্তর: ক

৩. স্বাধীন বাংলাদেশের আনুষ্ঠানিক ঘোষণা কোন তারিখে হয়েছিল? [CAG কার্যালয়ের জুনিয়র অডিটর : ১৯/ [illegible] : ১৯]
(ক) ৭ মার্চ ১৯৭১ (খ) ২৬ মার্চ, ১৯৭১
(গ) ১৬ ডিসেম্বর ১৯৭১ (ঘ) ১৭ এপ্রিল, ১৯৭১ — উত্তর: খ

৪. বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে? [BCC's [illegible] : ১৯]
(ক) ১৬ই ডিসেম্বর (খ) ৭ই মার্চ
(গ) ২৬শে মার্চ (ঘ) ১৭ই এপ্রিল — উত্তর: গ

৫. ১৯৭১ সালের কোন তারিখে বাংলাদেশ স্বাধীন হয়? [[illegible] : ১৮]
(ক) ৭ মার্চ (খ) ২৬ মার্চ
(গ) ১১ সেপ্টেম্বর (ঘ) ১৬ ডিসেম্বর — উত্তর: ঘ

৬. বাংলাদেশের জাতীয় দিবস (National Day) কোনটি? [[illegible]/ BMSRI's [illegible] : ১৮]
(ক) ১৬ই ডিসেম্বর (খ) ৭ই মার্চ
(গ) ২৬শে মার্চ (ঘ) ১৭ই এপ্রিল — উত্তর: গ

৭. মেজর জিয়াউর রহমান কোন বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন? [[illegible] : ০৪]
(ক) রেডিও পাকিস্তান, চট্টগ্রাম
(খ) স্বাধীন বাংলা বেতার কেন্দ্র
(গ) চট্টগ্রাম বেতার কেন্দ্র
(ঘ) কালুরঘাট বেতারকেন্দ্র — উত্তর: ঘ

## মুজিবনগর সরকার (১৯৭১)

১০ এপ্রিল — নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের প্রতিনিধিগণ আগরতলায় একত্রিত হয়ে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' গঠন করে এবং বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রীরূপে ঘোষণা করে। ওই দিন আনুষ্ঠানিকভাবে জারি করা হয় 'বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা আদেশ'। আইনের ধারাবাহিকতা বলবৎকরণ আদেশ (Laws Continuance Enforcement Order) জারির মাধ্যমে ঘোষণাটিকে ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে কার্যকর ধরা হয়।

Scanned with CamScanner

**১৭ এপ্রিল** বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে তৎকালীন কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার ভবেরপাড়া গ্রামের বৈদ্যনাথতলায়। শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন জনাব আবদুল মান্নান। বৈদ্যনাথতলার নতুন নামকরণ করা হয় মুজিবনগর এবং অস্থায়ী সরকারও পরিচিত হয় 'মুজিবনগর সরকার' নামে। এ সরকার 'প্রবাসী সরকার' ও 'অস্থায়ী বিপ্লবী সরকার' নামেও পরিচিত। বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী করা হয় মুজিবনগর। সরকারের অস্থায়ী সচিবালয় স্থাপিত হয় কলকাতার ৮ নং থিয়েটার রোডে (বর্তমান শেক্সপিয়র সরণি)। অধ্যাপক ইউসুফ আলী 'বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা আদেশ' পাঠ করেন এবং ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ও মন্ত্রীদের শপথ বাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠানের পর তৎকালীন ঝিনাইদহ মহকুমার পুলিশের এসডিপিও মাহবুব উদ্দিন আহমেদ পুলিশ ও আনসার সমন্বয়ে কন্টিনজেন্ট তৈরি করে মুজিবনগর সরকারপ্রধানকে গার্ড অব অনার প্রদান করেন। ১৭ এপ্রিল 'মুজিবনগর দিবস' হিসেবে পালিত হয়।

**প্রবাসী বাংলাদেশ সরকারের দপ্তর বণ্টন (মোট মন্ত্রণালয় বা বিভাগ ১২টি)**

| নাম | পদবি | মন্ত্রণালয় |
|---|---|---|
| শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি | অনুপস্থিত |
| সৈয়দ নজরুল ইসলাম | উপ-রাষ্ট্রপতি | অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন। |
| তাজউদ্দীন আহমদ | প্রধানমন্ত্রী | প্রতিরক্ষা, তথ্য প্রচার এবং টেলিযোগাযোগ, অর্থনৈতিক বিষয়, পরিকল্পনা এবং উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, শ্রম এবং সমাজকল্যাণ, সংস্থাপন |
| ক্যাপ্টেন এম মনসুর আলী | মন্ত্রী | অর্থ, বাণিজ্য এবং শিল্প |
| খন্দকার মোশতাক আহমেদ | মন্ত্রী | পররাষ্ট্র, আইন এবং সংসদ বিষয়ক |
| এ এইচ এম কামারুজ্জামান | মন্ত্রী | স্বরাষ্ট্র, সরবরাহ, ত্রাণ ও পুনর্বাসন, কৃষি |


সৈয়দ নজরুল ইসলাম
জন্ম: ১৯২৫, কিশোরগঞ্জ


তাজউদ্দীন আহমদ
জন্ম: ১৯২৫, গাজীপুর


এম মনসুর আলী
জন্ম: ১৯১৯, সিরাজগঞ্জ


এএইচএম কামারুজ্জামান
জন্ম: ১৯২৬, রাজশাহী


খন্দকার মোশতাক আহমদ
জন্ম: ১৯১৯, কুমিল্লা

**বেসামরিক প্রশাসন :** মন্ত্রিপরিষদ সচিব ছিলেন হোসেন তৌফিক ইমাম (এইচ টি ইমাম)। মুখ্য সচিব ছিলেন রুহুল কুদ্দুস।

**কূটনৈতিক মিশন :** মুজিবনগরের বাংলাদেশ সরকার গঠনের আগে দুজন কূটনীতিক বাংলাদেশের পক্ষে সর্বপ্রথম আনুগত্য প্রকাশ করেন, তাঁরা হলেন নয়াদিল্লিতে নিযুক্ত পাকিস্তান হাইকমিশনের দ্বিতীয় সচিব কে এম সাহাবউদ্দিন ও সহকারি প্রেস অ্যাটাশে আমজাদুল হক। তাঁরা এ ঘোষণা দিয়েছিলেন ৬ এপ্রিল, ১৯৭১। বাংলাদেশের পক্ষে বিশ্ব জনমত সৃষ্টির লক্ষ্যে মুজিবনগর সরকার বিশ্বের বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ শহরে বাংলাদেশ সরকারের মিশন স্থাপন করে। কলকাতাতেই প্রথম বাংলাদেশ মিশন স্থাপিত হয়। বিদেশে বাংলাদেশ মিশনগুলোর প্রধান ছিলেন কলকাতায় হোসেন আলী, দিল্লিতে হুমায়ুন রশীদ চৌধুরী, যুক্তরাজ্যে (এবং বহির্বিশ্বে বিশেষ প্রতিনিধি) বিচারপতি আবু সাঈদ চৌধুরী, ওয়াশিংটনে এম আর সিদ্দিকী। ১৯৭১ সালের ১৮ এপ্রিল পশ্চিমবঙ্গের কলকাতাস্থ বাংলাদেশ মিশনে এম হোসেন আলী বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। এটি কোনো বিদেশি মিশনে সর্বপ্রথম বাংলাদেশি পতাকা উত্তোলন।

**সর্বদলীয় উপদেষ্টা পরিষদ (All party advisory council)** এর সদস্য ছিলেন মাওলানা আবদুল হামিদ খান ভাসানী (ন্যাপ-ভাসানী), মণি সিংহ (কমিউনিস্ট পার্টি), মনোরঞ্জন ধর (বাংলাদেশ জাতীয় কংগ্রেস), অধ্যাপক মোজাফফর আহমদ (ন্যাপ-মোজাফফর), প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ এবং পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক আহমদ। উপদেষ্টা পরিষদের প্রধান ছিলেন মওলানা আবদুল হামিদ খান ভাসানী।

## MCQ Solution

১. **বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার (মুজিবনগর সরকার) গঠিত হয় কবে?** [৩৯তম বিসিএস/ ৩৪তম বিসিএস/ NIPORT'র ক্যাশিয়ার : ২৩]

ক) ১০ই এপ্রিল, ১৯৭১ খ) ১৪ই এপ্রিল, ১৯৭১
গ) ১৭ই এপ্রিল, ১৯৭১ ঘ) ১২ই এপ্রিল, ১৯৭১ **উত্তর: ক**

Scanned with CamScanner

২. **স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিসভা কবে গঠিত হয়?** [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী : ১৬]
ক ৭ মার্চ, ১৯৭১ খ্রি. খ ২৬ মার্চ, ১৯৭১ খ্রি.
গ ১০ এপ্রিল, ১৯৭১ খ্রি. ঘ ১৬ ডিসেম্বর, ১৯৭১ খ্রি. উত্তর: গ

৩. **বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার ঘোষণা করা হয়েছিল –** [প্রাণিসম্পদ অধিদপ্তরের পোল্ট্রি টেকনিশিয়ান : ২০]
ক ২৬ মার্চ, ১৯৭১ খ ১০ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ১৬ ডিসেম্বর, ১৯৭১ উত্তর: খ

৪. **'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' কবে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে?** [BBS'র পরিসংখ্যান সহকারী : ২০/ NBR'র ইন্সপেক্টর : ১০]
ক ১০ এপ্রিল, ১৯৭১ খ ১১ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ১৯ এপ্রিল, ১৯৭১ উত্তর: ক

৫. **বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল-** [১০তম বিসিএস]
ক ১৭ এপ্রিল, ১৯৭১ খ ১০ জানুয়ারি, ১৯৭২
গ ১১ এপ্রিল, ১৯৭১ ঘ ২৬ মার্চ, ১৯৭১ উত্তর:
ব্যাখ্যা: সঠিক উত্তর- ১০ এপ্রিল, ১৯৭১।

৬. **আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র (The Proclamation of Independence) কবে জারি করা হয়?** [২২তম বিসিএস/ ১৮তম বিসিএস]
ক ১০ এপ্রিল, ১৯৭১ খ ১৭ এপ্রিল, ১৯৭১
গ ৭ মার্চ, ১৯৭১ ঘ ২৫ মার্চ, ১৯৭১ উত্তর: ক

৭. **বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে গৃহীত হয়?** [SHED এর অফিস সহায়ক : ২১/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৩]
ক ১৭ এপ্রিল, ১৯৭১ খ ৭ মার্চ, ১৯৭১
গ ২৬ মার্চ, ১৯৭১ ঘ ১০ এপ্রিল, ১৯৭১ উত্তর: ঘ

৮. **বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা কার্যকর করা হয় -** [ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ-ইউনিট) : ১১-১২]
ক ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে
খ ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে
গ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর থেকে
ঘ ১৯৭১ সালের ১০ এপ্রিল উত্তর: খ

৯. **বাংলাদেশের অস্থায়ী সরকার কোথায় গঠিত হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ (কর্মচারী) : ২১]
ক মুজিবনগর খ কলকাতা
গ চট্টগ্রাম ঘ আগরতলায় উত্তর: ঘ

১০. **বাংলাদেশের প্রথম সরকার কোথায় গঠিত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]
ক ঢাকা খ মুজিবনগর
গ গোপালগঞ্জ ঘ যশোর উত্তর: খ

১১. **মুজিবনগর কোথায় অবস্থিত?** [৩৩তম বিসিএস/ ২০তম বিসিএস]
ক সাতক্ষীরায় খ মেহেরপুরে
গ চুয়াডাঙ্গায় ঘ নবাবগঞ্জে উত্তর: খ

১২. **বাংলাদেশের প্রথম অস্থায়ী (temporary) রাজধানীর নাম কী?** [পরিকল্পনা বিভাগের অফিস সহায়ক : ২৪]
ক ঢাকা খ মেহেরপুর
গ চট্টগ্রাম ঘ মুজিবনগর উত্তর: ঘ

১৩. **বর্তমান মুজিবনগরের পূর্ব নাম কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর : ২১/ ১১তম প্রভাষক নিবন্ধন : ১৪]
ক চন্দবাড়ি খ ভবেরপাড়া
গ টুংগীপাড়া ঘ শিমুলিয়া উত্তর: খ

১৪. **১৯৭১ সালে কোন গ্রামের নামকরণ মুজিবনগর করা হয়?** [IER এর উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর : ২০]
ক মানিক নগর খ বৈদ্যনাথতলা
গ বুড়িপোতা ঘ আমঝুপি উত্তর: খ

১৫. **মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে প্রবাসী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অস্থায়ী সচিবালয় (সদর দপ্তর) কোথায় ছিল?** [DC কার্যালয়, গাইবান্ধা এর হিসাব সহকারী : ২৩/ DMLC'র সহকারী শিক্ষক : ২৩]
ক মুজিবনগর খ ৮ নং থিয়েটার রোড, কলকাতা
গ করিমগঞ্জ ঘ বেনাপোল উত্তর: খ

১৬. **On 10 April 1971, the Government of the people's Republic of Bangladesh was formed through a proclamation of independence issued from- / ১৯৭১ সালের ১০ এপ্রিল ......... থেকে জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্রের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠন করা হয়।** [BAPEX Officer : 09/ Premier Bank Ltd. MTO : 09]
a Palashi of Nadia district
b Patgram of Lalmonirhat district
c Dhanua-Kamalpur of Jamalpur distrct
d Mujibnagar of Meherpur district Ans. d

১৭. **বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার শপথ নেয় কত সালে?** [ঢাকা ওয়াসা'র উপ-সহকারী প্রকৌশলী : ২৪/ SFDF'র মাঠ সংগঠক : ২৩]
ক ১০ এপ্রিল, ১৯৭১ খ ১২ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ১৬ ডিসেম্বর, ১৯৭১ উত্তর: গ

১৮. **'মুজিবনগর দিবস' কোনটি?** [DGFP'র মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) : ২৩]
ক ১৭ মার্চ খ ১৭ এপ্রিল
গ ১৭ মে ঘ ১৭ জুন উত্তর: খ

১৯. **বাংলাদেশের 'স্বাধীনতার ঘোষণাপত্র' কত তারিখে পঠিত হয়?** [MOCHTA'র অফিস সহায়ক : ২২/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৪]
ক ৭ মার্চ ১৯৭১ খ ২৬ মার্চ, ১৯৭১
গ ১০ এপ্রিল ১৯৭১ ঘ ১৭ এপ্রিল, ১৯৭১ উত্তর: ঘ

২০. **বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র কখন ঘোষিত হয়?** [BBAL'র প্রটোকল সার্ভিস অ্যাসিস্ট্যান্ট : ২২]
ক ৭ মার্চ, ১৯৭১ খ ১০ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ২৬ মার্চ, ১৯৭১ উত্তর: গ

২১. **মুজিবনগর সরকারের প্রধান কে ছিলেন?** [NSI'র জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ক তাজউদ্দীন আহমদ খ শেখ মুজিবুর রহমান
গ এএইচএম কামারুজ্জামান ঘ মনসুর আলী উত্তর: খ

Scanned with CamScanner

২২. ১৭ এপ্রিল, ১৯৭১ সনে মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে? [BIWTA'র গ্রিজার : ২৪]
ক) তাজউদ্দীন আহমদ খ) মোহাম্মদ ইউসুফ আলী
গ) আবদুল মান্নান ঘ) সৈয়দ নজরুল ইসলাম **উত্তর: গ**

২৩. মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে শপথ বাক্য কে পাঠ করান? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর : ২৩]
ক) অধ্যাপক ইউসুফ আলী খ) জেনারেল এম, এ, জি ওসমানী
গ) এইচ টি ইমাম ঘ) আতাউর রহমান খান **উত্তর: ক**

২৪. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করা হয়- [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক) মুজিবনগর হতে খ) ঢাকা হতে
গ) খুলনা হতে ঘ) কালুরঘাট হতে **উত্তর: ক**

২৫. প্রবাসী সরকারের (বাংলাদেশের) স্বাধীনতার ঘোষণাপত্র কে পাঠ করেন? [BIWTA'র গ্রিজার : ২৪/ BWDB'র সহকারী পরিচালক : ২৩]
ক) ক্যাপ্টেন মনসুর আলী খ) অধ্যাপক ইউসুফ আলী
গ) সৈয়দ নজরুল ইসলাম ঘ) তাজউদ্দীন আহমদ **উত্তর: খ**

২৬. মুজিবনগর সরকারকে গার্ড অফ অনার নেতৃত্ব দেন কে? [৪৬তম বিসিএস]
ক) মোহাম্মদ সোলায়মান খ) শৈলেন্দ্র কিশোর চৌধুরী
গ) মাহবুব উদ্দিন আহমেদ ঘ) আব্দুল খালেক **উত্তর: গ**

২৭. বাংলাদেশে কখন প্রথম প্রেসিডেন্ট পদ্ধতির সরকার গঠিত হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ০৩-০৪]
ক) ১৯৭১ খ) ১৯৭২
গ) ১৯৭৫ ঘ) ১৯৮০ **উত্তর: ক**

২৮. মুজিবনগর সরকারের অধীনে মন্ত্রণালয়ের সংখ্যা ছিল কতটি? [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৩]
ক) ৫টি খ) ১০টি
গ) ১৫টি ঘ) ১২টি **উত্তর: ঘ**

২৯. বাংলাদেশের (মুজিবনগর সরকারের) প্রথম রাষ্ট্রপতি (President) কে ছিলেন? [৪৬তম বিসিএস/ ২৯তম বিসিএস]
ক) সৈয়দ নজরুল ইসলাম খ) তাজউদ্দীন আহমদ
গ) শেখ মুজিবুর রহমান ঘ) ক্যাপ্টেন মনসুর আলী **উত্তর: গ**

৩০. বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট (রাষ্ট্রপতি) কে ছিলেন? [BBAL'র সহকারী ব্যবস্থাপক ট্রেইনি : ২১]
ক) তাজউদ্দীন আহমদ খ) মোশতাক আহমেদ
গ) সৈয়দ নজরুল ইসলাম ঘ) মনসুর আলী **উত্তর: গ**

৩১. মুজিবনগর সরকারের মন্ত্রিসভায় সদস্য কতজন ছিলেন? [BPSC'র স্টাফ অফিসার : ২৩/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৪-১৫]
ক) ১০ জন খ) ৮ জন
গ) ৬ জন ঘ) ৪ জন **উত্তর: গ**

৩২. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী (Prime Minister) - [BMSRI'র সিনিয়র স্টাফ নার্স : ২৫/ BRTA-এর হিসাব রক্ষক : ২৩]
ক) শেখ মুজিবুর রহমান খ) আতাউর রহমান খান
গ) তাজউদ্দীন আহমদ ঘ) এম. মনসুর আলী **উত্তর: গ**

৩৩. **The first Prime Minister of Bangladesh Mr. Tajuddin Ahmad was born in _____.** [Combined 8 Banks Officer (General) : 22]
ক) Cumilla খ) Manikganj
গ) Munshiganj ঘ) Gazipur **উত্তর: ঘ**

৩৪. বাংলাদেশের (মুজিবনগর সরকারের) প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন - [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৩/ BSC'র সিনিয়র অ্যাসিস্ট্যান্ট : ১৮]
ক) তাজউদ্দীন আহমদ খ) ক্যাপ্টেন মনসুর আলী
গ) সৈয়দ নজরুল ইসলাম ঘ) খন্দকার মোশারফ **উত্তর: ক**

৩৫. মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে কে ছিলেন? [৪৩তম বিসিএস]
ক) তাজউদ্দীন আহমদ খ) এ.এইচ.এম. কামরুজ্জামান
গ) সৈয়দ নজরুল ইসলাম ঘ) এম. মনসুর আলী **উত্তর: ক**

৩৬. মুজিবনগর সরকারের শিক্ষামন্ত্রী কে ছিলেন? [BWDB'র সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/ বিদ্যুৎ) : ২৩]
**উত্তর:** তাজউদ্দীন আহমদ।

৩৭. বাংলাদেশের (মুজিবনগর সরকারের) অর্থমন্ত্রী (Finance Minister) কে ছিলেন? [জননিরাপত্তা বিভাগ কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৪]
ক) তাজউদ্দীন আহমদ খ) ক্যাপ্টেন এম. মনসুর আলী
গ) খন্দকার মোস্তাক আহমেদ ঘ) সৈয়দ নজরুল ইসলাম **উত্তর: খ**

৩৮. মুজিবনগর সরকারে এম মনসুর আলী কোন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ছিলেন? [CAAB'র উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক) তথ্য খ) বাণিজ্য
গ) কৃষি ঘ) পররাষ্ট্র **উত্তর: খ**

৩৯. বাংলাদেশের অস্থায়ী সরকারের পররাষ্ট্রমন্ত্রী ছিলেন- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ) : ০৯]
ক) ক্যাপ্টেন মনসুর আলী খ) খন্দকার মুশতাক আহমেদ
গ) শাহ আবদুল হামিদ ঘ) তাজউদ্দীন আহমদ **উত্তর: খ**

৪০. **Who was the first Law Minister of Bangladesh?/ বাংলাদেশের প্রথম আইনমন্ত্রী কে ছিলেন?** [Jahangirnagar University (Law) : 12-13]
ক) Mostaq Ahmed খ) Barrister Istiaq Ahmed
গ) Barrister Nazmul Huda ঘ) Dr. Kamal Hossain **Ans. a**

৪১. মুজিবনগর সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী কে ছিলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট, গ্রুপ-২) : ২১-২২/ খুলনা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৯-২০]
ক) তাজউদ্দীন আহমদ খ) খন্দকার মোশতাক আহমেদ
গ) এ এইচ এম কামারুজ্জামান ঘ) এম মনসুর আলী **উত্তর: গ**

৪২. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন? [৪৪তম বিসিএস/ ৩৮তম বিসিএস/ প্রাথমিক সহকারি শিক্ষক (৩য়) : ১৯]
ক) তাজউদ্দীন আহমদ খ) ক্যাপ্টেন এম মনসুর আলী
গ) এইচ. এম. কামারুজ্জামান ঘ) খন্দকার মোস্তাক **উত্তর: গ**

৪৩. স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ সচিবের নাম কী? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়োগ : ২১]
ক) তৌফিক ইলাহী খ) ড. মির্জা আব্দুল জলিল
গ) এইচটি ইমাম ঘ) ফজলুর রহমান **উত্তর: গ**

Scanned with CamScanner

৪৪. **মুজিবনগর সরকারের মুখ্য সচিব কে ছিলেন?** [গণযোগাযোগ অধিদপ্তরের কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ CAAB এর উচ্চমান সহকারী : ২১]
ⓚ এইচ টি ইমাম ⓚ মাহবুবুল আলম চাষী
ⓖ খন্দকার আসাদুজ্জামান ⓖ রুহুল কুদ্দুস **উত্তর: ঘ**

৪৫. **১৯৭১ সালে প্রথম কোন কূটনীতিক বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশ করেন?** [লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন পদ : ১৯]
ⓚ কে. এম. শাহাবুদ্দিন ⓚ এস কে নবী
ⓖ মো. মহিউদ্দিন খান ⓖ এম হোসেন আলী **উত্তর: ক**

৪৬. **বিদেশে কোন মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?** [বিস্ফোরক অধিদপ্তর অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর : ২৩]
ⓚ লন্ডন ⓚ কলকাতা
ⓖ টোকিও ⓖ ওয়াশিংটন **উত্তর: খ**

৪৭. **বিচারপতি আবু সাঈদ চৌধুরী ১৯৭১ সালে গঠিত মুজিবনগর সরকারের কোন পদে নিযুক্ত ছিলেন?** [৮ম বিজেএস (সহকারী জজ) : ১৩]
ⓚ পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ⓚ আইন ও বিচার বিষয়ক মন্ত্রী
ⓖ বিশেষ কূটনৈতিক প্রতিনিধি
ⓖ নয়াদিল্লীস্থ বাংলাদেশ মিশন প্রধান **উত্তর: গ**

৪৮. **বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে লন্ডনে প্রতিষ্ঠিত বাংলাদেশ দূতাবাসের হাইকমিশনার ছিলেন –** [ঢাকা বিশ্ব: (খ ইউনিট) : ২০-২১]
ⓚ এম হোসেন আলী ⓚ আবু সাঈদ চৌধুরী
ⓖ এস. এ. করিম ⓖ এম. আর. সিদ্দিকী **উত্তর: খ**

৪৯. **মুক্তিযুদ্ধকালে ওয়াশিংটনে বাংলাদেশ মিশন খোলা হয় কার অধীনে?** [ডেসকোর জুনিয়র অ্যাসিসটেন্ট ম্যানেজার : ১৯]
ⓚ বিচারপতি আবু সাঈদ চৌধুরী
ⓚ বিচারপতি এ এস এম সায়েম
ⓖ এম আর সিদ্দিকী ⓖ রবিশঙ্কর ঘোষ **উত্তর: গ**

৫০. **Who was the head of delegates from Bangladesh to New Delhi during the liberation war?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (এক ইউনিট) : ১৮-১৯]
ⓚ Humayun Rashid Chowdhury
ⓚ Justice Abu Sayeed Chowdhury
ⓖ Abdul Fateh ⓖ M Hossain Ali **উত্তর: ক**

৫১. **In the Mujibnagar government, ...... was one of the member of the 'all party advisory council' –** [Combined 7 banks & 1 financial institution (SO) : 21]
ⓚ M. Mansur Ali ⓚ Manoranjan Dhar
ⓖ Yousuf Ali ⓖ M A G Osmani **উত্তর: খ**

৫২. **মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান কে ছিলেন?** [বিসিক এর শিল্পনগরী কর্মকর্তা : ২৩]
ⓚ তাজউদ্দীন আহমদ ⓚ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
ⓖ সৈয়দ নজরুল ইসলাম ⓖ কমরেড মনি সিংহ **উত্তর: খ**

## শেখ মুজিবুর রহমান

১৭ মার্চ, ১৯২০ তৎকালীন ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার (বর্তমানে গোপালগঞ্জ জেলা) বাইগার নদীর তীরবর্তী টুঙ্গিপাড়া গ্রামে (বর্তমানে উপজেলা) শেখ লুৎফর রহমান এবং সায়েরা খাতুনের ঘরে জন্ম নেন শেখ মুজিবুর রহমান।



### লেখালেখি

- অসমাপ্ত আত্মজীবনী (২০১২) : আত্মজীবনীমূলক গ্রন্থ।
- কারাগারের রোজনামচা (২০১৭) : আত্মজীবনীমূলক গ্রন্থ।
- আমার দেখা নয়া চীন (২০২০) : ভ্রমণকাহিনী।
- আমার কিছু কথা : মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ।

### স্বীকৃতি

- বিশ্ব শান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর বঙ্গবন্ধুকে 'জুলিও কুরি শান্তি পদক' এ ভূষিত করে। ১৯৭৩ সালের ২৩ মে বঙ্গবন্ধু পদকটি গ্রহণ করেন।
- ২০০৪ সালে বিবিসির শ্রোতা জরিপে বঙ্গবন্ধু 'হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি' নির্বাচিত হন।

## MCQ Solution

১. **বঙ্গবন্ধু কোন জেলায় জন্মগ্রহণ করেন?** [TGTDCL'র টের্কনিশিয়ান : ২...]
ⓚ খুলনা ⓚ গোপালগঞ্জ
ⓖ ফরিদপুর ⓖ নড়াইল **উত্তর: খ**

২. **শেখ মুজিবুর রহমান কোন উপজেলায় জন্মগ্রহণ করেন?** [BRTC-এর কন্ডাক্টর-ডি : ২২]
ⓚ টঙ্গিবাড়ি ⓚ টঙ্গি
ⓖ কোটালীপাড়া ⓖ টুঙ্গিপাড়া **উত্তর: ঘ**

৩. **'টুঙ্গীপাড়া' কোন নদীর তীরে অবস্থিত?** [বিপিএসসি'র প্রশাসনিক কর্মকর্তা : ২...]
ⓚ পদ্মা ⓚ বাইগার
ⓖ মধুমতি ⓖ পায়রা **উত্তর: খ**

৪. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন?** [৩৪তম বিসিএস/ BRTC'র কন্ডাক্টর -ডি (কাউন্টারম্যান) : ২৪]
ⓚ ১ মার্চ, ১৯১৯ খ্রি. ⓚ ১৭ মার্চ, ১৯২০ খ্রি.
ⓖ ১৪ আগস্ট, ১৯৪৭ খ্রি. ⓖ ২১ জুন, ১৯৪১ খ্রি. **উত্তর: খ**

৫. **'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক –** [৩৫তম বিসিএস]
ⓚ আবুল মনসুর আহমেদ ⓚ সুনীল গঙ্গোপাধ্যায়
ⓖ শেখ মুজিবুর রহমান ⓖ তাজউদ্দীন আহমদ **উত্তর: গ**

৬. **বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' কবে প্রথম প্রকাশিত হয়?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ⓚ জুন, ২০১১ ⓚ জুলাই, ২০১১
ⓖ জুন, ২০১২ ⓖ জানুয়ারি, ২০১৩ **উত্তর: গ**

৭. **বঙ্গবন্ধুর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থের নাম কী?** [বাণিজ্য মন্ত্রণালয় অফিস সহায়ক : ২৩/ BBAL'র সহকারী ব্যবস্থাপক ট্রেইনি : ২১]
ⓚ আমি বিজয় দেখেছি ⓚ কারাগারের রোজনামচা
ⓖ আমি শেখ মুজিব বলছি ⓖ অসমাপ্ত আত্মজীবনী **উত্তর: খ**

৮. **'আমার দেখা নয়া চীন' কে লিখেছেন?** [৪৩তম বিসিএস]
ⓚ মওলানা ভাসানী ⓚ আবুল ফজল
ⓖ শহীদুল্লা কায়সার ⓖ শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

Scanned with CamScanner

৯. **মুক্তিযুদ্ধের উপর লিখিত গ্রন্থ 'আমার কিছু কথা' এর লেখক কে?** [BWDB'র সহকারী পরিচালক (আইনি) : ২৩/ DMLC এর জুনিয়র শিক্ষক : ২১]
ⓚ নীলিমা ইব্রাহিম ⓚ জহির রায়হান
ⓖ আবদুল গাফ্ফার চৌধুরী ⓖ শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

১০. **বিশ্বশান্তি পরিষদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কোন পদকে ভূষিত করেন?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের গ্রন্থাগারিক : ২৩]
ⓚ নোবেল পদক ⓚ জুলিও কুরি পদক
ⓖ ম্যাগসেসে পদক ⓖ মাদাম কুরি পদক **উত্তর: খ**

১১. **কত সালে শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি' পদকে ভূষিত করা হয়?** [১৮তম প্রভাষক নিবন্ধন : ২৪]
ⓚ ১০ অক্টোবর, ১৯৭২ ⓚ ৭ নভেম্বর, ১৯৭২
ⓖ ১৬ ডিসেম্বর, ১৯৭২ ⓖ ২৫ ডিসেম্বর, ১৯৭২ **উত্তর: ক**

১২. **বঙ্গবন্ধুকে কখন 'জুলিও কুরী' শান্তি পুরষ্কার প্রদান করা হয়?** [৪১তম বিসিএস/ জনতা ব্যাংকের অফিসার : ২৩]
ⓚ ১৯৭৩ সালের ২৩ মে ⓚ ১৯৭৩ সালের ২৪ মে
ⓖ ১৯৭৩ সালের ২৩ জুন ⓖ ১৯৭৩ সালের ২৪ জুন **উত্তর: ক**

১৩. **কোন প্রতিষ্ঠানের জরিপে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি নির্বাচিত হন?** [চবি (বি ইউনিট) : ২০-২১]
ⓚ ভয়েস অব আমেরিকা ⓚ ইউনেস্কো
ⓖ টাইমস অফ ইন্ডিয়া ⓖ বিবিসি **উত্তর: ঘ**

## মুক্তিযুদ্ধের সামরিক প্রশাসন

মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক ছিলেন শেখ মুজিবুর রহমান।

**তেলিয়াপাড়া রণকৌশল :** ১৯৭১ সালের ৪ এপ্রিল তৎকালীন সিলেটের (বর্তমান হবিগঞ্জ জেলার) তেলিয়াপাড়ায় পাকিস্তান সেনাবাহিনী, ইস্ট পাকিস্তান রাইফেলস, আনসার ও পুলিশ বাহিনীর উচ্চপদস্থ বাঙালি সদস্যরা এক বৈঠকে মিলিত হয়ে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে এক সম্মিলিত আক্রমণের পরিকল্পনা করেন। এ সভাতেই মুক্তিযুদ্ধের অংশগ্রহণকারী বাহিনী সম্পর্কিত সাংগঠনিক ধারণা এবং কমান্ড কাঠামোর রূপরেখা প্রণীত হয়।

## মুক্তিবাহিনীর শীর্ষ নেতৃবৃন্দ

ক) প্রধান সেনাপতি কর্নেল এম এ জি ওসমানী

**মুহম্মদ আতাউল গণি ওসমানী (M. A. G Osmani)**



| | |
|---|---|
| **জন্ম** | : ১ নভেম্বর, ১৯১৮ ; সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমায়। |
| **পদমর্যাদা** | : জেনারেল |
| **স্বীকৃতি** | : সিলেটস্থ বাসভবনকে জাদুঘরে রূপান্তরিত করা হয়। |
| **মৃত্যু** | : ১৬ ফেব্রুয়ারি, ১৯৮৪ ; লন্ডন |

খ) সেনাবাহিনীর প্রধান (চিফ অব স্টাফ) কর্নেল এম এ রব

গ) বিমান বাহিনীর প্রধান এবং উপ-সেনাপ্রধান গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার।

## মুক্তিযুদ্ধে সেনাবাহিনী

***ক) নিয়মিত বাহিনী :*** ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ইউনিটগুলোর বাঙালি সৈনিকদের নিয়ে এই বাহিনী গঠিত হয়। সরকারিভাবে এদের নামকরণ করা হয় এম. এফ (মুক্তিফৌজ)।

পরিকল্পিতভাবে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ১০ এপ্রিল '৭১ মুজিবনগর সরকার বাংলাদেশকে ৪টি যুদ্ধ অঞ্চলে বিভক্ত করে। কলকাতার ৮ নং থিয়েটার রোডে (বর্তমান শেক্সপিয়র সরণি) বাংলাদেশ বাহিনীর সদর দপ্তর স্থাপিত হয়। ১২ এপ্রিল থেকে এই সদর দপ্তর কার্যক্রম শুরু করে। ১০- ১৭ জুলাই '৭১ মুক্তিবাহিনীর সদর দপ্তরে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। বাংলাদেশকে ১১টি যুদ্ধ সেক্টর ও ৬৪টি সাব- সেক্টরে বিভক্ত করা হয়। প্রতিটি সেক্টরের দায়িত্ব একজন সেক্টর কমান্ডারের উপর ন্যস্ত করা হয়।

| সেক্টর | সাব - সেক্টর | সেক্টর অধিনায়ক (মোট ১৬ জন) |
|---|---|---|
| ১ | ৫ | মেজর জিয়াউর রহমান (এপ্রিল-জুন); মেজর রফিকুল ইসলাম (জুন- ডিসেম্বর)। |
| ২ | ৬ | মেজর খালেদ মোশাররফ (এপ্রিল- সেপ্টেম্বর); মেজর এ টি এম হায়দার (সেপ্টেম্বর- ডিসেম্বর)। |
| ৩ | ১০ | মেজর কে এম শফিউল্লাহ (এপ্রিল- সেপ্টেম্বর); মেজর এ এন এম নুরুজ্জামান (সেপ্টেম্বর - ডিসেম্বর)। |
| ৪ | ৬ | মেজর চিত্ত রঞ্জন (সি আর) দত্ত। |
| ৫ | ৬ | মেজর মীর শওকত আলী। |
| ৬ | ৫ | উইং কমান্ডার এম খাদেমুল বাশার। |
| ৭ | ৮ | মেজর নাজমুল হক (এপ্রিল- আগস্ট); মেজর কাজী নুরুজ্জামান (আগস্ট-ডিসেম্বর)। |
| ৮ | ৭ | মেজর আবু ওসমান চৌধুরী (আগস্ট পর্যন্ত); মেজর এম. এ মঞ্জুর (আগস্ট-ডিসেম্বর)। |
| ৯ | ৩ | মেজর আবদুল জলিল |
| ১০ | - | প্রধান সেনাপতির নিয়ন্ত্রণে (নৌ-সেক্টর) সমগ্র বাংলাদেশ। এ সেক্টর গঠিত হয়েছিল নৌ কমান্ডোদের নিয়ে। |
| ১১ | ৮ | মেজর এম আবু তাহের (এপ্রিল- নভেম্বর); ফ্লাইট লে এম হামিদুল্লাহ (নভেম্বর -ডিসেম্বর)। |

Scanned with CamScanner




বাংলাদেশের মুক্তিযুদ্ধের সেক্টরসমূহ

Scanned with CamScanner

সম্মুখ সমরে পাকিস্তান সেনাবাহিনীর সাথে যুদ্ধে লিপ্ত হওয়ার জন্য প্রধান সেনাপতি কর্নেল এম এ জি ওসমানী সেনাবাহিনী (ইস্ট বেঙ্গল রেজিমেন্ট) সদস্যদের নিয়ে ৩টি ব্রিগেড গঠন করেন। যথা-

| ফোর্সের নাম | অন্তর্ভুক্ত ইস্ট বেঙ্গল রেজিমেন্ট | অধিনায়ক |
|---|---|---|
| জেড ফোর্স | ১, ৩, ৮ | লে. কর্নেল জিয়াউর রহমান |
| এস ফোর্স | ২, ১১ | লে. কর্নেল কে.এম. সফিউল্লাহ |
| কে ফোর্স | ৪, ৯, ১০ | লে. কর্নেল খালেদ মোশাররফ |

***খ) অনিয়মিত বাহিনী*** : এ বাহিনীতে ছিল ছাত্র ও যুবকেরা। গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করার জন্য এদেরকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। এই বাহিনীর সরকারি নামকরণ ছিল 'গণবাহিনী' বা এফ. এফ (ফ্রিডম ফাইটার্স বা মুক্তিযোদ্ধা)।

***গ) আঞ্চলিক বাহিনী*** : বাংলাদেশের অভ্যন্তরে ব্যক্তি উদ্যোগে প্রতিষ্ঠিত হয় কাদেরিয়া বাহিনী (টাঙ্গাইল), আফসার বাহিনী (ভালুকা, ময়মনসিংহ), বাতেন বাহিনী (টাঙ্গাইল), হেমায়েত বাহিনী (গোপালগঞ্জ, বরিশাল), হালিম বাহিনী (মানিকগঞ্জ), আকবর বাহিনী (মাগুরা), লতিফ মির্জা বাহিনী (সিরাজগঞ্জ, পাবনা), জিয়া বাহিনী (সুন্দরবন) প্রভৃতি। ভারতে আলাদাভাবে গঠিত হয় মুজিব বাহিনী (বিএলএফ)। মুজিব বাহিনী গঠিত হয়েছিল মূলত ছাত্র-ছাত্রীদের নিয়ে। এছাড়া ছিল ঢাকার গেরিলা দল যা 'ক্র্যাক প্লাটুন' নামে পরিচিত। এদের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ২ নং সেক্টরের কমান্ডার ও কে ফোর্সের অধিনায়ক খালেদ মোশাররফ। ঢাকা শহরের বড় বড় স্থাপনা, বিদ্যুৎকেন্দ্র, হোটেল কন্টিনেন্টাল, ব্যাংক ও টেলিভিশন ভবনে বিস্ফোরণ ঘটায় ঢাকার গেরিলারা। ২৯-৩০ আগস্ট, ১৯৭১ পাক বাহিনী ক্র্যাকপ্লাটুনের সদস্য সুরকার আলতাফ মাহমুদ, শফি ইমাম রুমী, বদিউল আলম, মাগফার আহমেদ চৌধুরী আজাদ, আবদুল হালিম চৌধুরী জুয়েল এবং আরো অনেককে গ্রেফতার করে ফেলে। এরপর তাঁদের আর কোনো খোজ পাওয়া যায় নি।

**মুক্তিযুদ্ধে নৌবাহিনী**

১৯৭১ সালের জুলাই মাসে ঐতিহাসিক সেক্টর কমান্ডারদের কনফারেন্সের ঘোষণা মোতাবেক বাংলাদেশ নৌ বাহিনী আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। ভারত থেকে উপহার পাওয়া বিএনএস 'পদ্মা' ও বিএনএস 'পলাশ' নামে দুটি ছোট টহল গানবোট এবং বাঙালি অফিসার ও নাবিকদের নিয়ে যাত্রা শুরু করে বাংলাদেশ নৌ বাহিনী। নৌপথে 'অপারেশন জ্যাকপট' নামে পরিচালিত অভিযানে শুধু একদিনে (১৬ আগস্ট, ১৯৭১) চট্টগ্রাম বন্দরে ১০টি এবং মংলা বন্দরে ৫০ টি জাহাজ ধ্বংস করে মুক্তিযোদ্ধা নৌ-কমান্ডোগণ সারা বিশ্বে সাড়া ফেলে দেন।

**মুক্তিযুদ্ধে বিমানবাহিনী**

১৯৭১ সালের ২৮ সেপ্টেম্বর ভারতের নাগাল্যান্ডের দিমাপুরে বাংলাদেশ বিমান বাহিনীর প্রথম ইউনিট 'কিলো ফ্লাইট' গঠনের মধ্য দিয়ে বাংলাদেশ বিমান বাহিনীর যাত্রা শুরু হয়।

## MCQ Solution

১. **Who was the supreme commander of the liberation war of Bangladesh?** [Jahangirnagar University (C1 Unit - Set 5) : 15-16]

*Or,*

**বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন?** [৩৫তম বিসিএস/ SFDF'র মাঠ সংগঠক : ২৪/ BRTA'র বেঞ্চ সহকারী : ২৩]

ⓐ A. K. Khandaker ⓑ Tajuddin Ahmed
ⓒ Sheikh Mujibur Rahman
ⓓ M. A. G Osmani **Ans. c**

২. **১৯৭১ সালে গৃহীত তেলিয়াপাড়া দলিলে যে রণকৌশল অবলম্বন করা হয় সেটির প্রণেতা-** [জগন্নাথ বিশ্ব: (ঘ ইউনিট) : ০৭-০৮]

ⓚ মুক্তিবাহিনী ⓚ ইন্দো-বাংলা যৌথবাহিনী
ⓖ ভারতীয় সেনা ⓖ পাকিস্তানি সেনা **উত্তর: ক**

৩. **মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত তেলিয়াপাড়া যে জেলায় অবস্থিত-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২২-২৩]

ⓚ সিলেট ⓚ হবিগঞ্জ
ⓖ মৌলভীবাজার ⓖ সুনামগঞ্জ **উত্তর: খ**

৪. **মুক্তিবাহিনীর 'ওয়ার স্ট্র্যাটেজি' কি নামে পরিচিত?** [সিএজি'র সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২/ জাবি (আন্তর্জাতিক) : ১২-১৩]

ⓚ তেলিয়াপাড়া স্ট্র্যাটেজি ⓚ বাঘাইছড়ি স্ট্র্যাটেজি
ⓖ মুজিবনগর স্ট্র্যাটেজি ⓖ আগরতলা স্ট্র্যাটেজি **উত্তর: ক**

৫. **মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি কে ছিলেন?** [৩৩তম বিসিএস/ ২৯তম বিসিএস]

*Or,*

**Who was the commander-in-chief of the liberation war of Bangladesh?** [Probashi Kallyan Bank Officer (cash) : 14 / Bangladesh Bank Asst. Director : 04]

ⓚ শেখ মুজিবুর রহমান ⓚ জেনারেল আতাউল গণি ওসমানী
ⓖ তাজউদ্দীন আহমদ ⓖ ক্যাপ্টেন মনসুর আলী **উত্তর: খ**

৬. **মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল এম. এ. জি ওসমানীর বাড়ী কোন জেলায় ছিল?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]

ⓚ বরিশাল ⓚ সিলেট
ⓖ চট্টগ্রাম ⓖ দিনাজপুর **উত্তর: খ**

৭. **ওসমানী স্মৃতি জাদুঘর রয়েছে-** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]

ⓚ ঢাকা ⓚ সিলেট
ⓖ চট্টগ্রাম ⓖ কুষ্টিয়ায় **উত্তর: খ**

৮. **বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কে চিফ অব স্টাফের দায়িত্ব পালন করেন?** [DSHE'র অফিস সহায়ক : ২১]

ⓚ জেনারেল ওসমানী ⓚ গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার
ⓖ লে. কর্নেল এম এ রব ⓖ এদের কেউ নয় **উত্তর: গ**

Scanned with CamScanner

৯. **মুক্তিযুদ্ধের উপ-সর্বাধিনায়ক কে ছিলেন?** [বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অফিসার : ২২/ ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৬]
ⓚ জিয়াউর রহমান ⓚh এ কে খন্দকার
ⓖ আবদুর রব ⓖh খালেদ মোশাররফ **উত্তর: খ**

১০. **বাংলাদেশ বিমান বাহিনীর প্রথম প্রধান–** [ঢাবি (খ ইউনিট) : ১৪-১৫]
ক) এয়ার ভাইস মার্শাল এ.জি তাওয়ার
খ) এয়ার ভাইস মার্শাল এ. কে খন্দকার
গ) এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ
ঘ) এয়ার ভাইস মার্শাল এম. কে বাশার **উত্তর: খ**

১১. **মুক্তিযুদ্ধকালে কোলকাতার ৮, থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' কখন গঠন করা হয়?** [৪১তম বিসিএস]
ক) এপ্রিল ১০, ১৯৭১ খ) এপ্রিল ১১, ১৯৭১
গ) এপ্রিল ১২, ১৯৭১ ঘ) এপ্রিল ১৩, ১৯৭১ **উত্তর: গ**

১২. **মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়?** [২৯তম বিসিএস/ ২৩তম বিসিএস/ ২২তম বিসিএস/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ে'র (এডি) : ২৩]
ক) ৯টি খ) ১০টি
গ) ১১টি ঘ) ১২টি **উত্তর: গ**

১৩. **মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে কয়টি সাব-সেক্টরে বিভক্ত করা হয়?** [BIWTA'র গ্রীজার : ২৪/ MPEMR'র অফিস সহকারী : ২৩]
ক) ৬০টি খ) ৬৪টি
গ) ৬৫টি ঘ) ৫৫টি **উত্তর: খ**

১৪. **নিম্নের কোনটি মুক্তিযুদ্ধে ১নং সেক্টর ছিল?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২৪-২৫/ থানা শিক্ষা অফিসার : ০৪]
ক) ঢাকা খ) চট্টগ্রাম
গ) রাজশাহী ঘ) সিলেট **উত্তর: খ**

১৫. **During Liberation War of Bangladesh, Dhaka was under which sector?** [Pubali Bank Ltd. Officer : 09]
*Or,*
**বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন সেক্টরের অধীনে ছিল?** [৪৫তম বিসিএস/ ১৮তম বিসিএস/ বিটিভি'র অফিস সহায়ক : ২৪]
a) 1 b) 2
c) 5 d) 7 **Ans. b**

১৬. **মুক্তিযুদ্ধের সময়ে কুমিল্লা কোন সেক্টরের অধীনে ছিল?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট, সেট ২) : ১৬-১৭]
ক) ১ নম্বর সেক্টর খ) ২ নম্বর সেক্টর
গ) ৩ নম্বর সেক্টর ঘ) ৪ নম্বর সেক্টর **উত্তর: খ**

১৭. **মুক্তিযুদ্ধের সময় গাজীপুর কোন সেক্টরের অধীন ছিল?** [ডিসি কার্যালয় গাজীপুরের হিসাব সহকারী : ২৩]
**উত্তর: ৩ নং সেক্টর।**

১৮. **মুক্তিযুদ্ধে সিলেট বিভাগ কোন কোন সেক্টরের অধীন ছিলো?** [বিভাগীয় নির্বাচনী বোর্ড অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩]
**উত্তর: ৩, ৪, ৫ ও ১১ নম্বর সেক্টর।**

১৯. **মহান মুক্তিযুদ্ধে সুনামগঞ্জ জেলা কোন সেক্টরের অধীন ছিল?** [ইউনিয়ন পরিষদ সচিব : ২৩]
**উত্তর: ৫ নং সেক্টর।**

২০. **মুক্তিযুদ্ধের সময় রংপুর জেলা কত নং সেক্টরে ছিল?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী : ২১]
ক) ২ নং খ) ৪ নং গ) ৬ নং ঘ) ৮ নং **উত্তর: গ**

২১. **মুক্তিযুদ্ধে রাজশাহী কত নম্বর সেক্টরে অন্তর্ভুক্ত ছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট, গ্রুপ-৪) : ২১-২২]
ক) ১১ খ) ৫
গ) ৭ ঘ) ৯ **উত্তর: গ**

২২. **মুক্তিযুদ্ধের সময় 'মুজিবনগর' কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?** [CAAB'র এয়ারপোর্ট ফায়ার লিডার : ২৪/ SFDF'র মাঠ সহকারী : ২৪]
ক) ২নং খ) ১১নং
গ) ৮নং ঘ) ১০নং **উত্তর: গ**

২৩. **মুক্তিযুদ্ধে কুষ্টিয়া কত নম্বর সেক্টরের অধীন ছিল?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট): ০৫-০৬]
ক) ৩ খ) ৮ গ) ৫ ঘ) ১০ **উত্তর: খ**

২৪. **মুক্তিযুদ্ধের সময় ফরিদপুর জেলা কত নং সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর : ১৯]
ক) ১ খ) ২
গ) ৮ ঘ) ১০ **উত্তর: গ**

২৫. **মুক্তিযুদ্ধের সময় বরিশাল কত নম্বর সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার : ১৭]
ক) নয় নম্বর খ) দুই নম্বর
গ) দশ নম্বর ঘ) পাঁচ নম্বর **উত্তর: ক**

২৬. **মুক্তিযুদ্ধের সময় নৌ কমান্ড (নৌবাহিনী) গঠিত হয় কোন সেক্টর নিয়ে?** [৩৯তম বিসিএস/ কারা অধিদপ্তরের কারারক্ষী ও মহিলা কারারক্ষী : ২৪]
ক) ৩ নং খ) ৭ নং
গ) ১০ নং ঘ) ১১ নং **উত্তর: গ**

২৭. **মুক্তিযুদ্ধের কোন সেক্টরে কোন নিয়মিত সেক্টর কমান্ডার ছিলেন না?** [DGNM'র মিডওয়াইফ : ২৪]
ক) ৭নং সেক্টর খ) ১০নং সেক্টর
গ) ৩নং সেক্টর ঘ) ১নং সেক্টর **উত্তর: খ**

২৮. **মুক্তিযুদ্ধের সময় ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা কোন সেক্টরের অধীনে ছিল?** [SBC'র সহকারী ব্যবস্থাপক : ২৪]
ক) ১ নং খ) ৮ নং
গ) ১১ নং ঘ) ৩ নং **উত্তর: গ**

২৯. **মুক্তিযুদ্ধের সময় দুই নং সেক্টরের কমান্ডার কে ছিলেন?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষক : ১৭]
ক) মেজর খালেদ মোশাররফ খ) মেজর কে এম শফিউল্লাহ
গ) মেজর সি আর. দত্ত ঘ) মেজর জলিল **উত্তর: ক**

৩০. **সেক্টর নং ৩- এর সেক্টর কমান্ডার ছিলেন-** [ঢাবি (খ ইউনিট) : ১১-১২]
ক) মেজর শওকত আলী খ) মেজর এ.এন.এম. নুরুজ্জামান
গ) মেজর কাজী নুরুজ্জামান ঘ) মেজর এম. এ জলিল **উত্তর: খ**

৩১. **মেজর সি আর দত্ত মুক্তিযুদ্ধের কোন সেক্টরের কমান্ডার ছিলেন?** [বন অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার : ২৩]
ক) ৩ খ) ৪
গ) ৫ ঘ) ৬ **উত্তর: খ**

Scanned with CamScanner

৩২. **মীর শওকত আলী মুক্তিযুদ্ধের কত নম্বর সেক্টর কমান্ডার ছিলেন?** [রোকেয়া বিশ্ববিদ্যালয় (সি ইউনিট : ১০-১১]
ⓚ ৫ ⓚ ১০ ⓖ ২ ⓖ ৭ উত্তর: ক

৩৩. **মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ৬নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী : ২১/ ঢাকা বিশ্ব: (খ ইউনিট) : ১৮-১৯]
ⓚ উইং কমান্ডার এম কে বাশার
ⓚ মেজর আবু ওসমান চৌধুরী
ⓖ মেজর কাজী নূরুজ্জামান ⓖ মেজর এম. এ মঞ্জুর উত্তর: ক

৩৪. **মহান মুক্তিযুদ্ধের সময় ৮নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?** [FSCD'র স্টেশন অফিসার : ২৩]
উত্তর: মেজর আবু ওসমান চৌধুরী ও মেজর এম. এ মঞ্জুর।

৩৫. **........ was not a sector commander in the war of Independence in 1971?/ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে কে সেক্টর কমান্ডার ছিলেন না?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোক প্রশাসন) : ০৭-০৮]
ⓚ Major Hafiz ⓚ Major C.R. Datta
ⓖ Major M.A Monjor
ⓖ Wing Commander Basher উত্তর: ক

৩৬. **১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় বিভিন্ন পর্যায়ে ১১টি সেক্টরে মোট কতজন সেক্টর কমান্ডার দায়িত্ব পালন করেন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২০-২১/ BFIDC'র সহকারী ব্যবস্থাপক : ১৩]
ⓚ ১৩ ⓚ ১৬
ⓖ ১৭ ⓖ ১৮ উত্তর: খ

৩৭. **মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড আকারে মোট কয়টি ফোর্স গঠিত হয়েছিল?** [যান্ত্র প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক : ২৩]

*Or,*

**How many brigades were formed in the liberation war of Bangladesh?** [Bangladesh Bank Asst. Director : 15]
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓖ ৫টি উত্তর: খ

৩৮. **বাংলাদেশের মুক্তিযুদ্ধে জেড ফোর্স ব্রিগেডের প্রধান কে ছিলেন?** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ আতাউল গণি ওসমানী ⓚ কে এম শফিউল্লাহ
ⓖ জিয়াউর রহমান ⓖ খালেদ মোশাররফ উত্তর: গ

৩৯. **মুক্তিযুদ্ধে K ফোর্সের প্রধান কে ছিলেন?** [রাবি (আই ইউনিট) : ১৪-১৫]
ⓚ কে.এম. শফিউল্লাহ ⓚ এ.এইচ.এম.কামারুজ্জামান
ⓖ খালেদ মোশাররফ ⓖ কাদের সিদ্দিকী উত্তর: গ

৪০. **In 1971 'S' Force of Bangladesh Liberation Army was composed of-** [SBC'র Junior Officer : 19]
ⓐ 4th and 8th East Bangal
ⓑ 2nd and 11th East Bangal
ⓒ 3rd and 7th East Bangal
ⓓ 1st and 7th East Bangal Ans. b

৪১. **The regular Brigade 'k Force' of the Bangladesh Liberation war of 1971 composed of:** [Agrani Bank Ltd. Senior Officer (Cancelled : 17]
ⓐ 4th East Bengal, 9th East Bengal & 10th east Bengal
ⓑ 1st East Bengal, 4th East Bengal & 8th East Bengal
ⓒ 3rd East Bengal & 8th East Bengal
ⓓ 2nd East Bangla & 9th East Bengal Ans. a

৪২. **নিচের কোন বাহিনীর জন্ম ভারতে?** [বেরোবি (বি-ইউনিট) : ১৫-১৬]
ⓚ আফসার বাহিনী (এবি) ⓚ মুজিব বাহিনী (বিএলএফ)
ⓖ কাদেরিয়া বাহিনী (কেবি) ⓖ নিয়মিত বাহিনী উত্তর: খ

৪৩. **'মুজিব বাহিনী' কাদের নিয়ে গঠিত হয়েছিল?** [দুদক এর উপ-সহকারী পরিচালক : ২০]
ⓚ যুবকদের ⓚ শ্রমিকদের
ⓖ পেশাজীবীদের ⓖ ছাত্রছাত্রীদের উত্তর: ঘ

৪৪. **১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বিখ্যাত গেরিলা দল 'ক্র্যাক প্লাটুন' কোন সেক্টরের অধীনে ছিল?** [BBAL'র এডমিন অ্যাসিস্ট্যান্ট : ২৩]
ⓚ সেক্টর-৪ ⓚ সেক্টর-৩
ⓖ সেক্টর-২ ⓖ সেক্টর-১ উত্তর: গ

৪৫. **মুক্তিযুদ্ধে "ক্র্যাক প্লাটুন" কোন শহরে সক্রিয় ছিল?** [সিএজি'র সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
ⓚ চট্টগ্রাম ⓚ খুলনা
ⓖ ঢাকা ⓖ বরিশাল উত্তর: গ

৪৬. **শহিদ মুক্তিযোদ্ধা শাফী ইমাম রুমি মুক্তিবাহিনীর কোন গেরিলা দলের সদস্য ছিলেন?** [DGFP'র মেডিকেল টেকনো: (ল্যাব) : ২৩]
ⓚ ক্র্যাক প্লাটুন ⓚ বাংলাদেশ লিবারেশন ফোর্স
ⓖ ঢাকা গেরিলা (উত্তর) ⓖ ঢাকা গেরিলা (দক্ষিণ) উত্তর: ক

৪৭. **বাংলাদেশ নৌবাহিনীর প্রথম রণতরীর নাম কি?** [নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক : ১৫]
ⓚ বিএনএস পদ্মা ⓚ বিএনএস হাজী মহসীন
ⓖ বিএনএস বাশার ⓖ বিএনএস ঈশা খা উত্তর: ক

